সাম্মুখ্য অর্থাৎ ঈশ্বরসাম্মুখ্য প্রবল হইলে দ্বিতীয়াধিকারে জড়ের মধ্যে উত্তাপের শ্রেষ্ঠতা ও কর্ম্মক্ষমতা বিচারিত হইয়া উত্তাপের মূলাধার সূর্য্যকে উপাস্য করিয়া ফেলে। তৎকালে সৌরধর্ম্মের উদয় হয়। পরে উত্তাপকেও জড় বলিয়া বোধ হইলে পশু চৈতন্যের শ্রেষ্ঠতা বিচারে গাণপত্য ধর্ম্ম তৃতীয় স্থূলাধিকারে উৎপন্ন হয়। চতুর্থ স্থূলাধিকারে শুদ্ধ নরচৈতন্য শিবরূপে উপাস্য হইয়া শৈবধর্ম্মের প্রকাশ হয়। পঞ্চমাধিকারে জীবচৈতন্যেতর পরম চৈতন্যের উপাসনা রূপ বৈষ্ণবধর্ম্মের প্রকাশ হয়।

When sammukhya—that is, the soul's turning toward God—becomes stronger, a second level of qualification arises. At this stage, considering the superiority and active power of heat within matter, one accepts the sun, the principal source of heat, as the object of worship. At that time Saura-dharma arises. Later, when heat itself is understood to be material, the superiority of animal consciousness is considered, and Ganapatya-dharma appears at the third gross level of qualification. At the fourth gross level, pure human consciousness is worshipped in the form of Shiva, and Shaiva-dharma becomes manifest. At the fifth level, Vaishnava-dharma appears as worship of the Supreme Consciousness, who is distinct from the consciousness of the individual jiva.

পারমার্থিক ধর্ম্ম স্বভাবতঃ পঞ্চ প্রকার, অতএব সর্ব্ব দেশেই এই সকল ধর্ম্ম কালে কালে ভিন্ন ভিন্ন নামে প্রচলিত হইয়া আসিয়াছে। স্বদেশ বিদেশে যে সকল ধর্ম্ম প্রচলিত আছে, ঐ ধর্ম্মগুলিকে বিচার করিয়া দেখিলে এই পঞ্চ প্রকারের কোন না কোন প্রকারে রাখা যায়। খ্রীষ্ট ও মহম্মদের ধর্ম্ম সাম্প্রদায়িক বৈষ্ণবধর্ম্মের সদৃশ। বৌদ্ধ ও জৈন ধর্ম্ম শৈব ধর্ম্মের সদৃশ। ইহাই ধর্ম্মতত্ত্বের বৈজ্ঞানিক বিচার। যাঁহারা নিজ ধর্ম্মকে ধর্ম্ম বলিয়া অন্যান্য ধর্ম্মকে বিধর্ম্ম বা উপধর্ম্ম বলেন, তাঁহারা কুসংস্কারপরবশ হইয়া সত্য নির্ণয়ে অক্ষম। বস্তুতঃ অধিকারভেদে সাম্বন্ধিক ধর্ম্মকে ভিন্ন ভিন্ন বলিয়া বলিতে হইবে। কিন্তু স্বরূপ ধর্ম্ম এক মাত্র। মানবগণের সাম্বন্ধিক অবস্থায় সাম্বন্ধিক ধর্ম্ম সকলকে অস্বীকার করা সারগ্রাহীর কার্য্য নহে। অতএব সাম্বন্ধিক ধর্ম সকলের যথাযোগ্য সম্মান করিয়া আমরা স্বরূপ ধর্ম্ম সম্বন্ধে বিচার করিব।

Spiritual religion is naturally of five kinds, and throughout the countries of the world these forms of religion have appeared at different times under different names. If the religions current in our own country and in foreign lands are carefully examined, each may be placed within one or another of these five categories. The religions of Christ and Muhammad resemble sectarian Vaishnava-dharma, while Buddhism and Jainism resemble Shaiva-dharma. This is the scientific consideration of religious truth. Those who call only their own religion true religion and describe all others as irreligion or subordinate religion are controlled by prejudice and are therefore unable to determine the truth. In reality, relative forms of religion must necessarily differ according to differences of spiritual qualification. But svarupa-dharma, the intrinsic religion of the

soul, is one. While human beings remain in relative conditions, it is not the function of a saragrahi to reject the various relative forms of religion. Therefore, giving each relative form of religion the respect appropriate to it, we shall now consider svarupa-dharma.

সাত্ত্বত বা অসাম্প্রদায়িক বৈষ্ণব ধর্ম্মই স্বরূপ ধর্ম্ম অর্থাৎ জীবের নিত্য ধর্ম্ম। বহুকাল হইতে সাত্ত্বত ধর্ম্মকে বৈষ্ণব* ধর্ম্ম বলায় আমরা বৈষ্ণব নাম ত্যাগ করিতে পারিলাম না। কিন্তু সম্প্রদায় মধ্যে যে বৈষ্ণব ধর্ম্ম দৃষ্ট হয় তাহা এই স্বরূপ ধর্ম্মের গৌণ অনুকরণ মাত্র। সাম্প্রদায়িক বৈষ্ণব ধর্ম্ম নির্গুণ হইলেই সাত্ত্বত ধর্ম্ম হয়।

Satvata-dharma, or nonsectarian Vaishnava-dharma **(10)**, is itself svarupa-dharma, the eternal religion of the jiva. Since Satvata-dharma has long been called Vaishnava-dharma,* we have been unable to relinquish the name Vaishnava. But the Vaishnava-dharma found within sectarian communities is merely a secondary imitation of this intrinsic religion of the soul. When sectarian Vaishnava-dharma becomes nirguna, free from the material qualities, it becomes Satvata-dharma.

এই শুদ্ধ বৈষ্ণব ধর্ম্ম অস্মদ্দেশে কোন্ সময়ে উদিত হয় ও কোন্ কোন্ সময়ে উন্নত হইয়া উৎকৃষ্ট হইয়াছে তাহা বিচার করা কর্তব্য। এই বিষয় বিচার করিবার পূর্ব্বে অন্যান্য বিষয় স্থির করা আবশ্যক। অতএব আমরা প্রথমে ভারতভূমির প্রধান প্রধান পূর্ব্ব ঘটনার কাল নিরূপণ করিয়া পরে সম্মানিত গ্রন্থ সকলের কাল স্থির করিব। গ্রন্থ সকলের কাল নিরূপিত হইলেই তন্মধ্য হইতে বৈষ্ণব ধর্ম্মের প্রকৃত ইতিহাস যাহা পাওয়া যায় তাহা প্রকাশ করিব।

We should consider when this pure Vaishnava-dharma first arose in our country and at what periods it developed and attained excellence. Before examining this subject, other matters must first be established. Therefore, we shall begin by determining the dates of the principal events in India's past, and then establish the dates of the respected scriptures. Once their dates have been determined, we shall present whatever authentic history of Vaishnava-dharma can be found within them.

ভারতবর্ষের অতি পূর্ব্বতন ইতিহাস বিস্মৃতি রূপ ঘোরান্ধকারে আবৃত আছে, কেননা প্রাচীনকালের কোন ইতিহাস নাই। রামায়ণ, মহাভারত ও পুরাণ সকলে যে কিছু সম্বাদ পাওয়া যায় তাহা হইতে যৎকিঞ্চিৎ অনুমান করিয়া যাহা পারি স্থির করিব।

The very ancient history of India is covered by the dense darkness of forgetfulness, because no history of those ancient times exists. From the small amount of information found in the Ramayana, the Mahabharata, and the Puranas, we shall draw conclusions by inference as far as possible.

সর্ব্বাগ্রে আর্য্য মহাশয়েরা সরস্বতী ও দৃষদ্বতী এই দুই নদীর মধ্যে ব্রহ্মাবর্ত নামে একটী ক্ষুদ্র দেশ পত্তন করিয়া বাস করিয়াছিলেন। দৃষদ্বতীর বর্তমান নাম কাগার*। আর্য্যগণ যে অন্য কোন দেশ হইতে আসিয়া ব্রহ্মাবর্তে বাস করেন, তাহা ব্রহ্মাবর্ত নামের অর্থ আলোচনা করিলে অনুমিত হয়। তাঁহারা কোথা হইতে আসিয়াছিলেন তাহা স্থির করিতে পারা যায় নাই।

Footnote: (10) Bhag. 1.22.20

First, the Aryas established and inhabited a small country called Brahmavarta between the rivers Saraswati and Drishadvati. The present name of the Drishadvati is Kagar. **(11)** From an analysis of the meaning of the name Brahmavarta, it may be inferred that the Aryas came from some other country and settled there. From precisely where they came, however, cannot be determined.

কিন্তু তাঁহারা উত্তর পশ্চিম দেশ হইতে আসিয়াছিলেন ইহাও বিশ্বাস হয়*। যে সময়ে তাঁহারা আসিয়াছিলেন সে সময় তাঁহারা তৎকালোচিত সভ্যতাসম্পন্ন ছিলেন ইহাতেও সন্দেহ নাই। যেহেতু তাঁহাদের নিজ সভ্যতার গৌরবে তাঁহারা আদিমবাসীদিগের প্রতি অনেক তাচ্ছিল্য প্রকাশ করিতেন।

It is nevertheless reasonable to believe that they came from the northwestern regions.**(12)** There can also be little doubt that, when they arrived, they possessed a level of civilization appropriate to that age, for in their pride in their own culture they displayed considerable contempt toward the indigenous inhabitants.

কথিত আছে যে, আদিম নিবাসীদিগের প্রতি তাচ্ছিল্য করায় তৎকালে তাহাদের অধিপতি রুদ্রদেব আর্য্যদিগের উপর বিক্রম দেখাইয়া প্রজাপতিদিগের মধ্যে দক্ষের কন্যা সতীর পাণিগ্রহণ করিয়া সন্ধি স্থাপন করেন। আর্য্যেরা স্বভাবতঃ এতদূর গর্বিত যে, সতীকন্যার বিবাহের পর আর কন্যা ও জামাতাকে আদর করিলেন না। তজ্জন্য সতী দেবী আপনার প্রতি ঘৃণা প্রকাশ করিয়া দক্ষযজ্ঞে দেহত্যাগ করায়, শিব ও তাঁহার পার্ব্বতীয় অনুচরেরা আর্য্যদিগের প্রতি বিশেষ বিশেষ অত্যাচার করিতে লাগিলেন। পরে ব্রাহ্মণেরা শিবকে যজ্ঞভাগ দিয়া সন্ধিস্থাপন করিতে বাধ্য হইলেন। তথাপি আর্য্যগণের শ্রেষ্ঠতা রাখিবার জন্য শিবের আসন ঈশান কোণে স্থিত হইবে এরূপ নির্দ্ধারিত হইল।

It is said that because of this contempt for the original inhabitants, Rudra, who at that time was their ruler, displayed his power against the Aryas and established peace by marrying Sati, the daughter of Daksha, one of the Prajapatis. The Aryas were naturally so proud that even after Sati's marriage they showed no further respect either to the daughter or to their son-in-law. Consequently, when Sati Devi, expressing disgust toward herself, gave up her body at Daksha's sacrifice, Shiva and his mountain-dwelling followers began to inflict severe reprisals upon the Aryas. The Brahmanas were eventually compelled to establish peace by allotting Shiva a share of the sacrifice. Even then, in order to preserve the superior status claimed by the Aryas, it was determined that Shiva's place should be situated in the northeast corner.

Footnote: (11)

The following verse from the Mahabharata (Vana-parva 83.4) gives rise to some doubt concerning this. Those who seek the essence and possess direct powers of observation will easily resolve that doubt:

daksinena sarasvatya drsadvaty uttarena ca
ye vasanti kuruksetre te vasanti tripistape

"Those who live in Kurukshetra, south of the Sarasvati and north of the Drishadvati, reside in heaven."

আর্য্যদিগের ব্রহ্মাবর্ত সংস্থাপনের অনতিদীর্ঘকালের মধ্যেই যে দক্ষযজ্ঞ হইয়াছিল ইহাতে সন্দেহ নাই; যেহেতু দক্ষপ্রভৃতি দশজনকে আদ্য প্রজাপতি রূপে বর্ণন করা হইয়াছে। দক্ষ প্রজাপতির পত্নীর নাম প্রসূতি। তিনি ব্রহ্মার পুত্র স্বায়ম্ভুব মনুর কন্যা। স্বায়ম্ভুব মনু ও প্রজাপতিগণই প্রথম ব্রহ্মাবর্তবাসী।

There can be no doubt that Daksha's sacrifice took place not long after the Aryas established Brahmavarta, for Daksha and the other nine are described as the original Prajapatis. Daksha Prajapati's wife was named Prasuti. She was the daughter of Svayambhuva Manu, the son of Brahma. Svayambhuva Manu and the Prajapatis were the first inhabitants of Brahmavarta.

ব্রহ্মার পুত্র মরীচি, তাঁহার পুত্র কশ্যপ, তাঁহার পুত্র বিবস্বান্, তাঁহার পুত্র বৈবস্বত মনু ও বৈবস্বত মনুর পুত্র ইক্ষাকু। এতদ্বারা বিবেচনা করিতে হইবে যে, ব্রহ্মার ষষ্ঠ পুরুষে সূর্য্যবংশের আরম্ভ হয়। ইক্ষাকু রাজার সময় আর্য্যেরা ব্রহ্মর্ষি দেশে বাস করিতেছিলেন।

Brahma's son was Marichi; his son was Kashyapa; his son was Vivasvan; his son was Vaivasvata Manu; and Vaivasvata Manu's son was Ikshvaku. From this, the Solar Dynasty must be understood to have begun in the sixth generation from Brahma. During the reign of King Ikshvaku, the Aryas were living in Brahmarshi-desh.

পূর্ব্বোক্ত ছয় পুরুষ অবশ্য দুইশত বৎসর পর্য্যন্ত ভোগ করিয়াছিলেন। এই দুই শত বৎসর মধ্যেই ব্রহ্মাবর্ত স্বল্প স্থান হওয়ায় ব্রহ্মর্ষি-দেশ সংস্থাপিত হয়। বংশবৃদ্ধির সম্বন্ধে বিশেষ যত্ন থাকায় আর্য্যদিগের সন্তানাদি এত বৃদ্ধি হইল যে, ব্রহ্মাবর্ত্ত দেশটী সংকীর্ণ বোধ হইল। চন্দ্র প্রভৃতি কতকগুলি সুসভ্য লোককে আর্য্যশাখার মধ্যে ঐ সময় গ্রহণ করা হয়।

The six generations mentioned above must have extended over approximately two hundred years. Within those two centuries, Brahmavarta became too small, and the larger Brahmarshi-desh was established. Because the Aryas placed particular importance upon the increase of their families, their descendants multiplied to such an extent that Brahmavarta came to seem too confined. At that time, certain highly civilized people, including Chandra and others, were accepted into branches of the Aryan community.

বিবেচনা করিয়া দেখিলে স্বায়ম্ভুব মনু হইতে বৈবস্বত মনু পর্য্যন্ত আটটী মনু ঐ দুই শত বৎসরের মধ্যে গত হন। যেহেতু স্বায়ম্ভুব মনুর অব্যবহিত পরেই অগ্নিপুত্র স্বারোচিষ মনু প্রাদুর্ভূত হন। স্বায়ম্ভুব মনুর পৌত্র উত্তম মনু। তাঁহার ভ্রাতা তামস মনু। তাঁহার অন্যতর ভ্রাতা রৈবত মনু। স্বায়ম্ভুবের সপ্তম পুরুষে চাক্ষুষ মনু। বৈবস্বত মনু ব্রহ্মা হইতে পঞ্চম পুরুষ। সাবর্ণি মনু বৈবস্বতের বৈমাত্রেয় ভ্রাতা। অতএব ইক্ষ্বাকুর পূর্ব্বেই মনু সকল মানবলীলা সম্বরণ করিয়াছিলেন, ইহাতে সন্দেহ নাই।

Footnote: (12)

Regarding Devika-tirtha near to Kashmir, Mahabharata says:
prasutir yatra vipranam sruyate bharatarsabha
"O best of the Bharatas, it is said that the Brahmanas first originated there."

Upon consideration, it appears that the eight Manus from Svayambhuva Manu to Vaivasvata Manu lived within those two hundred years. Immediately after Svayambhuva Manu appeared Svarochisha Manu, the son of Agni. Uttama Manu was the grandson of Svayambhuva Manu. His brother was Tamasa Manu, and another brother was Raivata Manu. Chakshusha Manu appeared in the seventh generation from Svayambhuva. Vaivasvata Manu was the fifth generation from Brahma, and Savarni Manu was the half-brother of Vaivasvata, born of a different mother. Therefore, there can be no doubt that all these Manus had concluded their human lives before the time of Ikshvaku.

দক্ষ সাবর্ণি, ব্রহ্মসাবর্ণি, ধর্ম্মসাবর্ণি, রুদ্রসাবর্ণি, দেবসাবর্ণি ও ইন্দ্রসাবর্ণি ইহাঁরা কল্পিত। যদি ঐতিহাসিক হন তবে ঐ দুই শত বৎসরের মধ্যে ভারতভূমির ভিন্ন ভিন্ন খণ্ডে বাস করিয়াছিলেন বলিতে হইবে। চাক্ষুষ মনুর সময়ে সমুদ্র মন্থন হয় এরূপ কথিত আছে। বৈবস্বত মনুর সময় বামন অবতার। বলিরাজার যজ্ঞের পর ছলনার দ্বারা অসুরদিগকে বহিষ্কৃত করা হয়। মনুবংশের রাজাগণ ব্রহ্মাবর্তের বাহিরে রাজ্য করিতেন কিন্তু প্রথমাবস্থায় রাজ্যশাসনপ্রণালী অথবা সাংসারিক বিধান সকল এবং বিদ্যার চর্চ্চা ভাল ছিল না।

Daksha Savarni, Brahma Savarni, Dharma Savarni, Rudra Savarni, Deva Savarni, and Indra Savarni are imagined figures. If they are to be regarded as historical persons, then it must be said that they lived in different regions of India within those same two hundred years. It is said that the churning of the ocean took place during the time of Chakshusha Manu. The Vamana avatara appeared during the time of Vaivasvata Manu. After the sacrifice of King Bali, the asuras were expelled by means of deception. The kings descended from Manu ruled outside Brahmavarta, but in those early times systems of government, social regulations, and the cultivation of learning were not yet well developed.

সমুদ্রমন্থনকালে ধন্বন্তরির উৎপত্তি। ঐ সময়েই অশ্বিনীকুমার উৎপন্ন হন। সমুদ্রমন্থনে যে বিষের উৎপত্তি হইল তাহা রুদ্রবংশীয় শিব সংহার করিলেন। এই সকল বিবেচনা করিয়া চিকিৎসাবিদ্যার চর্চ্চা ঐ কালে বিশেষ রূপে হইতেছিল এরূপ অনুমান করিতে হইবে। রাহুনামা অসুরকে দুই খণ্ড করিয়া রাহুকেতু রূপে সংস্থান করাও ঐ সময়ে লক্ষিত হয়। ইহাতে তৎকালে জ্যোতিষ শাস্ত্রের আলোচনা হইতেছিল এরূপ বোধ হয়।

Dhanvantari appeared at the time of the churning of the ocean, and the Ashvini-kumaras also appeared at that time. The poison produced during the churning of the ocean was destroyed by Shiva, who belonged to the line of Rudra. Considering these accounts, it must be inferred that the science of medicine was being cultivated to a considerable degree in that period. It is also related that an asura named Rahu was divided into two and established as Rahu and Ketu at that time. From this it appears that the science of astronomy was also being studied during that period.

ঐ কালের মধ্যে অক্ষর সৃষ্টি হইয়াছিল এমত বোধ হয় না। তৎকালের কোন লিখিত সংবাদ না থাকায় ঐ কালটী অত্যন্ত বিপুল বোধ হইত, এমত কি তাহার

বহুদিবস পরে যখন কালবিভাগ হইল, তখন এক এক মনু এক সপ্ততি মহাযুগ ভোগ করিয়াছেন এমত বর্ণিত হইয়া গেল। রাজাদিগের মধ্যে যিনি ব্যবস্থাপক হইতেন তিনিই মনু নাম প্রাপ্ত হইয়া জনগণের শ্রদ্ধাস্পদ হইতেন।

It does not appear that a system of writing had yet been developed during that period. Because no written records from that time existed, later generations came to regard that period as an exceedingly vast span of time. Indeed, much later, when a system of chronology was developed, it was thought that each Manu reigned for seventy-one maha-yugas (306,720,000 years). Among the kings, whoever became the lawgiver and regulator of society received the title Manu and became an object of reverence among the people.

এত অল্পকালের মধ্যে এতগুলি ব্যবস্থাপক হওনের দুইটী কারণ ছিল। একটী এই যে, তখন অক্ষর সৃষ্টি না হওয়ায় ব্যবস্থাগ্রন্থ ছিল না, কেবল শ্রুতি মাত্র থাকিত। ঐ সকল শ্রুতিতে অন্যান্য আবশ্যকীয় শ্রুতি যোগ করিয়া ভিন্ন ভিন্ন মন্বন্তর কল্পিত হইত। দ্বিতীয় কারণ এই যে, প্রজা বৃদ্ধি ক্রমে তখন আর্য্যনিবাসটী বহু খণ্ডে বিভক্ত হইয়া ভিন্ন ভিন্ন রাজার অধীন হইলে ভিন্ন ভিন্ন ব্যবস্থাপক হইয়া উঠিল। সারগ্রাহী মহোদয়গণ মন্বন্তরের এই প্রকার অর্থ করিয়া থাকেন।

There were two reasons why so many lawgivers appeared within such a short period of time. The first was that, since writing had not yet been developed, there were no written books of laws or regulations; only the teachings preserved as sruti existed. By adding other necessary teachings to these srutis, different manvantaras were conceived. The second reason was that, as the population gradually increased, the Aryan settlements became divided into many regions under different kings, and consequently different lawgivers arose in different places. Those who seek the essential truth, saragrahi, understand the meaning of the manvantaras in this way.

ভারবাহী জনগণের পক্ষে অলৌকিক বর্ণন অনেক স্থানে উপকারী হয়*। পূর্ব্বগত মহাজনদিগের প্রতি দৃঢ়বিশ্বাস জন্মাইবার জন্য অলৌকিক জীবন বর্ণন ও কাল বিভাগ অবলম্বিত হইয়াছিল। মহর্ষিগণ কোমলশ্রদ্ধ ব্যক্তিগণের উপকারার্থে এবং দেশান্তরীয় মিথ্যা কালকল্পনা নিরস্ত করণাভিপ্রায়ে মন্বন্তরাদি কল্পনা খণ্ডন করেন নাই। কোমলশ্রদ্ধ পুরুষেরা এতদ্‌গ্রন্থের অধিকারী নহেন এই জন্যই আমি সাহস পূর্ব্বক এরূপ অর্থ প্রকাশ করিলাম।

For those who tend to carry the burden of inherited traditions, bharavahi, descriptions of supernatural events are often beneficial. Accounts of extraordinary lives and divisions of time were adopted in order to inspire firm faith in the great personalities of the past. For the benefit of persons of tender faith, and with the intention of countering false chronological concepts current in other lands, the great sages did not refute the conceptions of the manvantaras and similar divisions of time. Persons of tender faith are not qualified to study this book; for this reason I have boldly expressed this interpretation.

ইক্ষ্বাকুর সময় হইতে রাজাদিগের নামাবলি পাওয়া যায়। সূর্য্যবংশীয় রাজাদিগের নামাবলি অনেক বিশ্বাস করা যাইতে পারে। তদ্দৃষ্টে ইক্ষ্বাকু হইতে রামচন্দ্র ৬৩

পুরুষ। প্রতি রাজা পঞ্চবিংশতি বৎসর ভোগ করিয়াছেন এরূপ করিলে ইক্ষ্বাকু হইতে রামচন্দ্র পর্য্যন্ত ১৫৭৫ বৎসর হয়। ঐ বংশে ৯৪ পুরুষে রাজা বৃহদ্বল কুরুক্ষেত্র যুদ্ধে অভিমন্যুকর্তৃক হত হন। ইক্ষ্বাকু হইতে কুরুক্ষেত্র যুদ্ধটী ২,৩৫০ বৎসর পরে ঘটনা হয়। সমস্ত মন্বন্তর কাল ২০০ বৎসর, তাহা যোগ হইলে কুরুক্ষেত্র যুদ্ধের ২৫৫০ বৎসর পূর্ব্বে ব্রহ্মাবর্তের পত্তন বলিয়া স্বীকার করিতে হইবে।

From the time of Ikshvaku onward, lists of kings are available. The genealogical lists of the kings of the Solar Dynasty may be regarded as reasonably trustworthy. According to them, there were sixty-three generations from Ikshvaku to Ramachandra. If each king is assigned a reign of twenty-five years, the period from Ikshvaku to Ramachandra amounts to 1,575 years. In the ninety-fourth generation of that dynasty, King Brihadbala was killed by Abhimanyu in the Battle of Kurukshetra. Thus the Battle of Kurukshetra occurred 2,350 years after Ikshvaku. If the entire period of the Manus, two hundred years, is added to this calculation, then the establishment of Brahmavarta must be placed 2,550 years before the Battle of Kurukshetra.

চন্দ্রবংশীয় রাজাদিগের বংশাবলী বিশ্বস্ত নয়। ইক্ষ্বাকুর সমকালীন ইলা, যাহা হইতে পুরুরবাদি করিয়া যুধিষ্ঠির পর্য্যন্ত ৫০ পুরুষের উল্লেখ আছে। যুধিষ্ঠিরের অতি পূর্ব্বতন রামচন্দ্র যে ৬৩ পুরুষ তাহা উক্ত বংশাবলী বিশ্বাস করিলে মানা যায় না। বাল্মীকি অতি প্রাচীন ঋষি, তাঁহার সংগ্রহ যতদূর নির্দোষ হইবে ততদূর অপেক্ষাকৃত আধুনিক ঋষিদিগের সংগ্রহ নির্দোষ হইবে না। অপিচ সূর্য্যবংশীয় রাজারা অনেক দিন হইতে বলবান থাকায় তাঁহাদের কুলাচার্য্যগণ তাঁহাদের বংশাবলী অধিক দিন হইতে লিপিবদ্ধ করিয়াছেন সন্দেহ নাই।

The genealogy of the kings of the Lunar Dynasty is not trustworthy. Ila is said to have been a contemporary of Ikshvaku, and from Ila through Pururava down to Yudhishthira only fifty generations are listed. Yet Ramachandra, who lived long before Yudhishthira, stands in the sixty-third generation of the Solar Dynasty. If the Lunar Dynasty's genealogy is accepted as it stands, these figures cannot be reconciled. Valmiki was a very ancient rishi, and his compilation may therefore be considered more reliable than compilations made by comparatively later rishis. Moreover, since the kings of the Solar Dynasty had been powerful for a long period, there can be little doubt that their family acharyas had been recording their genealogy from an earlier time.

পক্ষান্তরে চন্দ্রবংশীয়দিগের মূলে দোষ আছে। বোধ হয় সূর্য্যবংশীয়েরা বহুকাল রাজত্ব করিলে যযাতি বলবিক্রমশালী হইয়া উঠেন। সূর্য্যবংশে প্রবেশ করিতে না পারিয়া কল্পনা পূর্ব্বক নিজ বংশকে পুরুরবা নহুষের সহিত যোগ করিয়া দেন। এতৎকার্য্য করিয়াও তিনি ও তদ্বংশীয় অনেকেই সূর্য্যবংশীয়দিগের সহিত জ্ঞাতিত্ব স্থাপন করিতে সক্ষম হন নাই।

The Lunar Dynasty's genealogy, on the other hand, contains a defect at its very foundation. It seems that after the Solar Dynasty had ruled for a long time, Yayati arose as a powerful and heroic ruler, but unable to enter the Solar Dynasty, he imaginatively connected his own lineage with Pururava and Nahusha. Even by doing this,

however, neither he nor many of his descendants succeeded in establishing kinship with the members of the Solar Dynasty.

পুনশ্চ যযাতিপুত্র অণু, তদ্বংশে পুরুরবা হইতে দশরথের সখা রোমপাদ* রাজা ১৪ পুরুষ। অপিচ পুরুরবা হইতে যদুবংশে ১৬ পুরুষে কার্তবীর্য্য অর্জুনের উৎপত্তি হয়। তিনি পরশুরামের শত্রু। ইহাতে অনুমিত হয় যে রামচন্দ্রের ১৩ বা ১৪ পুরুষ পূর্ব্বে যযাতি রাজা রাজ্য করেন। ঐ সময় হইতে চন্দ্রবংশের কল্পনা। এতন্নিবন্ধন সূর্য্যবংশের বংশাবলী ধরিয়া আমরা কাল বিচার করিতেছি।

Furthermore, Anu was a son of Yayati. In that lineage, from Pururava to King Romapada,* the friend of Dasharatha, there were fourteen generations. Again, in the Yadu dynasty, Kartavirya Arjuna appeared in the sixteenth generation from Pururava. He was the enemy of Parashurama. From this it may be inferred that King Yayati reigned thirteen or fourteen generations before Ramachandra. The conception of the Lunar Dynasty dates from that time. For this reason, in our consideration of chronology we are relying upon the genealogy of the Solar Dynasty.

সূর্য্যবংশীয় রাজারা প্রথমে যমুনাতীরে ব্রহ্মর্ষিদেশে বাস করিতেন। সূর্য্যবংশে দশম রাজা শ্রাবস্ত শ্রাবস্তীপুরী নির্মাণ করেন। অযোধ্যানগর মনুকর্তৃক নির্ম্মিত হইয়া থাকা রামায়ণে কথিত আছে। কিন্তু আমার বিবেচনায় বৈবস্বত মনু যামুন প্রদেশে বাস করিতেন। তৎপুত্র ইক্ষ্ুাকুই প্রথমে অযোধ্যানগর পত্তন করিয়া বাস করেন। যেহেতু তাঁহার পুত্রেরা আর্য্যাবর্তে অবস্থান করেন এরূপ লিখিত আছে।

The kings of the Solar Dynasty first lived in Brahmarshi-desh on the bank of the Yamuna. Shravasta, the tenth king of the Solar Dynasty, built the city of Shravasti. The Ramayana states that Ayodhya was built by Manu. In my judgment, however, Vaivasvata Manu lived in the region of the Yamuna, and his son Ikshvaku was the first to establish the city of Ayodhya and reside there, for it is written that his sons lived in Aryavarta.

বৈবস্বত হইতে পঞ্চবিংশতি পর্যায় বিশালরাজা কর্তৃক বৈশালীপুরী নির্ম্মিতা হয়। শ্রাবস্তীনগর উত্তর কোশলের রাজধানী অযোধ্যা হইতে প্রায় ৩০ ক্রোশ উত্তর। উহার বর্তমান নাম সাহেৎ মাহেৎ। বৈশালীনগর পাটনার উত্তরপূর্ব্ব প্রায় ১৪ ক্রোশ। ইহাতে বোধ হয় যে সূর্যবংশীয় রাজারা যমুনা হইতে কৌশিকী [কুশী] নদী পর্য্যন্ত গঙ্গার পশ্চিম তীরে প্রবলরূপে রাজ্য করিতেন। ক্রমশঃ চন্দ্রবংশীয় রাজারা প্রবল হইলে তাঁহারা নিস্তেজ হইয়া পড়িলেন।

In the twenty-fifth generation from Vaivasvata, King Vishala built the city of Vaishali. Shravasti lies about thirty kroshas north of Ayodhya, the capital of northern Kosala; its present name is Sahet Mahet. Vaishali lies about fourteen kroshas northeast of Patna. From this it appears that the kings of the Solar Dynasty ruled powerfully along the western bank of the Ganges, from the Yamuna as far as the Kausiki [Kusi] River. As the kings of the Lunar Dynasty gradually became powerful, the kings of the Solar Dynasty lost their former strength.

বিশেষ বিবেচনা করিলে প্রতীত হয় যে সূর্য্যবংশীয় মান্ধাতা পর্যন্ত আর্য্যগণেরা মিথিলা ও গাঙ্গ্যভূমিকে আর্য্যাবর্ত বলিয়া বলিতেন, কিন্তু সগররাজার পরেই

ভগীরথের সময় গঙ্গাসাগরান্ত ভূমিকে আর্য্যাবর্ত বলিয়া পরিগণন করা হইয়াছিল। আর্য্যগণেরা আর্যভূমি অতিক্রমণ করিয়া দেহত্যাগ করিলে নরকস্থ হন, ইহা তৎপূর্ব্বে শাস্ত্রীয় সিদ্ধান্ত বলিয়া স্থির ছিল। তৎকালে আর্য্যাবর্ত কেবল হিমালয় ও বিন্ধ্য পর্বতের মধ্যবর্তী বলিয়া স্বীকৃত ছিল।*

Upon careful consideration, it appears that until the time of Mandhata of the Solar Dynasty, the Aryas regarded Mithila and the lands along the Ganges as Aryavarta. But after the time of King Sagara, during the time of Bhagiratha, the land extending as far as Ganga-sagara came to be included within Aryavarta. Previously, it had been accepted as a scriptural conclusion that if an Arya crossed beyond the land of the Aryas and died there, he would go to hell. At that time Aryavarta was understood to comprise only the region between the Himalayas and the Vindhya Mountains.**(13)**

কিন্তু সগরবংশীয়েরা বঙ্গীয় অখাতের নিকটবর্তী ম্লেচ্ছদেশে প্রাণত্যাগ করায় ঐ স্থান পর্য্যন্ত আর্য্যাবর্তকে সমৃদ্ধ না করিলে সূর্য্যবংশের বিশেষ নিন্দা থাকে, এই আশঙ্কায় তদ্বংশীয় দিলীপ অংশুমান প্রভৃতি ভগীরথ পর্য্যন্ত অনেকেই ব্রহ্মাবর্তাধীশ ঋষিগণের সভাপতি ব্রহ্মার উপাসনা করিয়া গঙ্গাসাগর পর্য্যন্ত ভূমিকে আর্য্যাবর্ত্ত বলিয়া ব্যবস্থাপিত করিয়াছিলেন।

But because members of the dynasty of Sagara had died in mlecca lands near the Bay of Bengal, **(14)** there was a fear that the Solar Dynasty would incur particular disgrace unless Aryavarta were extended as far as that region. Therefore Dilipa, Anshuman, and others of that dynasty, down to Bhagiratha, worshipped Brahma, the presiding leader of the rishis who governed Brahmavarta, and arranged for the lands extending as far as Ganga-sagara to be recognized as Aryavarta.

গঙ্গার মাহাত্ম্য লইয়া যাওয়াই সারগ্রাহীদিগের নির্ণয়, কেননা গঙ্গার ন্যায় নদীকে সমগ্র কাটিয়া লওয়া সম্ভব নয়। এজন্য মনুসংহিতায় আর্য্যাবর্ত পূর্বসমুদ্র হইতে পশ্চিম সমুদ্র পর্য্যন্ত হিমালয় ও বিন্ধ্যগিরিদ্বয়ের মধ্যবর্তী দেশ বলিয়া কথিত হইয়াছে*। অতএব ভগীরথের সময় হইতে আর্যাবর্ত ও দাক্ষিণাত্যের বিভাগ চলিয়া আসিয়াছে।

The saragrahis conclude that what was actually carried there was the sanctity and glory of the Ganges, for it is not possible to excavate and carry an entire river like the Ganges from one place to another. For this reason, the Manu-samhita describes Aryavarta as the land extending from the eastern ocean to the western ocean, between the Himalayas and the Vindhya Mountains. Thus, from the time of Bhagiratha onward, the distinction between Aryavarta and Dakshinatya has continued.

Footnote: (13)

aryavartah punya-bhumir madhyam vindhya-himalayoh

"Aryavarta is the sacred land lying between the Vindhya mountains and the Himalayas."

সম্প্রতি চতুর্যুগের কাল নিরূপণ করা কর্তব্য। মান্ধাতা রাজার সময় পর্য্যন্ত সত্যযুগ। তৎপরে কুশলবের রাজা পর্য্যন্ত ত্রেতাযুগ। মহাভারতের যুদ্ধ পর্য্যন্ত দ্বাপরযুগ, এরূপ নিরূপণ করা যাইতে পারে। সত্যযুগ ৬৫০ বৎসর, ত্রেতাযুগ ১১২৫ বৎসর, দ্বাপরযুগ ৭৭৫, এইরূপ সমগ্র ২৫৫০ বৎসর।

We should now determine the duration of the four yugas. The period up to the time of King Mandhata may be regarded as Satya-yuga. The period thereafter, extending to the reign of Kusha and Lava, may be regarded as Treta-yuga, and the period extending to the Mahabharata war as Dvapara-yuga. Satya-yuga lasted 650 years, Treta-yuga 1,125 years, and Dvapara-yuga 775 years, making a total of 2,550 years. **(15)**

যুগবিশেষে তীর্থ নির্ণয়ে দেখা যায় যে সত্যযুগে কুরুক্ষেত্রই তীর্থ ছিল। কুরুক্ষেত্র ব্রহ্মাবর্তের নিকট। ত্রেতাযুগে আজমীরের নিকট পুষ্করকে তীর্থ বলিয়া স্থির করা হইয়াছে। দ্বাপরে নৈমিষারণ্য ক্ষেত্রই তীর্থ। নৈমিষারণ্যের বর্তমান নাম নিমখার বা নিমসর। লক্ষ্ণৌ নগরের প্রায় ২২ ক্রোশ উত্তর পশ্চিমে গোমতী তীরে ঐ স্থানটী দৃষ্ট হয়। কলিকালে গঙ্গাতীর্থ।

In considering the principal holy place of each yuga, we find that in Satya-yuga the sacred place was Kurukshetra, which lies near Brahmavarta. In Treta-yuga, Pushkara, near Ajmer, was established as the principal tirtha. In Dvapara-yuga, Naimisharanya was the sacred place. Naimisharanya is presently known as Nimkhar or Nimsar and is situated on the bank of the Gomati, about twenty-two kroshas northwest of Lucknow. In Kali-yuga, the Ganges is the sacred tirtha.

ব্রহ্মাবর্ত্ত, ব্রহ্মর্ষিদেশ, মধ্যদেশ ও পুরাতন ও আধুনিক আর্য্যাবর্ত যেরূপ ক্রমশঃ কালে কালে সংস্থাপিত হইয়াছিল তদ্রূপ যুগে যুগে দেশের কলেবর বৃদ্ধিক্রমে কুরুক্ষেত্র হইতে আরব্ধ হইয়া গঙ্গাসাগর পর্যন্ত তীর্থ সকল বিস্তৃত হইল। তৎকালগত মানবগণের বুদ্ধিবৃত্তির উন্নতি ক্রমে যুগে যুগে অবতার সকলের বর্ণন আছে। ধর্ম্মভাব যেরূপ ক্রমশঃ উন্নত হইল সেইরূপ তারকব্রহ্ম মন্ত্র সকলও ক্রমশঃ শোধিত হইল।

Just as Brahmavarta, Brahmarshi-desh, Madhya-desh, and the earlier and later forms of Aryavarta were gradually established over the course of time, so also, as the geographical extent of the country increased from age to age, the sacred places expanded from

Footnote: (14)

In the Sabha-parva account of Bhima's conquest of the east, it is said:

"O great king, after conquering [his opponents], he advanced against the king of Bengal. Having defeated King Samudrasena and King Candrasena, he also conquered the king of Tamralipta, the ruler of Karvata, the lord of the Suhmas, those who dwelt along the seacoast, and all the groups of mlecchas. O best of the Bharatas, he conquered them all."

(15) The age of Kali began shortly before the Bharata war and has continued up to the present day.

Kurukshetra as far as Ganga-sagara. Corresponding to the gradual development of human intellectual capacity in those periods, descriptions of different avataras appear in successive ages. And just as religious sentiment gradually developed, the taraka-brahma mantras were progressively refined.

কুরুক্ষেত্র যুদ্ধ পর্য্যন্ত যে ২৫৫০ বৎসর গত হয় তাহাতে দক্ষযজ্ঞ, দেবাসুর যুদ্ধ, সমুদ্র মন্থন, অসুরদিগকে পাতালে প্রেরণ, বেণরাজার প্রাণহরণ, সাগর পর্য্যন্ত গঙ্গানয়ন, পরশুরামের ক্ষত্রিয়সংহার, শ্রীরামের লঙ্কাজয়, দেবাপি ও মরুরাজার কলাপ গ্রাম গমন ও কুরুক্ষেত্র যুদ্ধ, এই কয়টি প্রধান প্রধান ঘটনা, এতদ্ব্যতীত অনেকানেক ঘটনা উপস্থিত হইয়াছিল যাহা আপাততঃ স্মরণপথের অতীত।

During the 2,550 years extending up to the Battle of Kurukshetra, the principal events were Daksha's sacrifice, the war between the devas and the asuras, the churning of the ocean, the sending of the asuras to Patala, the killing of King Vena, the bringing of the Ganges to the ocean, Parashurama's destruction of the kshatriyas, Sri Rama's conquest of Lanka, the departure of Devapi and King Maru for the village of Kalapa, and the Battle of Kurukshetra. Besides these, many other events occurred that are beyond present recollection.

আর্য্যমহাশয়দিগের ব্রহ্মাবর্ত্ত স্থাপন করিবার অনতিবিলম্বেই দক্ষযজ্ঞ উপস্থিত হয়। আর্য্যদিগের জাতিগৌরব ও আদিম নিবাসীদিগের সহিত সংস্রব না রাখার ইচ্ছা হইতেই ঐ অদ্ভুত ঘটনা উপস্থিত হয়। তৎকালে আদিম নিবাসীগণের মধ্যে ভূতনাথ রুদ্রই প্রধান ছিলেন। পার্ব্বতীয় দেশের অধিকাংশই তাঁহার অধিকৃত ভূমি। ভুটান অর্থাৎ ভূতস্থান, কোচবিহার অর্থাৎ কুচনীবিহার, ত্রিবর্ত যেখানে কৈলাসশিখর পরিদৃশ্য হয়; এই সকল দেশ রুদ্রের রাজ্য ছিল। আদিম নিবাসী হইয়াও তিনি চিকিৎসাশাস্ত্রে, যুদ্ধবিদ্যা ও গানবিদ্যায় বিশেষ নিপুণ ছিলেন। এমত কি তাঁহার সামর্থ্য দৃষ্টি করতঃ তাঁহার স্থলাভিষিক্ত একাদশ রুদ্র রাজগণ তাঁহাকে ঈশ্বর বলিয়া ব্যাখ্যা করিয়াছিলেন।

The sacrifice of Daksha took place soon after the Aryas established Brahmavarta. That extraordinary event arose from the pride the Aryas took in their own race and from their desire to avoid social intercourse with the indigenous inhabitants. At that time, Bhutanatha Rudra was the foremost leader among the original inhabitants. Much of the mountainous region was under his rule. Bhutan, meaning Bhuta-sthana; Koch Bihar, meaning Kuchani-vihara; and Tribarta, from which the peak of Kailasa could be seen—these lands were all within Rudra's kingdom. Although he belonged to the indigenous population, he was highly accomplished in medicine, military science, and music. Indeed, seeing his extraordinary abilities, the eleven Rudra kings who succeeded him described him as Ishwara. **(17)**

এবম্ভূত মহাপুরুষ রুদ্ররাজ ব্রাহ্মণদিগের অহঙ্কার সহ্য করিতে না পারিয়া বল ও কৌশলে হরিদ্বার নিকটস্থ কনখলনিবাসী দক্ষ প্রজাপতির কন্যাকে বিবাহ করেন। সতীদেবী প্রাণত্যাগ করিলে তাঁহার সহিত ব্রাহ্মণদিগের যে যুদ্ধ হয়, তদবসানে তাঁহাকে যজ্ঞভাগ ও ঈশানকোণে আসন দান করিয়া আর্য্যমহাশয়েরা পার্ব্বতীয় বীর জাতিদিগের সহিত সন্ধি স্থাপনা করিলেন। তদবধি পার্ব্বতীয় পুরুষদিগের সহিত

ব্রহ্মর্ষিদিগের আর বিবাদ দেখা যায় না, যেহেতু ব্রাহ্মণেরা তদবধি তাহাদের নিকট সম্মানিত হইলেন এবং রুদ্ররাজও আর্য্য দেবতার মধ্যে গণ্য হইলেন।

The great personality King Rudra could not tolerate the arrogance of the Brahmanas. By strength and diplomacy he married the daughter of Daksha Prajapati, who lived at Kankhal near Haridwar. After Sati Devi gave up her life, war broke out between Rudra and the Brahmanas. At the conclusion of that conflict, the Aryas established peace with the heroic mountain peoples by granting Rudra a share of the sacrifice and giving him a place in the northeast. From that time onward, no further conflict is seen between the mountain peoples and the Brahmarshis, for thereafter the Brahmanas became respected among them, while King Rudra was himself counted among the deities of the Aryans.

যদিও আর্য্যগণের আর পার্ব্বতীয় লোকদিগের সহিত কোন বিবাদ রহিল না তথাপি তাঁহাদের নিজ বংশে অনেক দুরন্ত লোক উৎপন্ন হইয়া রাজ্য কৌশলের ব্যাঘাত করিতে লাগিল। নাগ ও পক্ষী চিহ্নধারী কশ্যপবংশীয়েরা দেবতাদের অধীনতা স্বীকার করতঃ স্থানে স্থানে বাস করিয়াছিলেন। সেই সময়ে পক্ষী চিহ্নধারী কাশ্যপেরা নাগদিগের উপর প্রবল শত্রুতা করিতেন। কিন্তু নাগেরা পরে বলবান হইয়া নানা দেশে রাজ্য করিয়াছিলেন। পক্ষীরা ক্রমে লুপ্তপ্রায় হইয়া গেল।

Although the Aryas no longer had any conflict with the mountain peoples, many unruly persons arose within their own extended lineage and began to disturb the established order of government. Members of the lineage of Kashyapa bearing the snake and bird emblems accepted the authority of the devas and lived in various places. At that time the Kashyapas bearing the bird emblem were intensely hostile toward the Nagas. Later, however, the Nagas became powerful and established kingdoms in many regions, while the bird-emblem clan gradually became almost extinct.

কশ্যপপত্নী দিতির গর্ভে কয়েকটী দুর্দ্দান্ত লোক জন্ম গ্রহণ করেন, তাঁহারা অসুর নামে নিন্দিত হন। স্বেচ্ছাচার ও ব্রহ্মর্ষিদিগের বিচারিত রাজ্য কৌশলের প্রতিবন্ধকতা আচরণ করিয়া তাঁহারা সমস্ত শিষ্ট লোকের শত্রু হইলেন। ক্রমশঃ শিষ্ট লোকের অধীশ্বর ইন্দ্রের সহিত বিশেষ বিবাদ করিয়া আপনাদের রাজ্য ভিন্ন করিয়া লইলেন। এই বিবাদের নাম দেবাসুরের যুদ্ধ। অসুরেরা প্রায় সকলেই পঞ্চনদ দেশে

Footnote: (17)

রুদ্রদেব সম্বন্ধে আধুনিক পণ্ডিতদিগের বর্ণন ও সিদ্ধান্ত এস্থলে প্রকাশ করিয়া আমরা শৈব পাঠকগণের চরণে ইহা জানাইতেছি যে, আমরা শ্রীমহাদেবকে জগদপুরুষ, ভগবদবতার বলিয়া জানি এবং তাঁহার কৃপার জন্য আমরা সর্বদা ব্যাকুল থাকি। তিনি নিষ্কপট কৃপা করিলেই আমরা কৃষ্ণভক্তি লাভ করি।

Having presented the descriptions and conclusions of modern scholarship concerning Rudradeva, we submit at the feet of our Shaiva readers that we regard Sri Mahadeva as the Supreme Person and as an incarnation of Bhagavan, and we always remain eager for his mercy. Only when he bestows his sincere mercy upon us do we attain Krishna-bhakti.

বাস করিয়াছিলেন। শাকল, অসরর, নরসিংহ, মুলতান অথবা কাশ্যপপুর প্রভৃতি দেশ তাঁহাদের অধিকারান্তর্গত।

Several fierce and unruly persons were born from Diti, the wife of Kashyapa, and they came to be condemned under the name asura. Through their lawless conduct and their opposition to the system of government established by the Brahmarshis, they became enemies of all respectable people. In time they entered into serious conflict with Indra, the ruler of the civilized people, and established a separate kingdom for themselves. This conflict became known as the war between the devas and the asuras. Almost all of the asuras lived in the land of the five rivers, Panchanada. Shakala, Asarar, Narasingha, Multan or Kashyapapura, and other such places were included within their territory.

যে কশ্যপ প্রজাপতির বংশে অসুরগণ ও দেবগণ উৎপত্তি হন তাঁহার বাসভূমি পঞ্চনদ ও ব্রহ্মাবর্তের মধ্যে ছিল এরূপ সম্ভব হয়। প্রজাপতিগণ ব্রহ্মাবর্তের চতুষ্পার্শ্ব ভূমি অবলম্বন পূর্ব্বক বাস করিতেন। ব্রহ্মাবর্ত্ত তৎকালে দেবরাজ্যের মধ্যস্থল ছিল। সরস্বতী ও দৃষদ্বতী উভয় নদীই দেবনদী। তদ্বভয়ের মধ্যে দেবনির্ম্মিত ব্রহ্মাবর্ত্ত দেশ*। এই দেব শব্দ হইতে অনুমান হয় যে ইহার মধ্যেই দেবতারা বাস করিতেন। দেবতারাও কশ্যপ প্রজাপতির সন্তান অতএব তাঁহারাও আর্য্যবংশীয়।

It is reasonable to suppose Kashyapa Prajapati, from whose lineage both the asuras and the devas arose, lived somewhere between Panchanada and Brahmavarta. The Prajapatis inhabited the lands surrounding Brahmavarta. At that time Brahmavarta formed the central region of the kingdom of the devas. Both the Saraswati and the Drishadvati were regarded as rivers of the devas, and between those two rivers lay Brahmavarta, the land established by the devas.* From this use of the word deva it may be inferred that the devas themselves lived there. The devas were also descendants of Kashyapa Prajapati; therefore they too belonged to the Aryan lineage.

অনুমান হয় যে ব্রহ্মাবর্তে প্রথমাধিনিবেশ সময়ে স্বায়ম্ভুব মনুর পরেই কশ্যপের পুত্র ইন্দ্র রাজ্যকৌশলে পারদর্শী থাকায় তাঁহাকে দেবরাজ উপাধি দেওয়া যায়। রাজকার্য্যে যে মহাত্মারা নিযুক্ত হইয়াছিলেন তাঁহারা বায়ু, বরুণ, অগ্নি, যম, পুষা ইত্যাদি পদপ্রাপ্ত হইয়াছিলেন। পরে ক্রমশঃ যাঁহারা ঐ সকল পদ প্রাপ্ত হইতে লাগিলেন তাঁহারাও ইন্দ্র, চন্দ্র, বায়ু, বরুণ ইত্যাদি উপাধি প্রাপ্ত হইলেন।

It may be inferred that, during the first settlement of Brahmavarta, soon after Svayambhuva Manu, Indra, the son of Kashyapa, was highly skilled in the administration of the kingdom and was therefore given the title Devaraja, king of the devas. The distinguished persons appointed to various functions of government received offices such as Vayu, Varuna, Agni, Yama, Pusha, and others. In later times, those who successively occupied these offices likewise received the titles Indra, Chandra, Vayu, Varuna, and so forth.

বোধ করি বৈবস্বত মনুর পর আর দেবগণের অধিক বল রহিল না। তাঁহাদের রাজ্য শাসন নাম মাত্র রহিল, কেবল যেখানে যেখানে যজ্ঞ হইত সেই সেই স্থলে

নিমন্ত্রণ ও সম্মান প্রাপ্ত হইতেন। এইরূপ কিছু দিন পরে ব্রহ্মাবর্তস্থিত পদস্থ মহাপুরুষদিগের অস্তিত্ব রহিত হইয়া তাঁহারা স্বর্গীয় দেবগণ রূপে পরিগণিত হইলেন। ভূমণ্ডলে যজ্ঞাদি কার্য্যে তাঁহাদের আসন সকল অন্যান্য নিমন্ত্রিত ব্রাহ্মণদিগকে প্রদত্ত হইতে লাগিল।

It seems that after Vaivasvata Manu the devas no longer retained much actual power. Their administration of the kingdom remained in name only; wherever sacrifices were performed, they were simply invited and honored. After some time, the eminent office-holders who had once resided in Brahmavarta ceased to exist as earthly persons and came to be regarded as celestial devas. In sacrifices and other rites performed upon the earth, their seats then began to be given to other invited Brahmanas.

এমত সময়ে দেবগণ কেবল মন্ত্রারূঢ় যন্ত্র বিশেষ বলিয়া জ্ঞাত হইলেন। জৈমিনি মীমাংসায় এরূপ দৃষ্ট হয়। দেবগণেরা আদৌ রাজ্য শাসনকর্তা ছিলেন, পরে যজ্ঞভাগ ভোক্তারূপে গণিত হন, অবশেষে তাঁহাদিগকে মন্ত্র মূর্তিরূপে শাস্ত্রে প্রতিষ্ঠিত করা হইয়াছে।

In time, the devas came to be understood merely as particular agencies invoked through mantra. Such a conception is found in Jaimini's Mimamsa. Thus, in the beginning the devas were administrators of the kingdom; later they came to be regarded as recipients of shares in sacrifice; and finally the scriptures established them as divine beings embodied in mantras.

যৎকালে দেবতারা রাজ্যশাসনকর্তা ছিলেন তৎকালেই কশ্যপ প্রজাপতির পত্ন্যন্তর হইতে জাত অসুরগণ রাজ্যলোলুপ হইয়া দৈবরাজ্যের অনেক ব্যাঘাত করিতে লাগিল। হিরণ্যকশিপুর সময়ে দেবাসুরের প্রথম যুদ্ধ হয়। সে যুদ্ধের কিয়ৎকাল পরেই সমুদ্রমন্থন। দেবাসুর যুদ্ধে বৃহস্পতি ইন্দ্রের মন্ত্রী ও শুক্রাচার্য্য অসুরদিগের মন্ত্রী ছিলেন। হিরণ্যকশিপুকে সহসা বধ করিতে না পারিয়া শণ্ডামর্ক দ্বারা তৎপুত্রকে দৈবপক্ষে আনয়ন করত ব্রাহ্মণেরা হিরণ্যকশিপুকে দৈববলে নিহত করেন। হিরণ্যকশিপুর পৌত্র বিরোচন। তাঁহার সময়ে দেবাসুরের মধ্যে সন্ধি হয়। দেবতাদিগের বুদ্ধিকৌশল ও অসুরদিগের বল ও শিল্পবিদ্যা উভয় সংযোগে জ্ঞান সমুদ্রের মন্থন সাধিত হইলে অনেক উত্তম বিজ্ঞান ঐশ্বর্য্য ও অমৃত উদ্ভূত হয়। পরে জ্ঞানের অত্যালোচনা দ্বারা নৈষ্কর্ম্ম ও আত্মবিনাশ রূপ বিষের উৎপত্তি হয়। পরমার্থতত্ত্ববিৎ মহারুদ্র ঐ বিষকে বিজ্ঞান বলে সম্বরণ করিলেন।

While the devas were still rulers of the kingdom, the asuras born from another wife of Kashyapa Prajapati became ambitious for political power and began creating disturbances within the kingdom of the devas. The first war between the devas and the asuras took place in the time of Hiranyakashipu. The churning of the ocean occurred not long after that war. In the conflict between the devas and asuras, Brihaspati was the minister of Indra, while Shukracharya was minister to the asuras. Unable to kill Hiranyakashipu directly, the Brahmanas, through Shanda and Amarka, brought his son over to the side of the devas and killed Hiranyakashipu through the power of the devas. Virochana was the grandson of Hiranyakashipu. During his time, peace was established between the devas and the asuras. When the intelligence and strategic skill

of the devas were combined with the strength and technical arts of the asuras, the ocean of knowledge was churned, and from it arose many excellent sciences, forms of prosperity, and amrita. Later, through excessive intellectual deliberation, there arose the poison of naishkarmya, cessation of action, and self-annihilation. Maha-Rudra, who understood paramartha-tattva, restrained that poison through the power of vijnana, realized knowledge.

উৎপন্ন অমৃত হইতে অসুরদিগকে কৌশলক্রমে বঞ্চনা করায় অসুরেরা পুনরায় যুদ্ধ আরম্ভ করিল। এই যুদ্ধে পরাজিত হইয়া অসুরগণ অনেক দিন স্বীয় রাজ্যে সন্তুষ্ট থাকিয়া কালযাপন করিয়াছিল। ইতিমধ্যে সুরগুরু বৃহস্পতি ইন্দ্রকর্তৃক অপমানিত হইয়া গোপনভাবে কালযাপন করেন। এই অবসরে অসুরগণ শুক্রাচার্য্যের পরামর্শে পুনরায় যুদ্ধানল উদ্দীপিত করিলে ব্রহ্মসভার অনুমোদন ক্রমে ইন্দ্র ত্বষ্টপুত্র বিশ্বরূপকে পৌরহিত্যে বরণ করেন। বিশ্বরূপ অনেক কৌশল করিয়া দেবতাদিগকে যুদ্ধে জয়ী করিয়াছিলেন। বিশ্বরূপ স্বয়ং মদ্যপান করিতেন ও তৎসম্বন্ধে অসুরদিগের সহিত মিত্রতা ক্রমে ক্রমশঃ অসুরদিগকে ব্রহ্মাবর্তাধিকারের উপায়স্বরূপ যজ্ঞভাগ দিবার কোন প্রকার যুক্তি করায় ইন্দ্র তাঁহাকে বধ করিলেন।

Because the asuras were deprived by strategy of the amrita that had been produced, they once again began war. Defeated in that conflict, the asuras remained content within their own kingdom for a considerable time. Meanwhile, Brihaspati, the guru of the devas, was insulted by Indra and withdrew into seclusion. Taking advantage of his absence, the asuras, acting upon the advice of Shukracharya, once again kindled the fire of war. With the approval of the assembly of Brahma, Indra then appointed Vishvarupa, the son of Tvashta, as priest. Through many ingenious strategies, Vishvarupa enabled the devas to gain victory in battle. Vishvarupa himself drank intoxicating liquor, and because of his friendship with the asuras in that connection, he gradually devised an arrangement by which sacrificial shares would be given to the asuras as a means for them to gain authority over Brahmavarta. For this reason, Indra killed him.

বিশ্বরূপের পিতা ত্বষ্টা সেই সময়ে ক্রোধ পূর্ব্বক ইন্দ্রের প্রতি বিদ্রোহাচরণ করিতে লাগিলেন। তাঁহার অন্য পুত্র বৃত্র, অসুরদিগের সহিত যুক্ত হইয়া ইন্দ্রকে ব্যতিব্যস্ত করিয়া তুলিলেন। দেবগণ যুক্তিপূর্ব্বক দধ্যঞ্চের আশ্রয় গ্রহণ করিলেন। অনেক বৈজ্ঞানিক পরিশ্রম দ্বারা তাঁহার প্রাণ বিয়োগের পর বিশ্বকর্ম্মাকর্তৃক বজ্র নির্ম্মিত হইল। ইন্দ্র তদ্দ্বারা বৃত্রকে বধ করিয়া ব্রহ্মবধ-দোষে দূষিত হইলেন। ত্বষ্টা অন্যান্য ব্রাহ্মণগণের সহিত সংযুক্ত হইয়া ইন্দ্রকে কিয়ৎকালের জন্য নির্ব্বাসিত করিলেন। ইন্দ্র ঐ সময় মানস-সরোবরের নিকট অবস্থিতি করেন।

At that time, Vishvarupa's father Tvashta became enraged and began to rebel against Indra. His other son, Vritra, joined with the asuras and caused Indra great difficulty. The devas, after due deliberation, sought the help of Dadhyanch. After his death, and through considerable scientific effort, Vishvakarma fashioned the vajra, or thunderbolt. With that weapon Indra killed Vritra and thereby became tainted by the sin of killing a Brahmana. Tvashta then joined with other Brahmanas and caused Indra to be exiled for some time. During that period, Indra resided near Manasa-sarovara.

ব্রাহ্মণেরা পরস্পর বিবদমান হওয়ায় কোন ব্রাহ্মণকে তৎকালে ইন্দ্রের স্থলাভিষিক্ত না করিয়া পুরূরবার পৌত্র নহুষকে ঐন্দ্র রাজ্য সমর্পণ করিলেন। অত্যল্প কালমধ্যে নহুষের বিপ্রাবহেলন-প্রবৃত্তি প্রবল হওয়ায় ব্রাহ্মণেরা পুনরায় ইন্দ্রকে রাজ্যভার অর্পণ করিয়া নহুষকে কালধর্ম্মে নীত করিলেন। দেবাসুরের যুদ্ধ ব্রহ্মাবর্তের নিকটে কুরুক্ষেত্রে হইয়াছিল, তাহাতে কিছুমাত্র সন্দেহ নাই। যেহেতু ইন্দ্র বৃত্রকে বধ করিয়া তাহার পূর্ব্বোত্তর দেশে গমন করত মানস-সরোবরে অবস্থিতি করেন*। দধীচিমুনির স্থানটী কুরুক্ষেত্রের নিকট ইহাও তদ্বিষয়ের প্রমাণস্বরূপ।

Because the Brahmanas were quarrelling among themselves, they did not appoint a Brahmana to replace Indra at that time, but entrusted Indra's kingdom to Nahusha, the grandson of Pururava. Within a very short time, Nahusha's tendency to disrespect the Brahmanas became pronounced. The Brahmanas therefore restored the government to Indra and brought Nahusha to his death. There can be no doubt that the war between the devas and the asuras took place at Kurukshetra, near Brahmavarta, for after killing Vritra, Indra travelled northeast of that place and stayed at Manasa-sarovara. **(18)** The fact that the dwelling place of Dadhichi Muni is near Kurukshetra also provides evidence for this.

শুক্রাচার্য্যের মন্ত্রণাপ্রভাবে অসুরগণ ক্রমশঃ বলবান হইয়া উঠিলে দেবগণ তাহাদিগকে নিরস্তকরণে অক্ষম হইয়া বামনদেবের বুদ্ধিকৌশলে বলিরাজা ও তৎসঙ্গিগণকে উচ্চভূমি হইতে নিঃসারিত করিলেন। বোধ হয় অসুরেরা প্রতিজ্ঞাবদ্ধ হইয়া পঞ্চনদ দেশের উচ্চাংশ হইতে সিন্ধুতীরে সিন্ধুনামা দেশে বাস করিলেন*। ঐ স্থলকে তৎকালে পাতাল বলিয়া গণ্য করা যাইত। যেহেতু ঐ সকল স্থানে নাগবংশীয়েরা স্থানপ্রাপ্ত হইয়াছিলেন।

As the asuras gradually became powerful under the counsel of Shukracharya, the devas found themselves unable to restrain them. Through the strategic intelligence of Vamanadeva, King Bali and his followers were then driven out of the highlands. It appears that, bound by an agreement, the asuras left the higher regions of Panchanada and settled in a country called Sindhu on the bank of the Indus. At that time this region was regarded as Patala **(19)**, because members of the Naga dynasty had established themselves there.

এলাপত্র ও তক্ষকাদি নাগবংশীয় পুরুষেরা বহুদিন ঐ দেশে অবস্থিতি করিতেন। তাহার অনেক দিন পরে তাঁহারা তথা হইতে পুনরায় উচ্চভূমিতে আসিয়া বাস

Footnote: (18)

নভো গতো দিশঃ সর্ব্বাঃ সহস্রাক্ষো বিশাম্পতে।
প্রাগুদীচীং দিশং তূর্ণং প্রবিষ্টো নৃপ মানসম্॥ ভাগবতং।

The thousand-eyed Indra travelled through the sky in all directions. O King, he then swiftly went to the northeastern quarter and entered the Manasa lake. — Bhag. 8.13.14

(19) আলেকজণ্ডারের সময়ে সিন্ধুসাগরসঙ্গমের অনতিদূরে পাতাল বলিয়া নগর ছিল। বাটলার সাহেবের আটলাস দেখ।

At the time of Alexander, there was a city called Patala not far from the place where the Indus meets the sea. See Mr. Butler's Atlas.

করিয়াছিলেন। তৎকালে এলাপত্র হ্রদ ও তক্ষশিলা নগর পত্তন হয়। নাগেরা কাশ্মীর দেশেও বাস করিয়াছিলেন। ইহার বিশেষ বিবরণ রাজতরঙ্গিণীতে দৃষ্ট হয়। কশ্যপ হইতে পঞ্চপুরুষে বলিরাজা; তাঁহার সময়েই অসুরগণ কৌশলদ্বারা নির্বাসিত ও পাতালে প্রেরিত হন।

Naga leaders such as Elapatra and Takshaka remained in that country for a long time. Much later they returned from there and again settled in the highlands. At that time Lake Elapatra and the city of Taxila were established. The Nagas also lived in Kashmir, and a more detailed account of this may be found in the Rajatarangini. King Bali appeared in the fifth generation from Kashyapa, and it was during his time that the asuras were expelled by strategy and sent to Patala.

বেণচরিত্র আর্য্যইতিহাসের একটী প্রধান পর্ব্ব। স্বায়ম্ভুব মনু হইতে বেণরাজা একাদশ পুরুষ। এস্থলে বিচার্য্য এই যে, মনু ও তদ্বংশীয় মহাপুরুষেরা কোথায় বাস করিতেন। শাস্ত্রের কোন কোন স্থলে কথিত আছে যে, মনু ব্রহ্মাবর্তেই বাস করিতেন। কিন্তু বিচার করিয়া দেখিলে ব্রহ্মাবর্ত্ত হইতে দক্ষিণ এবং কুরুক্ষেত্রের দক্ষিণ পশ্চিমাংশে মনুর বহিমতী নগরী ছিল বোধ হয়। ব্রহ্মর্ষি-দেশের সীমা তৎকালে নির্ণীত না হওয়ায় ঋষিগণ মনুর নগরকে ব্রহ্মাবর্তান্তর্গত বলিয়া উক্তি করিয়া থাকিবেন। বাস্তবিক মনুর নগর সরস্বতীর দক্ষিণপূর্ব্ব হওয়ায় ঐ নগর ব্রহ্মর্ষিদেশস্থিত কহিতে হইবে*।

The history of Vena forms one of the principal episodes of Aryan history. King Vena appeared in the eleventh generation from Svayambhuva Manu. Here it is necessary to consider where Manu and the great personalities of his lineage actually lived. In some places the scriptures state that Manu lived in Brahmavarta itself. But upon examination it appears that Manu's city of Bahimati was situated south of Brahmavarta and to the southwest of Kurukshetra. Since the boundaries of Brahmarshi-desh had not yet been determined, the rishis may have described Manu's city as belonging to Brahmavarta. In reality, since Manu's city lay southeast of the Saraswati, it should be regarded as situated within Brahmarshi-desh. **(20)**

কর্দ্দম প্রজাপতির আশ্রম বিন্দু-সর হইতে মনু যৎকালে নিজপুরীতে প্রত্যাগমন করেন তৎকালে প্রথমে সরস্বতীর উভয় কুলে ঋষিদিগের আশ্রম দর্শন করিতে করিতে ক্রমশঃ সরস্বতী পরিত্যাগ পূর্ব্বক কুশকাশ মধ্যে নিজ নগরে গমন করিলেন, এরূপ বর্ণিত আছে।

It is described that when Manu returned to his own city from Bindu-sarovara, where the ashram of Kardama Prajapati was situated, he first travelled along both banks of the Saraswati, seeing the ashrams of the rishis. Gradually leaving the Saraswati behind, he then passed through a region filled with kusha and kasha grasses and entered his own city.

মনুসম্বন্ধে দ্বিতীয় বিচার এই যে, মনু কিজন্য ক্ষত্রিয় হইলেন। ব্রহ্মার পুত্র সকল প্রজাপতি নামে ব্রাহ্মণত্ব লাভ করেন। তখন স্বায়ম্ভুব মনু ব্রহ্মসদৃশ হইয়া কি জন্যই বা অধস্থ পদ গ্রহণ করিলেন। বোধ হয় প্রথমে যখন আর্য্যেরা ব্রহ্মাবর্ত স্থাপন করেন, তখন সকলেই একবর্ণ ছিলেন; কিন্তু বংশবৃদ্ধি করণার্থে স্ত্রীলোকের অভাব হওয়ায়

Footnote: (20) Bhag. 3.21.39; 3.22.27-31

অজ্ঞাতকুলশীল একটী বালক ও বালিকাকে সংগ্রহ করিয়া তাহাদিগকে আর্য্য্যত্ব প্রদান পূর্ব্বক আর্য্যমতে বিবাহিত করিলেন। তাঁহারাই স্বায়ম্ভুব মনু ও তৎপত্নী শতরূপা। তাঁহাদের কন্যারা ঋষিদিগের সহিত বিবাহ করিয়া আর্য্যকুলকে সমৃদ্ধ করেন।

A second question concerning Manu is why he became a kshatriya. The sons of Brahma attained the status of Brahmanas under the designation Prajapati. Why then did Svayambhuva Manu, who was comparable to Brahma, accept a subordinate status? It appears that when the Aryas first established Brahmavarta they all belonged to a single social order. But because there was a shortage of women for the purpose of expanding their lineage, they took in a boy and a girl of unknown family and character, conferred Aryan status upon them, and married them according to Aryan custom. These two were Svayambhuva Manu and his wife Shatarupa. Their daughters married the rishis and thereby increased the Aryan families.

প্রকাশ্যরূপে অনার্য্যদিগের কন্যাগ্রহণ-কার্য্যটী আর্য্যগৌরবের ব্যাঘাত বিবেচনা করিয়া পালিত দম্পতিকে স্বায়ম্ভুবত্ব ও আর্য্যত্ব প্রদান করতঃ তাঁহাদের কন্যাগ্রহণরূপ কৌশল অবলম্বিত হয়। কিন্তু তদ্বংশজাত পুত্রগণকে শুদ্ধার্য্যদিগের সহিত সাম্যদান করিতে অস্বীকার করতঃ তাহাদিগকে ক্ষত্র নামে অভিষিক্ত করা হইয়াছিল। ক্ষত হইতে ত্রাণ করিতে সক্ষম যিনি তিনি ক্ষত্র; এরূপ ব্যুৎপত্তি রঘুবংশের টীকায় মল্লিনাথ কর্তৃক লিখিত হইয়াছে।

Because openly accepting daughters from non-Aryan families was considered detrimental to Aryan prestige, the strategy was adopted of conferring upon the fostered couple the status of Svayambhuva and Aryan identity, and then accepting their daughters in marriage. Yet the sons born in their lineage were not granted equality with the pure Aryas and were instead designated kshatra. Mallinatha, in his commentary on the Raghuvamsha, gives the derivation: one who is able to protect from injury, kshata, is called kshatra.

মনু ও মনুবংশকে আর্য্য মধ্যে পরিগণিত করিয়াও তাঁহাদিগকে ব্রহ্মাবর্ত্ত-সংস্থাপক মূল আর্য্যগণ হইতে ভিন্ন রাখিবার অভিপ্রায়ে আপনারা ব্রাহ্মণ হইলেন এবং ক্ষত্রবংশীয় মহোদয়গণকে ব্রাহ্মণদিগের রক্ষাকর্ত্তাস্বরূপ নিযুক্ত করিলেন। শুদ্ধ ব্রহ্মাবর্ত্ত ভূমিতে উত্তরপশ্চিম অবলম্বনপূর্ব্বক পঞ্চনদস্থ অসুরদিগ হইতে রক্ষাকর্ত্তাস্বরূপ দেবতাদিগের বাস ছিল। সরস্বতীনদীর তীরে ঋষিগণ বাস করিতেন। তদ্দক্ষিণপশ্চিমদিকে দাক্ষিণাত্য অসভ্যজাতি হইতে ব্রাহ্মণদিগের রক্ষাকর্তাস্বরূপ মনু ও মনুবংশের অবস্থান হইল।

Although Manu and the dynasty of Manu were counted among the Aryans, in order to keep them distinct from the original Aryas who established Brahmavarta, the latter assumed the status of Brahmanas and appointed the distinguished members of the kshatra line as protectors of the Brahmanas. In the pure land of Brahmavarta, toward the northwest **(21)**, the devas resided as protectors

Footnote: (21)

If the matter were investigated with a saragrahi disposition, it might be possible to discover three elevated regions known as Tripistapa either in Kurukshetra or in the northern part of Brahmavarta.

against the asuras of Panchanada. The rishis lived along the banks of the Saraswati. To the southwest, Manu and the dynasty of Manu were established as protectors of the Brahmanas against the uncivilized peoples of Dakshinatya.

মানব রাজারা দৈব রাজ্যের অধীন ছিলেন। ইন্দ্রদেবতা সকলের সম্রাট্। দেবগণ যে অংশে বাস করিতেন, তাহার নাম ত্রিপিষ্টপ; অর্থাৎ সর্ব্বোচ্চ তিনটী ভূমী। সর্ব্বোচ্চভাগে ইন্দ্রের পুরী উত্তরদিগে সংস্থিত ছিল। ঐ পুরীর অষ্টদিক, মধ্য ও উপরিভাগ লইয়া দিক্‌পালেরা বাস করিতেন।

The kings descended from Manu were subordinate to the kingdom of the devas. The deva Indra was emperor over them all. The region inhabited by the devas was called Tripishtapa, meaning the three highest lands. In the highest region, Indra's city was situated toward the north. The guardians of the directions resided in the eight directions surrounding that city, as well as in its central and upper regions.

গ্রন্থবিস্তার ভয়ে এবিষয় এস্থলে অধিক বলা যাইবে না। এস্থলে একটী কথার উল্লেখ না করিয়া এবিষয় ত্যাগ করা যাইতে পারে না। ব্রহ্মা হইতে চতুর্থ পুরুষে কশ্যপের পুত্রগণ দৈব রাজ্যসংস্থাপন করেন। ব্রহ্মা হইতে কশ্যপ পর্য্যন্ত প্রাজাপত্য ও মানব রাজ্য ছিল, তৎপরে দৈব রাজ্য প্রবৃত্ত হইল। দৈব রাজ্য প্রবল হইলে দেবাসুরের যুদ্ধ হয়। দৈব রাজ্যটী সময়ক্রমে যত নিস্তেজ হইল, মানব রাজ্যের তত প্রবলতা হইতে লাগিল। স্বায়ম্ভুব মানব রাজ্য অধিক দিন ছিল না। বৈবস্বত মানব রাজ্য প্রবল হইয়া উঠিলে ক্রমশঃ স্বায়ম্ভুব মানব রাজ্য নির্বাণ হয়।

For fear of making this book too extensive, I shall not say more on this subject here. Yet one point must be mentioned before leaving it. In the fourth generation from Brahma, the sons of Kashyapa established the kingdom of the devas. From Brahma down to Kashyapa there existed the rule of the Prajapatis and the kings descended from Manu; thereafter the kingdom of the devas arose. When the kingdom of the devas became powerful, the war between the devas and asuras took place. As the kingdom of the devas gradually weakened with the passage of time, the kingdoms of the Manus became increasingly powerful. The kingdom of Svayambhuva Manu did not endure for long. The kingdom of Vaivasvata Manu grew in strength, the rule of the Svayambhuva lineage came to an end.

বৈবস্বত মনু সূর্য্যের পুত্র। কিন্তু শাস্ত্রকারেরা তাঁহার জননীর নাম সম্বন্ধে ভিন্ন ভিন্ন মত প্রকাশ করিয়াছেন। তিনিও বোধ হয় পোষ্যপুত্র ছিলেন অথবা কোন অনার্য্য সংযোগে উদ্ভূত হইয়াছিলেন; এজন্য তাঁহার ভ্রাতাদিগের ন্যায় ব্রাহ্মণ হইতে না পারিয়া স্বায়ম্ভুব মনুর দৃষ্টান্তে ক্ষত্রত্ব স্বীকার করিলেন। সে বিষয়ে অধিক আলোচনা করিবার আবশ্যক নাই।

Vaivasvata Manu was the son of Surya. But the authors of scripture have expressed different opinions concerning his mother's name. It appears that he too was a foster-son, or was born through some connection with non-Aryas. For this reason, unable to become a Brahmana like his brothers, he accepted kshatra status following the example of Svayambhuva Manu. There is no need to discuss this matter further.

বেণরাজা কালক্রমে দেবতাদিগকে হীনবল দেখিয়া দৈব রাজ্যের সংস্থানভঙ্গে বিশেষ যত্নবান্ হইয়াছিলেন*। তাহাতে দেবতাদিগের পারিষদ ব্রাহ্মণেরা তাঁহাকে বধ করেন এবং তাঁহার উভয় হস্ত পেষণ করিয়া অর্থাৎ উভয়পার্শ্বভূমি অন্বেষণ করিয়া পৃথুনামক মহাপুরুষ ও অর্চ্চিনাম্নী স্ত্রীকে সংযোজন পূর্ব্বক রাজ্যভার দিলেন। পৃথুরাজার সময়ে প্রকৃত প্রস্তাবে গ্রামাদি পত্তন, কৃষিকার্য্যের আবিষ্কার, উদ্যান প্রস্তুত ইত্যাদি নানাবিধ সাংসারিক উন্নতি সংঘটন হইয়া ছিল।

In the course of time, King Vena, seeing that the devas had become weak, made a determined effort to dismantle the established order of their kingdom. **(22)** The Brahmanas who were associates of the devas therefore killed him and, by grinding his two hands—that is, by searching the lands on either side—united the great personality named Prithu with the woman named Archi and entrusted them with the government of the kingdom. During the reign of King Prithu **(23)**, genuine material progress took place through the establishment of villages, the development of agriculture, the planting of gardens, and many other improvements of worldly life.

সমুদ্রপর্য্যন্ত গঙ্গার মাহাত্ম্য বিস্তারপূর্ব্বক আর্য্যাবর্তের কলেবর বৃদ্ধি করিয়া সূর্য্যবংশীয় ভগীরথ রাজা একটী বৃহৎ কর্ম্ম সম্পাদন করিয়াছিলেন। তৎকালে মিথিলান্ত রাজ্যকেই আর্য্যাবর্ত্ত বলা যাইত। মনুবংশ তখন লোপপ্রায় হইয়াছিল। রৌদ্ররাজ্য ও সূর্য্যবংশীয় রাজ্য তৎকালে প্রবল থাকায় তাঁহাদের মধ্যে এমত সন্ধি ছিল যে, উভয়ের মত না হইলে ভারতের কোন সাধারণ কার্য্য হইত না।

King Bhagiratha of the Solar Dynasty accomplished a great work by extending the sanctity and glory of the Ganges as far as the ocean and thereby enlarging the confines of Aryavarta. At that time, only the kingdom extending as far as Mithila was called Aryavarta. The dynasty of Manu had by then almost disappeared. The kingdom of Rudra and the kingdom of the Solar Dynasty were both powerful, and such an understanding existed between them that no matter of general importance concerning India could be undertaken without the agreement of both.

সগরসন্তানেরা সাগরের নিকট প্রাণদণ্ডিত হইলে সূর্য্যবংশের কলঙ্ক হইয়া উঠিল। সেই কলঙ্ক অপনয়ন করণাভিপ্রায়ে নাম মাত্র দৈবরাজ্যের সভাপতি ব্রহ্মা ও রৌদ্ররাজ্যের রাজা শিব এই দুই মহাপুরুষের বিশেষ উপাসনাপূর্ব্বক আর্য্যাবর্ত সমৃদ্ধির অনুমতি প্রাপ্ত হইয়া ভগীরথ খাদান্তরের সহিত গঙ্গার যোজনা করিলেন। আদৌ সরস্বতীই সর্ব্বাপেক্ষা পুণ্যা নদী ছিল। ক্রমশঃ যামুনপ্রদেশ আর্য্যাবর্ত হওয়ায় যমুনার মাহাত্ম্য বিস্তৃত হয়। অবশেষে ভগীরথের সময় গঙ্গানদীকে সকল নদী অপেক্ষা শ্রেষ্ঠা ও পুণ্যপ্রদা বলিয়া প্রতিষ্ঠা করা হয়।

Footnote: (22)
King Vena, seeing that the devas had become weak, made a determined effort to dismantle the established kingdom of the devas.
(23) In the time of King Prithu, in reality, various forms of material and social improvement took place. This included the establishment of towns and villages, the development of agriculture, the laying out of gardens, and similar advances.

When the sons of Sagara died near the ocean it became a disgrace to the Solar Dynasty. In order to remove that disgrace, Bhagiratha worshipped two great personalities—Brahma, who by then was merely the nominal head of the kingdom of the devas, and Shiva, the ruler of the kingdom of Rudra. Having received their permission to extend Aryavarta, Bhagiratha connected the Ganges with another river channel. Originally, the Saraswati was regarded as the most sacred river, then as the Yamuna region became incorporated within Aryavarta, the glory of the Yamuna also increased. Finally, in the time of Bhagiratha, the Ganges was established as the greatest of all rivers and the most beneficent of religious merit.

এই ঘটনার কিছু দিবস পরে ব্রাহ্মণ ও ক্ষত্রিয়দিগের মধ্যে একটী প্রকাণ্ড বিবাদ হইয়া উঠিল। তৎকালে আর্য্যাবর্ত্তস্থ ক্ষত্রিয়গণ ব্রহ্মাবর্তের দৈব রাজ্যকে নিতান্ত নিস্তেজ দেখিয়া অত্যন্ত অবহেলা করিতে লাগিলেন, এমত কি কার্যগতিকে কোন কোন প্রধান ঋষিকে বধ করিয়া ফেলিলেন। ব্রাহ্মণদিগের পক্ষে এরূপ ঘটনা নিতান্ত দুঃসহ হইয়া উঠিলে তাঁহারা একত্র হইয়া পরশুরামকে সেনাপতি করতঃ স্থানে স্থানে যুদ্ধানল প্রোদ্দীপিত করিতে লাগিলেন।

Some time after this event, a great conflict arose between the Brahmanas and the kshatriyas. Seeing that the kingdom of the devas in Brahmavarta had become exceedingly weak, the kshatriyas of Aryavarta began to treat it with great contempt. Indeed, in the course of events, they even killed certain prominent rishis. When such occurrences became intolerable to the Brahmanas, they assembled, appointed Parashurama as their commander, and began kindling the fire of war in various places.

হৈহয়বংশীয় কার্ত্তবীর্য্যঅর্জুন অনেক ক্ষত্রিয় সংগ্রহ করিয়া ব্রাহ্মণদিগের সহিত সমরে প্রবেশ করিলেন। পরশুরামের দুর্বিসহ কুঠারাঘাতে কার্তবীর্য্যের মৃত্যু হয়। কার্তবীর্য্য নর্মদাতীরস্থ মাহিষ্মতী নগরে রাজ্য করিতেন। তিনি এত প্রবল ছিলেন যে, দাক্ষিণাত্যস্থ অনার্য্য লোকেরা তাঁহার ভয়ে সর্ব্বদা সশঙ্ক থাকিত। লঙ্কানিবাসী রাবণ রাজাও তাঁহার ভয়ে আর্য্যাবর্তে আসিতে সাহস করিতেন না।

Kartavirya Arjuna of the Haihaya dynasty gathered many kshatriyas and entered into battle with the Brahmanas. Kartavirya died under the irresistible blow of Parashurama's axe. He ruled in the city of Mahishmati on the bank of the Narmada. He was so powerful that the non-Aryan peoples of the southern lands remained continually fearful of him. Even King Ravana of Lanka did not dare enter Aryavarta for fear of him.

ব্রাহ্মণগণেরা কেবল কার্ত্তবীর্য্যকে বধ করিয়া সন্তুষ্ট হন নাই। ক্রমশঃ চন্দ্র সূর্যবংশীয় নৃপতিদিগের সহিতও স্থানে স্থানে বিবাদ করিয়াছিলেন। কথিত আছে, একুশবার পৃথিবীকে নিঃক্ষত্রিয় করিয়া পরশুরাম সমস্ত পৃথিবীর রাজ্য কশ্যপের হাতে সমর্পণ করেন। ইহার তাৎপর্য্য এই যে ব্রহ্মাবর্তস্থ দৈব রাজ্য কশ্যপবংশীয় ব্রাহ্মণদিগের হাতে ছিল। ঐ রাজ্য বিগতপ্রায় হইলে অন্যান্য সম্রাট রাজা হয়। পরশুরাম সমস্ত ভারতের সাম্রাজ্য পুনরায় কশ্যপবংশে অর্পণ করিলেন।

The Brahmanas were not satisfied merely with killing Kartavirya. In time, they also entered into conflicts in various places with kings

of both the Lunar and Solar dynasties. It is said that after rendering the earth devoid of kshatriyas twenty-one times, Parashurama placed the sovereignty of the whole world in the hands of Kashyapa. The meaning of this is that the kingdom of the devas in Brahmavarta had been in the hands of Brahmanas of the lineage of Kashyapa. When that kingdom had almost disappeared, other kings became emperors. Parashurama therefore restored the sovereignty of all India to the Kashyapa lineage.

কিন্তু তৎকালে ব্রাহ্মণমণ্ডলীতে এরূপ বিচার হইল যে, ব্রাহ্মণেরা আর রাজ্যভার লইবার যোগ্য নহেন। অতএব ক্ষত্রিয়বংশে সাম্রাজ্য থাকাই প্রয়োজন বোধ করিয়া ব্রাহ্মণ ও প্রধান প্রধান ক্ষত্রিয় রাজাদিগের স্থানে স্থানে সভা হইয়া মানবশাস্ত্র প্রণীত হয়। সম্প্রতি ঐ মানবশাস্ত্র প্রচলিত আছে কি না, তদ্বিষয় পরে আলোচিত হইবে। ব্রহ্মাবর্ত্ত বা দৈবরাজ্যের আর স্থানীয় সম্মান রহিল না। কেবল যজ্ঞাদিতে তত্তৎ সম্মান রক্ষিত হইল। তাহাও নাম ও মন্ত্রাত্মক। বাস্তবিক ব্রাহ্মণসমাজের সম্মান প্রভূত হইয়া উঠিল।

At that time, however, the Brahmana community concluded that Brahmanas were no longer suited to bear the responsibility of governing kingdoms. Considering it necessary that imperial rule should remain in the kshatriya line, assemblies of Brahmanas and the principal kshatriya kings were held in various places, and the Manava-shastra was composed. Whether that Manava-shastra is still current today will be considered later. Brahmavarta, or the kingdom of the devas, no longer retained its former standing as a territorial kingdom. Its honors were preserved only in sacrifices and similar rites, and even there they survived merely in name and mantra. In practical terms, however, the prestige of the Brahmana community became very great.

এইরূপ ব্রাহ্মণ ও ক্ষত্রিয়গণের সন্ধি হইলেও পরশুরাম স্বয়ং রাজ্যলোলুপ হইয়া পুনরায় ক্ষত্রিয়দিগের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন। তিনি রামচন্দ্রের সহিত যুদ্ধ করিতে অগ্রসর হইয়া রামচন্দ্রকর্তৃক পরাজিত ও নির্বাসিত হন, এরূপ রামায়ণে কথিত আছে। কুমারিকা অন্তরীপের সন্নিকট মহেন্দ্রপর্ব্বতে তাহাকে দূরীভূত করা হয়। এই কার্য্যে ব্রাহ্মণগণ রামচন্দ্রের সাহায্য করায় পরশুরাম আর্য্যব্রাহ্মণদিগের প্রতি বিদ্বেষ করিয়া দক্ষিণদেশে কয়েক প্রকার ব্রাহ্মণ সৃষ্টি করিয়াছিলেন।

Even after peace had thus been established between the Brahmanas and the kshatriyas, Parashurama himself became eager for sovereignty and once again entered into conflict with the kshatriyas. The Ramayana relates that when he advanced to fight Ramachandra, he was defeated by Ramachandra and sent into exile. He was driven away to Mount Mahendra, near Cape Kumari. Because the Brahmanas had supported Ramachandra in this affair, Parashurama became hostile toward the Arya Brahmanas and established several classes of Brahmanas in South India.

দাক্ষিণাত্য ব্রাহ্মণের মধ্যে অনেকেই পরশুরামকর্তৃক ব্রাহ্মণত্ব প্রাপ্ত হওয়া স্বীকার করিয়া থাকেন। পরশুরামের সহিত যে সকল ব্রাহ্মণেরা মালাবারদেশে বাস করেন তাঁহারাই আর্য্যশাস্ত্র সকল দাক্ষিণাত্য দেশে প্রচার করতঃ কেরলদেশীয়

জ্যোতিষশাস্ত্র ও নানাপ্রকার বিদ্যার উন্নতি করেন। তাঁহাদের বংশজাত ব্রাহ্মণেরা এপর্য্যন্ত সারস্বতাভিমান করিয়া থাকেন।

Many among the Brahmanas of southern India acknowledge that they received Brahmana status from Parashurama. The Brahmanas who settled with Parashurama in Malabar spread the Arya scriptures throughout the southern lands and contributed to the development of astronomy and many other branches of learning in Kerala. Their descendants continue even today to identify themselves with the Sarasvata tradition.

এই বৃহৎ ঘটনার অব্যবহিত পরেই রামরাবণের যুদ্ধ উপস্থিত হয়। লঙ্কাধিপতি রাবণ তৎকালে একজন প্রতাপশালী রাজা ছিলেন। পুলস্ত্যবংশীয় জনৈক ঋষি ব্রহ্মাবর্ত্ত পরিত্যাগপূর্ব্বক স্বোদ্বীপে কিয়ৎকাল বাস করেন; রক্ষবংশের কোন কন্যার পাণিগ্রহণ করিয়া রাবণবংশের উৎপত্তি করেন। ইহাতে রাবণকে অর্দ্ধ রক্ষ ও অর্দ্ধ আর্য্য কহা যাইতে পারে। রাবণরাজা বলপরাক্রমে ক্রমশঃ ভারতের দাক্ষিণাত্য রাজ্যের মধ্যে অনেকাংশ জয় করিয়া লন। অবশেষে গোদাবরী-তীর পর্য্যন্ত তাঁহার অধিকার হয়। তথায় খরদূষণ নামক দুইটী সেনাপতিকে সীমা রক্ষার জন্য অবস্থিত করেন। রামলক্ষণ যেকালে গোদাবরীতীরে কুটীর নির্মাণ করেন তখন রাবণের এরূপ আশঙ্কা হইল যে সূর্য্যবংশীয়েরা তাঁহার রাজ্য আক্রমণ করিবার জন্য তাঁহার সীমার নিকট দুর্গ নির্মাণ করিতেছেন। এই বিবেচনা করিয়া রাবণরাজা বকসর-নিবাসিনী তারকাপুত্র মারিচকে আশ্রয় করিয়া সীতা হরণ করেন।

Immediately after this great event came the war between Rama and Ravana. Ravana, the ruler of Lanka, was at that time a powerful king. A certain rishi of the lineage of Pulastya left Brahmavarta and lived for some time on Svodvipa; he married a daughter of the Raksha lineage and thereby gave rise to the dynasty of Ravana. Ravana may therefore be described as half Raksha and half Arya. Through his strength and military power, King Ravana gradually conquered a considerable portion of the southern kingdoms of India. At last, his authority extended as far as the banks of the Godavari. There he stationed two commanders, Khara and Dushana, to guard the frontier. When Rama and Lakshmana built a cottage on the bank of the Godavari, Ravana suspected that members of the Solar Dynasty were constructing a fort near his border in preparation for an invasion of his lands. With this understanding, King Ravana enlisted the assistance of Maricha, the son of Taraka, who resided at Baksar, and abducted Sita.

রামচন্দ্র সীতার উদ্দেশ করিবার জন্য দাক্ষিণাত্য কিষ্কিন্ধাবাসী মনুষ্যদিগের সাহায্য গ্রহণ করেন। বাল্মীকি একজন আর্য্যবংশীয় কবি ছিলেন। স্বভাবতঃ দাক্ষিণাত্যনিবাসীদিগের প্রতি তাঁহার পরিহাস প্রবৃত্তি প্রবল থাকায় রামমিত্র বীরপুরুষদিগকে হাস্যরসের বিষয় করিয়া বর্ণন করিয়াছেন। কাহাকে বানর, কাহাকে ভল্লুক, কাহাকে রাক্ষস এরূপ বর্ণনস্থলে লাঙ্গুল, লোমাদি অর্পণেও ক্ষমা করেন নাই। যাহা হউক, রামচন্দ্রের সময়ে আর্য্য ও দাক্ষিণাত্য নিবাসীদিগের মধ্যে একটী সদ্ভাবের বীজ বপন হইয়াছিল, ইহাতে সন্দেহ নাই। সেই বীজ পরে তরুরূপে উত্তম ফল উৎপত্তি করিয়াছে। তাহা না হইলে কর্ণাটীয়, দ্রাবিড়ী, মহারাষ্ট্রীয়, মহাসুরীয় প্রভৃতি মহোদয়গণ হিন্দু নামে পরিচিত হইতে পারিতেন না। রামচন্দ্র ঐ সকল দেশস্থ লোকের সাহায্যে লঙ্কা জয় করিয়া সীতা উদ্ধার করেন।

In his search for Sita, Ramachandra accepted the assistance of the people of Kishkindha in southern India. Valmiki was a poet of Aryan heritage. Since his inclination to make fun of the inhabitants of southern India was strong, he portrayed the heroic allies of Rama in a comic way. By describing some as monkeys, others as bears, and yet others as rakshasas, he did not refrain from saying they had tails, excess body hair, and similar features. Be that as it may, there can be no doubt that in the time of Ramachandra, a seed of friendship was planted between the Aryas and the inhabitants of southern India. That seed later grew into a tree and produced excellent fruit. Otherwise, the people of Karnataka, Dravida, Maharashtra, Mahasura, and other regions could not have come to be known as Hindus. With the assistance of the people of those lands, Ramachandra conquered Lanka and rescued Sita. **(24)**

লঙ্কাজয়ের প্রায় ৭৭৫ বৎসর পরে কুরুপাণ্ডবের যুদ্ধ উপস্থিত হয়। এই কালের মধ্যে কোন বিশেষ ঘটনা হয় নাই। কেবল আর্য্য-নির্ম্মিত রাজ্যটা ক্রমশঃ বিস্তৃত হইতেছিল। বিদর্ভ অর্থাৎ নাগপুর প্রভৃতি দেশে আর্য্য ক্ষত্রিয়গণ বাস করতঃ ক্রমশঃ একটী মহারাষ্ট্র স্থাপন করিয়াছিলেন। ইদানীন্তন ঐ রাজ্যের নামও মহারাষ্ট্র হইয়া উঠিয়াছে। ঐ কালের মধ্যে যদুবংশীয়েরা সিন্ধু শৌবীর হইতে নর্ম্মদাকূলে মাহিষ্মতী চেদি ও যমুনাকূলে মথুরা পর্যন্ত অধিকার করেন। ঐ কালের মধ্যে সূর্য্যবংশীয়েরা অতিশয় নিস্তেজ হইয়া পড়েন। সূর্য্যবংশীয় মরুরাজা ও চন্দ্রবংশীয় দেবাপি উভয়ে রাজ্যত্যাগপূর্ব্বক কলাপগ্রামে গমন করেন। শিল্পবিদ্যা উন্নতা হয়। নগর গ্রামাদির ব্যবস্থা ক্রমশঃ উৎকৃষ্ট হইতে থাকে। পূর্ব্ব-ব্যবহৃত আর্য্যাক্ষর ক্রমশঃ সংস্কৃত হইয়া উঠে। অনার্য্য ভূমির অনেক স্থানে তীর্থ সংস্থাপন হয়। হস্তিরাজা কর্তৃক গঙ্গাতীরে হস্তিনাপুরী নির্ম্মিত হয়*। কুরুরাজা কর্তৃক ব্রহ্মর্ষিদেশে দেবরাজ্যের অনুমোদন ক্রমে কুরুক্ষেত্র তীর্থ সংস্থাপিত হয়।

About 775 years after the conquest of Lanka, the war between the Kurus and the Pandavas took place. No particularly significant event occurred during this interval; the kingdom established by the Aryas simply continued to expand. Arya kshatriyas settled in Vidarbha, that is, Nagpur and neighbouring regions, and gradually established a great kingdom, a maharashtra. That kingdom has now also come to be called Maharashtra. During this period, the descendants of Yadu extended their dominion from Sindhu and Sauvira to Mahishmati and Chedi on the banks of the Narmada, and to Mathura on the banks of the Yamuna. The Solar Dynasty became greatly weakened during this time. King Maru of the Solar Dynasty and Devapi of the Lunar Dynasty both renounced their kingdoms and went to the village of Kalapa. The arts and crafts advanced. The administration of towns and villages gradually improved. The Arya script previously in use was progressively refined. Places of pilgrimage were established in many parts of non-Arya territory. King Hasti built Hastinapura on the banks of the Ganges.**(25)** With the approval of the kingdom of the devas, King Kuru established Kurukshetra as a place of pilgrimage in Brahmarshidesha.

Footnote: (24) Bhag. 10.68.54

কুরু পাণ্ডবের যুদ্ধটী একটী প্রধান ঘটনা বলিতে হইবে; যেহেতু ঐ যুদ্ধে ভারতবর্ষের অনেকানেক রাজা একত্রিত হইয়া তুমুল সমরে স্বর্গারোহণ করেন। ঐ ঘটনার সমস্ত বৃত্তান্ত ভারতবাসীদিগের দৈনিক আলোচনা; অতএব তাহার বিশেষ বর্ণন এখানে প্রয়োজন নাই। কেবল বক্তব্য এই যে, ঐ যুদ্ধের কিয়ৎকাল পূর্ব্বেই মাগধরাজা জরাসন্ধ ভীম কর্তৃক হত হন। মাগধরাজ্য ক্রমশঃ প্রতাপোন্মুখ ছিল এমত কি হস্তিনার সম্মান দূরীভূত করিয়া মগধের সম্মান স্থাপন করিবার জন্য জরাসন্ধের বিশেষ যত্ন ছিল। কুরুক্ষেত্রের যুদ্ধের পর যদিও পরীক্ষিতের বংশে অনেক দিবস পর্য্যন্ত রাজাগণ গাঙ্গ ও যামুন প্রদেশ ভোগ করিয়াছিলেন, তথাপি তৎকালের সাম্রাজ্য মাগধরাজার হস্তে ন্যস্ত ছিল; যেহেতু পুরাণ সকলে তৎকাল হইতে মাগধ রাজাদিগের নামাবলি প্রাধান্যরূপে বর্ণন করিয়াছেন।

The war between the Kurus and the Pandavas must be regarded as a major event, because many kings of India assembled for that war and ascended to heaven in the fierce battle. The people of India discuss the full account of this event daily; therefore, a detailed description is unnecessary here. It need only be mentioned that shortly before the war, Bhima killed Jarasandha, the king of Magadha. The kingdom of Magadha was gradually rising in power, and Jarasandha made particular efforts to displace the prestige of Hastinapura and establish that of Magadha. Although kings of Parikshit's dynasty continued to rule the regions between the Ganges and Yamuna for a long time after the Battle of Kurukshetra, imperial authority at that time rested with the king of Magadha, for the Puranas give prominence to the lists of Magadha's kings from that period onward.

কোন্ সময়ে কুরুক্ষেত্র যুদ্ধ হইয়াছিল তাহা এখন স্থির করিতে হইবে। ঐ যুদ্ধের অব্যবহিত পরেই পরীক্ষিত রাজার জন্ম হয়। পরীক্ষিতের জন্ম হইতে, (প্রদ্যোতন হইতে পঞ্চম রাজা) নন্দিবর্দ্ধনের রাজ্যাভিষেক পর্য্যন্ত একহাজার একশত পঞ্চদশ বর্ষ বিগত হয়*। নিম্নোদ্ধৃত ভাগবত শ্লোকে নন্দাভিষেক শব্দ থাকায় কানিংহাম সাহেব প্রভৃতি অনেকেই নবনন্দের মধ্যে প্রথম নন্দের প্রতি লক্ষ্য করিয়া থাকেন, কিন্তু পূজ্যপাদ শ্রীধরস্বামী উক্তপাঠ স্বীকার করিয়াও অবান্তর সংখ্যা বলিয়া নির্দেশ করায় আমরা নির্ভয়ে নন্দিবর্দ্ধনের নামান্তর নন্দ বলিয়া স্থির করিলাম। বিশেষতঃ ভাগবতে নবমস্কন্ধে কথিত হইয়াছে যে, মার্জ্জারি হইতে রিপুঞ্জয় পর্য্যন্ত ২০ জন বৃহদ্রথবংশীয় রাজারা সহস্রবর্ষ ভোগ করিবেন, এবং দ্বাদশস্কন্ধে ঐ বিংশতি রাজাদিগের উল্লেখ করিয়া তদন্তে পাঁচজন প্রাদ্যোতন ১৩৮ ও শিশুনাগাদি দশজন ৩৬০ বৎসর ভোগ করিলে, নয়জন নন্দ শতবর্ষ ভোগ করিবে এমত কথিত আছে। নব নন্দের প্রথম নন্দকে লক্ষ্য করিলে প্রায় পোনেরশত বৎসর হয়। কিন্তু নন্দিবর্দ্ধনের রাজ্যকাল ২৩ বৎসর বাদ দিলে, ঠিক ১,১১৫ বৎসর হয়।

We must now determine when the Battle of Kurukshetra took place. King Parikshit was born immediately after that war. From the birth of Parikshit until the coronation of Nandivardhana, the fifth king counting from Pradyotana, 1,115 years elapsed.* Because the word nandabhisheka, "the coronation of Nanda," occurs in the Bhagav-

Footnote: (25) Bhag. 12.2.26
(26) Bhag. 12.2.27-28
(27) Bhag. 9.22.40

atam verse quoted below, Mr. Cunningham and many others have understood it to refer to the first of the nine Nandas. But although the revered Sridhara Swami accepts that reading, he indicates that the figure concerns an intervening period; therefore, without hesitation, we conclude that Nanda is another name for Nandivardhana. In particular, the Ninth Canto of the Bhagavatam states that the twenty kings of the Brihadratha dynasty, from Marjari through Ripunjaya, would reign for one thousand years. **(26)** The Twelfth Canto again mentions those twenty kings and states that after them five Pradyotanas would rule for 138 years, followed by ten kings beginning with Shishunaga for 360 years, and thereafter nine Nandas for one hundred years. If the first of the nine Nandas is intended, the calculation comes to approximately fifteen hundred years. But if the twenty-three years of Nandivardhana's reign are excluded, the total is exactly 1,115 years. **(27)**

পুনশ্চ* ভাগবতে লিখিত হইয়াছে যে সপ্তর্ষি নক্ষত্রমণ্ডল পরীক্ষিতের সময় মঘাকে আশ্রয় করিয়াছিল। যে সময় তাহারা মঘাদি জ্যেষ্ঠা পর্য্যন্ত মঘাগণ ত্যাগ করিবে, তখন কলির ভোগ ১,২০০ বৎসর হইয়া যাইবে। বারশতবৎসরে নয় নক্ষত্র ভোগ হইলে প্রতি নক্ষত্রে ১৩৩ বৎসর ৪ মাস ভোগ হয়। যখন সপ্তর্ষিমণ্ডলের পূর্ব্বাষাঢ়ায় গমনকালে অপর নন্দ রাজা হয়, তখন এগারটী নক্ষত্রে সপ্তর্ষির গতির কাল চৌদ্দশতবৎসরের অধিক হয়। নন্দিবর্দ্ধনের রাজ্য সমাপ্তি পর্য্যন্ত ১,১৩৮ বৎসরে ১০ জন শৈশুনাগরাজাদের রাজ্যকাল ৩৬০ বৎসর যোগ করিলে, ১,৪৯৮ বৎসর পাওয়া যায়। এস্থলে রাজ্যকাল সংখ্যা ও সপ্তর্ষি গতিকাল সংখ্যা মিল হওয়ায় আমরা পূর্ব্বে যাহা স্থির করিয়াছি তাহাই দৃঢ়তর হইল।

Furthermore **(28)**, the Bhagavatam states that the constellation of the seven sages, the Saptarshis, occupied Magha during the time of Parikshit. By the time they have passed through the nakshatras from Magha to Jyeshtha, 1,200 years of Kali will have elapsed. If they pass through nine nakshatras in twelve hundred years, their stay in each nakshatra is 133 years and four months. When the later Nanda becomes king as the Saptarshis enter Purvashadha, their passage through eleven nakshatras amounts to more than fourteen hundred years. Adding the 360 years of the reigns of the ten Shishunaga kings to the 1,138 years extending to the end of Nandivardhana's reign gives 1,498 years. Since the duration of the reigns agrees here with the period of the Saptarshis' movement, our earlier conclusion is further strengthened.

কিন্তু মঘাতে সম্প্রতি ঋষিগণ একশত বৎসর আছেন এই বাক্যে অনেকের এরূপ বোধ হইবে যে প্রতি নক্ষত্রে এক এক শত বৎসর মহর্ষিরা থাকেন। কিন্তু শুকদেব যে কালে পরীক্ষিত রাজাকে কহিতেছিলেন, সেই সময় হইতে মঘানক্ষত্রে সপ্তর্ষি এক শত বৎসর থাকিবেন বুঝিতে হইবে। শুকদেবের বক্তৃতার পূর্ব্বে সপ্তর্ষিদিগের ৩৩ বৎসর ৪ মাস মঘা ভোগ হইয়াছে বুঝিলে, আর কোন সন্দেহ থাকে না। অতএব নন্দিবর্দ্ধনের অভিষেক পর্য্যন্ত ১,১১৫ বৎসর তৎপরে কলি সমৃদ্ধ হইয়া অপর নন্দের সময় হইতে অতিশয় বৃদ্ধি হইয়াছিল, এরূপ জ্ঞান করিতে হইবে।

Footnote: (28) Bhag. 12.2.31–32

However, the statement that the sages are presently in Magha for one hundred years may lead many to understand that the great sages remain in each nakshatra for one hundred years. But it must be understood that the Saptarshis would remain in Magha for one hundred years from the time when Sukadeva was speaking to King Parikshit. If we understand that the Saptarshis had already spent thirty-three years and four months in Magha before Sukadeva's discourse, no further doubt remains. We must therefore understand that 1,115 years elapsed up to Nandivardhana's coronation, after which Kali gained strength and increased greatly from the time of the later Nanda.

ঘটনা দৃষ্টি করিলেও ইহা দৃঢ়ীভূত হয়; কেননা নন্দিবর্দ্ধনের ৫টী রাজার পরেই অজাতশত্রু রাজা হন। তাঁহার সময়ে শাক্যসিংহ অচ্যুতভাব বর্জ্জিত নৈষ্কর্ম্মরূপ বৌদ্ধধর্ম্ম প্রচার করেন*। আভীর প্রায় নন্দগণ সদ্ধর্ম্মের প্রতি অনেক হিংসা প্রকাশ করেন। পরন্ত অশোকবর্দ্ধন বৌদ্ধধর্ম্মের প্রাবল্য বৃদ্ধি করেন। ক্রমশঃ শুঙ্গ প্রভৃতি জাতিরা রাজ্যগ্রহণ করিয়া অনেকপ্রকার ধর্ম্ম উপপ্লব করিয়াছিলেন।

An examination of the events also strengthens this conclusion, for Ajatashatru became king five kings after Nandivardhana. During his reign, Shakyasimha propagated Buddhism, a religion of freedom from action devoid of devotion to Achyuta.**(29)** The Nandas, who resembled the Abhiras, showed great hostility towards true religion. Afterwards, Ashokavardhana increased the influence of Buddhism. In time, the Shungas and other peoples assumed power and brought about various disturbances for people engaged in the practices of dharma.

নবনন্দের রাজ্যশেষ পর্য্যন্ত ১,৫৯৮ বৎসর বিগত হয়। চাণক্য পণ্ডিত শেষ নন্দকে সংহার করিয়া মৌর্য্যবংশীয় রাজাদিগকে রাজ্য প্রদান করেন। কোনমতে দশরথ ও মতান্তরে চন্দ্রগুপ্তই প্রথম মৌর্য্য রাজা ছিলেন। চন্দ্রগুপ্ত রাজার সময় গ্রীকদেশীয় লোকেরা প্রথম আলেকজাণ্ডারের সহিত ও পরে সেলুকসের সহিত ভারতভূমি সন্দর্শন করেন। গ্রীকদেশীয় গ্রন্থ ও সিংহলস্থ মহাবংশ ও ব্রহ্মদেশীয় বৌদ্ধ ইতিহাস মতে চন্দ্রগুপ্ত রাজা খ্রীষ্টের ৩১৫ বৎসর পূর্ব্বে সিংহাসনারোহণ করেন। অতএব অদ্য হইতে মহাভারতের যুদ্ধ এই হিসাবে ৩,৭৯১ বৎসর পূর্ব্বে ঘটনা হইয়াছিল, এরূপ অনুমিত হয়। ডাক্তার বেন্টলি সাহেব মহাভারতোল্লিখিত গ্রহগণের তাৎকালিক অবস্থান গণনা করিয়া ঐ যুদ্ধ খ্রীষ্টের ১,৮২৪ বৎসর পূর্ব্বে ঘটনা হইয়াছিল বলিয়া স্থির করিয়াছেন। তাঁহার গণনা আমার গণনার সহিত মিলন করিয়া দেখিলে ৮৯ বৎসরের ভিন্নতা হয়। হয় বেন্টলি সাহেবের গণনায় কিছু ভুল থাকিবে, নতুবা বার্হদ্রথেরা ১০০০ বৎসর রাজ্যভোগ করিয়াছেন এই স্থল সংখ্যা হইতে ঐ ৮৯ বৎসর বাদ দিতে হইবে। যাহা হউক, ভবিষ্যৎ সার গ্রাহী পণ্ডিতেরা এ বিষয় অধিকতর অনুসন্ধান সহকারে স্থির করিতে পারিবেন।

By the end of the reigns of the nine Nandas, 1,598 years had elapsed. Chanakya Pandit killed the last Nanda and bestowed the kingdom upon the kings of the Maurya dynasty. According to one opinion, Dasharatha was the first Maurya king; according to another, it was

Footnote: (29) Bhag. 1.5.32

Chandragupta. During the time of King Chandragupta, Greeks visited India, first with Alexander and later with Seleucus. According to Greek writings, the Mahavamsa of Ceylon, and the Buddhist histories of Burma, King Chandragupta ascended the throne 315 years before Christ. On this calculation, it may therefore be inferred that the Mahabharata war occurred 3,791 years before the present time. Dr. Bentley calculated the planetary positions mentioned in the Mahabharata and concluded that the war occurred 1,824 years before Christ. Comparing his calculation with mine reveals a difference of eighty-nine years. Either there is some error in Mr. Bentley's calculation, or those eighty-nine years must be deducted from the approximate figure of one thousand years assigned to the reigns of the Brihadratha kings. In any event, future scholars who seek the essence will be able to settle this matter through further investigation.

মৌর্য্যেরা দশ পুরুষ রাজ্য করেন। তাঁহাদের রাজ্যকাল সংখ্যা ১৩৭ বৎসর বলিয়া ভাগবতে কথিত আছে। তাঁহাদের মধ্যে অশোকবর্দ্ধন অতি প্রবল রাজা ছিলেন। তিনি প্রথমে আর্য্যধর্ম্মে ছিলেন পরে বৌদ্ধ হন, এবং ভারতের অনেক স্থানে বৌদ্ধস্তম্ভ স্থাপিত করেন। এই বংশের রাজ্যকাল মধ্যেই থিয়োডোটাস, ডিমিটিয়াস, ইউক্রেডাইটিস প্রভৃতি ৮ জন যবন রাজা ভারতের কিয়দংশ লইয়া সিন্ধুনদের পশ্চিমে রাজ্য করিয়াছিলেন। মৌর্য্যরাজারা কোন্ বংশে উৎপন্ন হন তাহা উত্তমরূপে স্থির হয় নাই*। বোধ করি ইহারা বিতস্তা নদীর পশ্চিমে রোহিত পর্ব্বতের নিকটবর্তী ময়ূরবংশ হইতে উদ্ভূত হয়। বস্তুতঃ তাহারা চতুর্ব্বর্ণ মধ্যে ছিল না, কেননা তাহাদের সহিত যবনদিগের যেরূপ সম্বন্ধ ও ব্যবহার দেখা যায়, তাহাতে তাহাদিগকে শক জাতির কোন অবান্তর শ্রেণি বলিয়া বোধ হয়। আরও অনুমান হয় যে, যবনদিগের আগমনের কিয়ৎ পূর্ব্বে উহারা ময়ূরপুর, মায়াপুর বা হরিদ্বারে রাজ্য লাভ করিয়া আর্য্যনাম গ্রহণ করে। ময়ূরপুর হইতেই মৌর্য্য নাম প্রাপ্ত হয়। তাহাদের অব্যবহিত পূর্ব্বে যে নয়জন নন্দ রাজ্য করেন, তাঁহারা সিন্ধুতটস্থ পশ্চিমপারস্থিত আবভৃত্য অর্থাৎ আরাবাইট দেশীয় আভীর ছিলেন এরূপ বোধ হয়, যেহেতু ভাগবতে তাঁহাদিগকে বৃষল বলিয়া উক্তি করা হইয়াছে এবং নীচ রাজাদের মধ্যে ৭ জন আভীরের প্রথমোল্লেখও আছে।

The Mauryas ruled for ten generations. The Bhagavatam states that their reigns lasted 137 years. Among them, Ashokavardhana was a very powerful king. He initially followed the Arya religion, but later became a Buddhist and erected Buddhist pillars in many places throughout India. During the reign of this dynasty, eight Yavana kings, including Theodotus, Demetrius, and Eucratides, ruled west of the Indus, holding a portion of India. The lineage from which the Maurya kings arose has not been firmly established.**(30)** I believe

Footnote: (30)

karttikeyasya dayitam rohitakam upadravat
tatra yuddham mahac casit surais ca mayurakaih

(Mahabharata)

"In the account of Nakula's conquest of Panchanada, it is said: 'He advanced upon Rohitaka, a place dear to Karttikeya. There a great battle took place with the valiant Mayurakas.'"

they originated from the Mayura lineage near Mount Rohita, west of the Vitasta River. In fact, they did not belong to the four varnas, for their relations and dealings with the Yavanas suggest that they were a subdivision of the Shaka people. It may further be inferred that shortly before the arrival of the Yavanas, they acquired a kingdom at Mayurapura, Mayapura, or Haridwar and adopted the designation Arya. The name Maurya was derived from Mayurapura. The nine Nandas who ruled immediately before them appear to have been Abhiras from the country of the Arabs beyond the western bank of the Indus. The Bhagavatam calls them vrishalas and also mentions there were seven Abhira kings, as the first amongst many generations of lowborn kings.

মাগধ রাজ্যানুক্রমে মৌর্য্যবংশের পরেই শুঙ্গ বংশীয়েরা সিংহাসনারূঢ় হন। ইহারা ১১২ বৎসর রাজ্য করেন। ইহাঁদের মধ্যে পুষ্পমিত্র ও তৎপরে অগ্নিমিত্র মগধ হইতে পঞ্চনদ পর্য্যন্ত রাজ্য করেন, এবং কৌশলক্রমে আর্য্যদিগের সহিত বন্ধুত্ব স্থাপনেচ্ছায় মদ্রদেশীয় শাকল নগরের বৌদ্ধদিগের প্রতি দৌরাত্ম্য আচরণ করেন। তাঁহারা এরূপ ঘোষণা করিয়াছিলেন যে যিনি একটী বৌদ্ধ সন্ন্যাসীর মস্তক আনিতে পারিবেন তিনি শতমুদ্রা পুরস্কার পাইবেন।

In the succession of rulers of Magadha, the Shunga dynasty ascended the throne immediately after the Mauryas. They ruled for 112 years. Among them, Pushpamitra and subsequently Agnimitra ruled from Magadha to the Punjab. As a calculated means of establishing friendship with the Aryas, they persecuted the Buddhists of Shakala in the country of Madra. They proclaimed that anyone who brought the head of a Buddhist monk would receive a reward of one hundred coins.

কান্বংশীয় রাজারা ইহাঁদের পর মগধাধিকার করেন। ইহারা ৪ জনে ৪৫ বৎসর রাজ্য করেন। ভাগবতের মধ্যে তাঁহাদের রাজ্যকাল ৩৪৫ বৎসর বলিয়া লিখিত আছে, কিন্তু বিষ্ণুপুরাণে বাসুদেব ৯ বৎসর, ভূমিমিত্র ১৪ বৎসর, নারায়ণ ১২ বৎসর ও সুশর্ম্মা ১০ বৎসর রাজ্য করেন লিখিত থাকায় ভাগবতের পাঠ অশুদ্ধ থাকা বোধ হয়। দুর্ভাগ্যক্রমে শ্রীধরস্বামীও ঐ অশুদ্ধ পাঠ স্বীকার করিয়াছেন। যাহা হউক, এস্থলে ৪৫ বৎসরই যে ভাগবত লেখকের মত তাহা স্থির হইল। কান্বংশীয়দিগের পরে অন্ধ্র বংশীয়েরা মগধে রাজ্য করেন। ইহারা ৪৫৬ বৎসর রাজ্য শাসন করেন। এই বংশের শেষ রাজা সলোমধি। খ্রীষ্টাব্দের ৪৩৫ বৎসরে অন্ধ্র বংশ সমাপ্ত হয়।

After them, the kings of the Kanva dynasty took possession of Magadha. These four kings ruled for forty-five years. The Bhagavatam gives the duration of their reigns as 345 years. However, since the Vishnu Purana states that Vasudeva ruled for nine years, Bhumimitra for fourteen, Narayana for twelve, and Susharma for ten, the reading in the Bhagavatam appears to be incorrect. Unfortunately, Sridhara Swami also accepted that incorrect reading. In any event, it is established that forty-five years was the duration intended here by the author of the Bhagavatam. After the Kanvas, the Andhra dynasty ruled in Magadha. They governed for 456 years. The last king of this dynasty was Salomadhi. The Andhra dynasty came to an end in AD 435.

এই সকল অনার্য্য রাজাদের মধ্যে কাহাকেও সম্রাট্ বলিতে পারা যায় না। কেবল

অশোকবর্দ্ধনের রাজ্যটী বিশেষরূপ বিস্তৃত ছিল। শুঙ্গ ও কান্বগণ যে সিধিয়াদেশীয় দস্যুপ্রায় রাজা ছিল, তাহাতে সন্দেহ কি? কাবুল পঞ্জাব ও হিন্দুস্থানের অনেক স্থানে যে সকল মুদ্রা ভূমধ্যে প্রাপ্ত হওয়া গিয়াছে তাহাতে গ্রীকদেশীয় যবন ও সিধিয়াদেশীয় নানাবিধ জাতির চিহ্ন পাওয়া যায়। মথুরাপ্রদেশে হবিষ্ক কনিষ্ক ও বাসুদেব এই সকল নামের মুদ্রা প্রাপ্ত হওয়া গিয়াছে। ইহাতে ঐ সকল ব্যক্তিরা কিছুদিন মথুরায় রাজ্য করিয়াছেন বোধ হয়।

None of these non-Aryan kings can be called an emperor. Only Ashokavardhana's kingdom was particularly extensive. What doubt is there that the Shungas and Kanvas were Scythian kings resembling brigands? Coins unearthed in many places in Kabul, the Punjab, and Hindustan bear the marks of Greek Yavanas and various Scythian peoples. Coins bearing the names Huvishka, Kanishka, and Vasudeva have been found in the Mathura region. This suggests that these rulers reigned in Mathura for some time.

শেষোক্ত রাজাদিগের সময়ে সম্বৎনামা অব্দ প্রচার হয়। কথিত আছে, যে রাজা বিক্রমাদিত্য বাহুবলক্রমে শকদিগকে পরাজয় করিয়া শকারি নাম গ্রহণ করেন, এবং সম্বৎনামা অব্দ প্রচার করেন। এই আখ্যায়িকা বিশ্বাস করা কঠিন, যেহেতু পৌরাণিক লেখকেরা সম্বদাব্দের ৫০০ বৎসর পর্য্যন্ত রাজাদিগের নাম উল্লেখ করিয়াও বিক্রমাদিত্যের নাম উল্লেখ করেন নাই। বাস্তবিক ঐ সময়ে ক্ষত্রকুলোদ্ভব উজ্জয়িনীপতি বিক্রমাদিত্য রাজ্যভোগ করিলে পুরাণকর্তারা অবশ্যই তাঁহার মাহাত্ম্য কীর্তন করিতেন। এতদ্বারা অনুমিত হয়, যে বিক্রমাদিত্য নামধেয় অনেক সময়ে অনেক রাজা রাজ্য করিয়াছেন। যে বিক্রমাদিত্য উজ্জয়িনীতে শাসন করেন তিনি ৫৯২ খ্রীষ্টাব্দে রাজা হন। খ্রীষ্টাব্দের প্রথম শতাব্দিতে একজন বিক্রমাদিত্য শ্রাবস্তীনগরে বৌদ্ধদিগের শত্রু হইয়া উঠিয়াছিলেন।

During the reigns of the last-mentioned kings, the era called Samvat came into use. It is said that King Vikramaditya defeated the Shakas by military force, assumed the title Shakari, "enemy of the Shakas," and instituted the Samvat era. This account is difficult to believe, since the writers of the Puranas mention the names of kings down to the five-hundredth year of the Samvat era without mentioning Vikramaditya. Had Vikramaditya, a king of kshatriya lineage ruling at Ujjain, actually reigned at that time, the authors of the Puranas would certainly have celebrated his greatness. From this, it may be inferred that several kings bearing the name Vikramaditya ruled at different times. The Vikramaditya who ruled at Ujjain became king in AD 592. In the first century AD, another Vikramaditya became an enemy of the Buddhists in Shravasti.

শালিবাহন রাজা দাক্ষিণাত্যদেশে বিশেষ মান্য ছিলেন এবং তাঁহার প্রচারিত শকাব্দা দক্ষিণদেশে সর্ব্বত্র মানিত হয়। কথিত আছে যে, খ্রীষ্টাব্দের ৭৮ বৎসরে শালিবাহন রাজা শকদিগকে নির্যাতন করিয়া শালিবাহনপুর নামে নগর পঞ্জাব দেশে স্থাপন করেন। পুনশ্চ নর্ম্মদাকূলে পাঠননামা নগরে শালিবাহনের রাজধানী থাকা অন্যত্র প্রকাশ আছে। অতএব এই দুই রাজার বাস্তবিক জীবনচরিত্র এপর্য্যন্ত অপরিজ্ঞাত আছে।

King Shalivahana was particularly respected in southern India, and the Shaka era he instituted is observed throughout the South. It is said that in AD 78, King Shalivahana subdued the Shakas and

founded a city called Shalivahanapura in the Punjab. Elsewhere, however, it is stated that Shalivahana's capital was at a city called Pathana on the banks of the Narmada. Thus, the actual life histories of these two kings remain unknown.

পরীক্ষিত হইতে ৬ পুরুষে নিমিচক্র। তিনি গঙ্গাগত হস্তিনাপুর ত্যাগ করিয়া কুশম্বী বা কৌশিকীপুরিতে বাস করেন। তাঁহার ২২ পুরুষে ক্ষেমক রাজা পর্য্যন্ত পাণ্ডুবংশ জীবিত ছিল। বৃহদ্বল হইতে দোলাঙ্গুল সুমিত্রা পর্যন্ত ২৮ পুরুষে সূর্য্যবংশ সমাপ্ত হয়। অতএব নন্দিবর্দ্ধনের পরেই সোম, সূর্য্য, উভয়কুল নির্ব্বাণ হইয়াছিল। নবনন্দ প্রভৃতি যে সকল রাজা তৎপরে প্রবল হন, তাঁহারা প্রায় সকলেই অন্ত্যজ। অন্ধ্র রাজারা তৈলঙ্গদেশ হইতে আসিয়া মগধ রাজ্য অধিকার করেন। তাঁহারা চোলবংশীয় ছিলেন এমত বোধ হয়। কেননা যে কালে মগধদেশে অন্ধাধিকার ছিল, সেই সময়েই অন্ধদেশে বারাঙ্গল নগরে চোলেরা রাজ্য করিতেছিলেন। চোলেরা আর্য্যবংশীয় কি না, ইহা স্থির করা কঠিন; কিন্তু তাঁহাদের আচার ব্যবহার ও সূর্য্যচন্দ্র বংশের সহিত সম্বন্ধাভাব দৃষ্টি করিয়া তাঁহাদিগকে অন্ত্যজ বলিয়া স্থির করা যায়। চোলেরা প্রথমে দ্রাবিড়দেশের কাঞ্চীনগরের রাজা ছিলেন; ক্রমশঃ তাঁহারা রাজ্য বিস্তার করিয়া গঙ্গাতীর পর্য্যন্ত আসিয়াছিলেন। পরশুরাম যে কালে দক্ষিণদেশে বাস করেন, তৎকালে যে সকল ব্রাহ্মণ ক্ষত্রিয় জাতি নতুন রূপে সংস্থাপন করেন, তাঁহাদের মধ্যেই চোলদিগকে দেখিতে পাওয়া যায়। যাহা হউক, অন্ধ্রবংশের শেষ পর্য্যন্ত রাজাদিগের নাম পুরাণে লিখিত আছে।

Nimichakra was the sixth generation from Parikshit. He abandoned Hastinapura after it was swept away by the Ganges, and settled in Kushambi, or Kaushikipuri. The dynasty of Pandu continued for twenty-two generations from him, down to King Kshemaka. The Solar Dynasty came to an end after twenty-eight generations, from Brihadbala to Dolangula Sumitra. Thus, both the Lunar and Solar dynasties became extinct after Nandivardhana. Nearly all the kings who subsequently rose to power, including the nine Nandas, were antyajas, people outside the established varna order. The Andhra kings came from Tailanga and took possession of the kingdom of Magadha. They appear to have belonged to the Chola dynasty, since the Cholas were ruling at Warangal in Andhra during the period of Andhra rule in Magadha. It is difficult to determine whether the Cholas were of Arya lineage; but judging from their customs and conduct, and their lack of connection with the Solar and Lunar dynasties, they may be identified as antyajas. The Cholas were initially kings of Kanchi in Dravida. They gradually expanded their kingdom as far as the banks of the Ganges. The Cholas are found among the brahmana and kshatriya communities newly established by Parashurama during his residence in the South. In any event, the names of the kings down to the end of the Andhra dynasty are recorded in the Puranas.

অপিচ ৪৩৫ খ্রীষ্টাব্দের পর ১,২০৬ খ্রীষ্টাব্দে মুসলমান রাজ্য সংস্থাপন পর্য্যন্ত ৭৭২ বৎসর ভারতবর্ষে কেহ সম্রাট্ ছিল না। ঐ সময়ে অনেক খণ্ডরাজ্যে নানাজাতীয় রাজারা রাজ্য করিয়াছিলেন। কান্যকুব্জ, কাশ্মীর, গুজরাট, কালিঞ্জর, গৌড়প্রভৃতি নানাদেশে অনেক আর্য্য ও মিশ্রজাতিরা প্রবল ছিলেন। কান্যকুব্জে তোমর রাজপুতগণ ও গৌড়দেশে পালবংশীয়েরা সমধিক বলশালী হইয়া উঠিয়াছিলেন।

পালবংশীয় রাজারা এক প্রকার সাম্রাজ্য ভোগ করিয়া চক্রবর্তী পদ গ্রহণ করিয়াছিলেন। ঐ সময়ের মধ্যেই উজ্জয়নীপতি রাজা বিক্রমাদিত্য অনেক বিদ্যার অনুশীলন করেন। হর্ষবর্দ্ধন ও বিশালদেব ইহারাও প্রবল রাজা হইয়াছিলেন। ঐ সকল ভিন্ন ভিন্ন রাজবংশের ইতিহাস লিখিতে গেলে স্থানাভাব হয়; এজন্য আমি নিরস্ত হইলাম। সংক্ষেপে বক্তব্য এই যে, সূর্য্যচন্দ্রবংশের স্থলাভিষিক্ত অনেক রাজপুত রাজারা ঐ সময়ে রাজ্য করেন, কিন্তু তাঁহারা অপেক্ষাকৃত আধুনিক। পৌরাণিক লেখকেরা তাঁহাদের অধিক যশঃকীর্তন করেন নাই*।

Furthermore, during the 772 years from AD 435 until the establishment of Muslim rule in AD 1206, there was no emperor in India. During that period, kings of various peoples ruled numerous separate kingdoms. Many Arya and mixed communities held power in Kanyakubja, Kashmir, Gujarat, Kalinjara, Gauda, and other regions. The Tomara Rajputs of Kanyakubja and the Pala dynasty of Gauda became particularly powerful. The Pala kings exercised a form of imperial authority and assumed the title Chakravarti. During this period, King Vikramaditya of Ujjain cultivated many branches of learning. Harshavardhana and Vishaladeva also became powerful kings. There is insufficient space to write the histories of all these different dynasties, so I shall refrain. Briefly, many Rajput kings ruled during this period as successors to the Solar and Lunar dynasties, but they were comparatively recent. The writers of the Puranas did not extensively celebrate their fame. **(31)**

অধকিাররে নাম	নামরে তাৎপর্য্য	যত বৎসর ছলি	আরম্ভ খ্রীঃপূঃ
১ প্রাজাপত্যাধকিার	ঋষদিগিরে নজি-শাসন	৫০	৪,৪৬৩
২ মানবাধকিার	স্বায়ম্ভব মনু ও তদ্বংশরে শাসন	৫০	৪,৪১৩
৩ দবৌধকিার	ঐন্দ্রাদশিাসন	১০০	৪,৩৬৩
৪ বৈষ্টোধকিার	ববৈস্বত বংশরে শাসন	৩৪৬৫	৪,২৬০
৫ অন্ত্যজাধকিার	আভীর, শক, যবন, খস, অন প্রভৃতরি শাসন	১২৩০	৭৯৮
৬ ব্রাত্যাধকিার	আৰ্য্যভূত নতন জাতরি শাসন	৭৭১	৪৩৫ খ্রীঃাব্দ
৭ মুসলমান-অধকিার	ম্লচ্ছে-শাসন	৫৫১	১২০৬ খ্ান্গাব্
৮ ইংরাজ-অধকিার	ইংলণ্ডীয় রাজত্ব	১২১	1১,৭৫৭ খ্রীষ্টাব্দ

Footnote: (31) Bhag. 12.1.36-38

খ্রীষ্টীয় ১,২০৬ অব্দে মুসলমানেরা ভারতবর্ষে রাজ্য সংস্থাপন করিয়া পুনরায় ১,৭৫৭ খ্রীষ্টাব্দে ইংরাজ রাজপুরুষ কর্তৃক রাজ্যচ্যুত হন। মুসলমানদিগের শাসনকালে ভারতের সম্যক্ অমঙ্গল ঘটিয়াছিল। দেবমন্দির সকল নিপাতিত হয়, আর্য্যরক্ত অনেক প্রকারে দূষিত হয়, বর্ণাশ্রম ধর্ম্মের অনেক অবনতি ঘটে এবং আর্য্য পুরাতন ইতিহাসের আলোচনা প্রায় বিনষ্ট হইয়া যায়।

In A.D. 1206 the Muslims established their rule over India, and in A.D. 1757 they were in turn deprived of political power by the English. During the period of Muslim rule, great misfortune befell India. Temples of the devas were destroyed, Arya blood became intermixed in many ways, varnashrama-dharma greatly declined, and the study of the ancient history of the Aryas was almost lost.

সম্প্রতি ইংলণ্ডীয় মাননীয় মহোদয়গণের রাজ্যে আর্য্যদিগের অনেক সুখ সমৃদ্ধি হইতেছে। আর্য্যদিগের পুরাতন কথা ও গৌরব সকল পুনরায় আলোচিত হইতেছে। যে যে দেবমন্দিরাদি আছে, তাহা আর নষ্ট হইবার আশঙ্কা নাই। সংক্ষেপতঃ আমরা একটী ঘোর বিপদ হইতে উদ্ধার প্রাপ্ত হইয়াছি।

At present, under the rule of the honorable English gentlemen, the Aryans are enjoying considerable peace and prosperity. The ancient history and former glory of the Aryas are once again being studied and discussed. There is no longer any fear that the remaining temples of the devas will be destroyed. In short, we have been delivered from a grave danger.

Name of the Period	Meaning of the Name	Duration (Years)	Beginning (B.C.)
1. Prajapatya -adhikara	Rule of the sages themselves	50	4463
2. Manava -adhikara	Rule of Swayambhava Manu and his descendants	50	4413
3. Daiva -adhikara	Rule of the divine powers such as Indra	100	4363
4. Vaivasvata -adhikara	Rule of the Vaivasvata line	3465	4260
5. Antyaja -adhikara	Rule of Abhiras, Shakas, Yavanas, Khasas, and others	1230	798
6. Bratya -adhikara	Rule of new races derived from the Aryas	771	435 A.D.
7 Musalman -adhikara	Mlecchа-shasana	551	1206
8 Ingraja-adhikara	Inglandiya rajatva	121	1757

ভারতের রাজ্যশাসন সম্বন্ধে কালবিভাগ করিয়া ইতিবৃত্তের আভাস প্রদান করিলাম। আপাততঃ আর্য্যদিগের রচিত গ্রন্থসমূহের সময় নিরূপণ করিতে প্রবৃত্ত হইলাম।

Having divided the history of India's political rule into periods, I have presented an outline of its history. I shall now proceed to determine when the various works composed by the Aryas were written.

প্রাজাপত্যাধিকারে কোন গ্রন্থ রচনা হয় নাই। তখন কেবল কতিপয় সুশ্রাব্য শব্দের সৃষ্টি হইয়াছিল। সর্ব্বাদৌ প্রণবের উৎপত্তি। লিখিত অক্ষরের তৎকালে সৃষ্টি হয় নাই। একাক্ষরে অনুস্বার যোগ মাত্রই তখনকার শব্দ ছিল। মানবাধিকার আরম্ভ হইলে অক্ষর দ্বয় সংযোগপূর্ব্বক তৎসৎ প্রভৃতি শব্দের প্রাদুর্ভাব হইল। দৈবাধিকারে ক্ষুদ্র ক্ষুদ্র শব্দ যোজন পূর্ব্বক প্রাচীন মন্ত্র সকল রচিত হয়। ঐ সময়ে যজ্ঞসৃষ্টি হয়। ক্রমশঃ গায়ত্রী প্রভৃতি প্রাচীন ছন্দের আবির্ভাব হইতে লাগিল।

During the Prajapatya period no books were composed. At that time only a few pleasing and melodious sounds had been developed. First of all came the pranava, Om. Written letters had not yet been created. The sounds then in use consisted simply of a single syllable joined with anusvara, a nasal sound. When the Manava period began, two syllables were combined, and expressions such as tat sat appeared. During the Daiva period, the ancient mantras were composed by joining together short words. Sacrifice, yajna, also arose during this period. Gradually, ancient metres such as Gayatri began to appear.

স্বায়ম্ভুব মনুর অষ্টমপুরুষে চাক্ষুষমনু; তাঁহার সময়ে মৎস্যাবতার হইয়া ভগবান বেদ উদ্ধার করিয়াছিলেন এরূপ আখ্যায়িকা আছে। বোধ হয়, ঐ সময়েই বেদের ছন্দ সকল ও অনেক শ্লোক রচনা হয়; কিন্তু সে সমুদয়ই শ্রুতিরূপে কর্ণ হইতে কর্ণে ভ্রমণ করিত—লিখিত হয় নাই। এইরূপ বেদ সকল অনেক দিন পর্য্যন্ত অলিখিত থাকায় ও ক্রমশঃ শ্লোকের সংখ্যা বৃদ্ধি হওয়ায় অনায়ত্ত হইয়া উঠিল। তৎকালে কাত্যায়ন, আশ্বলায়ন প্রভৃতি ঋষিগণ বিষয় বিচার পূর্ব্বক শ্রুতি সকলের সূত্র রচনা করিয়া কণ্ঠস্থ করিতে সহজ করিয়া দিলেন। তাঁহাদের পরেও অনেক মন্ত্রাদি রচনা হইল।

Chakshusha Manu appeared in the eighth generation from Svayambhuva Manu. There is an account that during his time Bhagavan appeared as Matsya avatara and recovered the Vedas. It seems that during this period the metres of the Vedas and many verses were composed. But all of these circulated as sruti, passing from ear to ear; they were not written down. Because the Vedas remained unwritten for a long time, while the number of verses continually increased, they gradually became difficult to master. At that time rishis such as Katyayana and Ashvalayana examined the subject

Editorial note

(added by Srila Bhakti Vilas Tirtha Maharaj)

Srila Bhaktivinoda Thakur composed this work in 1888 A.D., when the British had ruled India for 121 years. On the 26th of January, 1950, India became independent; therefore the British rule in India lasted 180 years. Now India is a free republic.

matter and composed sutras, concise statements summarising the teachings of sruti, thereby making them easier to memorise. Many additional mantras and other compositions were produced even after their time.

যখন বেদ অতিবিপুল হইয়া উঠিল, তখন যুধিষ্ঠির রাজার* কিয়ৎকাল পূর্ব্বে ব্যাসদেব একাকার বেদকে বিষয় বিচারপূর্ব্বক চতুর্ভাগে বিভক্ত করতঃ গ্রন্থাকারে সঙ্কলন করিলেন। তাঁহার শিষ্যগণ ঐ কার্য্য ভাগ করিয়া লইয়াছিলেন। ঐ ব্যাসশিষ্য ঋষিগণ ক্রমশঃ বেদ সকলের শাখা বিভাগ করিলেন; এমত কি, যে অল্পায়াসে লোকে বেদাধ্যয়ন করিতে পারিল।

When the Veda had become exceedingly vast, some time before the reign of King Yudhishthira,**(32)** Vyasadeva examined its subject matter, divided the single Veda into four parts, and compiled them in the form of books. His disciples shared this work among themselves. Those rishis who were disciples of Vyasa gradually divided the Vedas further into different shakhas, or branches, so that people could study them with comparatively little difficulty. **(33)**

এস্থলে বক্তব্য এই যে, ঋক্, সাম ও যজুঃ এই তিন বেদ সর্ব্বত্র মান্য ও অধিক স্থলে উক্ত আছে*। ইহাতে বোধ হয়, যে অতি পুরাতন শ্লোক সকল ঐ তিন বেদ রূপে সংগৃহীত হয়। কিন্তু অথর্ব্ববেদকে নিতান্ত আধুনিক বলিয়া অবহেলা করা যায় না, যেহেতু বৃহদারণ্যকে—"অস্য মহতো ভূতস্য নিশ্বসিতমেতদ্যদৃগ্বেদো যজুর্ব্বেদঃ সামবেদোথর্ব্বাঙ্গিরস ইতিহাস পুরাণং বিদ্যা উপনিষদঃ শ্লোকা সূত্রান্যানুব্যাখ্যানান্যস্যৈ বৈতানি সর্ব্বাণি নিশ্বসিতানি;" এরূপ দৃষ্ট হয়। বৃহদারণ্যককে কদাচ আধুনিক বলা যায় না; যেহেতু ব্যাসকৃত সংগ্রহ সময়ের পূর্ব্বে উহা রচিত হইয়াছে বোধ হয়। উদ্ধৃত শ্লোকে যে পুরাণ ইতিহাসের উল্লেখ পাওয়া যায় তাহা বৈদিক পুরাতন কথা, যাহা বেদে বর্ণিত আছে তদ্বিষয়ক বলিয়া জানিতে হইবে।

Here it should be noted that the primacy of the Rik, Sama, and Yajur Vedas are universally acknowledged and mentioned in many places. From this it appears that the most ancient verses were collected into these three Vedas. Yet the Atharva Veda cannot simply be dismissed as a very recent composition, for in the Brihadaranyaka we find the statement: "The Rig Veda, Yajur Veda, Sama Veda, Atharvangirasa, history, ancient accounts, knowledge, the Upanishads, verses, sutras, and further explanations are the breath of this great Being. All these are indeed His breath." **(34)** The Brihadaranyaka can by no means be regarded as a recent work, for it appears to have been composed before the time when Vyasa made his compilation. The references to Purana and Itihasa in the passage quoted above should be understood to mean ancient Vedic accounts concerning matters described in the Vedas.

মীমাংসক জৈমিনি বেদকে নিত্য বলিয়া স্থাপন করিবার জন্য যে সকল যুক্তি প্রদর্শন করিয়াছেন, সে সমস্ত কোমলশ্রদ্ধ ব্যক্তিগণের উপকারার্থ কথিত হইয়াছে। সারগ্রাহী

Footnote: (32) Bhag. 1.4.19-20
(33) Bhag. 1.4.24
(34) Bhag. 1.4.21-22

মহাপুরুষেরা সারগ্রাহী জৈমিনির সার তাৎপর্য্য গ্রহণ করিবেন। জৈমিনির তাৎপর্য্য এই যে, যত সত্য বিষয় আবিষ্কৃত হয়, সে সকলই পরমেশ্বরমূলক অতএব নিত্য। কিকট, নৈচসক, প্রমঙ্গদ, এই সকল অনিত্য বর্ণন দেখাইয়া যাঁহারা বেদের মূল সত্য সকলকে অনিত্য বলিয়া বর্ণন করেন, তাঁহারা সত্যকাম নহেন, ইহাই জৈমিনির সিদ্ধান্ত।

The arguments presented by Jaimini, the teacher of Mimamsa, to establish that the Veda is eternal were given for the benefit of persons of tender faith. Great souls who seek the essence will grasp the essential intention of Jaimini, who himself sought the essence. Jaimini's belief is that every truth discovered has its source in the Supreme Lord and is therefore eternal. Those who point to temporary descriptions concerning Kikata, Naichasaka, Pramangada, and similar matters, and on that basis declare the fundamental truths of the Vedas to be temporary, are not sincere seekers of truth. This is Jaimini's conclusion.

স্মৃতিশাস্ত্রের সময় বিচার করা আবশ্যক। সকল স্মৃতিগ্রন্থের প্রধান ও প্রাচীন মনুসংহিতা। মনুসংহিতা যে মনুর সময় রচিত হইয়াছিল ইহা কুত্রাপি কথিত হয় নাই। যৎকালে মনু প্রবল হইয়া উঠিলেন, তখন প্রজাপতিগণ মনু সন্তানদিগকে ভিন্নশ্রেণী করিবার অভিপ্রায়ে ব্রহ্মাবর্ত হইতে কিয়দূরে মনুর আশ্রমপদ বর্হিষ্মতীনগরী স্থাপন করাইলেন। তৎকাল হইতে প্রজাপতিরা আপনাদিগকে ব্রাহ্মণ সংজ্ঞা অর্পণ করতঃ মনুকে ক্ষত্ররূপে বরণ করিলেন। এইস্থলে ব্রাহ্মণেতর ভিন্নবর্ণের বীজ পত্তন হইল। মনুও শীলতাপূর্ব্বক ব্রাহ্মণদিগকে প্রাধান্য প্রদান করতঃ [পাঠ অস্পষ্ট: ভূ াদি] ঋষিদিগের নিকট বর্ণধর্ম্মের ব্যবস্থা বর্ণন করেন, তাহাতে ঋষিগণ বিশেষ অনুমোদনপূর্ব্বক মানব ব্যবস্থাকে স্বীকার করেন।

It is necessary to consider when the Smriti scriptures were composed. Foremost and most ancient among all the Smriti works is the Manu-samhita. Nowhere is it stated that the Manu-samhita was composed during Manu's lifetime. When Manu became powerful, the Prajapatis, wishing to distinguish his descendants as a separate class, established his residence, the city of Barhishmati, some distance from Brahmavarta. From that time onward, the Prajapatis designated themselves as brahmanas and accepted Manu as belonging to the kshatriya order. At this point the seed of social classes distinct from the brahmanas was planted. Manu, for his part, respectfully accorded primacy to the brahmanas and explained the regulations governing varna-dharma to the rishis. The rishis gave these regulations their strong approval and accepted the system established by Manu.

ঐ ব্যবস্থা তৎকালে লিখিত ছিল না। কালক্রমে যখন ব্রাহ্মণ ক্ষত্রিয়ের বিবাদ উপস্থিত হইল, তখন পরশুরামের সময় ঐ ব্যবস্থা প্রাপ্তপদ কোন ভার্গবের দ্বারা শ্লোকরূপে পরিণত হইল। ঐ সময়ে বৈশ্য ও শূদ্রদিগের ব্যবস্থাও তাহাতে সংযোজিত হইল। কুরুক্ষেত্র যুদ্ধের প্রায় ৬০০ বৎসর পরে পূর্ব্বগত পরশুরামের পদস্থ অন্য কোন পরশুরামের সাহায্যে বর্তমান মানব গ্রন্থ রচিত হয়। শেষোক্ত পরশুরাম আর্য্যকুলোৎপন্ন হইয়াও দক্ষিণদেশে বাস করিতেন। ঐদেশে পরশুরামের একটী অব্দ চলিয়া আসিতেছে। ঐ অব্দটী খ্রীষ্টের ১,১৭৬ বৎসর পূর্ব্বে স্থাপিত হয়। সেই অব্দ দৃষ্টে মান্যবর প্রসন্নকুমার ঠাকুর "বিবাদ-চিন্তামণি" গ্রন্থের বিজ্ঞাপনে মানবশাস্ত্র আদৌ ঐ সময়ে রচিত হওয়া স্থির করিয়াছেন। ইহা ভ্রমাত্মক, কেননা ছান্দোগ্য শ্রুতিতে মানবশাস্ত্রের উল্লেখ আছে*।

At that time these regulations had not been written down. Later, when conflict arose between the brahmanas and kshatriyas, during the time of Parashurama, a certain Bhargava holding that office rendered the regulations into verse. Regulations concerning the vaishyas and sudras were also added at that time. About six hundred years after the Battle of Kurukshetra, the Manava text in its present form was composed with the assistance of another Parashurama who occupied the position of the earlier Parashurama. Although this latter Parashurama was born in an Arya family, he lived in southern India. An era associated with Parashurama is still current in that region, and it was established 1,176 years before Christ. On the basis of this era, the honourable Prasanna Kumar Tagore, in the introductory notice to the Vivada-chintamani, concluded that the Manava-shastra was first composed at that time. This is mistaken, however, because the Manava-shastra is mentioned in the Chandogya Sruti.**(35)**

বিশেষতঃ প্রথম পরশুরাম রামচন্দ্রের সমকালীন ব্যক্তি। তাঁহার সময়ে বর্ণব্যবস্থা যে স্থিরীকৃত হইয়া ব্রাহ্মণ ক্ষত্রিয়ের সন্ধিস্থাপন হয়, ইহাতে কিছুমাত্র সন্দেহ নাই। কিন্তু মনুতে আর্য্যাবর্তের চরম সীমা সমুদ্রদ্বয় বলিয়া বর্ণিত থাকায়, ও চিনা প্রভৃতি মধ্যমকালের জাতি কতিপয়ের উল্লেখ থাকায়, ঐ শাস্ত্রের কলেবর পরে বৃদ্ধি হইয়াছিল এরূপ স্থির করিতে হইবে। অতএব মনুগ্রন্থ মনুর সময় হইতে খ্রীষ্টের ১,১৭৬ বৎসর পূর্ব্বপর্য্যন্ত ক্রমশঃ রচিত হইয়া, ঐ সময়ে উহার বর্তমান কলেবর স্থাপিত হয়, ইহাই সিদ্ধান্ত। অন্যান্য ধর্ম্মশাস্ত্র সকল কিছু কিছু ঐ শেষোক্ত সময়ের পূর্ব্বে ও কিছু কিছু তাহার পর ভিন্ন ভিন্ন দেশে রচিত হইয়াছে।

In particular, the first Parashurama was a contemporary of Ramachandra. There can be no doubt that during his time the varna system was firmly established and peace was made between the brahmanas and kshatriyas. Yet because the Manu text describes the two oceans as the extreme boundaries of Aryavarta, and mentions certain peoples of an intermediate period, such as the Chinese, it must be concluded that the text was enlarged later. The conclusion, therefore, is that the Manu text developed gradually from Manu's time until 1,176 years before Christ, when it attained its present extent. The other Dharma-shastras were composed in different regions, some before this latter period and some afterwards.

রামায়ণ গ্রন্থ কাব্য মধ্যে পরিগণিত হইলেও তাহাকে ইতিহাস বলা যায়। ঐ গ্রন্থ বাল্মীকি-রচিত। বাল্মীকি ঋষি রামচন্দ্রের সমকালীন ছিলেন। যে রামায়ণ বাল্মীকির নামে এখন প্রচলিত আছে, তাহাই বাস্তবিক বাল্মীকির সম্পূর্ণ রচনা, এমত বোধ হয় না। নারদ বাল্মীকি-সংবাদ ও লবকুশের রামচন্দ্রের সভায় রামায়ণ কীর্ত্তন, ইত্যাদি বিচার করিলে বোধ হয়, ঐ গ্রন্থমধ্যে রাম-চরিত্রসূচক অনেক শ্লোক বাল্মীকিকর্তৃক রচিত হইয়া লবকুশকর্তৃক পরিগীত হয়, পরন্তু তাহার অনেক দিন পরে অন্য কোন পণ্ডিতকর্তৃক ঐ গ্রন্থের কলেবর বৃদ্ধি হইয়া লিপিবদ্ধ হয়। উহার বর্তমান আকৃতি মহাভারত রচনার পরে প্রচারিত হইয়াছে অনুমান করি, যেহেতু জাবালিকে তিরস্কার করিবার সময় রামচন্দ্র তাঁহার মতকে দুষ্ট শাক্যমত* বলিয়া ব্যাখ্যা

Footnote: (35) Chandogya Up.

করিয়াছেন। অতএব বর্তমান কলেবরটী খ্রীষ্টের পূর্ব্বে ৫০০ বৎসরের মধ্যে নির্ম্মিত হইয়াছে অনুমান করিতে হইবে।

Although the Ramayana is classified as poetry, it may also be called history. It was composed by Valmiki. The rishi Valmiki was a contemporary of Ramachandra. However, it does not appear that the Ramayana now circulating under Valmiki's name is entirely his own composition. Considering the conversation between Narada and Valmiki, the singing of the Ramayana by Lava and Kusha in Ramachandra's assembly, and related matters, it appears that Valmiki composed many verses describing Rama's life, which Lava and Kusha sang. Much later, however, another scholar enlarged the work and committed it to writing. I infer that its present form came into circulation after the composition of the Mahabharata, since Ramachandra, when rebuking Jabali, described his views as the wicked doctrine of the Shakyas, or Buddhism.**(36)** We must therefore infer that the work attained its present extent within the five hundred years before Christ.

লিখিত আছে, মহাভারত ব্যাসদেবের রচিত, এ বিষয়ে কোন সন্দেহ নাই; কিন্তু যে ব্যাস যুধিষ্ঠিরের সময়ে বেদ বিভাগপূর্ব্বক বেদব্যাস পদবীপ্রাপ্ত হইয়াছিলেন, তৎকর্তৃক ভারতরচনা হইয়াছিল বলা যাইতে পারে না। কেননা, ভারতে জন্মেজয় প্রভৃতি তৎপরবর্তী রাজাদিগের বর্ণন আছে। বিশেষতঃ মহাভারতে মানবশাস্ত্রের উল্লেখ থাকায় মহাভারতের বর্তমান কলেবর খ্রীষ্টের পূর্ব্ব সহস্র বৎসরের মধ্যে নির্ম্মিত হওয়া অনুমিত হয়*। ইহাতে স্থির হয় যে, বেদব্যাস ভারতগ্রন্থের কোন আদর্শ প্রস্তুত করিয়াছিলেন, তাহাই ব্যাসান্তর কর্তৃক সম্বর্দ্ধিত হইয়া পরে মহাভারত নামে প্রকাশ হয়।

It is recorded that the Mahabharata was composed by Vyasadeva, and there is no doubt about this. But it cannot be said that the Bharata was composed by the same Vyasa who divided the Vedas during Yudhishthira's time and thereby received the title Vedavyasa, for the Bharata describes Janamejaya and other kings who lived afterwards. In particular, since the Mahabharata mentions the Manava-shastra, we may infer that it attained its present extent within the thousand years before Christ. **(37)** From this we conclude that Vedavyasa prepared an initial version of the Bharata, which another Vyasa subsequently enlarged and published under the name Mahabharata.

লোমহর্ষণ নামক কোন শূদ্রবংশীয় পণ্ডিত মহাভারতগ্রন্থ নৈমিষারণ্যক্ষেত্রে ঋষিদিগের নিকট পাঠ করেন। বোধ হয়, তিনিই মহাভারতের বর্তমান কলেবর সৃষ্টি করেন, কেননা ব্যাসদেবের কৃত ২,৪০০ শ্লোক তৎকালে লক্ষ শ্লোক হয়। এখন বিবেচ্য এই, যে লোমহর্ষণ কোন্ সময়ের লোক। কথিত আছে, যে বলদেবের হস্তে

Footnote: (36) When rebuking Jabali, Ramachandra said his doctrine was the corrupt doctrine of the Sakyas.
(37) "Purana, the dharma of Manu, the Veda together with its limbs, and chikitsitam (medicine) - these four are established by authoritative injunction and are not to be challenged by reasoning." (Mahabharata)

তাঁহার মৃত্যু হয়; ইহাতে বোধ হয় যে পণ্ডিত ও ভক্ত হইলে শূদ্রেরাও ব্রাহ্মণ তুল্য মাননীয় হইবে, এই বাক্য দৃঢ়ীকরণার্থে তাৎকালিক বৈষ্ণবসমাজে ঐ আখ্যায়িকার সৃষ্টি হয়। বাস্তবিক ঐ সভা বলদেবের অনেক পরে স্থাপিত হয়। যে রোমহর্ষণ ব্যাসশিষ্য বলিয়া কথিত হইয়াছেন, সেই ব্যক্তি যে ঐ সভার বক্তা ছিলেন, ইহাতেও সন্দেহ হয়। বোধ হয়, বলদেবের সময় ব্যাসশিষ্য রোমহর্ষণ বৈদিক ইতিহাস ব্যাখ্যাকালে বধ হন। কিন্তু তাহার বহু দিন পরে (জনমেজয়ের সভায় বৈশম্পায়নের বক্তৃতার বহুদিন পর) তৎপদস্থ অন্য কোন সৌতি মহাভারত বক্তৃতা করেন। কালক্রমে পূর্ব্ব আখ্যায়িকা ঐ সময়ের ইতিহাসে সংযুক্ত হইয়া পড়ে।

A scholar of sudra lineage named Lomaharshana recited the Mahabharata to the rishis at Naimisharanya. It appears that he gave the Mahabharata its present extent, for the 2,400 verses composed by Vyasadeva had by then become one hundred thousand verses. We must now consider when Lomaharshana lived. It is said that he died at the hands of Baladeva. This suggests that the account arose within the Vaishnava community of that time to establish the principle that sudras who possess learning and devotion should be honoured equally with brahmanas. In fact, that assembly was established long after Baladeva. It is also doubtful whether the Romaharshana described as Vyasa's disciple was the speaker at that assembly. It appears that during Baladeva's time, Vyasa's disciple Romaharshana was killed while explaining Vedic history. But much later—long after Vaishampayana's discourse in Janamejaya's assembly—another Sauti occupying his position recited the Mahabharata. In time, the earlier account became incorporated into the history of this later period.

বুদ্ধের বিশেষ কোন উল্লেখ না থাকায় অনুমান হয়, যে অজাতশত্রুর পূর্ব্বে এবং বার্হদ্রথদিগের পরে সৌতি* কর্তৃক মহাভারত কথিত হয়। নৈমিষারণ্যক্ষেত্রের বিষয় আলোচনা করিলে বোধ হয় যে, যেকালে শান্তস্বভাব ঋষিগণ চন্দ্র-সূর্য্যবংশের লোপ দৃষ্টি করিলেন, তখন ক্ষত্রাভাবে তাঁহারা আপনাদিগকে নিরাশ্রিত মনে করিয়া নিমিষক্ষেত্রের বিজন দেশে বাস করতঃ শাস্ত্রালোচনায় জীবনযাত্রা নির্বাহ করিতে লাগিলেন।

Since there is no particular mention of Buddha, it may be inferred that Sauti **(38)** recited the Mahabharata before Ajatashatru and after the Brihadratha kings. Considering Naimisharanya, it appears that when the peaceful rishis witnessed the disappearance of the Lunar and Solar dynasties, they felt themselves without protection because there were no kshatriya rulers to shelter them. They therefore settled in the secluded region of Nimisha and passed their lives studying and discussing scripture.

নৈমিষারণ্য সভা সম্বন্ধে আরও একটী অনুমান হয়। মহাভারতের যুদ্ধের পর নন্দিবর্দ্ধনের রাজ্যাভিষেকের পূর্ব্বে কোন সময় বৈষ্ণবধর্ম্মের বিশেষ প্রাবল্য হয়। বৈষ্ণবদিগের মূল সিদ্ধান্ত এই, যে পারমার্থিক তত্ত্বে সকল মানবেরই অধিকার আছে, কিন্তু ব্রাহ্মণদিগের মতে ব্রাহ্মণেতর বর্ণসমূহের মোক্ষধর্ম্মে অধিকার নাই। জন্মান্তরে ব্রাহ্মণজাতিতে উদ্ভূত হইয়া অপর জাতীয় শান্তস্বভাব ব্যক্তিরা

Footnote: (38) Bhag. 1.1.21-22

মোক্ষানুসন্ধান করিবেন। এই দুই বিরুদ্ধমতের বিবাদসূত্রে বৈষ্ণবগণ সূতবংশীয় পণ্ডিতদিগকে উচ্চাসন দান করতঃ নৈমিষারণ্যক্ষেত্রে ব্রাহ্মণগণ অপেক্ষা বৈষ্ণবদিগের পূজনীয়তা প্রদর্শন করান। ঐ সভায় অর্থবশীভূত সামান্যবুদ্ধি ব্রাহ্মণগণ উপস্থিত থাকিয়া তাহাকে ব্রহ্মসভা বলিয়া বৈষ্ণবদিগের পোষণ করিয়াছিলেন। ঐ ব্রাহ্মণ সকল কর্ম্মকাণ্ডকে তুচ্ছ জ্ঞান করিয়া সূতকে গুরুরূপে বরণ করতঃ পাপাত্মক কলিকাল পার হইবার একমাত্র বৈষ্ণবধর্ম্ম আশ্রয় করেন, তাহা প্রকাশ করিয়াছিলেন*। যে প্রকারেই হউক ঐ সভা ভারতযুদ্ধের অনেক পরে সংস্থাপন হইয়াছিল, ইহাতে সন্দেহ নাই।

Another inference may be made concerning the assembly at Naimisharanya. At some time after the Mahabharata war and before Nandivardhana's coronation, Vaishnava religion became particularly influential. The fundamental principle of the Vaishnavas is that all human beings are qualified to pursue spiritual truth. According to the brahmanas, however, those belonging to other varnas are not qualified to follow the path of liberation. Peaceful persons of other communities must first be born as brahmanas in a subsequent life before seeking liberation. In the dispute between these opposing views, the Vaishnavas gave scholars of Suta lineage elevated seats at Naimisharanya, thereby demonstrating that Vaishnavas were more worthy of honour than brahmanas. Brahmanas of limited understanding, swayed by material interests, attended that assembly, called it an assembly of Brahma, and supported the Vaishnavas. Those brahmanas declared that they regarded ritual action as insignificant, accepted Suta as their guru, and took shelter in Vaishnava religion alone as the means of crossing the sinful age of Kali. **(39)** However this may have occurred, there is no doubt that the assembly was established long after the Bharata war.

ভারতরচনার অনতিবিলম্বেই দর্শনশাস্ত্র রচিত হয়। ভারতবর্ষে ৬টী দর্শন প্রবলরূপে প্রচলিত আছে, অর্থাৎ ন্যায়, সাংখ্য, পাতঞ্জল, কানাদ, মীমাংসা ও উত্তরমীমাংসা অর্থাৎ বেদান্ত। সমস্ত দর্শনশাস্ত্রই বৌদ্ধমত প্রচারের পর উৎপন্ন হইয়াছে। দার্শনিক ঋষিগণ আদৌ নিজ নিজ গ্রন্থ সূত্ররূপে রচনা করেন। বৈদিক সূত্র সকল যেরূপ স্মরণের সাহায্যের জন্য উদ্ভূত হইয়াছিল, দার্শনিক সূত্র সকল সেরূপ নয়। ব্রাহ্মণেরা যখন বৌদ্ধদিগের প্রবল মতের দ্বারা আক্রান্ত হইলেন, তখন বেদশাস্ত্রের শিরোভাগ উপনিষৎ সকল প্রথমে রচনা করিয়া যুক্তি ও স্বমত স্থাপনে প্রবৃত্ত হইয়াছিলেন। বৌদ্ধেরা ক্রমশঃ সৌগত, মাধ্যমিক, যোগাচার প্রভৃতি স্বমতের দর্শনশাস্ত্র রচনা করিয়া ব্রাহ্মণদিগের সহিত তর্কযুদ্ধে প্রবৃত্ত হইল।

The philosophical scriptures were composed shortly after the Bharata. Six philosophical systems are widely established in India: Nyaya, Sankhya, Patanjala, Kanada, Mimamsa, and Uttara Mimamsa, or Vedanta. All these philosophical scriptures arose after the propagation of Buddhist teachings. The philosophical rishis initially composed their works as sutras, concise statements. Unlike the Vedic sutras, these philosophical sutras did not arise merely as aids to memory. When the brahmanas were challenged by the

Footnote: (39) Bhag. 1.1.21-22

powerful teachings of the Buddhists, they first composed the Upanishads, the crowning portion of Vedic scripture, and began establishing reasoning and their own doctrines. The Buddhists gradually composed philosophical works presenting their own teachings, including Saugata, Madhyamika, and Yogachara, and entered into debates with the brahmanas.

তখন ব্রাহ্মণেরা প্রথমে ন্যায়, পরে সাংখ্য ইত্যাদি ক্রমান্বয়ে ছয়টী বিচারশাস্ত্র উদ্ভাবন করিয়া সূত্ররূপে গ্রন্থ রচনা পূর্ব্বক স্বশিষ্যেতর কাহারও হস্তে না পড়ে এরূপ যত্ন করিয়াছিলেন। রামচন্দ্রের সময় হইতে আন্বীক্ষিকী বিদ্যারূপ কোন বৈদিক ন্যায় তাৎকালিক গোতম ঋষি কর্তৃক রচিত হইয়া প্রচলিত ছিল। কিন্তু আবশ্যক মতে ঐ সামান্য গ্রন্থের স্থলে ব্রাহ্মণেরা গোতমের নামে বর্তমান অক্ষপাদ শাস্ত্রের রচনা করেন। সৌগতমত নিরসনার্থে গোতমসূত্রে বিশেষ যত্ন দেখা যায়*। কানাদশাস্ত্র ন্যায়শাস্ত্রের অনুগত। সাংখ্যশাস্ত্রেও বৌদ্ধদিগের বিরুদ্ধ অনেক সিদ্ধান্ত দেখা যায়। পাতঞ্জল মতটী সাংখ্যের অনুগত। জৈমিনীকৃত মীমাংসা বৌদ্ধ নিরস্ত কর্মকাণ্ডের পক্ষ সাধন মাত্র। বেদান্ত শাস্ত্র যদিও সকলের কনিষ্ঠ, তথাপি ইহার মূল উপনিষৎ বলিয়া স্থিরীকৃত হওয়ায় পূর্ব্বোল্লিখিত আন্বীক্ষিকী বিদ্যারই রূপান্তর বলিয়া প্রতিপাদিত হইয়াছে। অতএব দর্শনশাস্ত্র সমুদায়ই খ্রীষ্টের ৪০০ বৎসর পূর্ব্ব হইতে খ্রীষ্টের ৪০০ বৎসর পর পর্যন্ত এই ৮০০ বৎসরের মধ্যে রচিত হইয়াছে।

The brahmanas then developed six systems of reasoning in succession, beginning with Nyaya and followed by Sankhya and the others. They composed these works as sutras and took care that they should not fall into the hands of anyone other than their own disciples. Since Ramachandra's time, a form of Vedic reasoning known as Anvikshiki, the discipline of rational inquiry, had been current, composed by the rishi Gotama of that period. But as circumstances required, the brahmanas replaced that modest work with the present Akshapada text, composed under Gotama's name. Particular effort to refute Buddhist doctrine can be seen in Gotama's sutras. **(40)** Kanada's system follows Nyaya. Sankhya also contains many conclusions opposed to the Buddhists, while Patanjala follows Sankhya. Jaimini's Mimamsa simply defends the ritual practices rejected by the Buddhists. Although Vedanta is the youngest of these systems, its foundation is held to be the Upanishads, and it has therefore been presented as a further development of the previously mentioned Anvikshiki. Thus, all these philosophical scriptures were composed within the eight hundred years extending from 400 years before Christ to AD 400.

পুরাণ সকল দর্শনশাস্ত্রের পরে রচিত হয়। বৃহদারণ্যক শ্রুতি ও মহাভারতে যে পুরাণ সকলের উল্লেখ দৃষ্ট হয়, সে সকল বৈদিক আখ্যায়িকা মাত্র। অষ্টাদশ পুরাণ নহে। প্রচলিত পুরাণ রচয়িতারা বেদোল্লিখিত নামটী স্ব স্ব রচনায় সংযোগ করিয়া উহাদের আর্ষত্ব স্থাপন করিয়াছেন। যবন রাজাদের উল্লেখ ও ম্লেচ্ছ সকলের দৌরাত্ম্য, আর্য্যদিগের আচার ব্যবহারের পরিবর্তন, ইত্যাদি দৃষ্টিপূর্ব্বক স্থির করা যায়, যে পুরাণ সকল অন্ধ্রবংশ সমাপ্ত হইলে পর প্রকাশিত হয়।

Footnote: (40) Gautama–sutras (3.2.12)

The Puranas were composed after the philosophical scriptures. The Puranas mentioned in the Brihadaranyaka Sruti and the Mahabharata are simply ancient Vedic accounts, not the eighteen Puranas. The authors of the Puranas now in circulation applied the designation mentioned in the Vedas to their own works, thereby establishing their status as works of the rishis. Considering their references to Yavana kings, the oppressive conduct of the mlechchhas, changes in Aryan customs and behaviour, and similar matters, it may be concluded that the Puranas appeared after the end of the Andhra dynasty.

তন্মধ্যে মার্কণ্ডেয় পুরাণটী সর্ব্বপ্রাচীন বলিয়া বোধ হয়। কেননা ইহাতে ভবিষ্যৎ রাজাদের উল্লেখ নাই। মহাভারতের সংশয় নিরসন, ধর্ম্মশাস্ত্র ব্যাখ্যা, সূর্য্য-মাহাত্ম্য ও দেবী-মাহাত্ম্য, এই সকল মার্কণ্ডেয় পুরাণে লিখিত আছে। চৈত্রবংশ সমুদ্ভূত রাজা সুরথের গল্প তাহাতে সন্নিবেশিত থাকায় ছোটনাগপুরস্থ চিত্রনাগবংশীয় রাজাদের রাজ্য কোল জাতি কর্তৃক পরিগৃহীত হইলে পর, মার্কণ্ডেয় পুরাণ রচিত হইয়া থাকিবে অনুমিত হয়। "কোলাবিধ্বংসিনঃ" শব্দ দ্বারা ইহা প্রতীয়মান হইতেছে। ঐ সময় ভারতবর্ষে ব্রাত্যাধিকার প্রবল ছিল বুঝিতে হইবে। অতএব খ্রীষ্টের ৫০০ বৎসর পরে ঐ পুরাণ রচিত হয়, ইহা সিদ্ধান্ত করিলাম।

Among these, the Markandeya Purana appears to be the oldest, since it contains no mention of future kings. It includes explanations resolving doubts concerning the Mahabharata, discussions of Dharma-shastra, and accounts of the greatness of the Sun and the Goddess. Since it contains the story of King Suratha of the Chaitra dynasty, it may be inferred that the Markandeya Purana was composed after the Kol people took possession of the kingdom of the Chitranaga rulers of Chotanagpur. The expression "kolavidhvamsinah" indicates this. We must understand that rule by communities outside the established Vedic order was powerful in India at that time. I therefore conclude that this Purana was composed five hundred years after Christ.

অন্যান্য পুরাণ অপেক্ষা বিষ্ণুপুরাণের সম্মান অধিক এবং মার্কণ্ডেয় পুরাণের পরেই উহা রচিত হয়। বিষ্ণুপুরাণ গ্রন্থ কোন দক্ষিণদেশীয় পণ্ডিতকর্তৃক রচিত হয়, ইহাতে সন্দেহ নাই; যেহেতু তদগ্রন্থে লিখিত আছে যে মানবেরা সুস্বাদ্ব দ্রব্য সকল আহারান্তে তিক্ত দ্রব্য অবশেষে ভোজন করিবেন। এই প্রকার ব্যবহার দক্ষিণ প্রদেশে প্রচলিত আছে। গ্রন্থকর্তা স্বদেশনিষ্ঠ আস্বাদটী গ্রন্থ মধ্যে সন্নিবেশিত করিয়াছেন, সন্দেহ নাই। আর্য্যাবর্তের লোকেরা অবশেষে মিষ্টান্ন ভোজনে আহার সমাপ্ত করিয়া থাকেন। খ্রীষ্টের প্রায় ৬০০ বৎসর পর ঐ পুরাণ প্রকাশিত হয়।

The Vishnu Purana commands greater respect than the other Puranas and was composed shortly after the Markandeya Purana. There is no doubt that it was composed by a scholar from southern India, for it states that after eating savoury foods, people should conclude their meal with something bitter. This custom is prevalent in the South. There is no doubt that the author incorporated his own regional preference into the work. The people of Aryavarta, by contrast, conclude their meals with sweets. This Purana appeared about six hundred years after Christ.

পদ্মপুরাণ, স্কন্দপুরাণ, ইত্যাদি আর আর পুরাণ সকল খ্রীষ্টের ৮০০ বৎসর পরে লিখিত হয়, যেহেতু ঐ সকল পুরাণে অনেক আধুনিক মতের আলোচনা আছে*। শঙ্করাচার্য্য নামক অদ্বৈতবাদীর মতপ্রচারের পর ঐ সকল গ্রন্থ হইয়াছিল। শাঙ্করভাষ্যে বিষ্ণুপুরাণের শ্লোক উদ্ধৃত হওয়ায় বিষ্ণুপুরাণ শঙ্করের পূর্ব্বে প্রচারিত ছিল, বুঝিতে হইবে।

The Padma Purana, Skanda Purana, and the other Puranas were written after AD 800, since they discuss many later doctrines. These Puranas were composed after the propagation of the teachings of Shankaracharya, the advocate of nondualism. Since verses from the Vishnu Purana are quoted in Shankara's commentary, we must understand that the Vishnu Purana was already in circulation before his time.

সম্প্রতি সর্ব্বশাস্ত্রচূড়ামণি শ্রীমদ্ভাগবতের উদয়কাল বিচার করিতে হইবে। কোমলশ্রদ্ধ মহোদয়গণ আমাদের সিদ্ধান্তের তাৎপর্য্য না বুঝিয়া এবম্বিধ শাস্ত্রকে আধুনিক বলিয়া হতশ্রদ্ধ হইতে পারেন, অতএব এই সিদ্ধান্ত তাঁহাদের পক্ষে সহসা পাঠ্য নয়। বাস্তবিক শ্রীমদ্ভাগবত গ্রন্থ আধুনিক নয়, সর্ব্বশাস্ত্রাপেক্ষা প্রাচীন। পূজ্যপাদ শ্রীধরস্বামী "তারাঙ্কুরঃ" "সজ্জনিঃ" শব্দ প্রয়োগ দ্বারা ভাগবতের নিত্যত্ব সাধন করিয়াছেন। সমস্ত নিগম শাস্ত্ররূপ কল্পবৃক্ষের চরমফল বলিয়া শ্রীভাগবত গ্রন্থ পরিলক্ষিত হইয়াছে*।

We must now consider when the Srimad Bhagavatam, the crown jewel of all scriptures, first appeared. Persons of tender faith may misunderstand the purport of our conclusion, then regard this scripture as modern, and thereby lose faith. They should therefore not read this conclusion without preparation. In reality, the Srimad Bhagavatam is not modern; it is more ancient than all other scriptures. The revered Sridhara Swami established the Bhagavatam's eternal nature through his use of the expressions "tarankurah" and "sajjanih." The Bhagavatam has been recognised as the ultimate fruit of the wish-fulfilling tree of all Vedic scriptures.

প্রণব হইতে গায়ত্রী, গায়ত্রী হইতে অখিলবেদ, অখিলবেদ হইতে ব্রহ্মসূত্র, এবং ব্রহ্মসূত্র হইতে শ্রীমদ্ভাগবত উদয় হইয়াছেন। পরব্রহ্মের অচিন্ত্য সত্যসমূহ জীবসমাধিতে প্রতিভাত হইয়া সচ্চিদানন্দ সূর্য্যস্বরূপ ঐ পারমহংস্য সংহিতা জাজ্বল্যরূপে উদিত হইয়াছেন। যাঁহাদের চক্ষু আছে তাঁহারা দর্শন করুন; যাঁহাদের কর্ণ আছে তাঁহারা শ্রবণ করুন; যাঁহাদের মন আছে তাঁহারা শ্রীভাগবতের সত্য সকলের নিদিধ্যাসন করুন। পক্ষপাতরূপ অন্ধতাপীড়িত পুরুষেরাই কেবল ভাগবতের মাধুর্য্য আস্বাদন হইতে বঞ্চিত আছেন। চৈতন্যাত্মা ভগবান্ তাঁহাদের প্রতি রূপাবলোকনপূর্ব্বক তাঁহাদের অন্ধতা দূর করুন।

From the pranava, Om, arose Gayatri; from Gayatri, all the Vedas; from all the Vedas, the Brahma-sutra; and from the Brahma-sutra, the Srimad Bhagavatam. As the inconceivable truths of Parabrahman became manifest to the soul in samadhi, this scripture of the paramahamsas arose in brilliant splendour, like the sun of eternal being, consciousness, and bliss. Let those who have eyes behold it; let those who have ears hear it; let those who have minds deeply contemplate the truths of the Sri Bhagavatam. Only those afflicted by the blindness of prejudice are deprived of tasting its sweetness.

May Bhagavan, whose very nature is consciousness, turn His gaze upon them and remove their blindness.

শ্রীভাগবতের জন্ম নাই, যেহেতু উহা সনাতন, নিত্য ও অনাদি। কিন্তু কোন্ সময়ে কোন্ দেশে ও কোন্ মহাত্মার চৈতন্যে ঐ গ্রন্থরাজের প্রথম উদয় হয়, তাহা নিরূপণ করা অতীব বাঞ্ছনীয়। যাঁহারা কোন বিষয়ের নিগূঢ় তত্ত্ব বুঝিতে সক্ষম নহেন, সেই কোমলশ্রদ্ধ পুরুষদিগের জন্য কথিত হইয়াছে যে, যৎকালে ব্যাসদেব সর্ব্বশাস্ত্র প্রকাশ করিয়াও সন্তোষ হইলেন না, তখন তত্ত্বদর্শী নারদের উপদেশক্রমে সরস্বতীতীরে সমাধি দ্বারা পরমার্থ দর্শনপূর্ব্বক শ্রীভাগবত প্রকাশ করিলেন।

The Sri Bhagavatam has no birth, for it is everlasting, eternal, and beginningless. Nevertheless, it is highly desirable to determine when, in which country, and within the consciousness of which great soul this king of scriptures first appeared. For persons of tender faith who cannot understand the profound truth of a subject, it is said that after Vyasa had revealed all the scriptures and still remained dissatisfied, he followed the instruction of Narada, who perceived the truth. Through samadhi on the banks of the Saraswati, he beheld true spiritual reality and revealed the Bhagavatam. **(41)**

যে যে মহাপুরুষেরা পরমার্থশাস্ত্র সংগ্রহ করিতেন তাঁহারা ব্যাসপদ প্রাপ্ত হইয়া জনগণের শ্রদ্ধাস্পদ হইতেন। ব্যাস শব্দে এস্থলে বেদব্যাস হইতে ভাগবতকর্তা ব্যাস পর্য্যন্ত বুঝিতে হইবে। অতএব যখন সর্ব্বশাস্ত্র আলোচনাপূর্ব্বক অনির্বচনীয় পরমার্থতত্ত্বের গাঢ়াবস্থান নির্ণীত না হইল, তখন বাক্য ও মনকে তদ্বক্তৃ হইতে নিরস্ত করিয়া পরমার্থবিদ্যাবিশারদ ব্যাসদেব সমাধি অবলম্বনপূর্ব্বক পরমতত্ত্বের অনুভব ও অনুবর্ণনরূপ শ্রীভাগবত রচনা করিলেন।

The great souls who compiled spiritual scriptures received the title Vyasa and became objects of public reverence. Here, the word Vyasa must be understood to encompass those from Vedavyasa down to the Vyasa who composed the Bhagavatam. Thus, when the profound nature of indescribable spiritual reality remained undetermined despite the study of all scriptures, Vyasadeva, an expert in spiritual knowledge, withdrew speech and mind from their attempts to grasp that reality. Taking shelter in samadhi, he composed the Srimad Bhagavatam as an expression and description of his direct experience of the Supreme Truth.

আমাদের বিবেচনায় শ্রীভাগবত গ্রন্থ দ্রাবিড়দেশে প্রায় সহস্র বৎসর হইল প্রাদুর্ভূত হইয়াছেন। স্বদেশনিষ্ঠতা মানবজীবনের সম্বন্ধে স্বতঃসিদ্ধ; অতএব মহাপুরুষগণও ঐ প্রবৃত্তির কিয়ৎ পরিমাণে বশবর্তী হইয়া থাকেন। ভাগবতগ্রন্থে অনতি প্রাচীন দ্রাবিড়দেশের যেরূপ মাহাত্ম্য পরিকীর্তিত হইয়াছে, তাহাতে ভাগবতলেখক ব্যাস মহোদয়ের স্বদেশ বলিয়া ঐ দেশটী লক্ষিত হয়*। যদি অন্য কোন শাস্ত্রে দ্রাবিড়দেশের তদ্রূপ মাহাত্ম্যোল্লেখ হইত, তাহা হইলে এরূপ অনুমান করিবার আমাদের অধিকার থাকিত না। বিশেষতঃ অত্যন্ত আধুনিক একটী তদ্দেশীয় তীর্থকে উল্লেখ করায় আরও আমাদের তদ্বিষয়ে সিদ্ধান্ত স্থির হইতেছে*।

In our judgement, the Sri Bhagavatam appeared in the Dravida country about a thousand years ago. Attachment to one's home-

Footnote: (41) Bhag. 1.1.3

land is a natural feature of human life; therefore, even great souls are influenced by this tendency to some extent. The manner in which the Bhagavatam celebrates the greatness of the comparatively recent Dravida country suggests that this was the homeland of the revered Vyasa who composed it.**(41)** Had another scripture praised Dravida-desh in the same manner, we would have had no grounds for making this inference. In particular, its mention of a very recent place of pilgrimage in that country further strengthens our conclusion.**(42)**

তদ্দেশপ্রচারিত বেঙ্কটমাহাত্ম্য গ্রন্থে বর্ণিত আছে যে, চোলরাজ্য হইতে লক্ষ্মীদেবী কোলাপুর গমন করিলে বেঙ্কট তীর্থের স্থাপন হয়। কোলাপুর সেতারার দক্ষিণ। চালুক্য রাজারা খ্রীষ্টের অষ্টম শতাব্দিতে চোলদিগকে পরাজয় করতঃ ঐ সকল দেশে একটী বৃহৎ রাজ্য স্থাপন করেন। অতএব ঐ সময়েই চোললক্ষ্মী কোলাপুর যান, এবং বেঙ্কট তীর্থের স্থাপনা হয়। এতন্নিবন্ধন নবম শতাব্দিতে শ্রীভাগবতের অবতার স্বীকার করিতে আমাদের কিছুমাত্র সন্দেহ বোধ হয় না।

The Venkata-mahatmya circulating in that region states that the Venkata place of pilgrimage was established when Lakshmidevi departed from the Chola kingdom for Kolhapur. Kolhapur lies south of Satara. In the eighth century AD, the Chalukya kings defeated the Cholas and established a large kingdom in those regions. Thus it was, that at that time the Lakshmi of the Cholas went to Kolhapur and the Venkata place of pilgrimage was established. For this reason, we have no hesitation in accepting Srimad Bhagavatam appeared in the ninth century.

দশম শতাব্দিতে শঠকোপ, যামুনাচার্য্য ও রামানুজ বৈষ্ণবধর্ম্মের বিশেষ প্রচার করেন। তাঁহারাও দ্রাবিড়দেশীয় ছিলেন, অতএব তাঁহাদের কর্তৃক ভাগবত গ্রন্থ সম্মানিত হওয়ায় নবম শতাব্দির পরে ভাগবতের উদয়কাল নিরূপণ করিতে পারি না। বিশেষতঃ একাদশ শতাব্দিতে যৎকালে শ্রীধরস্বামী ভাগবতের টীকা করেন, তখন ঐ গ্রন্থের পূর্ব্বকৃত হনুমদ্ভাষ্য প্রভৃতি কয়েকটী টীকা প্রচলিত ছিল। অতএব এতদ্বিষয় আর অধিক বিচারের আবশ্যক নাই; কেবল বক্তব্য এই যে, ঐ গ্রন্থের রচয়িতার আশ্রমিক নামটী অবগত হইবার কোন উপায় দেখি না। তিনি যিনিই হউন, সেই মহাপুরুষ ব্যাসদেবকে আমরা অশেষ কৃতজ্ঞতা সহকারে সারগ্রাহী জনগণের গুরু বলিয়া প্রতিষ্ঠা করি।

In the tenth century, Shathakopa, Yamunacharya, and Ramanuja vigorously propagated Vaishnava religion. They too were from the Dravida country. Since they honoured the Bhagavatam, we cannot place its first appearance later than the ninth century. In particular, when Sridhara Swami wrote his commentary on the Bhagavatam in the eleventh century, several earlier commentaries, including the Hanumad-bhashya, were already in circulation. Further consideration of this matter is therefore unnecessary. It need only be said

Footnote: (41) Bhag. 11.5.38-40
(42) Bhag. 10.79.13

that I see no means of discovering the author's name within his religious order. Whoever he may have been, we acknowledge that great soul, Vyasadeva, with boundless gratitude as the guru of all those who seek the essence of truth.

আমাদের আবশ্যকীয় গ্রন্থসমূহের সময় নির্ণয় করিলাম। আর্য্যদিগের সকল প্রকার শাস্ত্রের বিচারে আমাদের আবশ্যক কি? অন্যান্য অনেকানেক শাস্ত্র সকল অতি পুরাতন কাল হইতে আর্য্যাবর্তে সমালোচিত হইয়াছে। প্রফেসর প্লেফেয়ার সাহেবের বিচার দৃষ্টিপূর্ব্বক মহাত্মা আর্চডিকন প্রাট সাহেব এরূপ স্থির করিয়াছেন যে, কলিযুগারম্ভের সহস্র বৎসর পূর্ব্বে আর্য্যাবর্তে জ্যোতিষশাস্ত্রের আলোচনা ছিল এবং তাহারও অনেক পূর্ব্বে বেদ সকল শ্রুতিরূপে বর্তমান ছিল। পুরাতন জ্যোতির্ব্বেতা পরাশর খ্রীষ্টাব্দের ১,৩৯১ বৎসর পূর্ব্বে স্বীয় গ্রন্থ রচনা করিয়াছেন বলিয়া মেজর উইলফার্ড সাহেব যে নির্ণয় করেন তাহা ডেভিস সাহেবের মতে অথর্ব্ববেদোক্ত কোন শ্লোক হইতে স্থির হয়, কিন্তু অথর্ব্ববেদের জ্যোতিষসম্বন্ধীয় শ্লোকটী যে পরে সন্নিবেশিত হইয়া থাকা, বোধ হয়, তাহা উইলফার্ড সাহেব চিন্তা করেন নাই।

We have determined the dates of the works relevant to our purpose. What need have we to examine every kind of scripture composed by the Aryas? Many other branches of learning have been studied and discussed in Aryavarta since very ancient times. After considering Professor Playfair's analysis, the distinguished Archdeacon Pratt concluded that astronomy was studied in Aryavarta a thousand years before the beginning of Kali-yuga, and that the Vedas had existed as orally transmitted sruti long before that. Major Wilford's conclusion that the ancient astronomer Parashara composed his work 1,391 years before Christ was, according to Mr. Davis, established from a verse in the Atharva Veda. But Wilford apparently did not consider the possibility that this astronomical verse had been inserted into the Atharva Veda at a later date.

আমাদের বিবেচনায় আর্চডিকন প্রাটের নির্ণয় অধিক মাননীয়; যেহেতু সপ্তর্ষিমণ্ডলের নক্ষত্র সকল আদিম প্রজাপতিদিগের নামে সংজ্ঞিত হওয়ায় ঐ ঐ ঋষিগণ কর্তৃক ঐ ঐ নক্ষত্র বিচারিত হইয়াছিল এমত বুঝিতে হইবে। তৎকালে অক্ষর সৃষ্টি না হওয়ায় সাঙ্কেতিক চিহ্ন দ্বারা জ্যোতিষশাস্ত্র আলোচিত হইত। এই প্রকার অতি প্রাচীনকাল হইতে চিকিৎসাবিদ্যা আয়ুর্ব্বেদরূপে প্রচলিত ছিল। এ সকল বিচার করিতে গেলে আমাদের পুস্তকে স্থানাভাব হইয়া উঠে, অতএব আমরা তত্তদ্বিষয় আলোচনা হইতে নিরস্ত হইলাম।

In our judgement, Archdeacon Pratt's conclusion deserves greater consideration. Since the stars of the Saptarshi constellation bear the names of the earliest Prajapatis, we must understand that those stars were studied by the respective rishis. Written letters had not yet been created, so astronomy was studied through symbolic signs. Similarly, medicine had been practised as Ayurveda since very ancient times. Our book has insufficient space to examine all these matters, so we shall refrain from discussing them further.

পারমার্থিক শাস্ত্রের সাক্ষাৎ ও গৌণ শাখাদ্বয়ে যে যে পুস্তক দৃষ্ট হয়, তাহা আমরা নিম্নলিখিত রূপে নির্দ্দিষ্ট করিলাম।

We have arranged below the works belonging to the direct and secondary branches of spiritual scripture.

শাস্ত্রের নাম — কোন্ অধিকারে প্রচারিত হয়

১। প্রণবাদি লক্ষণ সাঙ্কেতিক শ্রুতি — প্রাজাপত্যাধিকারে।

২। সম্পূর্ণ শ্রুতি, গায়ত্র্যাদিচ্ছন্দ — মানব, দৈব ও কিয়দংশ বৈবস্বতাধিকারে।

৩। সৌত্র শ্রুতি — বৈবস্বতাধিকারের প্রথমার্দ্ধে।

৪। মন্বাদি স্মৃতি — বৈবস্বতাধিকারের দ্বিতীয়ার্দ্ধে।

৫। ইতিহাস — বৈবস্বতাধিকারের দ্বিতীয়ার্দ্ধে।

৬। দর্শন শাস্ত্র — অন্ত্যজাধিকারে।

৭। পুরাণ ও সাত্ত্বত তন্ত্র — ব্রাত্যাধিকারে।

৮। তন্ত্র — মুসলমানাধিকারে।

Scripture	**Time period**
1 Pranava and then Oldest Sruti	**Prajapati's reign**
2 Complete Sruti and Gayatri	**Manus, Devatas**
3 Sutras	**Vaivasvata Manu**
4 Manu Smriti	**Vaivasvata Manu**
5 Itihasa	**Vaivasvata Manu**
6 Puranas and Satvata Tantras	**Non-Aryan Rulers**
7 Tantras	**Muslim Rule**

যতদূর পারা গেল, ঘটনাসকলের ও গ্রন্থসকলের আধুনিক মতে কাল নিরূপিত হইল। সারগ্রাহী জনগণ বাদনিষ্ঠ নহেন, অতএব সদযুক্তি দ্বারা ইহার বিপরীত কোন বিষয় স্থির হইলেও তাহা আমাদের আদরণীয়। অতএব এতৎ সিদ্ধান্ত সম্বন্ধে ভবিষ্যৎ পরমার্থবাদী বা বুদ্ধিমান অর্থবাদীদিগের নিকট হইতে অনেক আশা করা যায়।

As far as possible, we have determined the dates of historical events and the periods in which the scriptures were composed, according to modern opinion. Those who seek the essence of dharma (saragrahi) are not attached to particular theories or doctrines. **(43)** Therefore, even if sound reasoning should establish conclusions contrary to those presented here, we would welcome and respect them. Accordingly, we have great hopes that future seekers of the Supreme Truth (paramartha-vadis), or intelligent scholars concerned with worldly knowledge (artha-vadis), will further investigate these conclusions.

Footnote: (43) Bhag. 7.13.7

"Understand the meaning revealed in sacred texts and abandon all desires for debate and arguments. Never cling obstinately to partisan views."

আমাদের শাস্ত্রমতে কল্পবিচার ও যুগবিচার এ প্রকার নয়। আমরা শাস্ত্রবাক্যই বিশ্বাস করি। আধুনিক সিদ্ধান্তসমূহ তদধিকারীদিগের জন্যই দেখাইলাম।

According to our scriptures, however, cosmic periods (kalpa-vichar) and ages (yuga-vichar) are understood differently from the historical chronology presented here. We accept the testimony of scripture as authoritative. The conclusions reached according to modern opinion have been presented for those qualified to consider them.

সেই মতে ভারতীয় আর্য্যপুরুষদিগের আদ্যকাল ৬,৩৪১ বৎসর পূর্ব্বে নিরূপিত হইয়াছে দেখাইয়াও আমরা ভারতের অতুল্য প্রাচীনতা স্থাপন করিলাম; যেহেতু অপর কোন জাতি ইহাঁদের তুল্যকাল হইতে পারিলেন না। কথিত আছে, ইজিপ্ট অর্থাৎ মিশরদেশ অত্যন্ত প্রাচীন। মেনেথো নামক মিশরের ইতিহাসলেখক যাহা যাহা বর্ণন করিয়াছেন, তাহা হইতে অনুমান হয় যে খ্রীষ্টের ৩,৫৫৩ বৎসর পূর্ব্বে ঐ দেশে মানব রাজ্য স্থাপন হয়। তথাকার প্রথম রাজার নাম মিনিস। গণনা করিলে ভারতবর্ষে যখন হরিশ্চন্দ্ররাজা রাজ্য করিতেছিলেন, তখন মিনিসের রাজ্য আরম্ভ হয়। আশ্চর্য্যের বিষয় এই যে, হরিশ্চন্দ্রের সমকালীন মনীশ্চন্দ্রের নাম উল্লেখ আছে এবং ঐ নাম মিনিসের নামের সহিত ঐক্য বোধ হয়। কথিত আছে, মিনিসরাজা পূর্ব্বদেশ হইতে ইজিপ্টে গমন করেন। বৃহৎ পিরামিড, সুফুরাজকর্তৃক নির্ম্মিত হয়। খ্রীষ্টের ২,০০০ বৎসর পূর্ব্বে অর্থাৎ মহাভারত যুদ্ধের প্রায় ২০০ বৎসর পূর্ব্বে হিকসস্ নামক একজন পূর্ব্বদেশীয় রাজা ইজিপ্ট আক্রমণ করেন। বর্ণাশ্রমরূপ একটী ধর্ম্ম ইজিপ্টে প্রচলিত ছিল। ইহাতে ভারতবর্ষের সহিত ইজিপ্টের কোন সম্বন্ধ থাকা বোধ হয়। ভবিষ্যৎ অর্থবাদীগণ ইহার অনুসন্ধান করুন।

Even according to that modern opinion, which places the beginnings of the Indian Aryas 6,341 years ago, we have established India's unequalled antiquity, since no other people could be traced back to an equally early period. Egypt is said to be extremely ancient. From the accounts of the Egyptian historian Manetho, it may be inferred that human kingship was established there 3,553 years before Christ. Its first king was named Menes. By calculation, Menes began his reign while King Harishchandra was ruling in India. Interestingly, a contemporary of Harishchandra named Manishchandra is mentioned, and this name appears to correspond to Menes. It is said that King Menes came to Egypt from the East. The Great Pyramid was built by King Suphu. Two thousand years before Christ, approximately two hundred years before the Mahabharata war, an eastern king named Hyksos invaded Egypt. A religious system resembling varnashrama was prevalent there. These circumstances suggest some connection between India and Egypt. Let future investigators of worldly knowledge examine this matter.

হিব্রুদেশের মতে মানব সৃষ্টি খ্রীষ্টের ৪,০০০ বৎসর পূর্ব্বে হয়, এমত কি শ্রাবস্তরাজার সময়ে বলিয়া স্থির করা যাইতে পারে। ঐ সকল বিষয় সম্প্রতি স্পষ্ট প্রমাণ করা যাইতে পারে না। হিব্রু ও মিসরদেশের বিষয় যখন এই প্রকার প্রদর্শিত হইল তখন অন্যান্য জাতিসমূহের কথা উল্লেখ করার প্রয়োজন নাই।

According to Hebrew tradition, humanity was created four thousand years before Christ, which may be placed in the time of King Shravasta. These matters cannot presently be conclusively proved.

Having thus considered the Hebrews and Egypt, there is no need to discuss the other peoples.

ইজিপ্টের মিনিসরাজার পূর্ব্বে বর্ণিত ঘটনা সকল অলৌকিক। হিব্রুজাতির মধ্যে আদমের ১,০০০ বৎসর জীবনবৃত্তান্তও তদ্রূপ। তত্তদ্দেশের কোমলশ্রদ্ধদিগের বিশ্বাসের বিষয় হইয়াছে। সারগ্রাহীগণ ভারতের ৭১ মহাযুগের মন্বন্তর ও দশরথ রাজার সহস্র বৎসর পরমায়ুর ন্যায় উহাদিগকে জ্ঞান করেন। সারগ্রাহী জনেরা এরূপ বিবেচনা না করুন যে, ভারতের সম্মান বৃদ্ধির জন্য আমরা ভারতকে প্রাচীন বলিয়া স্থির করিলাম। সারগ্রাহী বৈষ্ণবদিগের সর্ব্বজাতির প্রতি সমদৃষ্টি থাকায় নিরূপিত সত্য দ্বারা যে জাতি অতি প্রাচীন বলিয়া স্থির হইবে, তাহাতেই তাঁহারা অনুমোদন করিবেন।

The events described as occurring in Egypt before King Menes are all supernatural accounts. The Hebrew account of Adam's thousand-year lifespan is of the same kind. These have become matters of belief for persons of tender faith in those countries. Those who seek the essence regard them as they regard India's manvantaras of seventy-one mahayugas and King Dasharatha's thousand-year lifespan. Let those who seek the essence not suppose that we have declared India ancient merely to enhance its prestige. Since Vaishnavas who seek the essence regard all peoples impartially, they will accept whichever people the established facts show to be the most ancient.

সম্প্রতি পরমার্থতত্ত্বের উদয়কাল হইতে সাম্প্রত অবস্থা পর্য্যন্ত যে যে পরিবর্তন ও উন্নতি-সোপান বিগত হইয়াছে তাহা আলোচনা করিতে প্রবৃত্ত হইলাম। পরমার্থতত্ত্বই আত্মার স্বধর্ম্ম। জীবসৃষ্টির সহিত ঐ নিত্যধর্ম্মের একত্রাধিষ্ঠান স্বীকার করিতে হইবে*। আদৌ ঐ স্বধর্ম্ম স্বপ্রকাশরূপে ব্রহ্মের সহিত আত্মার ঐক্য চিন্তনরূপ অস্ফুট ছিল। আত্মা ও ব্রহ্মের বিশেষ ভেদ স্থাপনপূর্ব্বক পরমপ্রেমরূপ বন্ধনগ্রন্থি বিচারিত হয় নাই*। সেই স্বধর্ম্মতত্ত্ব অনেক দিবস পর্য্যন্ত ব্রহ্মাত্মার অভিন্নতা বুদ্ধিস্বরূপে বর্তমান ছিল।

I shall now discuss the changes and stages of development through which spiritual understanding has passed, from its first appearance to its present condition. Spiritual truth is the soul's own intrinsic dharma. We must acknowledge that this eternal dharma exists together with the jiva from the jiva's creation. **(44)** At first, this intrinsic dharma was only indistinctly manifest, as contemplation of the soul's oneness with Brahman. The distinction between the soul and Brahman had not been established, nor had the bond of supreme love between them been examined. **(45)** For a long time, this understanding of intrinsic dharma remained in the form of a conception that Brahman and the soul are an identical oneness.

কিন্তু সূর্য্যরূপ সত্য কদাপি ভ্রম-মেঘের দ্বারা চিরকাল আচ্ছন্ন থাকিতে চাহে না। ঋষিগণ সময়ে সময়ে যজ্ঞ, তপস্যা, ইজ্যা, শম, দম, তিতিক্ষা, দান ইত্যাদি নানাপ্রকার অভিধেয় কল্পনা করতঃ সেই স্বধর্ম্মকে স্থির করিতে যত্ন করিয়াছেন। ব্রহ্মাস্মীতিরূপ চিন্তা পরিত্যাগপূর্ব্বক জড়াত্মক কর্ম্মকাণ্ডে স্বধর্ম্মের অনুসন্ধান

Footnote: (44) Mundaka Up. 1.1.1
(45) Chandogya Up. 4.4.5

করিতে করিতে অনেক দিন বিগত হইল। ভ্রম হইতে ভ্রমান্তরে পতনকালে প্রায় ভ্রমাবৃত হইয়া পতনকার্য্যকে উন্নতি বলিয়া বোধ হয়। কিন্তু কিছুদিনের মধ্যেই ভ্রমটী প্রতীত হয়। যৎকালে কর্ম্মকাণ্ডে ক্ষুদ্র ও মন্দ ফল বিবেচিত হইল তখন আর্য্যদিগের মন মোক্ষানুসন্ধানে প্রবৃত্ত হইল। কিন্তু তাহাও শুষ্ক ও কার্য্যগতিকে বিফল।

But truth, like the sun, will never remain forever concealed by the clouds of error. From time to time, the rishis devised various practices—sacrifice, austerity, worship, tranquillity of mind, restraint of the senses, endurance, charity, and others—in an effort to establish the soul's intrinsic dharma. Having abandoned the contemplation "I am Brahman," they spent a long time searching for that dharma within material ritual activities. When falling from one error into another, people often remain so enveloped in error that they mistake their decline for progress. Before long, however, the error becomes apparent. When the results of ritual action were recognised as limited and unsatisfactory, the minds of the Aryas turned towards the search for liberation. But that too was dry and, in practice, fruitless.

যত দিনেই হউক সত্যের প্রকাশ অবশ্যই হইবে। পরে আর্য্যহৃদয়ে অপূর্ব্ব তত্ত্বের উদয় হইলে প্রেমসূত্রের স্বরূপটী স্পষ্টীভূত হইল*। সারগ্রাহী বৈষ্ণবগণ ঐ নিত্যধর্ম্ম সম্বন্ধে এপর্য্যন্ত নিম্নলিখিত কয়েকটী বিষয় স্থির করিয়াছেন। কালক্রমে কিছু পরিবর্তন হইলেও হইতে পারে।

However long it may take, truth must eventually reveal itself. Later, when an extraordinary spiritual truth arose within the hearts of the Aryas, the nature of the bond of prema became clear. Up to the present time, Vaishnavas who seek the essence have established the following principles concerning that eternal dharma. With the passage of time, some changes may still occur.

১। পরমাত্মা—সচ্চিদানন্দ সূর্য্যস্বরূপ বিভু চৈতন্য; জীবাত্মা—তদ্রশ্মি পরমাণুস্বরূপ অণুচৈতন্য।

1. Paramatma is infinite consciousness, like the sun of eternal being, consciousness, and bliss; the jivatma is minute consciousness, like an atomic particle of a ray proceeding from that sun.

২। ভগবচ্ছক্তির আবির্ভাবরূপ বিশেষ নামে কোন অনির্বচনীয় চৈতন্যগত নিত্যধর্ম্মের দ্বারা বিভুচৈতন্য অণুচৈতন্য হইতে ভিন্ন, অণুচৈতন্য সকল পরস্পর ভিন্ন, চৈতন্যগণের অবস্থানোপযোগী পীঠস্থাপন এবং চৈতন্যবস্তু হইতে জড়াত্মক জগৎ ভিন্ন হইয়াছে।

2. Through an indescribable eternal principle inherent in consciousness, specifically known as a manifestation of Bhagavan's shakti, infinite consciousness is distinct from minute consciousness; each minute consciousness is distinct from every other; suitable resting places are established for conscious beings; and the material world is distinct from conscious reality.

৩। জড়াত্মক জগৎটী চিজ্জগতের প্রতিফলিত ধামবিশেষ এবং শুদ্ধানন্দের বিপরীত কোনপ্রকার আভাসরূপ সুখদুঃখের পীঠস্বরূপ।

3. The material world is a particular realm reflected from the spiritual world. It is the resting place of happiness and suffering that are a kind of semblance of pure spiritual bliss, yet opposite to it in nature.

৪। জড় জগতে জীবাত্মার নিত্যসম্বন্ধ নাই। কেবল বদ্ধাবস্থায় উহা জীবাবাস মাত্র। অচিন্ত্য ভগবচ্ছক্তি কর্তৃক বদ্ধ জীবগণ জড়ানুযন্ত্রিত হইয়া কেহ বা জড়সুখে আবদ্ধ আছেন কেহ বা চিৎসুখ অন্বেষণ করিতেছেন।

4. The jivatma has no eternal relationship with the material world. It serves as the jiva's dwelling place only in the conditioned state. Through the inconceivable shakti of Bhagavan, conditioned jivas remain subject to the workings of matter: some remain bound by material happiness, while others seek the happiness of spiritual consciousness.

৫। স্বতঃ পরতঃ পরতত্ত্বের প্রতি জীবের অনুরাগরূপ স্বাভাবিকী প্রবৃত্তির নাম জীবের স্বধর্ম্ম। বদ্ধাবস্থায় বিষয়রাগরূপ ঐ স্বধর্ম্মের বিকৃত ভাবটী শোচনীয়।

5. The jiva's natural tendency of loving attraction towards the Supreme Truth, arising spontaneously or through the influence of others, is called the jiva's intrinsic dharma. In the conditioned state, the lamentable distortion of that dharma appears as attachment to material objects.

৬। স্বধর্ম্মের স্বরূপাবস্থিতির নাম মোক্ষ। স্বালোচন কার্য্য অর্থাৎ ভক্তির দ্বারা তাহা সাধিত হয়।

6. Moksha, liberation, is the state in which the soul's intrinsic dharma is established in its own true nature. This is attained through the cultivation of that nature—that is, through bhakti.

৭। অধিকারভেদে স্বধর্ম্মানুশীলন বিবিধরূপ। তন্মধ্যে কতকগুলি সাক্ষাৎ; কতকগুলি গৌণ।

7. According to differences in spiritual qualification, the cultivation of the soul's intrinsic dharma takes various forms. Some practices are direct; others are secondary.

৮। স্বরূপপ্রাপ্তি যে সকল অনুশীলনকার্য্যের একমাত্র উদ্দেশ্য ও অন্য ফলের সম্ভাবনা নাই; তাহারা সাক্ষাৎ।

8. Those practices whose sole purpose is the attainment of one's true spiritual nature, and which offer no possibility of any other result, are direct practices.

৯। যে সকল অনুশীলনকার্য্য দ্বারা দেহসম্বন্ধে কোন অবান্তরফলপ্রাপ্তি সংঘটন হয়, সে সকল গৌণ।

9. Those practices that produce some incidental result connected with the body are secondary.

১০। সমাধিই প্রধান সাক্ষাদনুশীলন। তৎপোষক জীবননির্ব্বাহোপযোগী কর্ম্ম সকলকে প্রধান গৌণানুশীলন বলিয়া বুঝিতে হইবে।

10. Samadhi is the principal direct practice. The activities necessary for maintaining life that support samadhi should be understood as

the principal secondary practices.

১১। সমাধিযোগে ব্রজভাবগতরসাশ্রিত কৃষ্ণানুশীলনই জীবের নিয়ত কর্তব্য; যেহেতু ঐ ভাবটী জীবের প্রাপ্য বিষয়ের অত্যন্ত সন্নিকর্ষ।

11. Through samadhi, the jiva's constant duty is the cultivation and service of Krishna, taking shelter of the rasa inherent in the loving disposition of Braja, because that disposition brings the jiva into the closest proximity to the ultimate object of attainment.

১২। পরম মাধুর্য্যস্বরূপ শ্রীকৃষ্ণে গাঢ় মধুর রসের আলোচনাই চরম কর্তব্য।

12. The highest duty is the deep cultivation of madhura-rasa, the intimate love of the beloved, in relation to Sri Krishna, who is the very embodiment of supreme sweetness.

এই দ্বাদশটী তত্ত্বের মধ্যে প্রথম চারিটী তত্ত্বে কেবল সম্বন্ধজ্ঞান সঙ্কলিত হইয়াছে। পঞ্চম হইতে দশম তত্ত্ব পর্য্যন্ত জীবের কর্তব্য নিরূপিত হইয়াছে। শেষ দুইটী তত্ত্বে কেবল জীবের চরম প্রয়োজনরূপ পরম ফলের উদ্দেশ আছে।

Among these twelve principles, the first four comprise knowledge of the fundamental relationships between Bhagavan, the jiva, and existence. From the fifth to the tenth, the duties of the jiva are defined. The final two indicate the supreme result—the jiva's ultimate attainment.

প্রাজাপত্য, মানব ও দৈবাধিকারে সম্বন্ধতত্ত্ব কেবল বীজরূপে উপলব্ধ হয়। কেহ উপাস্য আছেন তাঁহাকে সন্তোষ রাখা কর্তব্য এই মাত্র বোধ ছিল। প্রণব গায়ত্র্যাদিতে এই মাত্র বুঝা যায়। সে কালে কর্তব্যসম্বন্ধে কর্ম্ম ও জ্ঞানের মধ্যে কিয়ৎপরিমাণে বিবাদ ছিল। সনক সনাতনাদি কয়েক জন প্রবৃত্তিমার্গকে নিতান্ত অবহেলা করিয়াছিলেন, কিন্তু প্রজাপতি মনু ও ইন্দ্রাদি দেবগণ যজ্ঞাদি দ্বারা সংসার-উন্নতিক্রমে হরিতোষণ-আশা করিতেন। ফলতত্ত্বে তাঁহাদের স্বর্গ নরকরূপ চিন্তামাত্র উদয় হইয়াছিল। আত্মার বিশুদ্ধসত্তা ও মোক্ষাভিসন্ধান ও চরমে পরম প্রীতি, এ সকল কিছুই উপলব্ধ হয় নাই।

During the Prajapatya, Manava, and Daiva periods, knowledge of spiritual relationships was understood only in seed form. There was merely the understanding that someone worthy of worship exists and that it is our duty to keep Him satisfied. Only this much is expressed in the pranava, Gayatri, and similar mantras. At that time there was some disagreement between the paths of action and knowledge concerning one's duty. Sanaka, Sanatana, and a few others entirely disregarded the path of worldly engagement, while the Prajapatis, Manu, and devas such as Indra hoped to satisfy Hari through sacrifices and the advancement of worldly life. Concerning the ultimate result, only conceptions of heaven and hell had arisen. **(45)** The soul's pure existence, the pursuit of liberation, and, ultimately, supreme love had not yet been understood.

বৈবস্বতাধিকারের শেষার্দ্ধে যখন স্মৃতিশাস্ত্র ও ইতিহাস রচিত হইল, তখনই আত্মবোধ ও আত্মগতির অনেক বিচার উপস্থিত হইল*। কিন্তু প্রয়োজনতত্ত্বের

Footnote: (45) Manu Samhita 2.86

বিশেষ উন্নতি হইয়াছিল এমত বোধ হয় না। অন্ত্যজাধিকার ও ব্রাত্যাধিকারে দর্শন ও পুরাণশাস্ত্রে সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন এই তিন তত্ত্বেরই বিশেষ উন্নতি দেখা যায়। শ্রীমদ্ভাগবত শাস্ত্রেই এই তিনটী তত্ত্বের সম্পূর্ণ আলোচনা দৃষ্ট হয় এবং সিদ্ধান্ত সকল স্পষ্টরূপে কথিত হইয়াছে।

In the latter half of the Vaivasvata period, when the Smriti scriptures and historical works were composed, extensive inquiry into knowledge of the self and the soul's destination arose. Yet there does not appear to have been any particular advancement in understanding the ultimate goal. During the Antyaja and Vratya periods, the philosophical scriptures and Puranas show considerable development in all three principles: sambandha, spiritual relationships; abhidheya, the practice to be undertaken; and prayojana, the ultimate attainment. The Srimad Bhagavatam contains a complete discussion of these three principles and states its conclusions clearly.

কিন্তু শ্রীমদ্ভাগবত সমুদ্রবিশেষ। ইহার কোন্ অংশে কি কি রত্ন আছে, তাহা সংগ্রহ করা মধ্যমাধিকারীদিগের পক্ষে নিতান্ত কঠিন। ইহা বিবেচনা করিয়া পরমদয়ালু শঠকোপশিষ্য রামানুজাচার্য্য সর্ব্বাদৌ বৈষ্ণবতত্ত্বের সারসংগ্রহ করেন। তাঁহার কিছুদিন পূর্ব্বে শঙ্করাচার্য্য বেদান্তসূত্রের ভাষ্য রচনা করতঃ জ্ঞানচর্চ্চার এতদূর বৃদ্ধি করিয়াছিলেন যে, ভক্তিদেবী* অনেক দিবস পর্যন্ত কুণ্ঠিতা ও সচকিতা হইয়া ভক্তগণের হৃদয়গহ্বরে লুকায়িত ছিলেন।

But the Srimad Bhagavatam is like an ocean. For those of intermediate spiritual qualification, it is exceedingly difficult to gather its jewels and determine which treasures lie in which parts. Considering this, the most compassionate Ramanujacharya, a disciple of Shathakopa, first gathered together the essence of Vaishnava teaching. Some time before him, Shankaracharya had composed his commentary on the Vedanta-sutra and advanced the cultivation of knowledge to such an extent that Bhaktidevi, devotion personified, **(46)** remained withdrawn and apprehensive for a long time, concealed within the hearts of the devotees.

শঙ্করাচার্য্যকে আমরা দোষ দিতে পারি না, কেননা তাঁহার তৎকালে তৎকার্য্যে প্রবৃত্ত হওয়ার হেতু ছিল। সকলেই অবগত আছেন, যে খ্রীষ্টের প্রায় ৫০০ বৎসর পূর্ব্বে কপিলাবস্তু নগরে জন্মগ্রহণ করিয়া শাক্যকুলোদ্ভব গোতম নামক একজন মহাত্মা জ্ঞানকাণ্ডের এতদূর প্রবল আলোচনা করেন যে, তদ্দ্বারা আর্য্যদিগের পূর্ব্বনির্দ্দিষ্ট বর্ণাশ্রমরূপ সাংসারিক ধর্ম্ম লোপপ্রায় হইতে লাগিল। তাঁহার প্রচারিত বৌদ্ধধর্ম্মটী আর্য্যদিগের সমস্ত পুরাতন বিষয়ের কণ্টকস্বরূপ হইয়া উঠিল।

We cannot blame Shankaracharya, for there were reasons for his undertaking that work at that time. Everyone knows that about five hundred years before Christ, a great soul named Gotama, born into the Shakya lineage in the city of Kapilavastu, cultivated the path of knowledge so powerfully that the established worldly religion of the Aryas, the varnashrama system, began almost to disappear. The Buddhist religion he propagated became a thorn in the side of all the ancient traditions of the Aryas.

Footnote: (46) Bhag. 6.11.24-25, and see Bhaktirasamritasindu

বৌদ্ধধর্ম্ম ক্রমশঃ পঞ্জাবদেশ অতিবাহিত করিয়া সিধিয়বংশীয় কনিষ্ক, হবিষ্ক ও বাসুদেব প্রভৃতি রাজাগণের আশ্রয়ে হিমালয়ের উত্তরদেশে ত্রিবর্ত, তাতার, চীন প্রভৃতি নানাদেশে ব্যাপ্ত হইল। এদিগে ব্রহ্মদেশ, সিংহল দ্বীপ প্রভৃতি অনেক স্থানে বৌদ্ধ মতটী অশোকবর্দ্ধনের যত্নক্রমে দৃঢ়মূল হইয়া গেল। ভারতবর্ষেও ঐ ধর্ম্ম সারীপুত্র, মৌদ্গাল্যায়ণ, কাশ্যপ ও আনন্দ প্রভৃতি শিষ্যগণের দ্বারা প্রচারিত হইয়া ক্রমশঃ উদয়ন, হর্ষবর্দ্ধন প্রভৃতি রাজাগণের সাহায্যে সর্ব্বত্র ব্যাপ্ত হইল। আর্য্যদিগের যে যে তীর্থ ছিল ঐ সকল স্থান বৌদ্ধপ্রায় হইয়া গেল। এমত কি, ব্রাহ্মণদিগের ধর্ম্মের প্রায় সকল চিহ্নই লুপ্ত হইতে লাগিল।

Buddhism gradually spread beyond the Punjab and, under the patronage of kings of Scythian lineage such as Kanishka, Huvishka, and Vasudeva, extended into countries north of the Himalayas, including Trivarta, Tartary, and China. Through Ashokavardhana's efforts, Buddhist teachings also became firmly established in Burma, Ceylon, and many other places. Within India, disciples such as Sariputra, Maudgalyayana, Kashyapa, and Ananda propagated that religion, which gradually spread everywhere with the support of kings such as Udayana and Harshavardhana. The places of pilgrimage belonging to the Aryas became predominantly Buddhist. Indeed, almost every trace of the brahmanas' religion began to disappear.

যখন এই প্রকার উপপ্লব অত্যন্ত কঠিন হইয়া পড়িল, তখন খ্রীষ্টের সপ্তম শতাব্দিতে ব্রাহ্মণেরা অত্যন্ত ক্রুদ্ধ হইয়া ক্রমশঃ দলবদ্ধরূপে বৌদ্ধবিনাশের যত্ন পাইতে লাগিলেন। তৎকালে ঘটনাক্রমে কৃতবিদ্য ও মহাবুদ্ধিশালী শ্রীমচ্ছঙ্করাচার্য্য কাশীনগরে ব্রাহ্মণদিগের সেনাপতি হইয়া উঠিলেন। ইহার কার্য্য আলোচনা করিলে ইহাঁকে পরশুরামের অবতার বলিয়া বোধ হয়। জন্মসম্বন্ধে ইহাঁর অনেক গোলযোগ ছিল; এবিধায় তাঁহাকে মহাদেবের পুত্র বলিয়া তাঁহার অনুগত ব্রাহ্মণেরা স্বীকার করেন। বাস্তবিক তাঁহার বিধবা মাতা দ্রাবিড়দেশীয় স্ত্রী ছিলেন ও কাশীবাস করণার্থে তৎকালে বারাণসীতে অবস্থান করিতেন।

When this upheaval became exceedingly severe, the brahmanas grew furious and, during the seventh century AD, gradually organised themselves into groups intent on destroying Buddhism. At that time, the learned and highly intelligent Sri Shankaracharya emerged as the commander of the brahmanas in Kashi. Considering his activities, he appears to have been an incarnation of Parashurama. There was considerable controversy concerning his birth; therefore, the brahmanas who followed him acknowledged him as a son of Mahadeva. In fact, his widowed mother was a woman from the Dravida country who was then residing in Varanasi for the purpose of showing reverence to the sacred tirtha of Kashi.

জন্মসম্বন্ধে যাহার যে দোষ থাকুক তাহা সারগ্রাহীদিগের গ্রাহ্য নয়; যেহেতু যাঁহার যতদূর বৈষ্ণবতা তিনি ততদূর মহৎ। নারদ, ব্যাস, যিশু ও শঙ্কর ইহারা নিজ নিজ কার্য্যগুণে জগন্মান্য হইয়াছেন; ইহাতে কিছুমাত্র তর্ক নাই। তবে আমি যে এস্থলে শঙ্করের উৎপত্তি উল্লেখ করিলাম সে কেবল একটী বিচার দর্শাইবার জন্য বুঝিতে হইবে। বিচারটী এই যে, সপ্তম শতাব্দি হইতে দাক্ষিণাত্য প্রদেশে যেরূপ বুদ্ধির প্রাবল্য ও তীক্ষ্ণতা দেখা যায় সেরূপ অন্যত্র নহে। শঙ্কর, শঠকোপ, যামুনাচার্য্য, রামানুজ, বিষ্ণুস্বামী, নিম্বাদিত্য ও মাধ্বাচার্য্য এই সকল ও আর আর অনেক মহা মহা পণ্ডিতগণ ঐ সময় হইতে ভারতের দক্ষিণবিভাগের নক্ষত্রস্বরূপ উদিত হন।

Whatever fault may be attributed to anyone's birth is of no concern to those who seek the essence, for a person's greatness corresponds to the extent of their Vaishnava devotion. Narada, Vyasa, Jesus, and Shankara became honoured throughout the world through the merit of their respective activities; there can be no dispute about this. My mention of Shankara's origins here should be understood as serving only to illustrate a particular point. That point is that, from the seventh century onward, the strength and sharpness of intellect displayed in southern India were not seen to the same degree elsewhere. From that time, Shankara, Shathakopa, Yamunacharya, Ramanuja, Vishnuswami, Nimbaditya, Madhvacharya, and many other great scholars arose like stars in the southern region of India.

শঙ্করাচার্য্য ব্রাহ্মণদলবল লইয়া অধিক কৃতার্থ না হইতে পারায়; গিরি, পুরি, ভারতী প্রভৃতি দশবিধ সন্ন্যাসির পথ সৃজন করিয়া ঐ সকল সন্ন্যাসিদিগের বাহুবলে ও বিচারবলে কর্ম্মপ্রিয় ব্রাহ্মণদিগকে আত্মসাৎ করিয়া বৌদ্ধবিনাশে প্রবৃত্ত হইলেন। যেখানে বৌদ্ধদিগকে স্বদলভুক্ত করিতে না পারিলেন, সেস্থলে নাগা সন্ন্যাসিদল নিযুক্তপূর্ব্বক খড়গাদি অস্ত্রের সাহায্য গ্রহণ করিলেন। অবশেষে বেদান্তভাষ্য রচনাপূর্ব্বক ব্রাহ্মণদিগের কর্মকাণ্ড ও বৌদ্ধদিগের জ্ঞানকাণ্ড একত্র সম্বলিত করিয়া বৌদ্ধ ও ব্রাহ্মণগণকে একমত করিলেন। তৎপরে বৌদ্ধদিগের যে সকল দেবায়তন ও দেবলিঙ্গ ছিল, সে সকল নামান্তর করিয়া বৈদিক ধর্ম্মের অনুগত করিয়া দিলেন। বৌদ্ধেরা কতকটা প্রহারের ভয়ে ও কতকটা স্বধর্ম্মের কিঞ্চিদবস্থান দৃষ্টি করিয়া অগত্যা ব্রাহ্মণাধীন হইয়া পড়িলেন। যে সকল বৌদ্ধেরা এরূপ কার্য্যে ঘৃণাবোধ করিলেন তাঁহারা বুদ্ধদেবের চিহ্ন সমুদায় লইয়া হয় সিংহলদ্বীপে, নয় ব্রহ্মরাজ্যে পলায়ন করিলেন।

Finding that he could accomplish little with the brahmanas alone, Shankaracharya established ten orders of sannyasis, including Giri, Puri, and Bharati. Through their physical strength and powers of reasoning, he brought the brahmanas devoted to ritual action under his influence and undertook the destruction of Buddhism. Wherever he could not bring the Buddhists into his own following, he deployed bands of Naga sannyasis and resorted to swords and other weapons. Finally, by composing his commentary on Vedanta, he combined the ritual teachings of the brahmanas with the knowledge teachings of the Buddhists and brought both groups into agreement. He then renamed the Buddhist temples and sacred images and brought them within Vedic religion. Partly from fear of violence and partly because they saw something of their own religion preserved, the Buddhists were compelled to submit to the brahmanas. Those Buddhists who found these measures abhorrent took their sacred objects associated with Buddha and fled either to Ceylon or to Burma.

বুদ্ধাবতারের দন্ত লইয়া ঐ সময়ে বুদ্ধপণ্ডিতেরা শ্রীপুরুষোত্তম হইতে সিংহলদেশে গমন করেন। তাঁহাদের পরিত্যক্ত বুদ্ধ, ধর্ম্ম ও সংঘরূপ ত্রিমূর্তি তৎপরে শ্রীজগন্নাথ, বলদেব ও সুভদ্রারূপে পরিচিত হন। পঞ্চম শতাব্দিতে ফাহিয়ান নামক চীনদেশীয় পণ্ডিত পুরুষোত্তম ক্ষেত্র দর্শন করিয়া অত্যন্ত আহ্লাদের সহিত লিখিয়াছিলেন, যে ঐ স্থলে বৌদ্ধধর্ম্ম অদূষিতরূপে ছিল এবং ব্রাহ্মণদিগের কোন দৌরাত্ম্য নাই।

তৎপরে পূর্ব্বোক্ত ঘটনার পর সপ্তম শতাব্দিতে হুয়েনসাং-নামক দ্বিতীয় চীনপণ্ডিত পুরুষোত্তমে আসিয়া লিখিয়াছিলেন, যে বুদ্ধদন্ত সিংহলে নীত হইয়াছে, এবং ব্রাহ্মণগণ কর্তৃক ঐ তীর্থ সম্পূর্ণরূপে দূষিত হইয়াছে। এই সকল ঘটনা ও বৃত্তান্ত আলোচনা করিলে শঙ্করের কার্য্য সকল বিস্ময়জনক হয়।

At that time, Buddhist scholars took the tooth of Buddha avatara from Sri Purushottama to Ceylon. The three images they left behind, representing Buddha, Dharma, and Sangha, subsequently became known as Sri Jagannath, Baladeva, and Subhadra. In the fifth century, a Chinese scholar named Fa-hien visited Purushottama and wrote with great delight that Buddhism remained uncorrupted there and that there was no oppression by the brahmanas. Later, after the events described above, a second Chinese scholar named Hiuen Tsang came to Purushottama in the seventh century and wrote that Buddha's tooth had been taken to Ceylon and that the brahmanas had completely corrupted the place of pilgrimage. Considering these events and accounts, Shankara's activities appear astonishing.

বৌদ্ধনাম দূরীভূত করিয়া শঙ্করাচার্য্য ভারতের কিয়ৎপরিমাণে সাংসারিক উপকার করিয়াছেন; যেহেতু পুরাতন আর্য্যসমাজ ক্রমশঃ হ্রাস হইতেছিল, তাহা নিবৃত্ত হইল। বিশেষতঃ আর্য্যগ্রন্থ মধ্যে বিচারপদ্ধতি প্রবেশ করাইয়া আর্য্যদিগের মনের গতির পরিবর্তন করিয়াছিলেন; এমত কি তাঁহার প্রদত্ত বেগ দ্বারা আর্য্যদিগের বুদ্ধি নূতন নূতন বিষয় বিচারে সমর্থ হইয়া উঠিল।

By removing the Buddhist designation, Shankaracharya benefited India's worldly affairs to some extent, for the ancient Arya society had been gradually declining, and that decline was checked. In particular, by introducing a method of reasoning into Aryan literature, he changed the direction of Arya thinking towards a far more rationalist viewpoint. Indeed, the impetus he provided enabled their minds to examine new subjects.

শঙ্করের তর্কস্রোতে ভক্তিকুসুম ভক্তচিত্তস্রোতস্বতীতে ভাসমান হইয়া অস্থির ছিলেন, কিন্তু রামানুজাচার্য্য শঙ্কর-প্রদত্ত বিচারবলে ও ভগবৎকৃপায় শারীরক সূত্রের ভাষ্যান্তর বিরচন করতঃ পুনরায় বৈষ্ণবতত্ত্বের বল সমৃদ্ধি করিলেন। অতি অল্প দিনের মধ্যে বিষ্ণুস্বামী, নিম্বাদিত্য ও মাধ্বাচার্য্য ইহারাও বৈষ্ণবমতের কিছু কিছু ভিন্ন আকার স্থাপন করতঃ স্ব স্ব মতে শারীরক ভাষ্য রচনা করিলেন। কিন্তু সকলেই শঙ্করের অনুগত। শঙ্করাচার্য্যের ন্যায় সকলেই একটী একটী গীতাভাষ্য, সহস্রনাম ভাষ্য ও উপনিষৎ ভাষ্য রচনা করিয়াছিলেন। এইরূপ একটী মত তখন জনগণের হৃদয়ে জাগরুক হইল যে, কোন একটী সম্প্রদায় স্থির করিতে হইলে উপরোক্ত চারিটী গ্রন্থের ভাষ্য থাকা আবশ্যক। উক্ত চারি জন বৈষ্ণব হইতে শ্রীবৈষ্ণব প্রভৃতি চারিটী সম্প্রদায় চলিয়া আসিতেছে। পূর্ব্বদর্শিত দ্বাদশ তত্ত্বের মধ্যে প্রথম ১০টী ঐ চারি সম্প্রদায়ে বিশেষরূপে অনুভূত ছিল। শেষ দুইটী তত্ত্ব তৎকালে মাধ্ব, নিম্বাদিত্য ও বিষ্ণুস্বামী, এই তিন সম্প্রদায়ে কিয়ৎপরিমাণে আলোচিত হইত।

In the current of Shankara's arguments, the flower of devotion floated unsteadily upon the river of the devotees' hearts. But through the power of reasoning supplied by Shankara and the grace of Bhagavan, Ramanujacharya composed another commen-

tary on the Shariraka-sutra, or Vedanta-sutra, and restored the strength of Vaishnava teaching. Within a short time, Vishnuswami, Nimbaditya, and Madhvacharya also established somewhat different forms of Vaishnava doctrine and composed commentaries on the Shariraka-sutra according to their respective views. Yet all followed Shankara. Like Shankaracharya, each composed a commentary on the Gita, the thousand names of Vishnu, and the Upanishads. Thus, the conviction arose among people that establishing a religious school required commentaries on these four works. From these four Vaishnava teachers, four traditions, including the Sri Vaishnava tradition, have continued. Of the twelve principles presented earlier, the first ten were particularly well understood in all four traditions. At that time, the final two principles were cultivated to some extent in the three traditions of Madhva, Nimbaditya, and Vishnuswami.

খ্রীষ্টের পঞ্চদশ শতাব্দিতে অর্থাৎ ১৪০৭ শকাব্দায় শ্রীশ্রীচৈতন্য মহাপ্রভু নবদ্বীপে অবতীর্ণ হন। প্রথমে সংসারধর্ম্মে থাকিয়া পরে সন্ন্যাস গ্রহণ করিয়া মহাপ্রভু বৈষ্ণবধর্ম্মের শেষ দুই তত্ত্বের সম্পূর্ণ জ্ঞান বিস্তার করিলেন। বঙ্গভূমি যে দেবদুর্ল্লভ তাহাতে সন্দেহ কি? সেই ভূমিতে অবতীর্ণ হইয়া বৈষ্ণবদিগের পরমপূজনীয় শচীকুমার পরমার্থতত্ত্বের যে অতুল্য সম্পদ সর্ব্বলোককে বিতরণ করিয়াছেন তাহা কে না জানেন? সৌভাগ্যক্রমে আমরা ঐ অপূর্ব্ব দেশে জন্মগ্রহণ করিয়াছি। বহুদিবসের পরেও যে সকল বৈষ্ণবগণ ঐ ভূমিতে উদ্ভূত হইবেন, তাঁহারাও আমাদের ন্যায় আপনাদিগকে ধন্য জ্ঞান করিবেন।

In the fifteenth century AD, in the year 1407 of the Shaka era, Sri Sri Chaitanya Mahaprabhu descended in Nabadwip. Having first lived as a householder and later accepted sannyasa, Mahaprabhu spread complete knowledge of the final two principles of Vaishnava religion. Can there be any doubt that Bengal is a land rarely attained even by the devas? Who does not know of the incomparable wealth of spiritual truth that the son of Sachi, supremely worshipful to the Vaishnavas, distributed to everyone upon descending in that land? By good fortune, we have been born in that extraordinary country. The Vaishnavas who arise there even in the distant future will, like us, consider themselves blessed.

চৈতন্য মহাপ্রভু নিত্যানন্দ ও অদ্বৈতের সাহায্যে রূপ, সনাতন, জীব, গোপালভট্ট, রঘুনাথদ্বয়, রামানন্দ, স্বরূপ ও সার্ব্বভৌম প্রভৃতির দ্বারা বেষ্টিত হইয়া সম্বন্ধতত্ত্ব স্পষ্টরূপে ব্যাখ্যা করিয়াছেন, অভিধেয়তত্ত্বে কীর্ত্তনের শ্রেষ্ঠতা প্রদর্শন করতঃ কার্য্য সংক্ষেপ করিয়াছেন এবং প্রয়োজনতত্ত্বে ব্রজরস আস্বাদন করিবার অত্যন্ত সরল উপায় নির্দ্দিষ্ট করিয়াছেন।

With the assistance of Nityananda and Advaita, and surrounded by Rupa, Sanatana, Jiva, Gopala Bhatta, the two Raghunathas, Ramananda, Svarupa, Sarvabhauma, and others, Chaitanya Mahaprabhu clearly explained sambandha-tattva, the truth of spiritual relationships. In regard to abhidheya-tattva, the practice to be undertaken, He demonstrated the supreme excellence of kirtana and thereby reduced the required practices to their essential form.

In regard to prayojana-tattva, the ultimate attainment, He revealed an exceedingly simple means of tasting the rasa of Braja.

পাঠকবৃন্দ বিশেষ বিচার করিলে দেখিতে পাইবেন যে পরমার্থতত্ত্ব আদিকাল হইতে এ পর্য্যন্ত ক্রমশঃ স্পষ্টীভূত, সরল ও সংক্ষেপ হইয়া আসিয়াছে। যত দেশকালজনিত মলিনতা উহা হইতে দূরীভূত হইতেছে, ততই উহার সৌন্দর্য্য দেদীপ্যমান হইয়া আমাদের সম্মুখীন হইতেছে।

Readers who consider the matter carefully will see that, from the earliest times until the present, spiritual truth has gradually become clearer, simpler, and more concise. As the impurities arising from circumstances of place and time are removed, its beauty shines ever more brilliantly before us.

সরস্বতী তীরে ব্রহ্মাবর্তের কুশময় ভূমিতে ঐ তত্ত্বের জন্ম হয়। ক্রমশঃ প্রবল হইয়া পরমার্থতত্ত্ব বদরিকাশ্রমের তুষারাবৃত ভূমিতে বাল্যলীলা সম্পাদন করেন। গোমতীতীরে নৈমিষারণ্যক্ষেত্রে তাঁহার পৌগণ্ডকাল অতিবাহিত হয়। দ্রাবিড়দেশে কাবেরীস্রোতস্বতীর রমণীয়কূলে তাঁহার যৌবনকার্য্য সকল দৃষ্ট হয়। জগৎ-পবিত্রকারিণী জাহ্নবীতীরে নবদ্বীপ নগরে ঐ পরম ধর্ম্মের পরিপক্কাবস্থা পরিদৃশ্য হয়।

This truth was born upon the kusa-covered land of Brahmavarta on the bank of the Saraswati. Growing gradually in strength, spiritual truth performed its childhood pastimes upon the snow-covered land of Badarikashrama. At Naimisharanya on the bank of the Gomati, it passed through its boyhood stage. In the Dravida country, upon the beautiful banks of the flowing Kaveri, the activities of its youth were displayed. At Nabadwip, on the bank of the Jahnavi, purifier of the entire world, this supreme dharma reached its fully mature state.

সমস্ত জগতের ইতিহাস আলোচনা করিলেও শ্রীনবদ্বীপে পরমার্থতত্ত্বের চরম উন্নতি দেখা যায়। পরব্রহ্ম জীবসমূহের একান্ত প্রেমের আস্পদ। অনুরাগক্রমে তাঁহাকে না ভজন করিলে তিনি কখনই জীবের পক্ষে সুলভ হইতে পারেন না। সমস্ত জগতে জীবের যে স্নেহ আছে, তাহা পরিত্যাগ পূর্ব্বক তাঁহাকে ভাবনা করিলেও তিনি অনায়াসলভ্য নহেন। তিনি রসবিশেষের বশীভূত এবং রস ব্যতীত তাঁহাকে পাওয়া না পাওয়া সমান*।

Even when the entire history of the world is considered, the highest development of spiritual truth is seen in Sri Nabadwip. Parabrahman is the object of the jivas' wholehearted love. Unless He is worshipped with loving attachment, He can never become easily attainable by the jiva. Even if one abandons all the affection one feels for the things of this world and meditates upon Him, He is still not easily attained. He becomes subject to a particular rasa, a loving relationship; without rasa, attaining Him and not attaining Him are practically the same. **(47)**

সেই রস পঞ্চ প্রকার—শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য ও মধুর। শান্তরসটী ব্রহ্মসম্বন্ধে প্রথম রস অর্থাৎ জীবের সংসারযন্ত্রণা নিরত্ত্যন্তর পরব্রহ্মে অবস্থান মাত্র। ঐ অবস্থায় কিয়ৎপরিমাণ ব্যতিরেক সুখ ব্যতীত আর স্বাধীন ভাব কিছু নাই। তৎকালে

Footnote: (47) "raso vai sah" (Taittiriya Up. 2.7.1)

পরব্রহ্মের সহিত সাধকের কোন সম্বন্ধ স্থাপন হয় নাই। দাস্যরসই দ্বিতীয় রস। শান্তরসের সমস্ত সম্পদ ইহাতে আছে, এবং সে সমস্ত ব্যতীত আরও কিছু ইহাতে উপলব্ধ হয়। ইহার নাম মমতা। ভগবান্ আমার প্রভু আমি তাঁহার নিত্য দাস, এরূপ একটী সম্বন্ধ ঐ রসে লক্ষিত হয়। জগতে যতই উৎকৃষ্ট দ্রব্য থাকুক, মমতা-সম্বন্ধ না থাকিলে, তজ্জন্য কোন প্রকার বিশেষ ব্যস্ততা থাকে না। অতএব দাস্যরস শান্ত অপেক্ষা অনেক গুণে শ্রেষ্ঠ।

That rasa is of five kinds: shanta, peaceful contemplation; dasya, loving service; sakhya, friendship; vatsalya, parental affection; and madhura, the love of the beloved. Shanta-rasa is the first rasa in relation to Brahman. It consists simply of the jiva resting in Parabrahman after the sufferings of worldly existence have ceased. In that condition there is no independent personal disposition beyond a certain happiness arising from the absence of suffering. At that stage, no particular relationship between the practitioner and Parabrahman has been established. Dasya-rasa is the second rasa. It contains all the wealth of shanta-rasa, but something further is experienced within it. This is called mamata, the affectionate sense that Bhagavan is "mine." The relationship perceived in this rasa is: "Bhagavan is my Lord, and I am His eternal servant." However excellent something in this world may be, without an affectionate relationship with it, one feels no particular concern for it. Dasya-rasa is therefore many times greater than shanta-rasa.

শান্ত হইতে যেমত দাস্য শ্রেষ্ঠ, দাস্য হইতে সেইরূপ সখ্য শ্রেষ্ঠ বলিয়া জানিবেন। যেহেতু দাস্যরসে সম্ভ্রমরূপ কণ্টক আছে। কিন্তু সখ্যরসে বিশ্রম্ভরূপ প্রধান অলঙ্কার দৃষ্ট হয়। দাসগণের মধ্যে যিনি সখা তিনি শ্রেষ্ঠ, ইহাতে সন্দেহ কি? সখ্যরসে শান্ত ও দাস্যরসের সকল সম্পদই আছে।

Just as dasya is greater than shanta, understand that sakhya is similarly greater than dasya. Dasya-rasa contains the thorn of reverential reserve, whereas the chief ornament of sakhya-rasa is intimate confidence. Can there be any doubt that, among servants, one who is also a friend holds the highest place? Sakhya-rasa contains all the wealth of both shanta and dasya.

দাস্য হইতে যেমত সখ্য শ্রেষ্ঠ, সখ্য হইতে বাৎসল্য তদ্রূপ শ্রেষ্ঠ; ইহা সহজে দেখা যায়। সমস্ত সখাগণের মধ্যে পুত্র অধিক প্রিয় ও আনন্দোৎপাদক। বাৎসল্যরসে শান্ত প্রভৃতি ঐ চারি রসের সম্পদ দেখা যায়। বাৎসল্যরস অন্য সকল রস হইতে শ্রেষ্ঠ হইলেও মধুররসের নিকট অতি সামান্য বলিয়া বোধ হয়। পিতাপুত্রে অনেক বিষয় গোপন থাকে, কিন্তু স্ত্রীপুরুষে তাহা থাকে না। অতএব গাঢ়রূপে বিচার করিয়া দেখিলে মধুররসে পূর্ব্বগত সমস্ত রস পূর্ণরূপে পরিণাম প্রাপ্ত হইয়াছে দেখা যাইবে।

Just as sakhya is greater than dasya, vatsalya is similarly greater than sakhya; this is easily understood. Among all one's friends, a son is more dear and gives greater joy. Within vatsalya-rasa, the wealth of all four rasas beginning with shanta is found. Although vatsalya is greater than the other rasas, it appears very slight beside madhura-rasa. Between father and son, many matters remain unshared, whereas between husband and wife such reserve does not remain. Therefore, when the matter is considered deeply, all

the preceding rasas can be seen to reach their fullest development in madhura-rasa.

এই পঞ্চরসের ইতিহাস দেখিলে স্পষ্ট প্রতীত হয় যে, শান্তরস সর্ব্বাদৌ ভারতবর্ষে পরিদৃশ্য হইয়াছিল। যখন প্রাকৃত বস্তুতে যজ্ঞাদি ক্রিয়া দ্বারা আত্মা সন্তুষ্ট হইল না, তখন সনক, সনাতন, সনন্দ, সনৎকুমার, নারদ, মহাদেব প্রভৃতি পরমার্থবাদীরা প্রাকৃত জগতে নিঃস্পৃহ হইয়া পরব্রহ্মে অবস্থিতি পূর্ব্বক শান্তরসের অনুভব করিলেন। তাহার ১৫০০ বৎসর পর কপিপতি হনুমানে দাস্যরসের উদয় হয়। ঐ দাস্যরস ক্রমশঃ ব্যাপ্ত হইয়া এসিয়া প্রদেশের উত্তরপশ্চিমাংশে মোসেস নামক মহাপুরুষে সুন্দররূপে পরিদৃশ্য হয়। কপিপতি হইতে প্রায় ৮০০ বৎসর পর উদ্ধব ও অর্জুন ইহারা সখ্যরসের অধিকারী হন, এবং ঐ রস জগতে প্রচার করেন। ক্রমশঃ ঐ রস ব্যাপ্ত হইয়া আরবদেশে মহম্মদ নামক ধর্ম্মবেত্তার হৃদয়কে স্পর্শ করে।

When the history of these five rasas is considered, it becomes clear that shanta-rasa first appeared in India. When the soul could no longer find satisfaction in material objects through sacrifice and similar activities, seekers of spiritual truth such as Sanaka, Sanatana, Sananda, Sanat-kumara, Narada, and Mahadeva became detached from the material world, rested in Parabrahman, and experienced shanta-rasa. Fifteen hundred years later, dasya-rasa appeared in Hanuman, lord of the vanaras. That dasya-rasa gradually spread and was beautifully manifested in the great personality Moses in northwestern Asia. About eight hundred years after Hanuman, Uddhava and Arjuna became qualified for sakhya-rasa and propagated it throughout the world. Gradually, that rasa spread and touched the heart of Muhammad, the religious teacher of Arabia.

বাৎসল্যরস সময়ে সময়ে ভারতবর্ষে ভিন্ন ভিন্ন আকারে উদয় হইয়াছিল। তন্মধ্যে ঐশ্বর্য্যগত বাৎসল্যরস ভারত অতিক্রম করতঃ এহুদদিগের ধর্ম্মপ্রচারক যিশুনামক মহাপুরুষে সম্পূর্ণ উদিত হয়। মধুররসটী প্রথমে ব্রজধামেই জাজ্বল্যমান হয়। বদ্ধ জীবহৃদয়ে ঐ রসের প্রবেশ করা অতীব দুরূহ কেননা, উহা শুদ্ধ জীবনিষ্ঠ। নবদ্বীপচন্দ্র শচীকুমার স্বদল সহকারে ঐ নিগূঢ়রসের প্রচার করেন। ভারত অতিক্রম করিয়া উক্ত রস এপর্য্যন্ত অন্যত্র ব্যাপ্ত হয় নাই।

Vatsalya-rasa appeared from time to time in India in various forms. Among these, vatsalya-rasa imbued with divine majesty passed beyond India and became fully manifest in the great personality Jesus, the religious teacher of the Jews. Madhura-rasa first shone brilliantly in Braja-dhama. It is exceedingly difficult for this rasa to enter the heart of a conditioned jiva, because it rests entirely upon the jiva's pure spiritual nature. The moon of Nabadwip, the son of Sachi, together with His associates, propagated this profound rasa. Beyond India, however, this rasa has not yet spread elsewhere.

অল্প দিন হইল নিউমান নামক পণ্ডিত ইংলণ্ডদেশে ঐ রসের কিয়ৎ পরিমাণ উপলব্ধি করিয়া একখানি গ্রন্থ রচনা করিয়াছেন। ইউরোপ আমেরিকা প্রভৃতি দেশস্থ ব্যক্তিরা এপর্য্যন্ত যিশু-প্রচারিত বাৎসল্যরসের মাধুর্য্যে পরিতৃপ্ত হন নাই। আশা করা যায়, যে ভগবৎকৃপাবলে তাঁহারা অনতিবিলম্বেই মধুররসের আসবপানে আসক্ত হইবেন। দেখা যাইতেছে যে, যে রস ভারতে উদয় হয় তাহা অনেক দিন পরে পশ্চিমদেশ সকলে ব্যাপ্ত হয়, অতএব মধুররস সম্যক্ জগতে প্রচার হইবার এখনও কিছু কাল বিলম্ব আছে। যেমত সূর্য্যদেব প্রথমে ভারতে উদয় হইয়া ক্রমশঃ

পশ্চিম দেশ সকলে আলোকপ্রদান করেন, তদ্রূপ পরমার্থতত্ত্বের অতুল্য কিরণ সময়ে সময়ে ভারতে উদয় হইয়া কিয়দ্দিবস পরে পাশ্চাত্য দেশে ব্যাপ্ত হয়।

Not long ago, an English scholar named Newman perceived something of this rasa and composed a book concerning it. The people of Europe, America, and other countries have not yet found complete satisfaction in the sweetness of the vatsalya-rasa propagated by Jesus. It may be hoped that, by Bhagavan's grace, before long they too will become eager to drink the intoxicating nectar of madhura-rasa. We can see that a rasa which first appears in India spreads to the countries of the West only after a considerable time. Some time must therefore still pass before madhura-rasa is fully propagated throughout the world. Just as the sun first rises over India and gradually illuminates the Western countries, so the incomparable rays of spiritual truth arise from time to time in India and, after some time, spread throughout the West.

পূর্ব্ব পূর্ব্ব শাস্ত্রকারেরাও ভগবদ্ভাব উদয়কাল হইতে এখন পর্য্যন্ত যে সকল উন্নতি অবলম্বন করিয়াছেন, তাহা আলোচনা পূর্ব্বক তারকব্রহ্ম নামের যুগে যুগে ভিন্নতা প্রদর্শন করিয়াছেন।

The earlier authors of scripture also considered the successive developments from the first appearance of consciousness of Bhagavan down to their own times. Accordingly, they presented different forms of the Taraka-brahma Nama—the divine Name that carries the soul beyond worldly bondage—for the different yugas.

সত্যযুগের তারকব্রহ্ম নাম।

The Taraka-brahma Name for Satya-yuga.

নারায়ণ পরাবেদা নারায়ণ পরাক্ষরাঃ।
নারায়ণ পরামুক্তি নারায়ণ পরাগতিঃ॥

Narayana is the supreme foundation of the Vedas; Narayana is the supreme foundation of sacred syllables. Narayana is the supreme foundation of liberation; Narayana is the ultimate destination.

ইহার তাৎপর্য্য এই যে, বিজ্ঞান, ভাষা, মুক্তি ও চরমগতি এই সমস্ত বিষয়ের আস্পদ নারায়ণ। ঐশ্বর্য্যগত পরব্রহ্মের নাম নারায়ণ। বৈকুণ্ঠ ও পার্ষদ সকল যে বর্ণিত আছে, তাহাতে নারায়ণরূপ ভগবদ্ভাব সম্পূর্ণরূপে উপলব্ধ হয়। এই অবস্থায় শুদ্ধ শান্ত ও কিয়ৎপরিমাণে দাস্যের উদয় দেখা যায়।

The purport is that Narayana is the resting place of knowledge, language, liberation, and the ultimate destination. Narayana is the name of Parabrahman manifest in divine majesty. The descriptions of Vaikuntha and His associates fully reveal the conception of Bhagavan as Narayana. At this stage, pure shanta-rasa and some measure of dasya-rasa appear.

রাম নারায়ণানন্ত মুকুন্দ মধুসূদন।
কৃষ্ণ কেশব কংসারে হরে বৈকুণ্ঠ বামন॥

O Rama, Narayana, Ananta, Mukunda, Madhusudana; O Krishna, Keshava, enemy of Kamsa, Hari, Vaikuntha, and Vamana.

এইটী ত্রেতাযুগের তারকব্রহ্ম নাম। ইহাতে যে সকল নামের উল্লেখ আছে, তাহাতে ঐশ্বর্য্যগত নারায়ণের বিবিধ বিক্রম সকল সূচিত হইয়াছে। ইহা সম্পূর্ণ দাস্যরসপর ও কিয়ৎপরিমাণে সখ্যের আভাস দান করিতেছে।

This is the Taraka-brahma Name for Treta-yuga. The names mentioned here indicate the various heroic deeds of Narayana in His divine majesty. It is wholly devoted to dasya-rasa, while also giving some indication of sakhya-rasa.

হরে মুরারে মধুকৈটভারে গোপাল গোবিন্দ মুকুন্দ সৌরে।
যজ্ঞেশ নারায়ণ কৃষ্ণ বিষ্ণো নিরাশ্রয়ং মাং জগদীশ রক্ষ॥

O Hari, enemy of Mura, destroyer of Madhu and Kaitabha, Gopala, Govinda, Mukunda, descendant of Shura; O Lord of sacrifice, Narayana, Krishna, Vishnu, Lord of the universe, protect me, who am without shelter.

এইটী দ্বাপর যুগের তারকব্রহ্ম নাম। ইহাতে যে সকল নামের উল্লেখ আছে তাহাতে নিরাশ্রিত জনের আশ্রয়রূপ কৃষ্ণকে লক্ষ্য হয়। ইহাতে শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য, এই চারিটী রসের প্রাবল্য দৃষ্ট হয়।

This is the Taraka-brahma Name for Dvapara-yuga. The names mentioned here point to Krishna as the shelter of those who have no shelter. Four rasas—shanta, dasya, sakhya, and vatsalya—are particularly prominent within it.

হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
হরে রাম হরে রাম রাম রাম হরে হরে॥

Hare Krishna Hare Krishna Krishna Krishna Hare Hare

Hare Rama Hare Rama Rama Rama Hare Hare

এইটী সর্ব্বাপেক্ষা মাধুর্য্যপর নাম-মন্ত্র বলিতে হইবে। ইহাতে প্রার্থনা নাই। মমতাযুক্ত সমস্ত রসের উদ্দীপকতা ইহাতে দৃষ্ট হয়। ভগবানের কোন প্রকার বিক্রম বা মুক্তিদাতৃত্বের পরিচয় নাই। কেবল আত্মা যে পরমাত্মা কর্তৃক কোন অনির্ব্বচনীয় প্রেমসূত্রে আকৃষ্ট আছেন, ইহাই মাত্র ব্যক্ত আছে। অতএব মাধুর্য্যরসপর জনগণের সম্বন্ধে এই নামটী একমাত্র মন্ত্রস্বরূপ হইয়াছে। ইহার অনুক্ষণ আলোচনাই একমাত্র উপাসনা। সারগ্রাহী জনগণের ইজ্যা, ব্রত, অধ্যয়ন ইত্যাদি সমস্ত পারমার্থিক অনুশীলন, এই নামের অনুগত। ইহাতে দেশকালপাত্রের বিচার নাই। গুরূপদেশ পুরশ্চরণ ইত্যাদি কিছুরই ইহাতে অপেক্ষা নাই*।

This must be regarded as the Nama-mantra most completely centred upon divine sweetness. There is no prayer within it. Rather, it awakens all the rasas endowed with mamata, the affectionate sense that Bhagavan is "mine." It contains no reference to any heroic deed of Bhagavan or to His position as the giver of liberation. It expresses only that the soul is drawn by the Supreme Soul through an indescribable bond of prema. Therefore, for those devoted to the rasa of divine sweetness, this Name has become the sole mantra. Its constant cultivation is the sole form of worship. All the spiritual

Footnote: (48) Bhag. 1.4.19-20

practices of those who seek the essence—worship, vows, study, and the rest—are subordinate to this Name. There is no consideration of place, time, or person in relation to it. Nor does it depend upon instruction from a guru, purashcharana, or other preparatory observances. **(48)**

পূর্ব্বোক্ত দ্বাদশটী মূলতত্ত্বের অবলম্বন পূর্ব্বক এই নামমন্ত্রের আশ্রয় করা সারগ্রাহী জনগণের নিতান্ত কর্ত্তব্য। বিদেশীয় সারগ্রাহী জনেরা যাঁহাদের ভাষা ও সাংসারিক আশ্রম ভিন্ন, তাঁহারা এই নামের সমান কোন সাঙ্কেতিক উপাসনালিঙ্গ নিজ নিজ ভাষায় প্রস্তুত করতঃ অবলম্বন করিতে পারেন। অর্থাৎ উপাসনাকাণ্ডে কোন অসরল বৈজ্ঞানিক বিচার, বৃথা তর্ক বা কোন অন্বয়-ব্যতিরেক বিচারগত বাদ বা প্রার্থনাদি না থাকে। যদি কোন প্রার্থনা থাকে, তাহা কেবল প্রেমের উন্নতিসূচক হইলে দোষ নাই।

It is the essential duty of those who seek the essence of religion to take shelter of this Hari-Nama-mantra, guided by the twelve fundamental truths previously explained. Those in foreign lands who seek the essence of religion, but whose languages and social circumstances are different, may formulate and adopt in their own languages some symbolic expression of worship equivalent to this Name of Hari.

In other words, the practice of worship should be free from complicated scientific analysis, fruitless argumentation, or disputes arising from reasoning based on positive and negative logical relationships (anvaya-vyatireka), as well as prayers and similar practices. If prayers are offered, however, there is no objection, provided that they express the development of divine love (prema).

অলম্পটরূপে শরীরযাত্রা নির্ব্বাহ পূর্ব্বক সন্তুষ্ট অন্তঃকরণে কৃষ্ণৈকজীবন হইয়া সারগ্রাহী জনগণ বিচরণ করেন**। যে সকল লোকের দিব্যচক্ষু আছে তাঁহারা তাঁহাদিগকে সমন্বয়যোগী বলিয়া জানেন। যাঁহারা অনভিজ্ঞ বা কোমলশ্রদ্ধ, তাঁহারা তাঁহাদিগকে সংসারাসক্ত বলিয়া বোধ করেন। কখন কখন ভগবদ্বিমুখ বলিয়াও স্থির করিতে পারেন।

Those who seek the essence of religion maintain their bodily existence without indulgence, remaining inwardly content and making Krishna the sole purpose of their lives as they move about the world. Those endowed with divine vision recognize them as practitioners of samanvaya-yoga, the path of spiritual harmony and reconciliation. But those who lack experience, or whose faith is still tender and undeveloped, consider them attached to worldly life. Sometimes they may even conclude that such persons have turned away from the Lord.

সারগ্রাহী জনগণ স্বদেশীয় বিদেশীয় সর্ব্বলক্ষণসম্পন্ন সারগ্রাহী ভ্রাতাকে অনায়াসে জানিতে পারেন। তাঁহাদের পরিচ্ছদ, ভাষা, উপাসনালিঙ্গ ও ব্যবহার সকল ভিন্ন ভিন্ন হইলেও তাঁহারা পরস্পর ভ্রাতা বলিয়া অনায়াসে সম্বোধন করিতে পারেন। এই সকল লোকই পরমহংস এবং পারমহংস্য-সংহিতারূপ শ্রীমদ্ভাগবতই তাঁহাদের শাস্ত্র*।

Those who seek the essence of dharma can readily recognize their spiritually accomplished brothers, whether they belong to their

own country or to foreign lands. Although their clothing, languages, symbols of worship, and customs may all be different, they can easily recognize and address one another as brothers. All such persons are paramahamsas, souls of the highest spiritual realization, and the Srimad Bhagavatam, the scripture of the paramahamsas (Paramahamsya-samhita), is their sacred text. **(49)**

আর একটী বিষয়ের বিচার না করিয়া এই উপক্রমণিকা সমাপ্ত করিতে পারিলাম না। অনেক কৃতবিদ্য পুরুষদিগের এমত একটী কুসংস্কার আছে যে সারগ্রাহী বৈষ্ণবতায় প্রেমের অধিকতর আলোচনা থাকায় সারগ্রাহী বৈষ্ণবেরা উত্তমরূপে সংসারী হইতে পারেন না। তাঁহারা বলিয়া থাকেন যে, সংসারোন্নতি করিবার যত্ন না থাকিলে পরমেশ্বর সন্তুষ্ট হন না; এবং অধিকতর আত্মানুশীলন করিতে গেলে সংসারের প্রতি স্নেহের খর্ব্বতা হইয়া পড়ে। এই যুক্তিটী নিতান্ত দুর্ব্বল, কেননা পরমেশ্বরের অভিপ্রেত শ্রেয় আচরণে যত্নবান হইলে এই অনিত্য সংসারের যদি লোপ হয়, তাহাতে ক্ষতি কি?

I could not conclude this Introduction without examining one further matter. Many educated people harbour a misconception that, because the Vaishnavism of those who seek the essence of religion places such great emphasis upon divine love (prema), such Vaishnavas cannot properly fulfil their responsibilities in worldly life. They argue that the Supreme Lord is not pleased with those who make no effort to promote the progress and prosperity of the world, and that excessive cultivation of spiritual life inevitably diminishes one's affection for worldly affairs.

This argument is exceedingly weak. For if, by earnestly striving to conduct ourselves in accordance with what the Supreme Lord considers truly beneficial, this temporary material world were to disappear, what harm would there be in that?

পরমেশ্বরের কোন দূর উদ্দেশ্য সাধন জন্য এই সংসারের সৃষ্টি হইয়াছে সত্য, কিন্তু সে উদ্দেশ্য কি? কেহই বলিতে পারেন না। কেহ কেহ অনুমান করেন, যে আত্মা প্রথমে মনুষ্যাকারে এই স্থূল জগতে সৃষ্ট হইয়াছে। সংসার-উন্নতিরূপ ধর্ম্মাচরণ করতঃ ক্রমশঃ আত্মার উচ্চগতি হইবে, এই অভিপ্রায়ে পরমেশ্বর এই জগৎ সৃজন করিয়াছেন। কেহ কেহ বলেন যে, এ জড় জগৎ নরবুদ্ধিদ্বারা স্বর্গপ্রায় হইয়া পরমানন্দধামস্বরূপ হইয়া উঠিবে। কেহ কেহ আত্মার দেহান্তর ঘটিয়া পরে নির্ব্বাণরূপ মোক্ষ হইবে, এরূপ স্থির করেন।

It is true that this material world has been created by the Supreme Lord for the fulfilment of some far-reaching purpose. But what is that purpose? No one can say.

Some suppose that souls were first created in human form within this gross material world, and that the Supreme Lord created this world with the intention that, by performing religious duties directed towards the progress and improvement of worldly life, souls would gradually advance to higher states of existence. Others maintain that, through the exercise of human intelligence, this

Footnote: (49) Bhag. 1.4.19-20

material world will eventually become like heaven, transformed into an abode of absolute happiness. Still others conclude that, after passing through successive bodily existences, the soul will ultimately attain liberation in the form of nirvana.

এই সকল সিদ্ধান্ত অন্ধগণ কর্তৃক হস্তীর আকার নিরূপণের ন্যায় বৃথা তর্ক মাত্র। সারগ্রাহীগণ এই সকল বৃথা তর্কে প্রবেশ করেন না, যেহেতু নরবুদ্ধিদ্বারা এ সকল বিষয়ের সিদ্ধান্ত হয় না। সিদ্ধান্ত করিবার আবশ্যক কি? আমরা কোন প্রকারে শরীরযাত্রা নির্ব্বাহ করিয়া সেই পরম পুরুষের অনুগত থাকিলে তাঁহার কৃপাবলে অনায়াসে সমস্ত বিষয়ই অবগত হইব।

All these conclusions are nothing more than fruitless speculation, resembling the attempts of blind men to determine the form of an elephant. Those who seek the essence of religion do not engage in such futile arguments, for these matters cannot be conclusively settled by human intelligence.

And what need is there to reach such conclusions? If we simply maintain our bodily existence in whatever way is necessary and remain devoted to that Supreme Person, then, by His grace, we shall effortlessly come to understand everything.

কামবিদ্ধ পুরুষেরা স্বভাবতই সংসার উন্নতির যত্ন পাইবেন। তাঁহারা সংসার উন্নতি করিবেন আমরা সেই সংসারকে ব্যবহার করিব। তাঁহারা অর্থশাস্ত্র ও তদ্বিষয় আলোচনা করিয়া অর্থসংগ্রহ করিবেন আমরা কৃষ্ণকৃপায় ঐ সকল সংগৃহীত অর্থ হইতে পরমার্থতত্ত্ব লাভ করিব। তবে আমাদের দেহযাত্রা নির্ব্বাহ কার্য্য সকলে যদি সংসারের কোন উন্নতি হইয়া উঠে, উত্তম।

সংসারের স্থূল উন্নতি বা অবনতি বিষয়ে আমরা সম্পূর্ণ উদাসীন কিন্তু সংসারগত আত্মানিচয়ের পরমার্থতত্ত্বে উন্নতিসম্বন্ধে আমরা স্বভাবতঃ ব্যস্ত, এমত কি সমস্ত জীবনসুখে জলাঞ্জলি দিয়া ভ্রাতাগণের আত্মোন্নতিসম্বন্ধে আমরা সর্ব্বদা চেষ্টান্বিত থাকি। পতিত ভ্রাতাদিগকে সংসারকূপ হইতে উদ্ধার করা বৈষ্ণবদিগের প্রধান কর্ম্ম। বৈষ্ণবসংসার যত প্রবল হইবে ক্ষুদ্রাশয়গ্রস্ত পাষণ্ডসংসার ততই হ্রাস হইবে, ইহাই ব্রহ্মাণ্ডের নৈসর্গিক গতি।

সেই অনন্তরূপী পরমেশ্বরের প্রতি সর্ব্বজীবের প্রীতিস্রোত প্রবাহিত হউক। পরমানন্দস্বরূপ বৈষ্ণব ধর্ম্ম ক্রমশঃ উন্নত হইয়া ব্রহ্মাণ্ডের এক প্রান্ত হইতে অন্য প্রান্ত পর্যন্ত বিস্তৃত হউক। ঈশ্বরবিমুখ লোকদিগের চিত্ত পরমতত্ত্বে দ্রবীভূত হউক। কোমলশ্রদ্ধ মহোদয়েরা ভগবৎকৃপাবলে সাধুসঙ্গাশ্রয়ে ও ভক্তিতত্ত্বপ্রভাবে উত্তমাধিকারী হইয়া বিশুদ্ধ প্রীতিকে আশ্রয় করুন। মধ্যমাধিকারী মহাত্মাগণ সংশয় পরিত্যাগ পূর্ব্বক জ্ঞানালোচনা সমাপ্ত করিয়া প্রীতিতত্ত্বে প্রতিষ্ঠিত হউন। সমস্ত জগৎ হরিসঙ্কীর্ত্তনে প্রতিধ্বনিত হউক।

Those who feel driven by worldly desires are naturally be inclined to work for the progress and improvement of the material world. Let them improve the world, and we shall make use of whatever may be. People will study economics and related subjects and accumulate wealth, while we, by the grace of Krishna, shall derive spiritual benefit from the wealth that accumulates. And if, in the course of maintaining our bodily existence, our own activities happen to contribute to the improvement of the world, so much the better.

We are completely indifferent to the material progress or decline of the world. But we are naturally deeply concerned with the spiritual advancement of all the souls who inhabit it. Indeed, we are constantly striving for the spiritual welfare of our brothers, even at the cost of sacrificing all the comforts and pleasures we might seek in our own lives. The principal duty of Vaishnavas is to rescue their fallen brothers from the deep well of material existence. As the community of Vaishnavas grows stronger, the worldly society of narrow-minded people opposed to dharma will correspondingly diminish. This is the natural course of development within the universe.

May the current of love flowing from within all living beings flow directly towards that Supreme Lord of infinite greatness. May the Vaishnava religion, whose very nature is supreme bliss, gradually flourish and spread from one end of the cosmos to the other. May the hearts of those who have turned away from God melt in the presence of the Supreme Truth.

May those whose faith is still tender and undeveloped (komala-sraddha), by the grace of the Lord, through the association of saints and the influence of the principles of bhakti, advance to the highest stage of spiritual qualification (uttama-adhikari) and take shelter of pure divine love (visuddha-priti).

May those great souls who have attained the intermediate stage of spiritual qualification (madhyama-adhikari) cast aside all doubts, bring their intellectual investigations to perfect completion, and become firmly established in the truth of divine love (priti-tattva).

May the entire world resound with the congregational chanting of the Holy Names of Hari (Hari-sankirtan).

ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ হরিঃ।

Om. Peace, peace, peace. Hari.

শ্রীকৃষ্ণার্পণমস্তু॥

Sri Krishnarpanam astu.

May everything be done for Sri Krishna.

শ্রীকৃষ্ণ-সংহিতা
প্রথমোধ্যায়ঃ – বৈকুণ্ঠবর্ণনম্
Chapter One
Vaikuntha-varnanam

Description of Vaikuntha

Verse 1

আকৃষ্ণতত্ত্বনির্দেশে কৃপা যস্য প্রয়োজনম্।
বন্দে তং জ্ঞানদং কৃষ্ণচৈতন্যং রসবিগ্রহম্॥ ১ ॥

akrishna-tattva-nirdeshe kripa yasya prayojanam
vande tam jnanadam krishna-chaitanyam rasa-vigraham. (1)

I bow down before Sri Krishna Chaitanya who graces the soul with divine knowledge and with the joy of rasa, whose mercy is indispensable for the attainment of the revelation of Sri Krishna-tattva.

যে জ্ঞানপ্রদ রসবিগ্রহ শ্রীকৃষ্ণচৈতন্যের কৃপা ব্যতীত শ্রীকৃষ্ণতত্ত্ব নির্দেশ করিতে পারা যায় না, আমি তাহাকে বন্দনা করি। (1)

Without the mercy of Sri Krishna Chaitanya — the embodiment of rasa and the giver of transcendental knowledge — it is impossible to explain Sri Krishna-tattva. I offer my obeisances to Him.

Verse 2

সমুদ্রশোষণং রেণোর্যথা ন ঘটতে কচিৎ।
তথা মে তত্ত্বনির্দেশো মূঢ়স্য ক্ষুদ্রচেতসঃ॥ ২ ॥

samudra-shoshanam renor yatha na ghatate kachit
tatha me tattva-nirdesho mudhasya ksudra-chetasah. (2)

Just as a particle of dust can never dry up the ocean, I — foolish, and with an insignificant understanding — am incapable of properly describing the Absolute Truth.

একটা ক্ষুদ্র রেণু যেমত সমুদ্র শোষণ করিতে অক্ষম, সেইরূপ নির্বোধ ক্ষুদ্রবুদ্ধিজীব যে আমি, আমার পক্ষে তত্ত্বনির্দেশ-কার্যটি অতীব দুঃসাধ্য। (2)

Just as a small particle of dry dust cannot absorb the ocean, so I — a foolish soul with limited intelligence — am utterly incapable of performing the task of explaining transcendental truth.

Verse 3

কিন্তু মে হৃদয়ে কো'পি পুরুষঃ শ্যামসুন্দরঃ।
স্মরণ্ সমাদিশৎ কার্যমেতৎ তত্ত্বনিরূপণম্॥ ৩ ॥

kintu me hridaye ko'pi purushah shyamasundarah
smaran samadishat karyam etat tattva-nirupanam. (3)

Yet within my heart some divine Person — Shyamasundar — has arisen in my remembrance, commanding me to undertake this work of explaining the truth about Krishna.

জীব নিজ ক্ষুদ্রবুদ্ধিদ্বারা তত্ত্বনির্দেশে সর্বদা অক্ষম; কিন্তু আমার হৃদয়ে চৈতন্যস্বরূপ শ্যামসুন্দর কোন পুরুষ উদয় হইয়া এই তত্ত্ব-নিরূপণ কার্যে আমাকে নিযুক্ত করিয়াছেন। তাহাতেই আমি ইহাতে সাহস করিয়াছি। (3)

The conditioned soul, by one's own limited intelligence, is incapable of properly describing the Absolute Truth. Yet within my heart some divine Person, Shyamasundara Himself, in the form of conscious revelation, has shown Himself to and engaged me in this work of discussing the transcendental Supreme Reality. It is only because of this that I have the courage to undertake this service.

Verse 4

আসীদেকঃ পরঃ কৃষ্ণো নিত্যলীলাপরায়ণঃ।
চিচ্ছক্ত্যাবিষ্কৃতে ধাম্নি নিত্যসিদ্ধগণাশ্রিতে॥ ৪ ॥

asid ekah parah krishno nitya-lila-parayanah
cic-chakty-avishkrite dhamni nitya-siddha-ganashrite. (4)

There is one Supreme Being, Sri Krishna, eternally absorbed in His divine pastimes, residing within a transcendental abode manifest by His chit-shakti, a realm inhabited by eternally perfected beings.

চিৎ ও অচিৎ-এর অতীত শ্রীকৃষ্ণচন্দ্র অনাদিকাল হইতে বর্তমান আছেন। তাহার চিচ্ছক্তি হইতে আবিষ্কৃত চিদ্‌ধামের নাম বৈকুণ্ঠ – অর্থাৎ দেশকালাতীত চিৎস্বরূপগণের নিত্য অবস্থান। তাহার জীবশক্তি হইতে চিৎ-কণ নির্মিত নিত্যসিদ্ধ জীবগণ তাহার লীলার উপকরণ। সেই নিত্যসিদ্ধগণাশ্রিত বৈকুণ্ঠে কৃষ্ণচন্দ্র নিত্যলীলা-পরায়ণ হইয়া নিত্য বিরাজমান আছেন।

Sri Krishna Chandra, who transcends both matter and non-matter, exists eternally — without any beginning. The spiritual abode manifested from His chit-shakti is called Vaikuntha, and it is the eternal dwelling place of liberated beings who exist beyond material time and space. From His jiva-shakti, eternal perfected souls arise, atomic particles of consciousness who serve as participants in His divine pastimes. In that Vaikuntha, which is the shelter of myriads of eternally perfected beings, Sri Krishna remains constantly engaged in everlasting, divine pastimes.

Verse 5

চিদ্ধিলাসরসে মগ্নশ্চিদগণৈরন্বিতঃ সদা।
চিদ্বিশেষাম্বিতে ভাবে প্রসক্তঃ প্রিয়দর্শনঃ॥ ৫ ॥

cid-vilasa-rase magnash cid-ganair anvitah sada
cid-vishesambite bhave prasaktah priya-darshanah. (5)

He is beautiful, and the beloved of all souls who behold Him. He remains immersed in the stream of His nectarean, transcendental pastimes, always accompanied by conscious, perfect beings strongly attached to Him in spiritual moods arising from their pure consciousness.

তিনি সর্বদা চিদ্-বিলাস-রসে মগ্ন, সর্বদা চিত্-কণরূপ সিদ্ধ জীবগণের দ্বারা পরিবৃত, সর্বদা চিদ্‌গত বিশেষ ধর্মপ্রসূত ভাবসমূহে আসক্ত, এবং সর্বজনের নিকট প্রিয়দর্শন। (5)

He remains eternally absorbed in the nectar of transcendental spiritual pastimes. He is eternally surrounded by perfect conscious beings who are atomic particles of spiritual consciousness — souls attached to Him in different moods arising from distinctive qualities of their individual awareness, which is ever-beautiful and pleasing to all others.

Verse 6

জীবানাং নিত্যসিদ্ধানাং স্বাধীনপ্রেমলালসঃ।
প্রাদাদ্ভ্যঃ স্বতন্ত্রত্বং কার্য্যাকার্য্যবিচারণে॥ ৬ ॥

jivanam nitya-siddhanam svadhina-prema-lalasah
pradadbhyah svatantratvam karyakarya-vicharane. (6)

Unto the eternally perfected souls, who long for freely offered love, He granted independence in their conscious discernment between what is proper and improper action.

চিৎ-কণস্বরূপ নিত্যসিদ্ধ জীবগণ এবং সর্বচিদাধার শ্রীকৃষ্ণচন্দ্রের মধ্যে পারস্পরিক সম্পর্কসূত্ররূপ এক আশ্চর্য চিদ্ময় তত্ত্ব বর্তমান আছে, তাহার নাম প্রীতি। সেই তত্ত্ব জীবসৃষ্টির সহিত স্বভাবতই বর্তমান থাকায় তাহা অবশ্যই স্বীকার করিতে হয়। ইহাতে স্বাধীনতা না থাকিলে জীবের উচ্চতর রসপ্রাপ্তির অধিকার সম্ভব হয় না। অতএব শ্রীকৃষ্ণ জীবগণকে কার্য্য ও অকার্য্যের বিচারার্থ স্বাতন্ত্র্যরূপ অধিকার প্রদান করিয়াছেন। (6)

There is a spiritual principle that exists in the relationship between the nitya-siddha jivas—the eternally perfected souls, who are infinitesimally small particles of consciousness—and Sri Krishna, the infinite Whole, the foundation of all conscious existence. That principle is called priti, divine love.

Since priti is naturally present in the soul, it is accepted as an intrinsic feature of the soul's existence. However, love cannot exist without freedom; if the soul had no independence, it could not attain any higher forms of spiritual relationship and the experience of rasa. For this reason, Sri Krishna grants the tiny souls a degree of freedom, giving them the capacity to consider what is right and wrong, and choose how they will act. (6)

Verse 7

যেষাং তু ভগবদ্দাস্যে রুচিরাসীদ্ বলীয়সী।
স্বাধীনজীবসম্পন্নাস্তে দাসা নিত্যধামনি॥ ৭ ॥

yesham tu bhagavad-dasye ruchir asid baliyasi
svadhina-jiva-sampannas te dasa nitya-dhamani. (7)

Amongst all the independent souls, those whose attraction toward submission to the Supreme Lord is especially strong manifest in a role of eternal service within the transcendental abode.

স্বাধীনতা-প্রাপ্ত জীবগণের মধ্যে যাহাদের ভগবদ্দাস্যে প্রবল রুচি উদিত হইল, তাহারা নিত্যধামে দাসত্ব প্রাপ্ত হইলেন। (7)

Among those souls endowed with independence, those in whom a strong attraction to serving the Supreme Lord shines forth are engaged in eternal service within the nitya-dhama, the eternal spiritual abode. (7)

Verse 8

ঐশ্বর্য্যগর্বিতা একে নারায়ণপরায়ণাঃ।
মাধুর্য্যমোহিতাশ্চান্যে কৃষ্ণদাসাঃ সুনির্মলাঃ॥ ৮ ॥

aishvarya-garvita eke narayana-parayanah
madhurya-mohitash canye krishna-dasah su-nirmalah. (8)

Some, filled with awareness of divine majesty, are devoted to Narayana (Vishnu, with four arms), while others, enchanted by the mood of divine sweetness, are utterly pure servants of Krishna.

তন্মধ্যে যাহাদের ঐশ্বর্য্যবোধ প্রবল, তাহারা সেব্যতত্ত্বকে নারায়ণরূপে উপলব্ধি করিলেন। আর যাহারা মাধুর্য্যে মোহিত, তাহারা সেব্যতত্ত্বকে কৃষ্ণস্বরূপে উপলব্ধি করিলেন। (8)

Among them, those whose consciousness is predominated by awareness of the awesome majesty of the Lord perceive Him as a worshipable spiritual reality — Narayana. Others, enchanted by a mood of sweetness, perceive that same worshipable Deity as Krishna.

Verse 9

সম্ভ্রমাদ্দাস্যবোধেহি প্রীতিস্তু প্রেমরূপিণী।
ন তত্র প্রণয়ঃ কশ্চিদ্ বিশ্রম্ভে রহিতে সতি॥ ৯ ॥

santramad dasya-bodhe hi pritistatra prema-rupini
na tatra pranayah kashchid vishrambhe rahite sati. (9)

Where devotion is governed by awe and by the awareness of oneself as a servant of God, affection develops into one type of love; however, because intimate confidence is absent in one's self-awareness there is no pranaya, no feeling of deep, familiar love.

ঐশ্বর্য্যপ্রধান ব্যক্তিগণের স্বাভাবিক ভক্তিভীতিজনিত সম্ভ্রমের কারণে তাহাদের প্রীতি প্রেমরূপ ধারণ করে; কিন্তু সেখানে অন্তরঙ্গ বিশ্বাস বা বিশ্রম্ভ না থাকায় প্রণয় উদিত হয় না। (9)

Because those devoted to divine majesty possess natural reverence arising from awareness of the Lord's greatness, their affection develops into purely divine love. Yet because intimate familiarity and complete confidence are absent in them, pranaya — deeply intimate love — does not arise.

Verse 10

মাধুর্য্যভাবসম্পত্তো বিশ্রম্ভো বলবান্ সদা।
মহাভাষাবধিঃ প্রীতের্ভক্তানাং হৃদয়ে ধ্রুবম্।। ১০।।

madhurya-bhava-sampatto vishrambho balavan sada
maha-bhava-avadhi priterv bhaktanam hridaye dhrubam. (10)

Where the mood of sweetness is present, intimate confidence becomes exceedingly strong; subsequently, within the hearts of thsee devotees love rises steadily to the highest limit, mahabhava.

মাধুর্য্যভাবসম্পন্ন ব্যক্তিগণের অন্তরঙ্গ বিশ্বাস অত্যন্ত প্রবল। অতএব তাহাদের হৃদয়ে প্রীতিতত্ত্ব মহাভাব পর্যন্ত উন্নত হইয়া থাকে। (10)

Among those endowed with the mood of divine sweetness, intimate confidence becomes exceedingly powerful. Therefore within their hearts the principle of priti rises to the condition of mahabhava.

Verse 11

জীবস্য নিত্যসিদ্ধস্য সর্ব্ব মেতদনাময়ম্।
বিকারাশ্চিদগতাঃ শশ্বৎ কদাপি নো জড়ান্বিতাঃ।। ১১।।

jivasya nitya-siddhasya sarvam etad anamayam
vikarash chid-agatah shashvat kadapi no jadanvitah. (11)

All these feelings belong to the eternally perfected souls, who are entirely free from any material defect. These transformations arise within their consciousness and are never, at any time, connected with matter.

কেহ কেহ বলেন যে আত্মা ও পরমাত্মার ভেদভাব ব্যতীত অপ্রাকৃত অবস্থায় প্রণয়, মহাভাব প্রভৃতি যে সকল অবস্থার আলোচনা করা হয়, তাহা আসলে মায়িক চিন্তাকেই অপ্রাকৃত বলিয়া কল্পনা করা মাত্র। এই অশুদ্ধ মত সম্বন্ধে বলা হইতেছে যে, নিত্যসিদ্ধ জীবের প্রণয়াদি বিকারসমূহ জড়গত অবিদ্যার বিকার নহে; বরং তাহা চিদ্বিলাস বলিয়া বুঝিতে হইবে। (11)

Some people argue that, apart from acknowledging the difference between the individual self and the Supreme Self, all discussions of pranaya, mahabhava, and other transcendental sentiments are mere fabrications. They contend that material emotions have been falsely imagined to be spiritual states of consciousness. In response, it is stated that the transformations of love found within eternally perfected souls are not figments produced in the minds of sentimentalists whose thinking is tainted by material ignorance. Rather, the divine sentiments of pranaya and mahabhava should be understood as spiritual manifestations of Lord Krishna's energies, intended to facilitate His eternal blissful pastimes.

Verse 12

বৈকুণ্ঠে শুদ্ধচিদ্ধাম্নি বিলাসা নির্বিকারকাঃ।
আনন্দনিত্যতরঙ্গাস্তে সদা দোষবিবর্জিতাঃ॥ ১২ ॥

vaikunthe shuddha-cid-dhamni vilasa nirvikarakah
ananda-nitya-tarangas te sada dosha-vivarjitah. (12)

Within Vaikuntha, the pure spiritual abode, all divine pastimes are free from any kind of material transformation. They are eternal waves moving in the ocean of bliss, forever untouched by any kind of defect.

শুদ্ধ চিদ্‌ধামরূপ বৈকুণ্ঠে যে সকল বিলাস বর্তমান, তাহা সকলই আনন্দসমুদ্রের নিত্য তরঙ্গবিশেষ এবং সর্বদোষশূন্য। সেই সকলের প্রতি "বিকার" শব্দের প্রয়োগ উপযুক্ত নহে। (12)

All the divine pastimes existing within Vaikuntha, the pure spiritual abode, are eternal waves arising in the ocean of bliss and are free from defects. Therefore the term "material transformations" cannot be applied to them.

Verse 13

যে ঐশ্বর্য্যপরা জীবাঃ নারায়ণং বদন্তি হি।
মাধুর্য্যরসসম্পন্নাঃ কৃষ্ণমেব ভজন্তি তম্‌॥ ১৩ ॥

ye aishvarya-para jivah narayanam vadanti hi
madhurya-rasa-sampannah krishnam eva bhajanti tam. (13)

Souls overawed by divine majesty speak of Him as Narayana, while those absorbed in the rasa of divine sweetness worship that same Reality as Krishna alone.

কৃষ্ণ ও নারায়ণের উপাসনায় প্রকৃতপক্ষে কোন ভেদ নাই। ঐশ্বর্য্যপ্রধান দৃষ্টিতে তিনি নারায়ণরূপে প্রতীয়মান হন, আর মাধুর্য্যপ্রধান দৃষ্টিতে তিনি কৃষ্ণরূপে প্রকাশিত হন। বাস্তবিকপক্ষে আলোচ্যবস্তুর মধ্যে কোন ভেদ নাই; কেবল দর্শক ও দর্শনভঙ্গির ভেদ বিদ্যমান। (13)

কর্মকাণ্ডস্বরূপং তং বৈধব্যং বিন্যবেদয়ৎ ॥ ২৬ ॥

kamsa-bharyya-dvayam gatva pitaram magadha-ashrayam
karma-kanda-svarupam tam vaidhavyam vinyavedayat. (26)

Kamsa's two wives went to their father, the king of Magadha, who embodies karma-kanda, and informed him of their widowhood.

অস্তিপ্রাপ্তিনামা কংসের দুই ভার্যা কর্মকাণ্ডস্বরূপ জরাসন্ধকে আপন আপন বৈধব্যদশা নিবেদন করিলেন। ২৬।

Kamsa's two wives, Asti and Prapti, went to Jarasandha, representing karma-kanda, and told him they had been made widows. (26)

Verse 27

শ্রুত্বৈতন্মাগধো রাজা স্বসৈন্যপরিবারিতঃ ।
সপ্তদশমহাযুদ্ধং কৃতবান্ মথুরাপুরে ॥ ২৭ ॥

srutvaitan magadho raja sva-sainya-parivaritah
saptadasha-maha-yuddham kritavan mathura-pure. (27)

Furious, the king of Magadha took his armies and waged seventeen battles against Mathura.

তাহা শ্রবণ করিয়া মগধরাজ সৈন্য সংগ্রহপূর্বক মথুরাপুরীতে সপ্তদশবার মহাযুদ্ধে প্রবৃত্ত হইয়া পরাজিত হইলেন। ২৭।

Upon hearing this news, the king of Magadha gathered his armies and marched against Mathura. Seventeen times he engaged in great battles there, and seventeen times he was defeated. (27)

Verse 28

হরিণা মন্দিতঃ সোহপি গত্বাষ্টাদশমে রণে ।
অরুন্ধন্মথুরাং কৃষ্ণো জগাম দ্বারকাং স্বকীম্ ॥ ২৮ ॥

harina manditah so 'pi gatvashtadasame rane
arundhan mathuram krishno jagama dvarakam svakim. (28)

Though repeatedly checked by Hari, he came again for an eighteenth encounter. When Mathura was besieged, Krishna departed for His own city of Dwaraka.

জরাসন্ধ পুনরায় মথুরা রোধ করিলে ভগবান্ স্বকীয়া দ্বারকাপুরীতে গমন করিলেন। মূল তাৎপর্য এই যে, নিষেকাদি দশসংস্কার, বর্ণচতুষ্টয় এবং আশ্রমচতুষ্টয়–এই আঠারোটি কর্মবিক্রম। তন্মধ্যে অষ্টাদশ বিক্রমরূপ চতুরাশ্রম দ্বারা জ্ঞানপীঠ অধিকার করা হইলে মুক্তিস্পৃহাজনিত ভগবদ্ভিরোভাব লক্ষিত হয়। ২৮।

When Jarasandha once again laid siege to Mathura, Bhagavan departed for His own city of Dwaraka.

The underlying significance is this. The ten samskaras beginning with conception, together with the four varnas and the four ashramas, constitute eighteen stages of ritual advancement. When, through the eighteenth stage represented by the four ashramas, one gains entrance into the platform of knowledge, there often appears a tendency toward liberation that obscures one's perception of Bhagavan. This is the inner meaning of the narrative. (28)

Verse 29

মথুরায়াং বসন্ কৃষ্ণো গুর্বাশ্রমমশ্রয়ৎ তদা ।
পাঠিত্বা সর্বশাস্ত্রাণি দদৌ মৃতজীবনম্ ॥ ২৯ ॥

mathurayam vasan krishno gurv-ashramam ashrayat tada
pathitva sarva-shastrani dadau mrita-jivanam. (29)

While residing in Mathura, Krishna stayed at the residence of His guru, studied all the scriptures, and restored life to the guru's dead son.

যৎকালে মথুরায় ছিলেন, তৎকালে গুরুকুলে বাস করত অনায়াসে সর্বশাস্ত্র পাঠ করিলেন ও গুরুদেবকে তন্মৃতপুত্রের জীবন দান করিলেন। ২৯।

While residing in Mathura, Krishna lived in the house of His spiritual master. Without difficulty He mastered all the scriptures, then afterwards restored the life of His guru's deceased son. (29)

Verse 30

স্বতঃসিদ্ধস্য কৃষ্ণস্য জ্ঞানং সাধ্যং ভবেন্ন হি ।
কেবলং নরচিত্তেষু তদ্ভাবানাং ক্রমোদ্গতিঃ ॥ ৩০ ॥

svatah-siddhasya krishnasya jnanam sadhyam bhaven na hi
kevalam nara-citteshu tad-bhavanam kramodgatih. (30)

Knowledge is not something to be attained by Krishna, who is perfect by His very nature. Rather, this narrative illustrates the gradual awakening of such conceptions within human hearts.

স্বতঃসিদ্ধ কৃষ্ণের বিদ্যাভ্যাসের প্রয়োজন নাই; কিন্তু জ্ঞানপীঠরূপ মথুরাবস্থিতিকালে মানববুদ্ধির জ্ঞানভাবের ক্রমোন্নতি হয়, ইহা দর্শিত হইল। ৩০।

Krishna, being perfect by His very nature, has no need of education or study. The purpose of this narrative is to show that, during the Mathura stage—which represents the platform of spiritual knowledge—the conception of knowledge gradually develops within the minds of human beings. (30)

Verse 31

কামিনামপি কৃষ্ণে তু রতিস্যান্মলসংযুতা।
সা রতিঃ ক্রমশঃ প্রীতির্ভবতীহ সুনির্মলা ॥ ৩১ ॥

kaminam api krishne tu ratisyan mala-samyuta
sa ratih kramashah pritir bhavatih su-nirmala. (31)

Even among those whose attraction to Krishna is mixed with selfish desire, that attachment gradually becomes pure love.

যাহারা কর্মফল আত্মসাৎ করেন, তাহারা কামী। সেই কামীদিগের কৃষ্ণরতি মলযুক্ত। কিন্তু অনেক দিন পর্য্যন্ত সেই সকাম কৃষ্ণরতি আলোচনা করিতে করিতে সুনির্মল কৃষ্ণভক্তির উদয় হইয়া পড়ে। ৩১।

Those who seek to enjoy the fruits of their actions are called kaminas, persons motivated by desire. Their attachment to Krishna is mixed with impurity. Nevertheless, by continually cultivating even that desire-mixed attachment to Krishna over a long period of time, pure devotion to Krishna eventually arises within the heart. (31)

Verse 32

কুব্জায়াঃ প্রণয়ে তত্ত্বমেতদ্বৈ দর্শিতং শুভম্।
ব্রজভাবানুশিক্ষার্থং গোকুলে চোদ্ধবো গতঃ ॥ ৩২ ॥

kujjayah pranaye tattvam etad vai darshitam shubham
vraja-bhavanushikshartham gokule coddhavo gatah. (32)

This auspicious truth is demonstrated in Krishna's affection for Kubja. And for the purpose of learning the mood of Braja, Uddhava went to Gokula.

মথুরায় অবস্থিতিকালে কুব্জার সহিত সাধারণী রতিজনিত যে প্রণয় হয়, তাহা কুব্জার অন্তঃকরণে সকাম ছিল; কিন্তু সকাম প্রীতির চরম ফলরূপ শুদ্ধপ্রীতিও পরে উদ্দিত হইয়াছিল। ব্রজভাব সর্বোপরি ভাব; তাহা শিক্ষা করিবার জন্য গোকুলে উদ্ধবকে প্রেরণ করিলেন। ৩২।

The affection that arose between Krishna and Kubja during His stay in Mathura was, on Kubja's side, mixed with personal desire. Yet in due course that desire-mixed affection gave rise to pure love, which is its highest perfection. The mood of Braja stands above all other spiritual moods. Therefore Krishna sent Uddhava to Gokula so that he might learn that exalted mood. (32)

Verse 33

পাণ্ডবা ধর্মশাখা হি কৌরবাশ্চেতরাঃ স্মৃতাঃ।
পাণ্ডবানাং ততো কৃষ্ণো বান্ধবঃ কুলরক্ষকঃ ॥ ৩৩ ॥

pandava dharma-shakha hi kauravash cetarah smritah
pandavanam tato krishno bandhava kula-rakshakah. (33)

The Pandavas are known as the branch of dharma, whereas the Kauravas are remembered as its opposite. Therefore Krishna became the friend and protector of the Pandavas.

পাণ্ডবগণ ধর্মশাখা এবং কৌরবগণ অধর্মশাখা, ইহা স্মৃতিতে কথিত আছে। অতএব শ্রীকৃষ্ণ পাণ্ডবদিগেরই বান্ধব ও কুলরক্ষক। ৩৩।

The scriptures describe the Pandavas as the branch of righteousness and the Kauravas as the branch of unrighteousness. Therefore Sri Krishna became the friend, well-wisher, and protector of the Pandavas and their lineage. (33)

Verse 34

অক্রুরং ভগবান্ দূতং প্রেরয়ামাস হস্তিনাম্ ।
ধর্মস্য কুশলার্থং বৈ পাপিনাং ত্রাণকামুকঃ ॥ ৩৪ ॥

akruram bhagavan dutam prerayam asa hastinam
dharmasya kushalartham vai papinam trana-kamukah. (34)

Desiring the welfare of dharma and the deliverance of the sinful, Bhagavan sent Akrura as a messenger to Hastinapura.

ধর্মের কুশলস্থাপন এবং পাপীদিগের ত্রাণ অভিপ্রায়ে ভগবান্ অক্রুরকে দূত করিয়া হস্তিনায় প্রেরণ করিলেন। ৩৪।

Wishing to establish the welfare of dharma and to bring deliverance even to sinful persons, Bhagavan sent Akrura as His messenger to Hastinapura. (34)

ইতি শ্রীকৃষ্ণসংহিতায়াং কৃষ্ণলীলাবর্ণনং নাম পঞ্চমোধ্যায়ঃ।

Thus ends the Fifth Chapter of Sri Krishna-samhita, entitled "Description of Krishna's Pastimes."

শ্রীকৃষ্ণ-সংহিতা
ষষ্ঠ অধ্যায় — দ্বারকা-লীলা-বর্ণনম্
Chapter Six
Dwaraka-lila-varnanam

Description of Pastimes at Dwaraka

Verse 1

কর্মকাণ্ডস্বরূপোয়ং মাগধঃ কংসবান্ধবঃ।
রুরোধ মথুরাং রম্যাং ব্রহ্মজ্ঞানস্বরূপিণীম্ ॥ ১ ॥

karmakanda-svarupo 'yam magadhah kamsa-bandhavah
rurodha mathuram ramyam brahma-jnana-svarupinim. (1)

Jarasandha, the king of Magadha and ally of Kamsa, who embodies ritualistic religion, besieged the beautiful city of Mathura, which represents knowledge of Brahman.

কর্মের গতি দুই প্রকার—স্বার্থপর এবং পরমার্থপর। পরমার্থপর কর্মকে কর্মযোগ বলা যায়, কারণ জীবনের পথে এই সকল কর্ম জ্ঞানকে পুষ্ট করে, এবং কর্ম ও জ্ঞান উভয়েই ক্রমে ভগবদ্ভক্তিকে পুষ্ট করে। এই প্রকার কর্ম, জ্ঞান ও ভক্তির সংযোগকে কেউ কর্মযোগ, কেউ জ্ঞানযোগ, কেউ ভক্তিযোগ, আর সারগ্রাহী ব্যক্তিগণ সমন্বয়যোগ বলে থাকেন। কিন্তু যে সকল কর্ম কেবল স্বার্থপর, তাহারই নাম কর্মকাণ্ড। কর্মকাণ্ড প্রায়ই ঈশ্বর সম্বন্ধে সংশয় উৎপন্ন করে এবং নাস্তিকতার সঙ্গে একপ্রকার মৈত্রী স্থাপন করে। সেই কর্মকাণ্ডস্বরূপ জরাসন্ধ ব্রহ্মজ্ঞানস্বরূপা মনোরমা মথুরাপুরীকে অবরোধ করিল। ১।

There are two kinds of action: self-centred action and action directed toward the highest good. Actions directed toward the highest good may properly be called karma-yoga, for through them knowledge is nourished, and through the combined influence of action and knowledge, devotion to Bhagavan gradually develops. Some call this harmony of action, knowledge, and devotion karma-yoga; others call it jnana-yoga; others bhakti-yoga; while those who seek the essence describe it as a synthesis of all three.

Actions performed solely for selfish ends are known as karma-kanda. Such ritualistic religion often gives rise to doubt concerning God and forms an alliance with atheism. Jarasandha, who represents this spirit of karma-kanda, therefore laid siege to the fair city of Mathura, which embodies knowledge of Brahman. (1)

Verse 2

মায়য়া বান্ধবান্ কৃষ্ণো নীতবান্ দ্বারকাং পুরীম্।
ক্রেচ্ছতা-যবনং হিত্বা সরামো গতবান্ হরিঃ ॥ ২ ॥

mayaya bandhuvan krishno nitavan dvarakam purim
krcchrata-yavanam hitva sa-ramo gatavan harih. (2)

By His divine power Krishna led His kinsmen to the city of Dwaraka. Leaving behind the Yavana to overrun Mathura, Hari, together with Rama, departed for there.

Verse 3

মুচুকুন্দং মহারাজং মুক্তিমার্গাধিকারিণং ।
পদাহনদ্দুরাচারস্তস্য তেজোহতস্তদা ॥ ৩ ॥

mucukundam maharajam mukti-margadhikarinam
padahanad duracaras tasya tejo-hatas tada. (3)

The wicked intruder struck the great King Muchukunda, who was qualified for the path of liberation, with his foot; and at once he was consumed by the king's splendour.

ভক্তসমাজরূপ আত্মীয়বর্গকে শ্রীকৃষ্ণ স্বেচ্ছায় বৈধী-ভক্তিযোগস্বরূপ দ্বারকাপুরীতে লইয়া গেলেন। বর্ণাশ্রমধর্মের নিয়মশৃঙ্খলা অস্বীকারকারীকে যবন বলা যায়। এই যবন, অবৈধ আচরণের প্রভাবে, জ্ঞানের বিরোধী ছিল এবং কর্মকাণ্ডের সহায়তায় বলীয়ান হইয়াছিল। যখন সে মুক্তিপথে অধিকারী মহারাজ মুচুকুন্দকে পদাঘাত করিল, তখন রাজর্ষির তেজে সেই দুরাচার বিনষ্ট হইল। ২। ৩।

Sri Krishna then led His kinsmen, who represent the community of devotees, to Dwaraka, the realm of regulated devotion. One who rejects the disciplines of varnashrama may be called a Yavana. Such a person, through unlawful conduct, becomes opposed to spiritual knowledge and gains strength from ritualism. When this Yavana struck the great King Muchukunda, who was qualified for the path of liberation, he was immediately destroyed by the king's spiritual splendour. (2–3)

Verse 4

ঐশ্বর্যজ্ঞানমধ্যাং বৈ দ্বারকায়াং গতো হরিঃ ।
উবাহ রুক্মিণীং দেবীং পরমৈশ্বর্যরূপিণীম্ ॥ ৪ ॥

aishvarya-jnana-madhyam vai dvarakayam gato harih
ubaha rukminim devim paramaishvarya-rupinim. (4)

Having entered Dwaraka, the realm pervaded by awareness of divine majesty, Hari married the goddess Rukmini, who embodies supreme majesty.

ঐশ্বর্যজ্ঞানময়ী দ্বারকাপুরীতে অবস্থান করিয়া পরমৈশ্বর্যস্বরূপিণী রুক্মিণী দেবীকে ভগবান বিবাহ করিলেন। ৪।

Dwelling in Dwaraka, the realm of divine majesty, Bhagavan married the goddess Rukmini, who embodies supreme majesty. (4)

Verse 5

প্রদ্যুম্নঃ কামরূপো বৈ জাতস্তস্যাঃ হৃতস্তদা ।
মায়ারূপেণ দৈত্যেন শম্ভরেণ দুরাত্মনা ॥ ৫ ॥

pradyumnah kama-rupo vai jatas tasyah hritas tada
maya-rupena daityena shambarena duratmana. (5)

Pradyumna, the personified form of Kama, was born from her, but was immediately carried away by the wicked demon Shambara, who embodies illusion.

কামস্বরূপ প্রদ্যুম্ন রুক্মিণীর গর্ভে জন্মগ্রহণ করিয়া দুরাত্মা শম্ভরের দ্বারা অপহৃত হইলেন। ৫।

Pradyumna, who embodies Kama, was born from the womb of Rukmini, but was carried away by the wicked Shambara. (5)

Verse 6

স্বপত্ন্যা রতিদেব্যা সঃ শিক্ষিতঃ পরবীরহা।
নিহত্য শম্ভরং কামো দ্বারকাং গতবান্ তদা ॥ ৬ ॥

sva-patnya rati-devya sah shikshitah para-viraha
nihatya shambaram kamo dvarakam gatavan tada. (6)

Instructed by his wife Rati, the mighty Kama slew Shambara and then returned to Dwaraka.

পুরাকালে শুদ্ধ বৈরাগ্যগত মহাদেব কর্তৃক কামদেবের শরীর ভস্মসাৎ হইয়াছিল; তৎকালে রতিদেবী বিরহভাবাশ্রয় গ্রহণ করিয়াছিলেন। কিন্তু বৈধভক্তিমার্গ উদয় হইলে ভস্মীভূত কাম কৃষ্ণপুত্ররূপে জন্মগ্রহণ করিয়া স্বপত্নী রতিদেবীকে বিরহাবস্থা হইতে উদ্ধার করিলেন। তাৎপর্য এই যে যুক্তবৈরাগ্যে বৈধকাম ও রতির অস্বীকার নাই। স্বপত্নী রতিদেবীর শিক্ষায় বলবান কামদেব বিষয়ভোগরূপ শম্ভরকে বধ করিয়া দ্বারকায় গমন করিলেন। ৬।

In former times, Mahadeva, established in pure renunciation, reduced the body of Kamadeva to ashes, and Rati was left in a state of separation. But when the path of regulated devotion appeared, the burnt Kama took birth as a son of Krishna and delivered his wife Rati from her condition of separation. The significance of this is that proper renunciation does not reject lawful affection between husband and wife. Guided by His shakti Rati, Kamadeva slew Shambara, who represents sensual enjoyment, and then returned to Dwaraka. (6)

Verse 7

মানময়ীঞ্চ রাধায়াঃ সত্যভামাং কলাং শুভাং।
উপযেমে হরিঃ প্রীত্যা মণ্যুদ্ধারচ্ছলেন চ ॥ ৭ ॥

manamayin ca radhayah satyabhamam kalam shubham
upayeme harih pritya many-uddhara-cchalena ca. (7)

Hari lovingly married Satyabhama, the beautiful expansion of Radha's loving pride, under the pretext of recovering the jewel.

মানময়ী রাধিকার কলাস্বরূপা সত্যভামাকে মণি উদ্ধার করিবার ছলে ভগবান বিবাহ করিলেন। ৭।

Bhagavan married Satyabhama, who is an expansion of Radha in her mood of loving pride, under the pretext of recovering the Syamantaka jewel. (7)

Verse 8

মাধুর্যহ্লাদিনী শক্তেঃ প্রতিচ্ছায়াস্বরূপকাঃ ।
রুক্মিণ্যাদ্যা মহিষ্যো□ষ্টৌ কৃষ্ণস্যান্তঃপুরে কিল ॥ ৮ ॥

madhurya-hladini-shakteh praticchaya-svarupakah
rukminy-adya mahishyo 'shtau krishnasyantah-pure kila. (8)

Rukmini and the other eight queens dwelling in Krishna's inner chambers are reflections of the Hladini-shakti as it appears in the mood of majesty.

মাধুর্যগত হ্লাদিনী শক্তি যখন ঐশ্বর্যভাবের মধ্যে প্রতিফলিত হয়, তখন তাহার প্রতিচ্ছায়াস্বরূপ রুক্মিণী প্রভৃতি অষ্ট মহিষী দ্বারকায় কৃষ্ণপ্রিয়া হন। ৮।

Rukmini and the other eight queens of Dwaraka are reflections of the Hladini-shakti as it appears within the mood of divine majesty. In this way they became beloved to Krishna in Dwaraka. (8)

Verse 9

ঐশ্বর্যে ফলবান্ কৃষ্ণঃ সন্ততের্ বিস্তৃতির্ভবেত্ ।
সন্তানো বংশবৃদ্ধিশ্চ দ্বারকায়াং সতাং যদি ॥ ৯ ॥

aishvarye phalavan krishnah santater vistitir bhavet
santano vamsha-vriddhish ca dvarakayam satam yadi. (9)

In Dwaraka, where divine majesty predominates, Krishna's relationships bear fruit in the form of offspring, and the lineage expands through descendants.

মাধুর্যভাবে ভগবদ্ভাব যেরূপ অখণ্ড, ঐশ্বর্যপ্রধান বৈধীভক্তিতে তাহা সেইরূপ নহে। কারণ এই ভাবের ফলস্বরূপ সন্তান-সন্ততি এবং বংশবৃদ্ধি ক্রমে প্রসার লাভ করে। ৯।

The loving relationship with Bhagavan found in the mood of sweetness is indivisible and complete. The devotion characteristic of Dwaraka, however, is governed by awareness of divine majesty and is therefore of a different character. There, the relationship bears fruit in the form of children and descendants, and thus the family line continually expands. (9)

Verse 10

স্থূলার্থবোধকে গ্রন্থে ন তেষামর্থনির্ণয়ঃ ।
পৃথক্‌রূপেণ কর্তব্যঃ স্থধিয়ঃ প্রথয়ন্তু তু ॥ ১০ ॥

sthulartha-bodhake granthe na tesham artha-nirnayah
prithak-rupena kartavyah sthadhiyah prathayantu tu. (10)

In a work intended to convey only the broad meaning, a full determination of these topics cannot be undertaken. Let thoughtful people expound them separately and at greater length.

অর্থ নির্ণয় করা যাইবে না। পৃথক গ্রন্থে স্বুদ্ধিমান্ ব্যক্তিগণ সকল তাৎপর্যব্যাখ্যা বিস্তার করুন। ১০।

Their full significance cannot be determined within the limits of the present work. Let thoughtful and learned persons explain these subjects more fully in separate treatises. (10)

Verse 11

অদ্বৈতরূপিণং দৈত্যং হত্বা কাশীং রমাপতিঃ।
হরধামাদহৎ কৃষ্ণবুদ্ধুমতপীঠকং ॥ ১১ ॥

advaita-rupinam daityam hatva kashim ramapatih
hara-dhamadahat krishna-buddhumata-pithakam. (11)

Having slain the demon who embodied the Adwaita doctrine, the Lord of Lakshmi burned Kashi, the seat of that erroneous teaching.

হরধামরূপ কাশীতে অদ্বৈতমতরূপ আন্ত্রিক মতের উদয় হয়, যাহাতে এক দুষ্ট ব্যক্তি "আমি বাসুদেব" বলিয়া সেই মত প্রচার করেন। রমাপতি ভগবান্ তাহাকে বধ করিয়া এ মতের দুষ্ট পীঠস্বরূপ কাশীধামকে দগ্ধ করেন। ১১।

In Kashi, the city of Shiva, the erroneous doctrine of Adwaita misguided a man claiming to be Vasudeva. Bhagavan slew him and destroyed Kashi, the stronghold of that harmful doctrine. (11)

Verse 12

ভৌমবুদ্ধিময়ং ভৌমং হত্বা স গরুড়াসনঃ।
উদ্ধৃত্য রমণীবৃন্দমুপযেমে প্রিয়ঃ সতাম্ ॥ ১২ ॥

bhauma-buddhimayam bhaumam hatva sa garudasanah
uddhritya ramani-vrindam upayeme priyah satam. (12)

Having slain Bhauma, who embodied a worldly conception of Divinity, the Lord riding upon Garuda rescued the captive maidens and accepted them as His wives.

ভগবত্তত্ত্বকে ভৌমবুদ্ধি করিয়া নরকাসুরের ভৌমনাম হয়। তাহাকে বধ করিয়া গরুড়াসন ভগবান্ অনেক রমণীবৃন্দকে উদ্ধার করত তাহাদিগকে বিবাহ করিলেন। পৌত্তলিক মত নিতান্ত হেয়, যেহেতু পরমতত্ত্বে সামান্য বুদ্ধি করা নিতান্ত নির্বোধের কর্ম। শ্রীমূর্তিসেবনও পৌত্তলিক মতে অনেক ভেদ আছে। পরমার্থতত্ত্বের নির্দেশক শ্রীমূর্তিসেবনের দ্বারা পরমার্থ প্রাপ্ত হওয়া যায়; কিন্তু নিরাকারবাদরূপ ভৌতিক তত্ত্বের ব্যতিরেক ভাবকে পরব্রহ্ম বলিয়া নিশ্চয় করা, অথবা মায়িক কোন বস্তু বা গঠনকে পরমেশ্বর বলিয়া জানা, এই উভয়ই পৌত্তলিকতা—অর্থাৎ ভগবদেতর বস্তুকে ভগবানের স্থানে প্রতিষ্ঠা করা। এই মতের অনুগামী লোক সকলকে ভগবান উদ্ধার করিয়া স্বীয় আশ্রয়ে গ্রহণ করিলেন। ১২।

Narakasura is called Bhauma because he represents the tendency to conceive of Bhagavan in a merely worldly manner. Having slain him, Bhagavan, who rides upon Garuda, rescued many captive women and gave them protection. The doctrine of idolatry is to be condemned, for it arises from the foolish attempt to reduce the Supreme Truth to an ordinary object of understanding. There are,

however, important distinctions to be made regarding the worship of sacred images. Through the worship of the Deity, which points toward the highest spiritual truth, one may attain the supreme goal. But to identify the Absolute merely with an impersonal abstraction, or to regard some material object or human construction as God Himself, is true idolatry. In either case, something other than Bhagavan is placed in His position. Bhagavan rescued those who had fallen into such misconceptions and accepted them under His shelter. (12)

Verse 13

ঘাতয়িত্বা জরাসন্ধং ভীমেন ধর্মভ্রাতৃণা।
অমোচয়দ্ভূমিপালান্ কর্মপাশস্য বন্ধনাৎ ॥ ১৩ ॥

ghatayitva jarasandham bhimena dharma-bhratrina
amocayad bhumipalan karma-pashasya bandhanat. (13)

Having caused Jarasandha to be slain by Bhima, the brother of Dharma, He delivered the kings from the bondage of the noose of karma.

ধর্মভ্রাতা ভীমের দ্বারা জরাসন্ধকে বধ করিয়া অনেক রাজাদিগকে কর্মপাশ হইতে উদ্ধার করিলেন। ১৩।

By means of Bhima, the brother of Dharma, Bhagavan caused the death of Jarasandha and freed many kings from the bondage of karma. (13)

Verse 14

যজ্ঞেচ ধর্মপুজস্য লব্ধা পুজামশেষতঃ।
চকর্ত শিশুপালস্য শিরঃ সংঘর্ষরাত্বনঃ ॥ ১৪ ॥

yajne ca dharma-pujasya labdha pujam asheshatah
cakarta shishupalasya shirah sangharsha-ratvanah. (14)

When, at the sacrifice, all honours were bestowed upon the worshipful Lord of Dharma, He severed the head of Shishupala, who delighted in contention.

গ্রহণ করত আত্মবিদ্বেষী অর্থাৎ ভগবৎস্বরূপবিদ্বেষী শিশুপালের শিরশ্ছেদ করিলেন। ১৪।

When He accepted the worship offered to Him, Bhagavan severed the head of Shishupala, who was hostile to his own true self, that is, hostile to the very nature of Bhagavan. (14)

Verse 15

কুরুক্ষেত্ররণে কৃষ্ণো ধরাভারং নিবর্ত্য সঃ।
সমাজরক্ষণং কার্য্যমকরোৎ করুণাময়ঃ ॥ ১৫ ॥

kurukshetra-rane krishno dhara-bharam nivartya sah
samaja-rakshanam karyam akarot karunamayah. (15)

In the battle of Kurukshetra, Krishna removed the burden of the earth and, in His compassion, undertook the protection of society.

কুরুক্ষেত্রযুদ্ধে পৃথিবীর ভার অপনোদন করিয়া ভগবান ধর্মস্থাপনপূর্বক সমাজরক্ষা করিলেন। ১৫।

Through the battle of Kurukshetra, Bhagavan removed the burden of the earth and, by re-establishing righteousness, preserved the order of human society. (15)

Verse 16

সর্ব্বাসাং মহিষীণাঞ্চ প্রতিসদ্ম হরিং মুনিঃ।
দৃষ্ট্বা চ নারদো□গচ্ছচ্চিন্ময়ং তত্ত্বনির্ণয়ে ॥ ১৬ ॥

sarvasam mahishinam ca prati-sadma harim munih
drishtva ca narado 'gacchac cinmayam tattva-nirnaye. (16)

Seeing Hari present in the residence of each of His queens, the sage Narada became astonished and arrived at a deeper understanding of spiritual truth.

নারদমুনি দ্বারকায় আগমন করিয়া প্রতি মহিষীর গৃহে শ্রীকৃষ্ণকে একইকালে দর্শন করত ভগবত্তত্ত্বের গাম্ভীর্যে বিস্ময়াপন্ন হইলেন। সর্বজীবে এবং সর্বত্র ভগবান পূর্ণরূপে বিলাসবান হইয়া একইকালে অবস্থিত আছেন—ইহা এক অপূর্ব তত্ত্ব। সর্বব্যাপী ভাবটী এই তত্ত্বের নিকট নিতান্ত সামান্য বলিয়া বোধ হয়। ১৬।

When Narada Muni came to Dwaraka and saw Sri Krishna simultaneously present in the home of each queen, he was struck with wonder at the profundity of the truth of Bhagavan. That Bhagavan is fully present, at one and the same time, in every living being and in every place, is a most extraordinary truth. The conception of mere omnipresence appears quite limited when compared with this deeper understanding. (16)

Verse 17

কদর্থভাবরূপঃ স দন্তবক্রো হতস্তদা।
সুভদ্রাং ধর্মভ্রাত্রে হি নরায় দত্তবান্ প্রভুঃ ॥ ১৭ ॥

kadartha-bhava-rupah sa dantavakro hatas tada
subhadram dharma-bhratre hi naraya dattavan prabhuh. (17)

Then Dantavakra, who embodied barbarism and degradation, was slain. Thereafter the Lord gave Subhadra in marriage to Arjuna, the brother of Dharma.

অসভ্যতারূপ দন্তবক্র হত হইলেন। পুনশ্চ ধর্মভ্রাতা অর্জুনকে স্বীয় ভগিনী সুভদ্রা দেবীর পাণি প্রদান করিলেন। যেস্থলে ভোগ্যত্বরূপ জীবের ত্রৈগুণভাব সম্পন্ন হয় নাই, সেস্থলে সখ্যভাবগত হ্লাদিনী শক্তি সম্বন্ধ স্থাপনার্থে ভগবদ্ভাবের সন্নিকৃষ্ট আশ্রয়প্রাপ্ত কোন অচিন্ত্য ভক্তিভাবকে সুভদ্রারূপে কল্পনা করা যায়। এরূপ ভাব অর্জুনের ন্যায় বিশেষ ভক্তগণের আস্বাদ্য। ব্রজভাবের ন্যায় এ ভাব উৎকৃষ্ট নহে। ১৭।

Dantavakra, who represents barbarism and uncultivated conduct, was slain. Thereafter the Lord gave His sister Subhadra in marriage to Arjuna, the brother of Dharma.

Where the soul has not yet attained the disposition of complete loving surrender, one may conceive of Subhadra as representing a form of inconceivable devotion closely connected with Bhagavan, established through the Hladini-shakti in the mood of friendship. Such a sentiment is relished by devotees like Arjuna. Yet it does not possess the excellence of the mood found in Braja. (17)

Verse 18

শাল্মায়াং নাশয়িত্বা ররক্ষ দ্বারকাং পুরীং ।
নৃগং তু কৃকলাসত্বাৎ কর্মপাশাদমোচয়ৎ ॥ ১৮ ॥

salva-mayam nashayitva raraksha dvarakam purim
nrigam tu krikalasatvat karma-pashad amocayat. (18)

Having destroyed Salva, He protected Dwaraka; and He delivered Nriga from the bondage of karma and his birth in the form of a lizard.

শাল্মায়া বিনাশ করিয়া ভগবান দ্বারকাপুরী রক্ষা করিলেন। বৈজ্ঞানিক শিল্প ভগবৎকার্যের নিকট কিছুই নয়। নৃগরাজ অনুচিত কর্মফলে কৃকলাসত্ব ভোগ করিতেছিলেন; ভগবৎকৃপায় তাহা হইতে উদ্ধার পাইলেন। ১৮।

By destroying Salva, Bhagavan protected the city of Dwaraka. The achievements of material science are insignificant when compared with the works of Bhagavan. King Nriga had been suffering the condition of a lizard as the result of an improper act. By the mercy of Bhagavan he was delivered from that state. (18)

Verse 19

সুদাম্না প্রীতিদত্তঞ্চ তণ্ডুলং ভুক্তবান্ হরিঃ ।
পাষণ্ডানাং প্রদত্তেন মিষ্টেন ন তথা সুখী ॥ ১৯ ॥

sudamna pritidattam ca tagulam bhuktavan harih
pashandanam pradattena mishtena na tatha sukhi. (19)

Hari ate the handful of chipped rice lovingly offered by Sudama. He is not so pleased by the rich delicacies offered by the faithless.

পাষণ্ডদত্ত অতিশয় উপাদেয় দ্রব্যও ভগবদগ্রাহ্য নয়, কিন্তু প্রীতিদত্ত অতি সামান্য দ্রব্যও ভগবানের আদরণীয় হয়—ইহা সুদামা ব্রাহ্মণের তণ্ডুলকণ ভক্ষণ করিয়া দেখাইলেন। ১৯।

A most valuable gift offered by a faithless person is unwanted by Bhagavan, but the humblest offering made with love is dear to Him. This truth was demonstrated when He ate the handful of chipped rice offered by the brahmana Sudama. (19)

Verse 20

বলোপি শুদ্ধজীবোয়ং কৃষ্ণপ্রেমবশং গতঃ ।
অবধীদ্দ্বিবিদং মূঢ়ং নিরীশ্বরপ্রমোদকম্ ॥ ২০ ॥

balo 'pi shuddha-jivo 'yam krishna-prema-vasham gatah
avadhid dvividam mudham nirishvara-pramodakam. (20)

Baladeva, the pure living being, being fully governed by love for Krishna, slew the foolish Dvivida, who delighted in godlessness.

নিরীশ্বর-প্রমোদরূপ দ্বিবিদ বানর কৃষ্ণপ্রেমময় শুদ্ধজীব বলদেব কর্তৃক নিহত হইল। ২০।

Dvivida, the monkey who embodied delight in godlessness, was slain by Baladeva, the pure living being filled with love for Krishna. (20)

Verse 21

স্বসন্ধিনীর্নির্মিতে ধাম্নি হৃদ্গতে রোহিণীসুতঃ।
গোপীভির্ভাবরূপাভীরেমে বৃন্দাবনান্তরে ॥ ২১ ॥

sva-sandhini-nirmite dhamni hrid-gate rohini-sutah
gopibhir bhava-rupabhir reme vrindavanantare. (21)

Within the spiritual abode fashioned by the Sandhini potency and established within the heart, the son of Rohini enjoyed pastimes in Vrindavana with gopis who embody devotional sentiments.

জীবস্বরূপনির্মিত ধামে বৃন্দাবনের মধ্যে ভাবরূপা গোপীদিগের সহিত বলদেব প্রেমলীলা করিলেন। ২১।

Within the spiritual abode revealed to the soul, Baladeva enjoyed loving pastimes in Vrindavana with the gopis, who embody the various moods of devotion. (21)

Verse 22

ভক্তানাং হৃদয়ে শশ্বৎ কৃষ্ণলীলা প্রবর্ততে।
নটোপি স্বপুরং যাতি ভক্তীনাং জীবনাত্যয়ে ॥ ২২ ॥

bhaktanam hridaye shashvat krishna-lila pravartate
nato 'pi sva-puram yati bhaktinam jivanatyaye. (22)

Krishna's pastimes continue eternally within the hearts of His devotees. Yet when the devotees depart from this life, He withdraws to His own abode, like an actor leaving the stage.

এই সমস্ত লীলা ভক্তগণের হৃদয়স্থিত; কিন্তু ভক্তগণের মর্ত্যদেহ পরিত্যাগকালে, রঙ্গমঞ্চ ত্যাগকারী অভিনেতার ন্যায়, অদৃশ্য হয়। ২২।

All these pastimes dwell within the hearts of the devotees. Yet when they leave their mortal bodies, those pastimes disappear from worldly sight, just as an actor vanishes from view when he leaves the stage. (22)

Verse 23

কৃষ্ণেচ্ছা কালরূপা সা যাদবান্ ভাবরূপকান্।
নিবর্ত্য রঙ্গতঃ সাধ্বী দ্বারকাং প্লাবয়দ্ ধ্রুবম্ ॥ ২৩ ॥

krishnecha kala-rupa sa yadavan bhava-rupakan
nivartya rangatah sadhvi dvarakam plavayad dhruvam. (23)

Krishna's will, appearing in the form of Time, withdrew the Yadavas, who embody various devotional moods, from the stage of His pastimes and inundated Dwaraka.

কালরূপা শ্রীকৃষ্ণেচ্ছা ভাবরূপ যাদবদিগকে লীলারঙ্গ হইতে নিবৃত্ত করিয়া দ্বারকাধামকে বিস্মৃতির সাগরের তরঙ্গ দ্বারা প্লাবিত করিলেন। ভগবানের ইচ্ছা সর্বদা পবিত্র; ইহাতে কিছুমাত্র অমঙ্গল নাই। ভক্তগণকে বৈকুণ্ঠাবস্থা প্রদান করিবার অভিপ্রায়ে তিনি তাহাদিগকে মায়িক শরীর হইতে পৃথক করিলেন। ২৩।

Sri Krishna's will, manifesting as Time, withdrew the Yadavas, who embody various devotional sentiments, from the stage of His pastimes and submerged Dwaraka beneath the waves of forgetfulness. Yet the will of Bhagavan is always pure, and there is nothing in it that is inauspicious. Desiring to grant His devotees entrance into the state of Vaikuntha, He separated them from their material bodies. (23)

Verse 24

prabhase bhagavaj jnane jarakrantan kalevaran
paraspara vivadena mocayam asa nandini

সেই পরমানন্দদায়িনী কৃষ্ণেচ্ছা ভক্তদিগের জরাক্রান্ত কলেবর সকল ভগবজ্জ্ঞানরূপ প্রভাসক্ষেত্রে পরিত্যাগ করাইলেন। শরীরের অপটু অবস্থায় অঙ্গপ্রত্যঙ্গ কেহ কাহারও শাসনাধীনে না থাকায় পরস্পর বিবাদ করে। বিশেষতঃ দেহত্যাগকালে অঙ্গপ্রত্যঙ্গ অবশ হইয়া পড়ে; কিন্তু ভক্তদিগের চিত্ত ভগবদ্ভাব হইতে কখনই বিচ্যুত হয় না। ২৪।

That same bliss-bestowing will of Krishna caused the devotees to abandon their age-worn bodies at Prabhasa, the field of divine realization. When the body becomes weakened, its various limbs no longer remain under proper control and fall into conflict with one another. This is especially evident at the time of death, when the bodily faculties lose their power. Yet the minds of the devotees never turn away from Bhagavan. (24)

Verse 25

krishna-bhava-svarupo 'pi jarakrantat kalevarat
nirgato gokulaṁ prapto mahimni sve mahiyate

তত্ত্বজ্ঞানে যে ভগবদ্ধাম থাকে, তাহা বৃজকারণের বিষয় হইলেও, তদীয় মহিমা গোকুল নামে সেই -এই চিরকাল বিরাজমান থাকে। ২৫।

Wherever the true abode of Bhagavan is revealed through spiritual realization, there the glory of Gokula eternally remains manifest. Though it may appear concealed from ordinary vision, its splendour never departs. (25)

ইতি শ্রীকৃষ্ণসংহিতায়াং দ্বারকালীলাবর্ণনং নাম পঞ্চমোধ্যায়ঃ।

"Thus ends the Fifth Chapter of the Sri Krishna Samhita, entitled 'The Description of the Dvaraka-lila.'"

শ্রীকৃষ্ণ-সংহিতা
সপ্তম অধ্যায় — কৃষ্ণ-লীলা-তত্ত্ব-বিচার-বর্ণনম্
Chapter Seven
Krishna-lila-tattva-vichar-varnanam

Consideration of the Truth of Krishna's Pastimes

Verse 1

এষা লীলা বিভোর্নিত্যা গোলোকে শুদ্ধধামনি।
স্বরূপভাবসম্পন্না চিদ্রূপবর্তিনী কিল ॥ ১ ॥

esa lila vibhor nitya goloke shuddha-dhamani
svarupa-bhava-sampanna cid-rupa-vartini kila. (1)

This eternal pastime of the Supreme Lord exists in Goloka, the pure spiritual abode. Endowed with His own intrinsic nature, it is a manifestation of pure spiritual reality.

চিৎপ্রভাবগত পরাশক্তির সন্ধিনী-ভাবরূপ বৈকুণ্ঠ, ইহা পূর্বে কথিত হইয়াছে। বৈকুণ্ঠ তিন ভাগে বিভক্ত অর্থাৎ মাধুর্যগত বিভাগ, ঐশ্বর্যগত বিভাগ ও নির্বিশেষ বিভাগ। নির্বিশেষ বিভাগটা বৈকুণ্ঠের আবরণভূমি। বহিঃপ্রকোষ্ঠের নাম নারায়ণধাম এবং অন্তঃপুরের নাম গোলোক। নির্বিশেষ উপাসকেরা নির্বিশেষ বিভাগ অর্থাৎ ব্রহ্মধাম প্রাপ্ত হইয়া মায়াজনিত শোক হইতে মুক্তি প্রাপ্ত হন। ঐশ্বর্যগত ভক্তবৃন্দ নারায়ণধাম প্রাপ্ত হইয়া অভয়লাভ করেন। মাধুর্যাস্বাদী ভক্তজন অন্তঃপুরস্থ হইয়া কৃষ্ণামৃত লাভ করেন। অশোক, অভয় ও অমৃত—এই তিনটি শ্রীকৃষ্ণের ত্রিপাদ্ বিভূতি নিত্য বৈকুণ্ঠধাম। বিভূতিভোগে পরব্রহ্মের নাম বিভূ হইয়াছে। মায়িক জগতটা শ্রীকৃষ্ণের চতুর্থ বিভূতি। আবির্ভাব হইতে অন্তর্ধান পর্য্যন্ত নানা সম্বন্ধঘটিত লীলা গোলোকধামে বর্তমান আছে। বদ্ধজীবে যে গোলোকভাব প্রতিভাত আছে, তাহাতেও এই লীলা নিত্য; যেহেতু অধিকারভেদে কোন ভক্তহৃদয়ে এই মুহূর্তে কৃষ্ণজন্ম হইতেছে, কোন ভক্তহৃদয়ে বস্ত্রহরণ, কোন হৃদয়ে মহারাস, কোন হৃদয়ে পুতনাবধ, কোন হৃদয়ে কংসবধ, কোন হৃদয়ে কুব্জাপ্রণয় এবং কোন হৃদয়ে ভক্তের জীবনত্যাগসময়ে অন্তর্ধান হইতেছে। যেমন জীব সকল অনন্ত, তদ্রূপ জগৎসংখ্যাও অনন্ত। অতএব এক জগতে এক লীলা এবং অন্য জগতে অন্য লীলা এইরূপ শাশ্বতভাবে বর্তমান আছে। অতএব ভগবানের সমস্ত লীলাই নিত্য। কখনও লীলার বিরাম নাই, যেহেতু ভগবচ্ছক্তি সর্বদাই ক্রিয়াবতী। এই সমস্ত লীলাই স্বরূপভাবগত, অর্থাৎ মায়িক বিকারগত নহে। যদিও মায়াবশতঃ বদ্ধজীবে এই লীলা বিরামযুক্ত বলিয়া বোধ হয়, তথাপি তাহার নিগূঢ় সত্তা চিদ্রূপবর্তিনী। ১।

It has previously been explained that Vaikuntha is the realm formed by the Sandhini potency of the Supreme Spiritual Energy. Vaikuntha is divided into three regions: the realm of sweetness, the realm of majesty, and the undifferentiated realm. The undifferentiated region forms the outer boundary of Vaikuntha. The outer, quadrangular courtyard is known as Narayana-dhama, while the inner sanctuary is called Goloka.

Those who worship the undifferentiated Absolute attain Brahma-dhama and become free from the sorrows produced by Maya. Devotees devoted to the Lord's majesty attain Narayana-dhama and thereby obtain fearlessness. Those who relish the sweetness of divine love enter the inner sanctuary and drink the nectar of Krishna. Freedom from sorrow, freedom from fear, and divine nectar—these three constitute the threefold eternal opulence of the Lord's spiritual realm. Because the Supreme Lord possesses these opulences, He is known as Vibhu. The material world is His fourth manifestation.

From Krishna's appearance to His disappearance, all varieties of relationships and pastimes eternally exist in Goloka. These pastimes are also eternal in relation to conditioned souls. According to their qualification, one devotee beholds Krishna's birth, another His stealing of butter, another the Maha-rasa dance, another the slaying of Putana, another the slaying of Kamsa, another His love for Kubja, and another His disappearance at the time of a devotee's departure from this world.

Just as the number of living beings is unlimited, so too are the worlds in which these pastimes are manifested. Thus, in one world one pastime is taking place, while in another world another pastime is being enacted.

Therefore all of Bhagavan's pastimes are eternal. There is never any cessation of them, because the Lord's spiritual potency is forever active. These pastimes belong to His eternal spiritual nature; they are not products of material transformation. Although conditioned souls, under the influence of Maya, may perceive these pastimes as having a beginning and an end, their hidden reality is entirely spiritual. (1)

Verse 2

জীবে সাম্বন্ধিকী সেয়ং দেশকালবিচারতঃ ।
প্রবর্তেত দ্বিধা সাপি পাত্রভেদক্রমাদিহ ॥ ২ ॥

jive sambandhiki seyam desa-kala-vicaratah
pravarteta dvidha sapi patra-bheda-kramad iha. (2)

In relation to the conditioned soul, these pastimes are perceived through relationship. According to distinctions of place, time, and qualification, they appear here in two forms.

গোলোকধামে স্বরূপভাবসম্পন্না আছে কিন্তু বদ্ধজীব সম্বন্ধে তাহা সাম্বন্ধিকী। বদ্ধ জীব সকল দেশ, কাল ও পাত্রভেদে ভিন্ন ভিন্ন স্বভাব প্রাপ্ত হওয়ায় এই লীলা দেশগত, কালগত ও পাত্রগত ভেদ অবলম্বনপূর্বক ভিন্ন ভিন্ন আকাররূপে দৃষ্ট হয়। লীলা কখনই ভিন্ন হয় নাই, কিন্তু আলোচকদিগের মলমুক্ত বিচারে উহার ভিন্নতা পরিদৃষ্ট হয়। পূর্বেই কথিত হইয়াছে যে, চিজ্জগতের ক্রিয়া সকল বদ্ধজীবে স্বরূপভাবে স্পষ্ট পরিদৃশ্য হয় না; কেবল সমাধি দ্বারা কিয়ৎ পরিমাণে অনুভূত হয়। তাহাও এর স্বরূপভাবের

মায়িক প্রতিচ্ছায়াকে লক্ষ্য করিয়া সিদ্ধ হয়। এতদ্হেতুক ব্রজলীলাদিতে যে সকল দেশনিদর্শন, কালনিদর্শন ও ব্যক্তিনিদর্শন লক্ষিত হয়, সকল নিদর্শন পাত্রবিচারক্রমে দুই প্রকার কার্য করে। কোমলশ্রদ্ধ পুরুষদিগের পক্ষে তাহারা সম্পূর্ণ বিশ্বাসের স্থল। সেরূপ স্থূল নির্দেশ ব্যতীত তাহাদের ক্রমোন্নতির অন্য পথ নাই। উত্তমাধিকারীদিগের পক্ষে তাহারা চিদগত বৈচিত্র্য প্রদর্শক রূপে সম্যক্ আদৃত হইয়াছে। মায়িক সম্বন্ধ দূর হইলে জীবের পক্ষে স্বরূপলীলা প্রত্যক্ষ হইবে। ২।

In Goloka these pastimes exist in their eternal spiritual reality. In relation to conditioned souls, however, they are perceived through various relationships. Since conditioned beings possess different natures according to place, time, and individual qualification, the eternal lila appears in diverse forms.

The pastimes themselves never change, but differences appear according to the vision of those who contemplate them. As stated previously, the activities of the spiritual world are not directly perceived by conditioned souls in their true form. At most they are partially realized through samadhi. Even then, realization generally occurs through the material reflection of those eternal realities.

For this reason, the places, times, and personalities described in Braja-lila serve as indicators pointing toward spiritual truths. These indications perform two functions according to the qualification of the observer. For those possessing tender faith, they provide concrete objects of belief. Without such visible indications, their spiritual progress would have no practical starting point.

For highly qualified devotees, however, these same indications reveal the endless variety of the spiritual world and are therefore deeply cherished. When material conditioning is removed, the soul will directly behold the eternal lila in its true form. (2)

Verse 3

ব্যক্তিনিষ্ঠা ভবেদেকা সর্ব্বনিষ্ঠা পরা মতা।
ভক্তিমদ্ধৃদয়ে সা তু ব্যক্তিনিষ্ঠা প্রকাশতে ॥ ৩ ॥

vyaktinistha bhaved eka sarvanistha para mata
bhaktimad-hrdaye sa tu vyaktinistha prakasate. (3)

One form of this relational realization is personal, while another is universal. The personal manifestation appears within the heart of a devotee.

বদ্ধজীবে ভগবল্লীলা স্বভাবতঃ সাম্বন্ধিকী। এ সাম্বন্ধিকী ভাব দুই প্রকার– ব্যক্তিনিষ্ঠ ও সর্ব্বনিষ্ঠ। বিশেষ বিশেষ ভক্তহৃদয়ে যে ভাবের উদয় হইয়া থাকে তাহা ব্যক্তিনিষ্ঠ। এ ব্যক্তিনিষ্ঠ ভাব কর্তৃক প্রহ্লাদ, ধ্রুব প্রভৃতি ভক্তগণের হৃদয় অতি প্রাচীন কালেও ভগবল্লীলার পীঠস্বরূপ হইয়াছিল। ৩।

In conditioned souls, the Lord's pastimes are naturally perceived through relationship. This relational realization is of two kinds: personal and universal.

When a particular devotional mood awakens within the heart of an individual devotee, that is called the personal manifestation. Through such personal realization, the hearts of devotees such as Prahlada and Dhruva became seats of the Lord's pastimes even in ancient times. (3)

Verse 5

দ্বারকায়াং হরিঃ পূর্ণো মধ্যে পূর্ণতরঃ স্মৃতঃ।
মথুরায়াং বিজানীয়াদ্ ব্রজে পূর্ণতমঃ প্রভুঃ ॥ ৫ ॥

dvarakayam harih purno madhye purnatarah smritah
mathurayam vijaniyad braje purnatamah prabhuh. (5)

In Dwaraka, Hari is known as complete. In Mathura He is known as more complete. But in Braja the Lord is understood to be most complete.

Verse 6

পূর্ণত্বং কল্পিতং কৃষ্ণে মাধুর্যশুদ্ধতাক্রমাৎ।
ব্রজলীলা বিলাসো হি জীবানাং শ্রেষ্ঠভাবনা ॥ ৬ ॥

purnatvam kalpitam krsne madhurya-suddhata-kramat
braja-lila-vilaso hi jivanam srestha-bhavana. (6)

Degrees of completeness are attributed to Krishna according to the purity of sweetness manifested in Him. Therefore the sportive pastimes of Braja are the highest contemplation for all souls.

সমস্ত জনসমাজকে এক ব্যক্তি জ্ঞান করিয়া উহার বাল্য, যৌবন ও বৃদ্ধাবস্থা বিচার করিলে দেখা যায় যে, সাধারণ আলোচনাক্রমে কোন সময়ে ভগবদ্ভাব সামাজিক সম্পত্তি হইয়া উঠে এবং সমাজের জ্ঞানবৃদ্ধিক্রমে প্রথমে উহা কর্মবশ, পরে জ্ঞানপর এবং অবশেষে চিদনুশীলনরূপ পরম ধর্মের প্রবলতাক্রমে বিশুদ্ধ হইয়া উঠে। সেই সর্বনিষ্ঠ লীলাগত ভাব দ্বাপরযুগে নারদ, ব্যাস প্রভৃতির চিত্তে উদিত হওয়াতে অপ্রাকৃত বৈষ্ণবধর্মের প্রচার হইয়াছে। ৪।

সমাজজ্ঞান-সমৃদ্ধিক্রমে যে কৃষ্ণলীলারূপ বৈষ্ণবধর্মের প্রকাশ হইল, তাহা তিন ভাগে বিভক্ত। তন্মধ্যে দ্বারকালীলা প্রথম বিভাগ; সেখানে ভগবান ঐশ্বর্যপূর্ণ, বিধিপরায়ণ, বিভুস্বরূপে প্রকাশিত। মধ্য বিভাগ মথুরালীলা; সেখানে ভগবানের ঐশ্বর্য ততদূর প্রকাশিত নহে, অতএব অধিকতর মাধুর্য নিহিত আছে। কিন্তু তৃতীয় বিভাগে ব্রজলীলা সর্বোৎকৃষ্ট বলিয়া গণ্য হইয়াছে। যে লীলায় যত অধিক মাধুর্য, সেই লীলা তত উৎকৃষ্ট এবং ভগবানের স্বরূপের তত নিকটবর্তী।

অতএব ব্রজলীলায় শ্রীকৃষ্ণচন্দ্র পূর্ণতম। ঐশ্বর্য যদিও ভগবানের বিভূতির এক অঙ্গ, তথাপি কৃষ্ণতত্ত্বে তাহার প্রাবল্য সম্ভব হয় না; কারণ যেখানে ঐশ্বর্যের অধিক প্রভাব, সেখানে মাধুর্যের লোপ ঘটে—ইহা মায়িক জগতেও প্রত্যক্ষ দেখা যায়। অতএব গোরক্ষক গোপগণ, গোপীগণ, গোপবেশ, গোরসজাত নবনীত, বন, কিশলয়, যমুনা, বংশী প্রভৃতি যাহার সম্পদ, সেই স্থানই ব্রজগোকুল, অর্থাৎ বৃন্দাবন, এবং সমস্ত মাধুর্যের আধার বলিয়া পরিচিত। সেখানে ঐশ্বর্যের আর কার্য কী? ৫। ৬।

If human society is viewed as a single person passing through childhood, youth, and maturity, it may be observed that divine consciousness gradually becomes a shared possession of mankind.

As society advances in understanding, religion first appears in connection with action, then with knowledge, and finally becomes purified through the predominance of spiritual cultivation, the highest function of consciousness. Thus the universal realization of the Lord's pastimes arose in the hearts of Narada, Vyasa, and other great souls during Dvapara-yuga, and through them the transcendental religion of the Vaishnavas was propagated. (4)

The manifestation of Vaishnava religion in the form of Krishna's pastimes may be divided into three sections. Dwaraka-lila is the first. There Bhagavan appears chiefly in His majestic aspect, the all-powerful Lord who is honoured according to scriptural rule. Mathura-lila is the middle section. There His majesty is less prominent, and therefore a greater measure of sweetness is revealed. But Braja-lila is regarded as the highest of all. The greater the sweetness found in a pastime, the more excellent it is and the more closely it approaches the Lord's essential nature. For this reason Sri Krishna is most complete in Braja. Although majesty is one aspect of divine opulence, it cannot predominate in the highest realization of Krishna. Wherever majesty becomes prominent, sweetness recedes. This principle may be observed even in ordinary experience. Therefore the land whose wealth consists of cowherd men and women, simple pastoral dress, freshly churned butter, forests, tender leaves, the Yamuna, and the flute—that land is Braja-Gokula, Vrindavana itself, the abode of all sweetness. What further need is there for displays of majesty there? (5–6)

Verse 7

গোপিকারমণং তস্য ভাবানাং শ্রেষ্ঠ উচ্যতে।
শ্রীরাধারমণং তত্র সর্বোত্তমভাবনা মতা ॥ ৭ ॥

gopika-ramanam tasya bhavanam srestha ucyate
sri-radha-ramanam tatra sarvottama-bhavana mata. (7)

Among all the Lord's relationships, His loving pastimes with the gopis are considered the highest. Among these, His loving pastimes with Sri Radha are held to be the supreme object of contemplation.

সেই ব্রজলীলায় দাস্য, সখ্য, বাৎসল্য ও শৃঙ্গাররূপ চারিটি সম্বন্ধাশ্রিত পরমরস চিদ্বিলাসের উপকরণস্বরূপ সর্বদা বিরাজমান। সেই সমস্ত রসের মধ্যে গোপীদিগের সহিত ভগবল্লীলারসই শ্রেষ্ঠ। তন্মধ্যে গোপীগণের শিরোমণি শ্রীমতী রাধিকার সহিত ভগবল্লীলা সর্বোত্তম ভাবনা বলিয়া লক্ষিত হয়। ৭।

Within Braja-lila, the four principal relationships of servitude, friendship, parental affection, and conjugal love eternally exist as manifestations of spiritual delight. Among all these rasas, the Lord's loving pastimes with the gopis are considered supreme. And among the gopis, the loving pastimes of Bhagavan with Srimati Radhika, the crown jewel of them all, are regarded as the highest object of meditation and contemplation. (7)

Verse 8

এতস্য রসরূপস্য ভাবস্য চিদগতস্য চ ।
আস্বাদনপরা যেতু তে নরা নিত্যধর্মিণঃ ॥ ৮ ॥

etasya rasa-rupasya bhavasya cid-gatasya ca
asvadana-para ye tu te nara nitya-dharminah. (8)

Those who are devoted to relishing this spiritual rasa and these conscious devotional moods are the true followers of the eternal religion.

যাহারা এই রসরূপ চিদগত ভাবের আস্বাদনে প্রবৃত্ত, তাহারাই নিত্যধর্ম অবলম্বন করিয়াছেন। ৮।

Those who devote themselves to relishing these spiritual moods and relationships, which belong to the realm of pure consciousness, are the true followers of the eternal religion. (8)

Verse 9

সামান্যবাক্যযোগেতু রসানাং কুত্র বিস্তৃতিঃ ।
অতো বৈ কবিভিঃ কৃষ্ণলীলাতত্ত্বং বিতন্যতে ॥ ৯ ॥

samanya-vakya-yogetu rasanam kutra vistaritih
ato vai kavibhih krsna-lila-tattvam vitanyate. (9)

How can the truths of rasa be fully expressed through general statements alone? Therefore the poets have elaborately described the truth of Krishna's pastimes.

কোন কোন মধ্যমাধিকারী পুরুষেরা যুক্তির সীমা অতিক্রম হইবার আশঙ্কায় বলেন যে, সামান্য ভাবসূচক বাক্যের দ্বারা এই সকল তত্ত্ব ব্যাখ্যা করা যায়; কৃষ্ণলীলাবর্ণনারূপ নিদর্শনের প্রয়োজন নাই। এরূপ মন্তব্য ভ্রমজনিত, যেহেতু সামান্য বাক্যের দ্বারা বৈকুণ্ঠের বৈচিত্র্য প্রকাশ করা যায় না। "এক অনির্বচনীয় ব্রহ্ম আছেন, তাঁহার উপাসনা কর"—এইরূপ বলিলে আত্মার পরমধর্ম যথার্থভাবে ব্যাখ্যাত হয় না। সম্বন্ধজ্ঞান ব্যতীত উপাসনা সম্ভব নয়। মায়া নিবৃত্ত করিয়া ব্রহ্মে অবস্থান করাকেই যদি উপাসনা বলা হয়, তবে তাহা কেবল নৈষেধিক ধারণা; সেখানে ইতিবাচক সম্পর্কের প্রতিষ্ঠা হয় না। ব্রহ্মকে দর্শন কর, ব্রহ্মের চরণাশ্রয় গ্রহণ কর—এইরূপ বাক্যপ্রয়োগ করিলেই বিশেষ ধর্ম স্বীকার করিতে হয়। আবার যখন তাঁহাকে প্রভু, পিতা ইত্যাদি বলা হয়, তখন মায়িক সম্পর্ককে আশ্রয় করিয়া এক অতীন্দ্রিয় সম্পর্কের ইঙ্গিত প্রদান করা হয়। যদি মায়িক সত্তা ও কার্যকে নিদর্শনরূপে গ্রহণ করিতে হয়, তবে বৈকুণ্ঠের সকল সম্পর্কের মায়িক প্রতিবিম্বকেও নিদর্শনরূপে গ্রহণ করিয়া, তাহার সারগ্রহণ করিয়া, বৈকুণ্ঠের প্রকৃত সত্তা ও কার্য অন্বেষণ করিতে হইবে। বিদেশীয় পণ্ডিতেরা আমাদের পৌত্তলিক বলিবেন—এই ভয়ে কি আমরা পরমার্থরত্ন পরিত্যাগ করিব? যাহারা নিন্দা করেন, তাঁহারা নিজ নিজ সিদ্ধান্তে কোমলশ্রদ্ধ। তাহাদের অপেক্ষা উচ্চতর অধিকার লাভ করিয়া আমরা কেন তাহাদিগকে ভয় করিব? সামান্য বাক্যের দ্বারা রসতত্ত্বের বিস্তার হয় না। এইজন্য ব্যাসাদি কবিগণ শ্রীকৃষ্ণলীলাতত্ত্ব বিস্তৃতভাবে বর্ণনা করিয়াছেন। এই অপূর্ব লীলাবর্ণন কোমলশ্রদ্ধ ও উত্তমাধিকারী—উভয়েরই পরম শ্রদ্ধার বিষয়। ৯।

Some persons of intermediate qualification, fearing that reason may be exceeded, maintain that these truths can be explained through abstract philosophical statements alone and that descriptions of Krishna's pastimes are unnecessary. Such an opinion arises from misunderstanding, for the variety of Vaikuntha cannot be revealed through general propositions.

To say merely, "There is an ineffable Brahman; worship Him," does not adequately explain the soul's highest duty. Worship is impossible without relationship. If liberation is defined only as the cessation of Maya and absorption into Brahman, then nothing positive has been established beyond a negation.

The moment one says, "Behold Brahman," or "Take shelter of the feet of Brahman," one has already admitted distinction and relationship. And when God is addressed as Lord, Father, or by similar names, material relationships are being employed as indicators of a higher, ineffable relationship.

If material realities may be used as symbols, then the reflections of the relationships existing in Vaikuntha may likewise serve as indicators of spiritual truth. The thoughtful seeker need not fear to examine these symbols and discover their eternal significance. Should we abandon the jewel of spiritual truth merely because foreign scholars might accuse us of idolatry? Those who make such criticisms remain situated in tender faith regarding their own conclusions. Having attained a higher realization, why should we fear their objections? The truths of rasa cannot be unfolded through abstract propositions alone. For this reason Vyasa and the other divine poets have extensively described the truths of Krishna's pastimes. These descriptions are worthy of the highest reverence both for those of tender faith and for those of advanced realization. (9)

Verse 10

ঈশোধ্যাতো বৃহজ্জ্ঞাতং যজ্ঞেশো যজিতস্তথা।
ন দদাতি পরমানন্দং যথা কৃষ্ণঃ প্রসেবিতঃ॥ ১০॥

iso dhyato brhaj jnatam yajneso yajitas tatha
na dadati paramanandam yatha krsnah prasevitah. (10)

The Lord attained through meditation, the Absolute attained through knowledge, and the Lord of sacrifice attained through ritual worship do not bestow the supreme bliss that is obtained through service to Krishna.

প্রকৃষ্টরূপে সেবিত হইলে ভগবান শ্রীকৃষ্ণচন্দ্র যে পরিমাণ পরমানন্দ দান করেন, তাহা ধ্যানযোগে জীবাত্মাসহচর ঈশ্বর, জ্ঞানযোগে নির্বিশেষ ব্রহ্ম, অথবা কর্মযোগে যজ্ঞেশ্বরের উপাসনায় লাভ হয় না। অতএব সর্বজীবের পক্ষে, কোমলশ্রদ্ধ হউক বা পরমসৌভাগ্যে উত্তমাধিকারী হউক, কৃষ্ণসেবাই একমাত্র পরমধর্ম। ১০।

When properly served, Sri Krishna bestows a degree of supreme bliss that cannot be obtained through meditation upon the indwelling Lord, through realization of the undifferentiated Brahman, or through ritual worship of the Lord of sacrifice. Therefore, whether one possesses tender faith or has attained the highest qualification by great good fortune, service to Krishna alone is the soul's supreme religion. (10)

Verse 11

বিদন্তি তত্ত্বতঃ কৃষ্ণং পাঠত্বেদং সুবৈষ্ণবাঃ ।
লভন্তে তৎফলং যত্তৎ লভেন্ ভাগবতে নরঃ ॥ ১১ ॥

vidanti tattvatah krsnam pathatvedam suvaisnavah
labhante tat-phalam yat tat labhen bhagavate narah. (11)

Sincere Vaishnavas who study this Sri Krishna Samhita will understand Krishna in truth, and obtain the same fruit a person gains from the study of the Bhagavata.

সমস্ত সুবৈষ্ণবগণ এই কৃষ্ণসংহিতা পাঠ করিয়া শ্রীকৃষ্ণতত্ত্ব অবগত হইবেন। শ্রীমদ্ভাগবতে যে সকল ফল বর্ণিত হইয়াছে, এই গ্রন্থ সর্বদা অধ্যয়ন করিলেও সেই সকল ফল লাভ হয়। ১১।

ইতি শ্রীকৃষ্ণসংহিতায়াং কৃষ্ণলীলাতত্ত্ববিচারবর্ণনং নাম সপ্তমোধ্যায়ঃ।
শ্রীকৃষ্ণ ইহাতে প্রীত হউন।

All true Vaishnavas who study this Krishna-samhita will come to understand the truth of Sri Krishna. Whatever fruits are said to arise from the study of Srimad-Bhagavatam may likewise be obtained by the regular study of this work. (11)

শ্রীকৃষ্ণ-সংহিতা
অষ্টম অধ্যায় — ব্রজ-ভাব-বিচার
Chapter Eight
Braja-bhava-vichara

Consideration of the Moods of Braja

Verse 1

আত্রৈব ব্রজভাবানাং শ্রৈষ্ঠ্যমুক্তমশেষতঃ।
মথুরা দ্বারকা ভাবাস্তেষাং পুষ্টিকরা মতাঃ ॥ ১ ॥

atraiva braja-bhavanam sraishthyam uktam asheshatah
mathura dvaraka bhavas tesham pushtikara matah (1)

In this work the excellence of the various moods of Braja has been fully described. The moods of Mathura and Dwaraka are regarded as nourishing and supporting those moods.

এই গ্রন্থে ব্রজভাব সকলের সর্বোৎকৃষ্টতা অশেষরূপে উক্ত হইয়াছে। মথুরা ও দ্বারকাগত ভাব সকল ব্রজভাবের পুষ্টিকর। ১।

The superiority of the devotional moods of Braja has already been extensively established in this work. The devotional moods associated with Mathura and Dwaraka serve to nourish and strengthen the moods of Braja.

Verse 2

জীবস্য মঙ্গলার্থায় ব্রজভাবো বিবিচ্যতে।
যেনাসঙ্গততো জীবশ্চামৃতত্বায় কল্পতে ॥ ২ ॥

jivasya mangalarthaya braja-bhavo vivicyate
yenasangatato jivas camritatvaya kalpate (2)

For the welfare of the soul, Braja-bhava is now examined; by attachment to it the living being becomes qualified for immortality.

যে ব্রজভাবে আসক্তি করিয়া জীব অমৃতত্ব প্রাপ্ত হন, তাহাই এক্ষণে জীবের মঙ্গলসাধনের অভিপ্রায়ে বিবেচিত হইবে। ২।

We shall now consider that Braja-bhava by attachment to which the living being attains immortality. This discussion is undertaken for the welfare of all souls.

Verse 3

অন্বয়ব্যতিরেকাভ্যাং বিবিচ্যোয়ং ময়াধুনা।
অন্বয়াৎ পঞ্চ সম্বন্ধাঃ শান্তদাস্যাদয়শ্চ যে ॥ ৩ ॥

anvaya-vyatirekabhyam vivicyo 'yam mayadhuna
anvayat pancha sambandhah santa-dasyadayash ca ye (3)

I shall now examine this subject by both positive and negative analysis. From the positive standpoint there are five relationships—shanta, dasya, and the others.

সেই ব্রজভাব সকল সম্প্রতি অন্বয়ব্যতিরেক রূপে বিবেচিত হইবে। অন্বয়বিচারে শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য ও মধুর–এই পঞ্চ সম্বন্ধের আলোচনা হইয়া থাকে। ৩।

The moods of Braja will now be considered through the methods of positive and negative analysis. Positive analysis concerns the five relationships of shanta, dasya, sakhya, vatsalya, and madhura.

Verse 4

কেচিদ্ ব্রজরাজস্য দাসভাবগতাঃ সদা।
অপরে সখ্যভাবাঢ্যাঃ শ্রীদামসুবলাদয়ঃ ॥ ৪ ॥

kecid braja-rajasya dasa-bhava-gatah sada
apare sakhya-bhavadhyah sridama-subaladayah (4)

Some are always situated in the mood of servitude to the King of Braja; others, such as Sridama and Subala, are endowed with the mood of friendship.

কেহ কেহ ব্রজরাজের দাস্য প্রাপ্ত হইয়া থাকেন এবং শ্রীদাম, সুবলাদি ভক্তগণ সখ্যভাবে সেবা করেন। ৪।

Some devotees serve the Lord of Braja in the mood of servants. Others, such as Sridama and Subala, render service in the mood of friendship.

Verse 5

যশোদা-রোহিণী-নন্দো বাৎসল্যভাবসংস্থিতাঃ।
রাধাদ্যাঃ কান্তভাবে তু বর্তন্তে রাসমণ্ডলে ॥ ৫ ॥

yashoda-rohini-nando vatsalya-bhava-samsthitah
radhadyah kanta-bhave tu vartante rasa-mandale (5)

Yashoda, Rohini, and Nanda are established in the mood of parental affection, while Radha and the other gopis dwell within the rasa-circle in the mood of conjugal love.

যশোদা, রোহিণী, নন্দ প্রভৃতি বাৎসল্যভাবের পাত্র এবং শ্রীরাধিকা প্রভৃতি গোপীগণ কান্তভাব প্রাপ্ত হইয়া রাসমণ্ডলে বর্তমান আছেন। ৫।

Yashoda, Rohini, Nanda, and others are established in parental affection, while Srimati Radhika and the gopis abide within the rasa-mandala in the mood of divine conjugal love.

Verse 6

বৃন্দাবনং বিনা নাস্তি শুদ্ধসম্বন্ধভাবকঃ।
অতো বৈ শুদ্ধজীবানাং রম্যে বৃন্দাবনে রতিঃ ॥ ৬ ॥

vrindavanam vina nasti shuddha-sambandha-bhavakah
ato vai shuddha-jivanam ramye vrindavane ratih (6)

Without Vrindavan there is no manifestation of pure spiritual relationship. Therefore the pure souls have their affection fixed upon beautiful Vrindavan.

বৃন্দাবন বিনা অন্যত্র শুদ্ধ সম্বন্ধভাব নাই। এতন্নিবন্ধন শুদ্ধ জীবদিগের বৃন্দাবনধামে স্বাভাবিকী রতি হইয়া থাকে। ৬।

Pure spiritual relationship finds its complete expression only in Vrindavan. Therefore the purified souls naturally possess an innate attraction to that beautiful abode.

Verse 7

তত্রৈব কান্তভাবস্য শ্রেষ্ঠতা শাস্ত্রসম্মতা।
জীবস্য নিত্যধর্মোয়ং ভগবদ্ভোগ্যতা মতা ॥ ৭ ॥

tatraiva kanta-bhavasya shreshthata shastra-sammata
jivasya nitya-dharmo 'yam bhagavad-bhogyata mata (7)

There alone the supremacy of the conjugal mood is acknowledged by the scriptures. The eternal function of the soul is understood to be its condition of being enjoyed by Bhagavan.

বৃন্দাবনস্থ কান্তভাবই সর্বশাস্ত্রসম্মত শ্রেষ্ঠ, যেহেতু জীবের ভোগ্যতা ও ভগবানের ভোক্তৃত্বস্বরূপ নিত্যধর্ম ইহাতে বিশুদ্ধরূপে লক্ষিত হয়। ৭।

The scriptures recognize the amorous mood of Vrindavan as supreme, because within it the eternal relationship of the soul as the enjoyed and Bhagavan as the enjoyer is most perfectly revealed.

Verse 8

ন তত্র কুণ্ঠতা কাচিৎ বর্ততে জীবকৃষ্ণয়োঃ।
অখণ্ডপরমানন্দঃ সদা স্যাৎ প্রীতিরূপধৃক্ ॥ ৮ ॥

na tatra kusthata kacid vartate jiva-krishnayoh
akhanda-paramanandah sada syat priti-rupa-dhrik (8)

There no incompatibility whatsoever exists between the soul and Krishna. Love there ever bears the form of uninterrupted supreme bliss.

নিত্যধর্মে অবস্থিত জীব ও কৃষ্ণের মধ্যে কোনপ্রকার কুণ্ঠতা নাই। অখণ্ড পরমানন্দ উহাতে প্রীতিরূপে নিত্য বর্তমান আছে। ৮।

When the soul stands in its eternal function, no discord remains between Krishna and the jiva. Divine love exists there as an unbroken current of supreme bliss.

Verse 9

সম্ভোগসুখপুষ্ট্যর্থং বিপ্রলম্ভো□পি সম্মতঃ।
মথুরা-দ্বারকাচিন্তা ব্রজভাববিবর্ধিনী ॥ ৯ ॥

sambhoga-sukha-pushty-artham vipralambho 'pi sammatah
mathura-dvaraka-cinta braja-bhava-vivardhini (9)

Even separation is approved, for it nourishes the happiness of union. Meditation upon Mathura and Dwaraka increases Braja-bhava.

জীব ও কৃষ্ণের সম্ভোগসুখই ব্রজরসের নিত্য প্রয়োজন। সেই সুখের পুষ্টি করিবার জন্য বিপ্রলম্ভ অর্থাৎ পূর্ব্বরাগ, মান, প্রেমবৈচিত্র্য ও প্রবাসরূপ বিরহভাব নিতান্ত প্রয়োজন। মথুরা ও দ্বারকা চিন্তা দ্বারা তাহা সিদ্ধ হয়। অতএব মথুরা ও দ্বারকাদি ভাব ব্রজভাবের পুষ্টিকর বলিয়া উক্ত হইয়াছে। ৯।

The joy of union between Krishna and the soul is an essential feature of Braja-rasa. Separation—in the forms of longing before meeting, loving displeasure, love-in-separation, and physical absence—serves to deepen and nourish that joy. Reflection upon Krishna's pastimes in Mathura and Dwaraka fulfills this purpose; therefore those moods are said to nourish Braja-bhava.

Verse 10

প্রপঞ্চবদ্ধজীবানাং বৈধধর্মাশ্রয়াৎ পুরা।
অধুনা কৃষ্ণসংপ্রাপ্তৌ পারকীয়রসাশ্রয়ঃ ॥ ১০ ॥

prapancha-baddha-jivanam vaidha-dharmashrayat pura
adhuna krishna-sampraptau parakiya-rasa-ashrayah (10)

Bound souls within this world first take shelter of regulated religious practice; thereafter, upon approaching Krishna, they take shelter of the mood of parakiya-rasa.

প্রপঞ্চবদ্ধ জীবের অধিকার ক্রমানুসারে আদৌ বৈধভক্তির আশ্রয় থাকে, পরে রাগোদয় হইলে ব্রজভাবের উদগম হয়। জনসমাজে বৈধানুশীলন এবং স্বীয় অন্তঃকরণে কৃষ্ণরাগাশ্রয় যতকাল হইতে থাকে, সেই কালে শ্রীকৃষ্ণে পারকীয় রসের কল্পনা করা যায়। যেমত কোন স্ত্রী নিজ বিবাহিত স্বামীকে বাহ্যাদর করিয়া কোন পরপুরুষের সৌন্দর্যে মুগ্ধ হইয়া তাহাতে গোপনে অনুরক্ত হয়, তদ্রূপ পূর্বপ্রাপ্ত বৈধমার্গের বিধিসকল ও সেই সকল বিধির প্রিয়স্তা ও রক্ষক সকলের প্রতি কেবল বাহ্য সম্মান করিয়া ভিতরে ভিতরে রাগানুশীলন দ্বারা কৃষ্ণপ্রেমকারী পুরুষেরা পারকীয় রসাশ্রয় করিয়া থাকেন। এই তত্ত্বটি শৃঙ্গাররসের পক্ষে উপাদেয়, অতএব মধ্যমাধিকারীদিগের নিন্দাভয়ে উত্তমাধিকারীরা কখনই ত্যাগ করিতে পারেন না।

এতদ্গ্রন্থ কোমলশ্রদ্ধদিগের জন্য রচিত না হওয়ায় বৈধধর্মের কোন বিস্তৃতি করা গেল না। শ্রীহরিভক্তিবিলাস প্রভৃতি গ্রন্থে বৈধবিধান সকল অন্বেষণ করিতে হইবে। বৈধবিধানের মূল তাৎপর্য এই যে, যৎকালে বদ্ধজীবদিগের আত্মার নিত্যধর্মরূপ রাগ নিদ্রিতপ্রায় থাকে অথবা বিকৃতভাবে বিষয়রাগরূপে পরিণত থাকে, তখন আত্মবিদ্ বৈদ্যগণ রোগ দূরীকরণের জন্য যে সকল বিধান করেন তাহাই বিধিমার্গ।

According to the progressive eligibility of conditioned souls, one first takes shelter of regulated devotion. When spiritual attachment awakens, Braja-bhava begins to arise. So long as one outwardly follows the discipline of scriptural practice while inwardly cultivating attachment to Krishna, the conception of parakiya-rasa becomes meaningful.

This is comparable to a married woman who outwardly honours her husband yet inwardly becomes attracted elsewhere. In the same manner, the devotee outwardly respects the regulations of vaidhi-bhakti while inwardly cultivating spontaneous attachment to Krishna.

This principle is indispensable for understanding the conjugal mood, and therefore highly advanced devotees cannot abandon it merely out

of fear of criticism. Since this work is not written for those possessing only tender faith, no extensive treatment of vaidhi-dharma is given here. Such subjects should be studied in works such as Hari-bhakti-vilasa. The purpose of scriptural regulations is to awaken the soul's dormant spiritual attachment. When that attachment lies asleep, or has become distorted into material attachment, the great spiritual physicians prescribe the disciplines of vaidhi-bhakti as the remedy.

Verse 11

শ্রীগোপী-ভাবমাশ্রিত্য মঞ্জরীৎসেবনং তদা।
সখীনাং সঙ্গতিস্তস্মাৎ তস্মাদ্রাধাপদাশ্রয়ঃ ॥ ১১ ॥

shri-gopi-bhavam ashritya manjarit-sevanam tada
sakhinam sangatih tasmat tasmad radha-pada-ashrayah (11)

Taking shelter of the mood of the gopis, one then serves as a manjari. From that comes association with the sakhis, and from that, shelter at the feet of Sri Radha.

উপাসনাপর্যায়ে, রাগতত্ত্বকে অবস্থাক্রমে তিন ভাগে বিভাগ করা যায়, যথা শুদ্ধরাগ, বৈকুণ্ঠসম্বন্ধগত ভাবমিশ্রিত রাগ এবং বদ্ধজীবের পক্ষে নিদর্শনচেষ্টাগত ভাবমিশ্রিত রাগ। কৃষ্ণাদ্বিরূপিণী রাধিকাসম্বন্ধগত অতি শুদ্ধ রাগকে মহাভাব বলা যায়। রাগের তদবস্থা হইতে ভিন্ন, কিন্তু মহাভাবের অত্যন্ত সন্নিকটস্থ শুদ্ধ সম্পর্কগত অষ্ট প্রকার ভাগ সকল অষ্টসখী। উপাসকের নিদর্শনচেষ্টাগত সখীভাবের সন্নিকর্ষভাব সকল মঞ্জরী। (এই স্থলে সপ্তম অধ্যায়ের দ্বিতীয় শ্লোকের টীকা আলোচনা করুন।) উপাসক প্রথমে স্বীয় স্বভাবপ্রাপ্তা মঞ্জরীর আশ্রয় করিয়া, পরে এ মঞ্জরীর সেব্যা সখীর আশ্রয় করিবেন। সখীর কৃপা হইলে শ্রীরাধিকার পদাশ্রয় লাভ হইবে। মহারাসলীলাচক্রে উপাসক, মঞ্জরী, সখী ও শ্রী রাধিকা—ইহারা জড় জগতের ধ্রুবচক্রের উপগ্রহ, গ্রহ, সূর্য ও ধ্রুব ইহাদের সহিত সাদৃশ্য রাখেন। ১১।

In the progression of worship, the principle of raga may be considered in three stages: pure raga, raga mixed with moods connected to Vaikuntha, and raga mixed with symbolic devotional cultivation suitable for conditioned souls. The supremely pure attachment connected with Sri Radhika, who is Krishna's counterpart, is known as mahabhava. Closely surrounding that mahabhava are the eight principal sakhis. The devotional dispositions that approach the mood of those sakhis are known as the manjaris. The practitioner first takes shelter of the manjari corresponding to his or her spiritual disposition, and thereafter comes under the shelter of the sakhi served by that manjari. By the mercy of the sakhi, one attains shelter at the feet of Sri Radhika. Within the circle of the maha-rasa-lila, the practitioner, the manjari, the sakhi, and Sri Radhika may be compared respectively to a satellite, a planet, the sun, and the polar star within the material universe.

Verse 12

তত্রৈব ভাববাহুল্যান্মহাভাবো ভবেদধ্রুবং।
তত্রৈব কৃষ্ণসম্ভোগঃ সর্বানন্দপ্রদায়কঃ ॥ ১২ ॥

tatraiva bhava-bahulyan mahabhavo bhaved dhruvam
tatraiva krishna-sambhogah sarvananda-pradayakah (12)

There, by the abundance of devotional emotion, mahabhava certainly arises; and there the union with Krishna bestows every joy.

ভাববাহুল্যক্রমে মহাভাবসম্বন্ধপ্রাপ্ত জীবদিগের সর্বানন্দপ্রদায়ক কৃষ্ণসম্ভোগ সুলভ হইয়া পড়ে। ১২।

As devotional feeling increases in richness and intensity, the soul becomes connected with mahabhava. Then the all-bliss-giving union with Krishna becomes attainable.

Verse 13

এতস্যাং ব্রজভাবানাং সম্পত্তৌ প্রতিবন্ধকাঃ।
অষ্টাদশবিধাঃ সন্তি শত্রবঃ শান্তিদুঃখদাঃ ॥ ১৩ ॥

etasyam braja-bhavanam sampattau pratibandhakah
ashtadasha-vidhah santi shatravah shanti-duhkha-dah (13)

In attaining these moods of Braja there are eighteen kinds of obstacles, enemies which hinder spiritual peace and bring distress.

এই চমৎকার ব্রজভাব সম্পন্ন হইবার প্রীতিদ্বষক অষ্টাদশটা প্রতিবন্ধক আছে। প্রতিবন্ধক বিচারই ব্রজভাবের ব্যতিরেক বিচার। ১৩।

There are eighteen obstacles that impede the attainment of Braja-bhava. The examination of these obstacles constitutes the negative analysis of Braja-bhava.

Verse 14

আদৌ দুষ্টগুরুপ্রাপ্তিঃ পুতনা স্তন্যদায়িনী।
বাত্যারূপ কুতর্কস্তু তৃণাবর্ত ইতীরিতঃ ॥ ১৪ ॥

adau dushta-guru-praptih putana stanya-dayini
vatya-rupa kutarkas tu Trinavarta itiritah (14)

First comes the acceptance of a false guru, represented by Putana who offered her breast. Sophistical argument, appearing as a whirlwind, is called Trinavarta.

ধাত্রীচ্ছলে পুতনার ব্রজে আগমন আলোচনাপূর্বক রাগানুগগত মহাশয়গণ দুষ্টগুরুরূপ প্রথম প্রতিবন্ধক দূর করিবেন। গুরু দুই প্রকার—অন্তরঙ্গ ও বহিরঙ্গ। সমাধিস্থ আত্মাই আত্মার অন্তরঙ্গ গুরু। যিনি ব্যক্তিকে গুরু বলিয়া তাঁহার নিকট উপাসনা শিক্ষা করেন তিনি বহিরঙ্গ গুরু আশ্রয় করিয়াছেন। নিত্যধর্মের পোষকরূপে যুক্তির ছলনা পুতনার ছলনার সহিত তুলনা করা যায়। রাগমার্গের উপাসকগণ পরমার্থতত্ত্বে যুক্তিকে বিসর্জন দিয়া আত্মসমাধিকে আশ্রয় করিবেন।

যে মনুষ্যের নিকট উপাসনাতত্ত্ব শিক্ষা করা যায়, তিনি বহিরঙ্গ গুরু। যিনি রাগমার্গ অবগত হইয়া শিষ্যের অধিকার বিচারপূর্বক পরমার্থ উপদেশ করেন, তিনি সদ্গুরু। যিনি নিজে রাগমার্গ অবগত নহেন অথচ উপদেশ করেন, অথবা রাগমার্গ অবগত হইয়াও শিষ্যের অধিকার বিচার না করিয়া উপদেশ করেন, তিনি দুষ্ট গুরু; তাহাকে অবশ্য বর্জন করিবে। কুতর্কই দ্বিতীয় প্রতিবন্ধক। ব্রজে বাত্যারূপ তৃণাবর্ত বধ না হইলে ভাবোদগম হওয়া

কঠিন। দার্শনিক, বৌদ্ধ ও যুক্তিবাদীদিগের সমস্ত তর্কই ব্রজভাবের সম্বন্ধে তৃণাবর্তরূপ প্রতিবন্ধক। ১৪।

The first obstacle is the acceptance of a false spiritual guide, represented by Putana, who approached Krishna under the guise of a nurse. Spiritual teachers are of two kinds: internal and external. The self illuminated in spiritual realization acts as the internal guide, while the teacher from whom one learns the principles of worship is the external guide. Putana represents deceptive reasoning that pretends to nourish spiritual life while actually destroying it. Therefore the practitioner of the path of spontaneous devotion must ultimately rely upon spiritual realization rather than upon mere logic, reasoning and argumentation.

A true guru understands the path of raga and instructs according to the disciple's qualification. One who does not understand that path, or who disregards the disciple's eligibility, is a false guru and should be rejected.

The second obstacle is sophistical reasoning, represented by Trinavarta. Unless this whirlwind of false argument is destroyed, the awakening of spiritual emotion is difficult. The speculative arguments of philosophers, Buddhists, and rationalists become obstacles to the cultivation of Braja-bhava.

Verse 15

তৃতীয়ে ভারবাহিত্বং শকটং বুদ্ধিমর্দকং ।
চতুর্থে বালদোষাণাং স্বরূপো বৎসরূপধৃক্ ॥ ১৫ ॥

tritiye vara-vahittvam shakatam buddhi-mardakam
caturthe bala-doshanam svarupo vatsa-rupa-dhrik (15)

The third obstacle is burden-bearing, represented by the cart, which crushes intelligence. The fourth is the fault of childishness, represented by Vatsasura in the form of a calf.

যাহারা বৈধপথের সার অবগত না হইয়া তাহার ভারবহনে তৎপর, তাহারা রাগানুভব করিতে পারেন না। অতএব ভারবাহিত্বরূপ বুদ্ধিমর্দক শকট ভঙ্গ করিলে তৃতীয় প্রতিবন্ধক দূর হয়।

দুষ্ট গুরুগণ রাগাধিকার বিচার না করিয়া অনেক ভারবাহী জনগণকে মঞ্জরীসেবন ও সখীভাব গ্রহণে উপদেশ দিয়া পরমতত্ত্বের অবহেলারূপ অপরাধ করায় পতিত হইয়াছেন। যাহারা এ সকল উপদেশমতে উপাসনা করেন, তাহারাও পরমার্থতত্ত্ব হইতে ক্রমশ দূরে পড়িয়া থাকেন। সেহেতু এ সকল আলোচনায় আর গম্ভীর রাগের লক্ষণ প্রাপ্ত হন না। সাধুসঙ্গ ও সদুপদেশক্রমে তাহারা পুনরায় উদ্ধার পাইতে পারেন। ইহার নাম শকটভঙ্গ।

নিরীহ ভাবগত জীবের রক্তমাংসগত চাপল্যবশ হওয়ার নাম বালদোষ। তাহাই বৎসাসুররূপ চতুর্থ প্রতিবন্ধক। ১৫।

Those who become occupied merely with carrying the burden of religious regulations, without understanding their essence, cannot enter into the experience of raga. The cart represents this bur-

den-bearing tendency, which crushes spiritual intelligence. Its destruction signifies freedom from such lifeless formalism.

Many unqualified gurus, failing to consider spiritual eligibility, instruct people in the confidential practices of manjari-seva and sakhi-bhava prematurely. As a result, both guru and disciple drift away from the true path of spiritual realization. But through saintly association and proper instruction, however, these misguided souls may again be rescued. This recovery is symbolized by the breaking of the cart. The fourth obstacle is childish frivolity arising from bodily impulses and immaturity. This is represented by Vatsasura, the calf demon.

Verse 16

পঞ্চমে ধর্মকাপট্যং নামাপরাধরূপকং ।
বকরূপী মহাধূর্তো বৈষ্ণবানাং বিরোধকঃ ॥ ১৬ ॥

pancame dharma-kapatyam namaparadha-rupakam
baka-rupi maha-dhurto vaishnavanam virodhakah (16)

The fifth obstacle is religious hypocrisy, which takes the form of offences against the Holy Name. It is represented by the crafty Baka demon, who opposes the Vaishnavas.

ধর্মকাপট্যরূপ মহাধূর্ত বকাসুর বৈষ্ণবদিগের পঞ্চম প্রতিবন্ধক। ইহাকেই নামাপরাধ বলে। যাহারা অধিকার বুঝিতে না পারিয়া দুষ্ট গুরুর উপদেশে উচ্চাধিকারের উপাসনালক্ষণ গ্রহণ করেন...

Bakasura represents the hypocrisy that outwardly displays religion while inwardly lacking sincerity. In devotional life this appears as offences against the Holy Name. Such hypocrisy becomes a major obstacle to spiritual advancement and stands opposed to genuine Vaishnava devotion.

Verse 17

তত্রৈব সম্প্রদায়ানাং বাহ্যালিঙ্গসমাদরাত্ ।
দাম্ভিকানাং ন সা প্রীতিঃ কৃষ্ণে ব্রজনিবাসিনি ॥ ১৭ ॥

tatraiva sampradayanam bahya-linga-samadarat
dambhikanam na sa pritih krishne braja-nivasini (17)

When undue honour is given to the external marks of sectarian affiliation, the hypocritical do not attain that love which resides in Krishna of Braja.

Verse 18

নৃশংসত্বং প্রচণ্ডত্বমঘাসুরস্বরূপকং ।
ষষ্ঠাপরাধরূপোয়ং বর্ততে প্রতিবন্ধকঃ ॥ ১৮ ॥

nrishamsatvam pracandatvam aghasura-svarupakam
shashthaparadha-rupo 'yam vartate pratibandhakah (18)

Cruelty, represented by Aghasura, constitutes the sixth obstacle and takes the form of a grave offence.

নৃশংসত্ব ও প্রচণ্ডতা অঘাসুরস্বরূপ ষষ্ঠ প্রতিবন্ধক।

The cruel, merciless disposition symbolized by Aghasura becomes another serious impediment to the development of Braja-bhava.

Verse 19

বহুশাস্ত্রবিচারেণ যন্মোহো বর্ততে সতাং ।
স এব সপ্তমো লক্ষ্যে ব্রহ্মণো মোহনে কিল ॥ ১৯ ॥

bahu-shastra-vicarena yan moho vartate satam
sa eva saptamo lakshye brahmano mohane kila (19)

The bewilderment that arises even among saintly persons through excessive deliberation upon many scriptures is the seventh obstacle; it is represented by the bewilderment of Brahma.

বহুশাস্ত্রবিচারের ফলে যে মোহ উৎপন্ন হয়, তাহাই ব্রহ্মার মোহলীলার দ্বারা নির্দেশিত সপ্তম প্রতিবন্ধক।

Sincere seekers can become bewildered by a preoccupation with scriptural analysis. This obstacle is symbolized by Brahma's bewilderment, after Brahma envisoned Krishna's inconceivable power.

Verse 20

ধেনুকঃ স্থূলবুদ্ধিঃ স্যাদ্ গর্দভস্তালরোধকঃ ।
অষ্টমে লক্ষ্যতে দোষঃ সম্প্রদায়ে সতাং মহান্ ॥ ২০ ॥

dhenukah sthula-buddhih syad gardabhas tala-rodhakah
ashtame lakshyate doshah sampradaye satam mahan (20)

Dhenuka is gross intelligence, the ass who blocks access to the tala fruits. This is seen as the eighth great fault within the community of the saints.

বৈষ্ণবতত্ত্বে সূক্ষ্মবুদ্ধির নিতান্ত প্রয়োজন। যাহারা সম্প্রদায় কল্পনা করিয়া অখণ্ড বৈষ্ণবতত্ত্বকে খণ্ড খণ্ড করিয়া প্রচার করেন, তাহারা স্থূলবুদ্ধি। এ স্থূলবুদ্ধি গর্দভস্বরূপ ধেনুকাসুর। তালফল গর্দভ স্বয়ং খাইতে পারে না, অথচ অপর লোকে খাইবে তাহাতেও বিরোধ করে। ইহার তাৎপর্য এই যে, সাম্প্রদায়িক বৈষ্ণবদিগের পূর্বাচার্য মহোদয় কর্তৃক যে সকল পরমার্থ গ্রন্থ রচিত আছে, স্থূলবুদ্ধি ব্যক্তিগণ তাহা নিজে বুঝিতে পারে না এবং অপরকে দেখিতে দেয় না।

বিশেষতঃ ভারবাহী বৈধভক্ত সকল স্থূলবুদ্ধির বশবর্তী হইয়া উচ্চাধিকারের যত্ন পান না। কিন্তু বৈষ্ণবধর্ম অনন্ত উন্নতিগর্ভ থাকায়, বৈধকাণ্ডে যাহারা আবদ্ধ থাকিয়া রাগতত্ত্বের অনুভব করিতে সক্ষম না হন, তাহারা সামান্য কর্মকাণ্ডপ্রিয় জনগণের তুল্য হইয়া পড়েন। অতএব গর্দভরূপী ধেনুকাসুরের বধ না হইলে বৈষ্ণবতত্ত্বের উন্নতি হয় না। ২০।

A subtle intelligence is absolutely necessary in Vaishnava truth. Those who create sectarian divisions and preach the indivisible truth of Vaishnavism in fragments possess gross intelligence. This gross intelligence is Dhenukasura in the form of an ass. The ass cannot himself eat the tala fruits, and yet he prevents others from eating them.

The meaning is this: the great previous acharyas of the Vaishnava communities composed many books filled with spiritual truth.

Persons of gross intelligence cannot understand those books themselves, nor will they allow others to see them.

In particular, burden-bearing devotees of the regulated path, being under the influence of gross intelligence, do not attain to higher qualification. But since Vaishnava dharma contains within itself unlimited progress, those who remain bound within the regulated section and cannot experience the truth of raga become like ordinary people attached to karma-kanda. Therefore, unless Dhenukasura, the ass of gross intelligence, is slain, there can be no progress in Vaishnava truth. (20)

Verse 21

ইন্দ্রিয়াণি ভজন্ত্যেকে ত্যক্ত্বা বৈধবিধিং শুভম্ ।
নবমে বৃষভাস্তে□পি নশ্যন্তে কৃষ্ণতেজসা ॥ ২১ ॥

indriyani bhajanty eke tyaktva vaidha-vidhim shubham
navame vrishabhas te 'pi nashyante krishna-tejasa (21)

Some abandon the auspicious rules of vaidhi practice and worship the senses. These, as the bull-demon of the ninth obstacle, are destroyed by the power of Krishna.

অনেক দুর্বলচিত্ত পুরুষেরা বিধিমার্গ ত্যাগ করত রাগমার্গে প্রবেশ করেন। তাহারা অপ্রাকৃত আত্মগত রাগকে উপলব্ধি করিতে না পারিয়া বিষয়বিকৃত রাগের অনুশীলনে বৃষভাসুরের ন্যায় আচরণ করিয়া ফেলেন। তাহারা কৃষ্ণতেজে হত হইবেন। এই প্রতিবন্ধকের উদাহরণ স্বেচ্ছাচারী ধর্মধ্বজীদিগের মধ্যে প্রত্যহ লক্ষিত হয়। ২১।

Many people with weak minds abandon the path of regulated worship and prematurely attempt to enter the path of raga. Being unable to realize the spiritual attachment that belongs to the soul, spellbound by material attachments, they practise rituals while retaining their wrongful attachment to material objects, thus behaving like Vrishabha-asura, the bull-demon. By Krishna's power, these people who think they practice jaiva-dharma are destroyed.

Examples of this obstacle may be seen every day among self-indulgent hypocrites making a show of religion. (21)

Verse 22

খলতা দশমে লক্ষ্য কালীয়ে সর্পরূপকে ।
সম্প্রদায়বিরোধো□য়ং দাবানলো বিচিন্ত্যতে ॥ ২২ ॥

khalata dashame lakshya kaliya sarpa-rupake
sampradaya-virodho 'yam davanalo vicintyate (22)

Malice, seen in the serpent form of Kaliya, is the tenth obstacle. Sectarian hostility is to be understood as the forest fire.

কালীয় সর্পরূপ খলতা বৈষ্ণবদিগের চিদ্দ্রবতারূপ যমুনাকে সর্বদা দূষিত করে। এ দশম প্রতিবন্ধকটা দূর করা কর্তব্য। দাবানলরূপ সম্প্রদায়বিরোধটী বৈষ্ণবদিগের একাদশ প্রতিবন্ধক। সম্প্রদায়বিরোধক্রমে, নিজ সম্প্রদায়লিঙ্গ

ধারণ ব্যতীত কাহাকেও বৈষ্ণব বলিয়া স্বীকার করিতে না পারায়, যথার্থ সাধুসঙ্গ ও সদ্গুরু প্রাপ্তির অনেক ব্যাঘাত হয়। অতএব দাবানল নাশ করা নিতান্ত কর্তব্য। ২২।

Malice, in the form of the serpent Kaliya, continually pollutes the Yamuna, which represents the spiritual mellow tasted by the Vaishnavas. This obstacle, the tenth obstacle must be overcome.

Sectarian hostility, represented by the forest fire, is the eleventh obstacle for the Vaishnavas. Because of such opposition between sects, one becomes unable to recognize anyone as a Vaishnava unless he bears the external marks of one's own community. In this way there is great obstruction in attaining true saintly association and a true guru. Therefore this forest fire must certainly be extinguished. (22)

Verse 23

প্রলম্বো দ্বাদশে চৌর্যমাত্মনো ব্রহ্মবাদিনাম্ ।
প্রবিষ্টঃ কৃষ্ণদাস্যেপি বৈষ্ণবানাং স্মৃতস্করঃ ॥ ২৩ ॥

pralambo dvadashe cauryam atmano brahma-vadinam
pravistah krishna-dasye 'pi vaishnavanam smrita-skarah (23)

Pralamba, the twelfth obstacle, signifies the theft of the self, a misconceived idea that haunts Brahmavadis. Even when it enters Krishna's service, it acts as a thief stealthily consorting with the Vaishnavas.

ব্রহ্মবাদীদিগের মতে আত্মার লয় অর্থাৎ সম্পূর্ণ সাযুজ্যরূপ মোক্ষানুসন্ধান নিতান্ত আত্মচৌর্যরূপ দোষবিশেষ। দেহে তাহাতে কিছুমাত্র আনন্দ নাই। তাহাতে জীবেরও কোন লাভ নাই এবং ব্রহ্মেরও কোন প্রকার উদ্দেশ্য সাধন হয় না। এ মত বিশ্বাস করিতে গেলে সমস্ত সৃজ্য জগৎকে মিথ্যা বলিয়া স্বীকার করিতে হয়, ব্রহ্মে সম্পূর্ণ উদাসীনতা আরোপ করিয়া তাঁহার সত্তার প্রতি ক্রমশঃ সংশয় উৎপন্ন হয়; গাঢ়রূপে আলোচনা করিলে জীবসত্তার নাস্তিত্ব এবং একটা অমূলক অবিদ্যার কল্পনা করিতে হয়, এবং বস্তুতঃ সমস্ত মানবচেষ্টা ও বিচার নিরর্থক হইয়া পড়ে।

এ মতটা সময়ে সময়ে বৈষ্ণবদিগের মধ্যে প্রলম্বাসুররূপে প্রবেশ করত আত্মচৌর্যরূপ স্বরূপের বিস্তার করে। ইহাই বৈষ্ণবদিগের প্রীতিভঙ্গের দ্বাদশ প্রতিবন্ধক। ২৩।

For the Brahmavadis, the dissolution of the self—that is, the pursuit of liberation in the form of sayujya—is a treasured ideal. Yet it is an absurd proposition: the notion that a thinking being must cease thinking in order to attain liberation. In this particular error, this theft of the self, there is not the slightest joy. The jiva gains nothing from it, nor is any purpose of Brahman fulfilled by it. To accept this doctrine one must admit that the entire world is a misconception — something false. One must attribute complete indifference to Brahman, and thus be skeptical in regards to His very existence. If the matter is examined deeply, one is led to deny the existence of the jiva, to imagine a baseless avidya is the origin of everything, and, in fact, that all human effort and reflection is utterly meaningless.

From time to time this specter enters among the Vaishnavas in the form of Pralambasura and spreads the doctrine of self-theft, or killing of the self. This is the twelfth obstacle that can break the ideal of love existing amongst the Vaishnavas. (23)

Verse 24

কর্মণঃ ফলমন্বীক্ষ্য দেবেন্দ্রাদি প্রপূজনম্ ।
ত্রয়োদশাত্মকো দোষো বর্জনীয়ঃ প্রবৃত্তিতঃ ॥ ২৪ ॥

karmanah phalam anviksya devendradi prapujanam
trayodashatmakah dosho varjaniyah pravrittitah (24)

Worship of Indra and other gods with a view to the fruits of action is the thirteenth fault; it must be carefully rejected.

ভগবদ্ভক্তি অবলম্বন করিয়া কর্মফলের আশায় দেবেন্দ্রাদি অন্যান্য দেবতার পূজা করা বৈষ্ণবদিগের পক্ষে ত্রয়োদশ প্রীতিপ্রতিবন্ধক। ২৪।

To take shelter of devotion to Bhagavan while worshipping Indra and other gods for the sake of the fruits of action is, for the Vaishnavas, the thirteenth obstacle to divine love. (24)

Verse 25

চৌর্যানৃতমরোদোভো ব্যোমাসুরস্বরূপকঃ ।
শ্রীকৃষ্ণপ্রীতিপর্য্যাপ্তৌ নরাণাং প্রতিবন্ধকঃ ॥ ২৫ ॥

cauryanrita-marodbhavo vyomasura-svarupakah
shri-krishna-priti-paryaptau naranam pratibandhakah (25)

Theft and falsehood, arising like a wind of corruption, take the form of Vyomasura and become an obstacle to human beings in attaining love for Sri Krishna.

পরদ্রব্যাহরণ ও মিথ্যাভাষণরূপ শ্রীকৃষ্ণ-প্রীতিপর্য্যাপ্তি সম্বন্ধে চতুর্দশ প্রতিবন্ধক। উহা ব্যোমাসুররূপে ব্রজে উৎপাত করে। ২৫।

The fourteenth obstacle to the attainment of love for Sri Krishna is theft of another's property and speaking falsehood. This appears in Braja in the form of Vyomasura and creates disturbance there. (25)

Verse 26

বরুণালয়সংপ্রাপ্তির্নন্দস্য চিত্তমাদকম্ ।
বর্জনীয়ং সদা সদ্ভির্বিস্মৃতির্হ্যাত্মনো যতঃ ॥ ২৬ ॥

varunalaya-sampraptir nandasya citta-madakam
varjaniyam sada sadbhir vismritir hy atmano yatah (26)

Nanda's entrance into the abode of Varuna represents indulging in intoxication within the mind. Intoxication must always be rejected by good devotees, for from that comes forgetfulness of the self.

জীবের নিরুপাধি আনন্দকে নন্দ বলিয়া ব্রজে লক্ষ্য করা যায়। কোন কোন ভ্রান্ত ব্যক্তিরা এ আনন্দকে সংবর্ধন করণাশয়ে মাদকসেবন করেন, তাহাতে আত্মবিস্মৃতিরূপ বৃহৎ অনর্থ ঘটিয়া থাকে। নন্দের বরুণালয় সংপ্রাপ্তিটা বৈষ্ণবগণের পক্ষে পঞ্চদশ প্রতিবন্ধক। ব্রজভাবগত পুরুষেরা কখনই কোন প্রকার মাদকসেবন করেন না। ২৬।

In Braja, Nanda represents the soul's unconditioned joy. Some deluded persons, desiring to increase their joy, take intoxicants; but by doing this they fall into the great evil of forgetfulness of the self. Nanda's entrance into the abode of Varuna symbolizes this, the fifteenth obstacle faced by the Vaishnavas. Those who are situated in Braja-bhava never want to take any kind of intoxicant. (26)

Verse 27

প্রতিষ্ঠাপরতা ভক্তিচ্ছলেন ভোগকামনা।
শঙ্খচূড় ইতি প্রোক্তঃ ষোড়শঃ প্রতিবন্ধকঃ ॥ ২৭ ॥

pratishtha-parata bhakti-cchalena bhoga-kamana
shankhacuda iti proktah shodashah pratibandhakah (27)

Attachment to prestige and the desire for enjoyment under the guise of devotion are called Shankhachuda, the sixteenth obstacle.

প্রতিষ্ঠাপরতা ও ভক্তিচ্ছলে ভোগকামনা ইহারা শঙ্খচূড়নামা ষোড়শ প্রতিবন্ধক। প্রতিষ্ঠাকে লক্ষ্য করিয়া যে সকল লোকেরা কোন কার্য করেন, তাহারাও একপ্রকার দাম্ভিক; অতএব বৈষ্ণবগণ সর্বদা তাহা হইতে সাবধান থাকিবেন। ২৭।

The desire for reputation and the desire for enjoyment under the pretence of devotion are the sixteenth obstacle, known as Shankhachuda. Those who act with gaining prestige as their goal are a certain kind of hypocrite. Vaishnavas should always remain cautious of this tendency. (27)

Verse 28

আনন্দবর্ধনে কিঞ্চিৎ সাযুজ্যং ভাসতে হৃদি।
তন্নন্দভক্ষকঃ সর্পস্তেন মুক্তঃ সুবৈষ্ণবঃ ॥ ২৮ ॥

ananda-vardhane kincit sayujyam bhasate hridi
tan-nanda-bhakshakah sarpas tena muktah su-vaishnavah (28)

When joy increases, a trace of the idea of sayujya may appear in the heart. That is the serpent that devours Nanda; the true Vaishnava remains free from it.

উপাসনাকার্যে বৈষ্ণবদিগের আনন্দ বৃদ্ধি হইতে হইতে কোন সময় প্রলয়লক্ষণ ভাবের উদয় হয়, তাহাতে কোন সময় সাযুজ্যভাব আসিয়া পড়ে। এ সাযুজ্যভাবটা নন্দভক্ষক সর্পবিশেষ; তাহা হইতে মুক্ত থাকিয়া সাধক সুবৈষ্ণব হইবেন। ২৮।

As the joy of the Vaishnavas increases in the course of worship, there sometimes arises a state resembling dissolution of consciousness. At such a time the idea of sayujya may enter. This thought of sayujya is a serpent that devours Nanda. The practitioner should remain free from it and thus become a true Vaishnava. (28)

Verse 29

ভক্তিতেজে সমৃদ্ধ্যাৎ তু স্বোৎকর্ষজ্ঞানবান্ নরঃ।
কদাচিদ্ দৈববুদ্ধ্যাতু কেশীশ্চিত্রমবমন্যতে ॥ ২৯ ॥

bhakti-teje samriddhyat tu svotkarsha-jnanavan narah
kadacid daiva-buddhyatu keshi-citram avamanyate (29)

When a person becomes enriched with the power of devotion, he may sometimes gain a sense of his own superiority. Then, through the corruption of their understanding, the strange demon Keshi arises and leads him to disregard the Lord.

সাধকের যখন ভক্তিতেজ সমৃদ্ধি হয় তখন স্বীয় উৎকর্ষজ্ঞানরূপ ঘোটকাত্মা কেশী নামক অসুর ব্রজে আগমন করত বড়ই উৎপাত করে। ক্রমশঃ স্বীয় উৎকৃষ্টতা আলোচনা করিতে করিতে ভগবদবমাননা ভাবের উদয় হইয়া বৈষ্ণবকে অধঃপতন করায়। অতএব তদ্রূপ দুষ্টভাব বৈষ্ণব হৃদয়ে না হওয়া নিতান্ত আবশ্যক। ভক্তিসমৃদ্ধি হইলেও নম্রতাধর্ম কখনই বৈষ্ণবচরিত্র ত্যাগ করিবে না। যদি করে, তবে কেশীবধের প্রয়োজন হইয়া উঠে। এইটি অষ্টাদশ প্রতিবন্ধক। ২৯।

When the practitioner becomes enriched with the splendour of devotion, the demon Keshi, horse-like in form and representing the consciousness of one's own superiority, may enter Braja and create great disturbance. By continually reflecting upon one's own excellences, an egotist's mood of disregard toward Bhagavan can arise, and this will cause the Vaishnava to fall down.

Therefore it is most necessary that the evil disposition of egotism should not find a residence in the heart of a Vaishnava. Even when devotion becomes highly developed, the quality of humility must never depart from the Vaishnava character. If it does, then the slaying of Keshi becomes necessary. This is the eighteenth obstacle. (29)

Verse 30

দোষাশ্চাষ্টাদশ হ্যেতে ভক্তানাং শত্রবো হৃদি।
দমনীয়াঃ প্রযত্নেন কৃষ্ণানন্দনিষেবিণা ॥ ৩০ ॥

doshash cashtadasha hy ete bhaktanam shatravo hridi
damaniyah prayatnena krishnananda-nishevina (30)

These eighteen faults are enemies disturbing the hearts of devotees. With great effort, one who desires to serve the bliss of Krishna must carefully subdue any uprising of these malevolent states of consciousness.

বাহারা পবিত্র ব্রজভাবগত হইয়া কৃষ্ণানন্দ সেবা করিবেন, তাহারা বিশেষ যত্নপূর্বক প্রোক্ত অষ্টাদশটা প্রতিবন্ধক দূর করিবেন। ইহার মধ্যে কতকগুলি প্রতিবন্ধক জীব শুদ্ধভাবগত হইয়া স্বীয় চেষ্টাক্রমে দূর করিবেন, কতকগুলি শ্রীকৃষ্ণকৃপাসহকারে দূর করিতে প্রবৃত্ত হইবেন। যে সকল প্রতিবন্ধক জীব স্বয়ং দূর করিতে সক্ষম হন, সে সকল শ্রীভাগবতে বলদেবকর্তৃক দূরীকৃত হইয়া থাকার বর্ণন আছে। কিন্তু কৃষ্ণাশ্রয়ে যে সকল প্রতিবন্ধক দূর হয়, তাহা শ্রীকৃষ্ণ স্বয়ং দূর করিয়াছেন, এরূপ বর্ণিত আছে। সারগ্রাহী বুদ্ধিমান ব্যক্তিগণ ইহার আলোচনা করিয়া দেখিবেন। ৩০।

Those who aspire to enter the pure mood of Braja and render service to the bliss of Sri Krishna should carefully remove these eigh-

teen obstacles from their thoughts. Through sincere endeavour, some of these impediments can be overcome by a soul blessed by Sri Guru and firmly established in a purified state, whereas other disturbing influences that haunt the devotee can be removed only by the mercy of Sri Krishna.

Those obstacles that the individual soul is capable of overcoming are described in the Bhagavata as disturbances removed through the influence of Baladeva (Sri Guru), while those that can be removed only by taking shelter of Krishna are described as troubling intrusions destroyed by Sri Krishna Himself. Thoughtful and discerning readers should carefully consider this.(30)

Verse 31

জ্ঞানিনাং মথুরাদোষাঃ কর্মিণাং পুরবর্তিনঃ।
বর্জনীয়াঃ সদা কিন্তু ভক্তানাং ব্রজদূষকাঃ ॥ ৩১ ॥

jnaninam mathura-doshah karminam pura-vartinah
varjaniyah sada kintu bhaktanam vraja-dushakah (31)

The faults pertaining to Mathura are to be rejected by the jnanis, and those pertaining to Dwaraka by the followers of karma. But devotees must always be concerned with rejecting those faults which arise and try to spoil the mood of Braja.

Those who feel qualified for the path of knowledge should reject the faults associated with Mathura. Those who feel qualified for following the path of karma should reject the faults associated with Dwaraka. Devotees, however, should all reject the obstacles that contaminate the mood of Braja, and become absorbed in love for Sri Krishna. (31)

Thus ends the Eighth Chapter of Sri Krishna-samhita, entitled "An Analysis of the Direct and Indirect Characteristics of the Moods of Braja." May Sri Krishna be pleased by this work.

শ্রীকৃষ্ণ-সংহিতা
নবম অধ্যায় — কৃষ্ণ-প্রাপ্তি-বর্ধনম্
Chapter Nine
Krishna-prapti-vardhanam

Cultivating the Attainment of Krishna

Verse 1

ব্যাঁসেন ব্রজলীলায়াং নিত্যতত্ত্বং প্রকাঁশিতং ।
প্রপঞ্চজনিতং জ্ঞানং নাপ্নোতি যৎ স্বরূপকং ॥ ১॥

vyasena braja-lilayam nitya-tattvam prakashitam
prapancha-janitam jnanam napsoti yat svarupakam

In his description of the Braja pastimes, Vyasa has revealed the eternal truth. Knowledge born of the material world cannot comprehend the true nature of that reality.

ব্যাসদেব ব্রজলীলাবর্ণনে নিত্যতত্ত্ব প্রকাশ করিয়াছেন। প্রপঞ্চজনিত বিষয়জ্ঞান এ নিত্যতত্ত্বের স্বরূপকে উপলব্ধি করিতে পারে না (এস্থলে দ্বিতীয় অধ্যায়ের ৪১, ৪২, ৪৩ শ্লোক ও টীকা দেখুন)। ১।

Describing the pastimes of Braja, Vyasadeva has revealed the eternal reality. Knowledge arising from worldly experience and material perception is incapable of comprehending the true nature of that eternal truth. Material cognition remains confined within the limits of the phenomenal world and therefore cannot penetrate into the nirguna reality of the eternal domain.

Verse 2

জীবন্য সিদ্ধসভায়াং ভাতে তত্পুভমং ।
দুরতীরহিতে শুদ্ধে সমাধৌ নির্বিকল্পকে ॥ ২॥

jivasya siddha-sattayam bhati tat paramam
duratirahite shuddhe samadhau nirvikalpake

That supreme reality shines within the perfected state of the soul, in pure, non-dual natural samadhi, wherein all sense of separation has disappeared.

জীবের সিদ্ধসত্তায় এ পরমতত্ত্ব ভাসমান হয়। বদ্ধজীবের সম্বন্ধে দূরতারহিত বিশুদ্ধ নির্বিকল্প সমাধিতে শ্রীসিদ্ধসত্তা কার্যক্ষম হয়।

সমাধি দুই প্রকার—সবিকল্প ও নির্বিকল্প। জ্ঞানীগণের সম্প্রদায়ে সমাধির যে কিছু ব্যাখ্যা হইয়া থাকুক, সাত্বতগণ অত্যন্ত সহজ সমাধিকে নির্বিকল্প এবং কূটসমাধিকে সবিকল্প সমাধি বলিয়া থাকেন।

আত্মা চিদ্বস্তু, অতএব স্বপ্রকাশতা ও পরপ্রকাশতা উভয় ধর্মই তাহাতে সহজ। স্বপ্রকাশ-স্বভাব দ্বারা আত্মা আপনাকে আপনি দেখিতে পায়। পরপ্রকাশ-ধর্ম দ্বারা আত্মেতর সকল বস্তুকে জ্ঞাত হইতে পারে।

যখন এই ধর্ম আত্মার স্বভাব, তখন নিতান্ত সহজ সমাধি যে নির্বিকল্প, তাহাতে আর সন্দেহ কি? আত্মার বিষয়বোধকার্যে যন্ত্রান্তরের আশ্রয় লইতে হয় না, এজন্য ইহাতে বিকল্প নাই।

কিন্তু অতদ্‌নিরসনক্রমে যখন সাংখ্যসমাধি অবলম্বন করা যায়, তখন সমাধিকার্যে বিকল্প অর্থাৎ বিপরীত ধর্মীয় অবস্থা থাকায় তব সমাধি সবিকল্প নাম প্রাপ্ত হয়।

আত্মার প্রত্যক্ষ কার্যকে সহজ সমাধি বলা যায়; ইহাতে মনের আশ্রয় গ্রহণ করিতে হয় না। সহজ সমাধি অনায়াসসিদ্ধ, কোনমতে ক্লেশনির্ভর নহে। এ সমাধি আশ্রয় করিলে নিত্যতত্ত্ব সহজে আত্মপ্রত্যক্ষ হইয়া পড়ে। ২।

The supreme truth makes itself manifest within the soul's purified understanding. For the conditioned soul, the awakened state of becoming a perfected spiritual being becomes active, becoming revealed through pure nirvikalpa samadhi, a condition free from all sense of distance or separation.

Samadhi is of two kinds: savikalpa and nirvikalpa. Whatever explanations various schools of philosophers may offer, the followers of the Bhagavata tradition describe the soul's natural and immediate spiritual perception as nirvikalpa samadhi, while the more artificial and constructed forms of contemplation are termed savikalpa samadhi.

The soul is a conscious reality. Therefore both becoming conscious of the self through self-revelation, and the revelation of other things beyond oneself, are natural to it. By its self-luminous nature the soul perceives itself; by its revealing capacity it becomes aware of other realities.

Since these capacities belong intrinsically to the soul, its natural state of awareness is necessarily free from conceptual mediation and is therefore nirvikalpa. In its direct comprehension of reality, the soul requires no external instrument of cognition.

When, however, one attempts to arrive at realization through processes of negation and analytical thinking, as in systems such as Sankhya, the function of conceptualising concepts is constantly present. That condition wherein a mind is "thinking" and not "comprehending" is what is called savikalpa samadhi.

The direct activity of a soul comprehending reality "as it is" can be called natural samadhi. It does not depend upon the mind as an intermediary. It arises spontaneously and effortlessly; it is not attained through strain or hardship. When one takes shelter of this natural samadhi, eternal reality reveals itself directly to the soul.

Verse 3

মায়াসৃতস্য বিশ্বস্য চিচ্ছায়ত্বাৎ সমানতা।
সহজ্যবিতে কার্যে সাধাবপি চাত্মনি ॥ ৩॥

maya-sritasya visvasya cic-chayatvat samanata
sahajyavite karye sadhav api catmani

Because the universe resting upon maya is but a shadow of spirit, there exists a resemblance between it and the realities perceived within the soul through natural realization.

সেই আত্মপ্রত্যক্ষরূপ সহজ সমাধি অবলম্বনপূর্বক ব্রজলীলা লক্ষিত ও বর্ণিত হইয়াছে। তবে যে তদ্বর্ণনে মায়িকপ্রায় নাম, রূপ, গুণ ও কর্ম লক্ষিত হয়, সে কেবল মায়াপ্রসূত বিশ্বের নিজ আদর্শ বৈকুণ্ঠের সহিত সমানতা প্রযুক্ত বলিতে হইবে।

বাস্তবিক আত্মায় যে সহজ সমাধি আছে তাহা চিচ্ছক্ত্যাবিষ্কৃত কার্যবিশেষ। তদ্দ্বারা যাহা যাহা লক্ষিত হইতেছে, সে সমস্ত মায়িক জগতের আদর্শমাত্র– অনুকরণ নয়। ৩।

The Braja pastimes of Sri Krishna have been perceived and described through this direct spiritual perception known as natural samadhi. Therefore, when names, forms, qualities, and activities appear in descriptions of the Braja pastimes that resemble things found in the material world, this resemblance arises because the material universe itself is fashioned after the model of Vaikuntha.

Natural samadhi is a function manifested by the spiritual potency (chit shakti). The realities perceived through it are the original archetypes of which material phenomena are merely reflections. They are not imitations of material things; rather, material things are imperfect reflections of those eternal spiritual realities.

Verse 4

তস্মীভূ ব্রজভাবানাং কৃষ্ণনামগুণাত্মনাং ।
গুণৈর্জাত্যত্বকৈঃ শশ্বৎ সাদৃশ্যমুপলক্ষ্যতে ॥ ৪॥

tasmibhuh braja-bhavanam krishna-nama-gunatmanam
gunair jatyatvakaih sasvat sadrisyam upalaksyate

Therefore the Braja moods, which are constituted of Krishna's names and qualities, are always perceived as bearing a resemblance to worldly names, qualities, forms, and activities.

এই কারণবশতঃ কৃষ্ণ-নাম-গুণাদিস্বরূপ ব্রজভাব সকলের সহিত জড়োদিত নাম, গুণ, রূপ, কর্ম প্রভৃতির সর্বদা সাদৃশ্য লক্ষিত হয়। ৪।

For this reason, the names, qualities, forms, and activities associated with Krishna and His eternal Braja pastimes appear analogous to names, qualities, forms, and activities found within the material world. The resemblance exists because the material realm is a reflected image of the spiritual original, not because the spiritual realities are products of matter.

Verse 5

স্বপ্রকাশস্বভাবোয়ং সমাধিঃ কথ্যতে বুধৈঃ ।
অতিসূক্ষ্মস্বরূপত্বাৎ সংশয়াৎ স বিলুপ্যতে ॥ ৫॥

sva-prakasa-svabhavo 'yam samadhih kathyate budhaih
ati-suksma-svarupatvat samsayat sa vilupyate

The wise describe this samadhi as self-luminous by nature. Because it is exceedingly subtle, it becomes obscured by doubt.

আত্মপ্রত্যক্ষ স্বপ্রকাশস্বভাব। পণ্ডিতেরা ইহাকে সমাধি বলেন। ইহা অতিশয় সূক্ষ্মস্বরূপ। কিঞ্চিৎমাত্র সংশয়ের উদয় হইলে লোপপ্রায় হইয়া যায়।

আত্মার সত্তাতে বিশ্বাস, ইহার নিত্যত্ব এবং ইহার সহিত পরব্রহ্মের সম্বন্ধ–ইত্যাদি অনেকগুলি সত্য এ সহজ সমাধিদ্বারা জীবের উপলব্ধি হয়। যদি 'আমি আছি কিনা', 'মরণের পর আমার সত্তা থাকিবে কি না', অথবা 'পরব্রহ্মের সহিত আমার কোন সম্বন্ধ আছে কি না'–এইরূপ যুক্তিগত সংশয়ের উদয় হয়, তবে এই সকল সত্য ক্রমে আচ্ছন্নপ্রায় হইয়া যায়।

আত্মার নিত্যত্ব ও ব্রহ্মের অস্তিত্ব প্রভৃতি সত্য যুক্তি দ্বারা স্থাপিত হইতে পারে না; কেননা যুক্তির প্রপঞ্চাতীত বিষয়ে গতি নাই। আত্মপ্রত্যক্ষই এ সকল সত্যের একমাত্র স্থাপক।

এ আত্মপ্রত্যক্ষ বা সহজ সমাধি দ্বারা জীবের নিত্যধাম বৈকুণ্ঠ এবং নিত্যক্রিয়া কৃষ্ণদাস্য সততই সাধুগণের প্রতীত হয়।

আত্মা যখন সহজ সমাধি অবলম্বন করেন, তখন প্রথমে আত্মবোধ, দ্বিতীয়ে আত্মার ক্ষুদ্রতাবোধ, তৃতীয়ে আশ্রয়বোধ, চতুর্থে আশ্রিত ও আশ্রয়ের সম্বন্ধবোধ, পঞ্চমে আশ্রয়ের গুণ ও কর্মময় সৌন্দর্যবোধ, ষষ্ঠে আশ্রিতগণের পারস্পরিক সম্বন্ধবোধ, সপ্তমে আশ্রিতগণ ও আশ্রয়ের সংস্থানরূপ পীঠবোধ, অষ্টমে তদগত অবিকৃত কালবোধ, নবমে ভাবগত নানাত্ববোধ, দশমে নিত্যলীলাবোধ, একাদশে শক্তিবোধ, দ্বাদশে শক্তিদ্বারা উন্নতি ও অবনতিবোধ, ত্রয়োদশে পতিত জীবের স্বরূপভ্রমবোধ, চতুর্দশে পুনরুন্নতিকারণরূপ আশ্রয়ানুশীলনবোধ, এবং পঞ্চদশে স্বরূপপ্রাপ্তিবোধ উদয় হয়।

যাহার সহজ সমাধিতে যতদূর বিষয়জ্ঞান মিশ্রিত আছে, তিনি ততদূর পর্যন্তই দর্শন করিতে পারেন। বিষয়জ্ঞানের মন্ত্রীস্বরূপ যুক্তিকে নিজ অধিকারে আবদ্ধ রাখিয়া যিনি যতদূর সহজ সমাধির উন্নতি করেন, তিনি ততদূর অনির্বচনীয় অপ্রাকৃত সত্য সংগ্রহ করিতে পারেন।

বৈকুণ্ঠের ভাণ্ডার সর্বদা পরিপূর্ণ। নিত্যপ্রেমাস্পদ ভগবান শ্রীকৃষ্ণচন্দ্র সেই ভাণ্ডারের দ্বার উদ্ঘাটন করিয়া জীবগণকে সতত আহ্বান করিতেছেন। ৫।

The direct perception of the soul is self-luminous by nature. The learned call this condition samadhi. It is exceedingly subtle, and therefore even a slight appearance of doubt can obscure it.

Through this natural samadhi, the soul realizes many fundamental truths: its own existence, its eternal nature, and its relationship with the Supreme Reality. If doubts arise—such as whether the self truly exists, whether it survives death, or whether it possesses any relationship with the Supreme Brahman—then these truths gradually become concealed from awareness.

The eternity of the soul and the existence of Brahman cannot ultimately be established by reasoning alone, for reason cannot penetrate beyond the domain of material experience. Direct spiritual perception alone establishes these truths.

Through such direct perception, saintly persons continuously realize Vaikuntha the eternal abode of the soul, and Krishna-dasya, the soul's eternal service to Krishna.

When the soul enters natural samadhi, realization unfolds progressively. First comes awareness of the self; then awareness of the soul's minuteness; then awareness of its shelter; then awareness of the relationship between the soul sheltered by the Lord and the Lord who gives shelter. Thereafter, realization of the beauty, qualities, and activities of the Supreme manifests; awareness of the relationships among His devotees; perception of the spiritual realm itself; perception of eternal time; recognition of the diversity of spiritual emotions; realization of the Lord's eternal pastimes; perception of His energies; understanding of how the elevation and degradation of misguided souls is occurring through the medium of those energies; awareness of the soul's forgetfulness of its own nature; understanding of the practices by which restoration of self-knowledge becomes possible; and finally realization of the soul's recovery of its original identity. To the extent that material knowledge remains mixed with one's samadhi, realization remains correspondingly limited. But one who confines reasoning to its proper sphere and advances in comprehension of Reality through samadhi can progressively open the treasury of truth, and then gather ever more of the ineffable realities of the spiritual world.

The treasury of Vaikuntha is eternally full. Sri Krishna Chandra, the eternal object of divine love, keeps its doors open, continually inviting all souls to enter.

Verse 6

বয়ন্ত সংশয়ং ত্যক্ত্বা পশ্যামস্ত তত্ত্বমুত্তমং ।
বৃন্দাবনান্তরে রম্যে শ্রীকৃষ্ণরূপসৌভগং ॥ ৬ ॥

vayam tu samshayam tyaktva pashyamas tat tvam uttamam
vrndavanantare ramye shri-krishna-rupa-saubhagam

Casting aside all doubt, we behold the supreme reality—the beautiful gift of darshan of Sri Krishna's form forever present in Brindaban.

যে সংশয় সমাধিকে খর্ব করে তাহাকে আমরা দূর করিয়া বৈকুণ্ঠতত্ত্বের অন্তঃপুর বৃন্দাবনে সর্বোত্তম তত্ত্বরূপ শ্রীকৃষ্ণরূপসৌভাগ্য দর্শন করিতেছি। আমাদের সমাধি যদি বিষয়জ্ঞানদোষে দূষিত থাকিত এবং সাংবৃত্তি যদি বিষয়জ্ঞান ছাড়িয়া সমাধিকার্যে হস্তক্ষেপ করিয়া অনধিকারচর্চা করিতে পাইত, তাহা হইলে আমরা প্রথমেই চিদ্গততত্ত্বে বিশেষ ধর্মকে স্বীকার না করিয়া নির্বিশেষ ব্রহ্মধাম পর্যন্ত দেখিতাম, আর অধিক যাইতে পারিতাম না। কিন্তু বিষয়জ্ঞান ও যুক্তি যদি কিয়ৎপরিমাণে নিবৃত্ত হইয়াও সমাধিকার্যে কিছু হস্তক্ষেপ করিত, তাহা হইলে আত্মা ও পরমাত্মার নিত্যভেদমাত্র স্বীকার করিয়া বিশেষগত বৈচিত্র্যের অধিকতর উপলব্ধি করিতে পারিতাম না। কিন্তু সংশয়রূপ দুষ্টভাবকে একেবারে বিসর্জন দেওয়ায় আমরা আশ্রয়তত্ত্বের স্বরূপসৌন্দর্যের সম্পূর্ণ দর্শন পাইলাম। ৬।

The doubt that diminishes and obstructs samadhi has been cast aside, and we behold the supreme reality—the beautiful form of Sri Krishna within Brindaban, the innermost sanctuary of Vaikuntha.

Had our samadhi been contaminated by material knowledge, and had the reflective faculty intruded improperly into the function of purified spiritual perception, we would have acknowledged no distinctions within spiritual reality and would have perceived only the impersonal Brahman. We could not have proceeded beyond that point.

Even if material reasoning had been only partially restrained, yet still interfered with samadhi, we might have recognized merely the eternal distinction between the individual soul and Paramatma the Supreme Soul, without perceiving the richer varieties of spiritual existence.

But because the corrupting influence of doubt has been wholly abandoned, we have obtained a complete vision of the intrinsic beauty of the Supreme Shelter.

Verse 7

নরভাবস্বরূপো□য়ং চিত্তত্বপ্রতিপোষকঃ।
স্নিগ্ধশ্যামাত্মকো বর্ণঃ সর্বানন্দবিবর্ধকঃ ॥ ৭ ॥

nara-bhava-svarupo 'yam cittatva-pratiposhakah
snigdha-shyamatmako varnah sarvananda-vivardhakah

Krishna's form has a human-like nature and He nourishes all of conscious existence with His sweetness. His form's smooth, dark complexion increases every variety of bliss.

সমাধিদৃষ্ট স্বরূপসৌন্দর্য ব্যাখ্যা করিতেছেন। সমস্ত চিত্তত্বপ্রতিপোষক ভগবৎসৌন্দর্যটি নরভাবস্বরূপ। (এস্থলে দ্বিতীয় অধ্যায়ের ১৭ ও ১৮ শ্লোক বিচার করুন।) ভগবৎস্বরূপে শক্তি ও করণের ভিন্নতা নাই; তথাপি চিত্প্রভাবগত সন্ধিনী বিশেষ ধর্মের সাহায্যে করণসকলকে এমন উপযুক্ত স্থানগত করিয়াছে যে তাহাতে একটি অপূর্ব শোভা উৎপন্ন হইয়াছে। সমস্ত চিদচিদজগতে সেই শোভার তুলনা নাই। ভগবত্তত্ত্বে দেশ ও কালের প্রভুতা না থাকায় ভগবৎস্বরূপের অণুত্ব বা বৃহত্ব দ্বারা কোন মাহাত্ম্য স্থাপিত হয় না; বরং প্রকৃতির অতীত ধর্মরূপ মধ্যমাকারের সর্বত্র সর্বদা পূর্ণত্বরূপ এক চমৎকার ভাব দৃষ্ট হয়।

অতএব আমরা সমাধিযোগে সমস্ত সৌন্দর্যের আধারস্বরূপ ভগবানের কলেবরসত্তা দর্শন করিতেছি। ভগবদ্রূপসত্তা আরও মধুর। সমাধিচক্ষু যত গাঢ়রূপে রূপসত্তায় নিযুক্ত হয়, ততই এক অনির্বচনীয় স্নিগ্ধ শ্যামবর্ণ তাহাতে লক্ষিত হয়। বোধ হয় এই চিন্ময়রূপের প্রতিফলনরূপে মায়িক ইন্দ্রনীলমণি চক্ষুর শীতলতা সম্পন্ন করে, অথবা মায়িক নবজলধরগণ উত্তাপপীড়িত চক্ষুর আনন্দ বৃদ্ধি করে। ৭।

This is the beauty perceived through samadhi. The divine beauty that nourishes all forms of conscious existence freely chooses to appear in a human-like form. In the Lord there is no distinction

between His power and His instruments; yet through the agency of Sandhini-shakti, the various features of His form are arranged in such perfect harmony that an unparalleled vision of beauty arises in a fleeting, momentary perception of His beauty. Nothing within either the spiritual or material worlds can be compared to that beauty. Since space and time do not govern the Supreme Reality, neither minuteness nor magnitude contributes to His greatness. Rather, His form possesses a wondrous and perfect medium proportion that transcends all material standards. Therefore, through samadhi, we perceive the bodily form of Bhagavan as the reservoir of all beauty.

The sweetness of that form is even more astonishing. As the eye of samadhi becomes increasingly absorbed in the reality of that form, an indescribably soft and lustrous dark-blue complexion becomes manifest. The sapphire colour, fresh-born raincloud of the material world seems to derive its cooling and pleasing qualities from being a reflection of that transcendental hue.

Verse 8

ত্রিতত্ত্বভঙ্গিযাযুক্তো রাজীবনয়নান্বিতঃ ।
শিখিপিচ্ছধরঃ শ্রীমান্ বনমালাবিভূষিতঃ ॥ ৮ ॥

tri-tattva-bhangiya-yukto rajiva-nayananvitah
shikhi-piccha-dharah shriman vana-mala-vibhushitah

Adorned with the graceful posture expressive of His three principal potencies, endowed with lotus-like eyes, He keeps a peacock feather in His black curling hair, and He is decorated with a garland of forest flowers.

সন্ধিনী, সম্বিত ও হ্লাদিনীরূপ ত্রিতত্ত্বের এক অপূর্ব ভঙ্গিমা ভগবৎসৌন্দর্যে ত্রিভঙ্গরূপে ন্যস্ত রহিয়াছে। চিজ্জগতের অত্যন্ত প্রফুল্লতাযুক্ত নয়নদ্বয় এই স্বরূপের শোভা বিস্তার করিতেছে। বোধ হয় জড়জগতে এই চক্ষুদ্বয়ের প্রতিফলনরূপে কমলের অবস্থান।

এই স্বরূপের শিরোভাগে এক অপূর্ব বিচিত্রতা লক্ষিত হইতেছে। বোধ হয় শিখিপিচ্ছ জড়জগতে উহারই প্রতিফলন। কোন অনায়াসসিদ্ধ চিৎপুষ্পের মালা এই স্বরূপের গলদেশের শোভা বিস্তার করিতেছে। বোধ হয় স্বভাবকৃত বনফুলের শোভা জড়জগতে তাহার প্রতিফলন। ৮।

The three principal spiritual potencies—Sandhini, Samvit, and Hladini—appear harmoniously expressed in the Lord's graceful tribhanga posture.

His eyes, radiant with the fullest spiritual delight, expand the beauty of His form. The lotus of this world appears as a mere reflection of those transcendental eyes. A remarkable ornament adorns His head; the peacock feather seen in the material world seems to be the reflected image of that ornament. Around His neck hangs a garland of effortless spiritual flowers. The beauty of forest blossoms found in this world appears to be a shadow of that eternal garland.

Verse 9

পীতাম্বরঃ সুবেশাঢ্যো বংশীন্যস্তমুখাম্বুজঃ ।
যমুনাপুলিনে রম্যে কদম্বতলমাশ্রিতঃ ॥ ৯ ॥

pitambarah suveshadhyo vamshi-nyasta-mukham-bujah
yamuna-puline ramye kadamba-talam asritah

Clad in yellow garments, beautifully adorned, with His lotus face resting upon His flute, He stands upon the delightful bank of the Yamuna beneath a kadamba tree.

চিৎসংবিদ্‌প্রকাশিত চিৎপ্রভাবগত জ্ঞান এই স্বরূপের কটিদেশকে আচ্ছাদন করিয়াছে। বোধ করি, নবজলধরের অধোভাগগত সৌদামিনী জড়জগতে উহার প্রতিফলন হইবে। কৌস্তভাদি চিদগত রত্ন ও অলঙ্কার সকল এই স্বরূপের শোভা বিস্তার করিতেছে।

চিদাকর্ষণাত্মক সুমিষ্ট আহ্বান যদ্দ্বারা হইতেছে, সেই চিদ্যন্ত্রকে বংশীরূপে লক্ষিত হয়। প্রাপঞ্চিক রাগরাগিণী-চালক বংশী প্রভৃতি উহার প্রতিফলন হইয়া থাকিবে।

চিদ্দ্রবরূপ যমুনাপুলিনে এবং চিৎপুলকরূপ কদম্বতলে এই চিন্ময় স্বরূপ পরিলক্ষিত হইতেছে। ৮। ৯।

The Lord's waist is covered by a radiant yellow garment, representing the luminous manifestation of spiritual knowledge. The flashes of lightning seen beneath rainclouds in the material world seem to be reflections of this feature.

Transcendental jewels and ornaments such as the Kaustubha gem further enhance His beauty.

The sweet spiritual summons, by which all souls are attracted, appears in the form of His flute. Music-making material instruments are only distant reflections of that transcendental flute.

This divine form is perceived to be standing on the bank of the spiritual Yamuna river, whose waters are conscious and living; Hes stands beneath a kadamba tree whose ecstatic blossoming flowers reflect the tree's spiritual emotion.

Verse 10

এতেন চিৎস্বরূপেণ লক্ষণেন জগৎপতিঃ ।
লক্ষিতো নন্দজঃ কৃষ্ণো বৈষ্ণবেন সমাধিনা ॥ ১০ ॥

etena cit-svarupena lakshanena jagat-patih
lakshito nandajah krishno vaishnavena samadhina

By these characteristics of transcendental reality, Nanda's son Krishna, the Lord of all worlds, is known by the Vaishnava immersed in samadhi.

এই সমস্ত চিল্লক্ষণ দ্বারা চিদচিদজগৎপতি নন্দতনয় শ্রীকৃষ্ণ সমাধিতত্ত্বে বৈষ্ণবগণ কর্তৃক লক্ষিত হন। এই সকল চিল্লক্ষণের প্রতিচ্ছায়াস্বরূপ মায়িক পদার্থ আছে বলিয়া চিদ্বস্তুর অনাদর করা সারগ্রাহীর কার্য নয়। সমস্ত চিল্লক্ষণ যথাযোগ্য স্থান প্রাপ্ত হইয়া ভগবৎস্বরূপকে সর্বচমৎকারকারী

করিয়াছে। সমাধি যত গাঢ় হইবে ততই অধিক সূক্ষ্মদর্শন হইবে; সমাধি যত অল্প হইবে ততই এই স্বরূপতত্ত্বের বিশেষভাব এবং অবিলক্ষিতরূপ গুণাদির অদৃশ্যতা সিদ্ধ হইবে।

দুর্ভাগ্যবশতঃ মায়িকজ্ঞানপীড়িত লোকেরা সমাধিদ্বারা বৈকুণ্ঠের প্রতি অক্ষিপাত করিয়াও চিৎস্বরূপ ও চিদ্বিশেষ দর্শন করিতে সক্ষম হন না। একারণে তাহাদের চিদালোচনা স্বল্প এবং প্রেমসম্পত্তি নিতান্ত ক্ষুদ্র হইয়া থাকে। ১০।

Through these transcendental characteristics, the Vaishnava perceives Sri Krishna, the son of Nanda and Lord of both the spiritual and material worlds, by means of samadhi.

Because material objects exist as reflections of these spiritual realities, the thoughtful seeker should never disregard the spiritual original, merely on account of the existence of its material shadow. Each transcendental characteristic occupies its proper place and contributes to the unsurpassed beauty of Bhagavan's form. The deeper the samadhi becomes, the more subtle and detailed the vision. The weaker the samadhi, the more the distinctive features and qualities of this spiritual reality remain hidden from view.

Unfortunately, those whose consciousness is burdened by materialistic knowledge may direct their contemplation toward Vaikuntha and thereby remain unable to perceive the spiritual form of Krishna and its transcendental, distinctive features. Consequently, their realization is superficial, and their wealth of divine love is correspondingly meagre.

Verse 11

আকর্ষণস্বরূপেণ বংশীগীতেন সুন্দরঃ ।
মাদয়ন্ বিশ্বমেতদ্বৈ গোপীনামহরন্মনঃ ॥ ১১ ॥

akarshana-svarupena vamshi-gitena sundarah
madayan vishvam etad vai gopinam aharan manah

The Beautiful One, by the flute-song which is attraction itself, intoxicates this whole universe and steals the minds of the gopis.

সেই সমাধিলক্ষিত শ্রীকৃষ্ণচন্দ্র আকর্ষণস্বরূপ বংশীগীতের দ্বারা চিদচিজ্জগৎকে উন্মত্ত করিয়া গোপীদিগের চিত্ত হরণ করেন। ১১।

Sri Krishna Chandra, perceived in samadhi, enchants both the conscious and unconscious worlds by the song of His flute, which is the very substance of attraction, and He steals the hearts of the gopis. (11)

Verse 12

জাত্যাদিমদবিভ্রান্তহৃদাং কৃষ্ণপদিচ্ছয়া ।
গোপীনাং কেবলং কৃষ্ণঃ স্বাত্মাহরণে ক্ষমঃ ॥ ১২ ॥

jatyadi-mada-vibhranta-hridam krishna-padicchaya
gopinam kevalam krishnah svatma-harane kshamah

Those whose hearts are bewildered by pride of their high-class birth and the like cannot attain Krishna. Only those in the mood of the gopis are fit for Krishna, who alone can steal the self.

জাত্যাদিমদবিভ্রম যাহাদের হৃদয়কে দুষ্ট করিয়াছে, তাহারা কিরূপে কৃষ্ণলাভ করিতে পারে? প্রপঞ্চগত দুষ্টমদ ছয় প্রকার, অর্থাৎ জাতিমদ, রূপমদ, গুণমদ, জ্ঞানমদ, ঐশ্বর্যমদ ও ওজোমদ। এই সকল মদমত্ত পুরুষেরা ভক্তিভাব অবলম্বন করিতে পারেন না, ইহা আমরা প্রতিদিন সংসারে লক্ষ্য করিতেছি।

জ্ঞানমদদূষিত ব্যক্তিগণ শ্রীকৃষ্ণতত্ত্বকে সম্পূর্ণরূপে তুচ্ছজ্ঞান করেন। তাহারা পারক্যচিন্তায় ব্রহ্মানন্দকে ভক্তির অপেক্ষা অধিক সম্মান করেন। মদরহিত পুরুষেরা গোপ ও গোপীভাব প্রাপ্ত হইয়া কৃষ্ণানন্দ লাভ করেন।

কৃষ্ণতত্ত্বে গোপগোপীদিগেরই অধিকার। শ্লোকে কেবল গোপীশব্দ ব্যবহৃত হইবার কারণ এই যে, এই গ্রন্থে কান্তভাবাশ্রিত সর্বোচ্চ রসের ব্যাখ্যা হইতেছে। শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্যগত পুরুষেরা ব্রজভাবাপন্ন; তাহারাও নিজ নিজ ভাবগত কৃষ্ণরস উপলব্ধি করেন। এ গ্রন্থে তাহাদের রস সকলের বিশেষ ব্যাখ্যা নাই। বাস্তবতত্ত্ব এই যে, সমস্ত জীবের ব্রজভাবে অধিকার আছে। মাধুর্যভাব হৃদয়স্থ হইলেই জীবের ব্রজধামপ্রাপ্তি সিদ্ধ হয়। ব্রজধামগত জীবের পূর্বোক্ত পঞ্চরসের মধ্যে যে রস স্বভাবত ভাল লাগে, তাহাই তাহার নিত্যসিদ্ধ ভাব। সেই ভাবগত হইয়া তিনি উপাসনা করিবেন। কিন্তু এতদগ্রন্থে কেবল কান্তভাবগত জীবের চরমাবস্থা প্রদর্শিত হইল। ১২।

How can those whose hearts are corrupted by pride of birth and similar delusions attain Krishna? The corrupt pride belonging to the material world is of six kinds: pride of birth, pride of beauty, pride of qualities, pride of knowledge, pride of opulence, and pride of strength. We see every day in this world that persons intoxicated by pride cannot take shelter of devotional feelings.

Polluted by pride in their knowledge, they think Sri Krishna-tattva is something insignificant. In their impersonal thinking, they give more honour to brahmananda than to bhakti. But thoe who are free from pride attain the mood of the gopas and gopis — and taste Krishna's bliss.

Only the gopas and gopis are truly qualified for Krishna-tattva. The reason the verse mentions only the gopis is that this Sri Krishna Samhita is explaining the highest rasa, which rests upon the amourous mood. Those situated in shanta, dasya, sakhya, and vatsalya are also possessed of Braja-bhava, and they too realize Krishna-rasa in accord with their own mood; but the rasas belonging to them are not explained in detail in this work.

The truth is this: all souls have eligibility for Braja-bhava. Then when the mood of sweetness becomes established within the heart the soul's attainment of Braja-dhama is accomplished. Among the five rasas that have been described, whichever rasa naturally pleases the soul in Braja-dhama is that soul's eternally perfected mood, and the soul should worship according to that mood. In this Sri

Krishna Samhita, however, only the final state of the soul situated in madhura-rasa has been shown. (12)

Verse 13

গোপীভাবাত্মকাঃ সিদ্ধাঃ সাধকাস্তদনুকৃতেঃ ।
দ্বিবিধাঃ সাধবোজ্ঞেয়াঃ পরমার্থবিদা সদা ॥ ১৩ ॥

gopi-bhavatmakah siddhah sadhakas tad-anukriteh
dvi-vidhah sadhavo jneyah paramartha-vida sada

Those whose nature is to feel gopi-bhava are perfected souls; those who follow that mood are practitioners. Thus the knowers of spiritual truth recognize two kinds of saints: siddhas and sadhakas.

গোপীভাবপ্রাপ্ত পুরুষদিগকে সিদ্ধ বলা যায় এবং এই ভাবের যাহারা অনুকরণ করেন তাহারা সাধক। অতএব পরমার্থবিৎ পণ্ডিতেরা সিদ্ধ ও সাধক এই দুই প্রকার সাধু আছেন বলিয়া স্বীকার করেন। ১৩।

Those who have attained gopi-bhava are called perfected souls, while those who follow and cultivate immersion in that mood are called practitioners. Therefore learned persons who know the spiritual truth of transcendental rasa acknowledge two kinds of saintly persons: the siddha and the sadhaka. (13)

Verse 14

সংসৃতৌ ভ্রমতাং কর্ণে প্রবিষ্টং কৃষ্ণগীতকং ।
বলাদাকর্ষয়ংশ্চিত্তমুত্তমান্ কুরুতে হি তান্ ॥ ১৪ ॥

samsritau bhramatam karne pravishtam krishna-gitakam
balad akarshayam cittam uttaman kurute hi tan

When Krishna's song enters the ears of souls wandering through worldly existence, it forcibly attracts their hearts and makes them highly qualified.

গোপীভাবগত জীবের সাধনক্রম প্রদর্শিত হইতেছে। সংসারে ভ্রমণ করিতে করিতে যে সকল জীবের কর্ণে শ্রীকৃষ্ণের বেণুগীত প্রবেশ করে, তাহাদিগকে গীতমাধুর্য আকর্ষণ করিয়া উৎকৃষ্ট অধিকারী করে। ১৪।

This is the meditation of a sadhaka approaching gopi-bhava. As souls wander through worldly existence, when the flute-song of Sri Krishna enters their ears, the sweetness of that song attracts them and makes them fit to attain the highest qualification. (14)

Verse 15

পুংভাবে বিগতে শীঘ্রং স্ত্রীভাবো জায়তে তদা ।
পূর্বরাগো ভবেত্তেষামুন্মাদলক্ষণান্বিতঃ ॥ ১৫ ॥

pum-bhave vigate shighram stri-bhavo jayate tada
purva-rago bhavet tesham unmada-lakshananvitah

When the masculine mood departs from the awareness of a sadhaka, the feminine mood arises. Thereafter, purva-raga appears in them, marked by symptoms of divine madness.

সংসারী লোকদিগের মায়াভোগরূপ পৌরুষই তাহাদের অনর্থ। আশ্রিততত্ত্বের আশ্রয়ত্যাগক্রমে মায়ার উপর পুরুষত্ব সিদ্ধ হয়। এই পুরুষভাব শীঘ্র দূর হইলে, পুনরায় কান্তরসাসক্ত পুরুষদিগের আশ্রিতভাব প্রাপ্তি হয় এবং সাধক আত্মার ভগবদ্ভোগ্যতারূপ অপ্রাকৃত স্ত্রীত্ব উপস্থিত হয়। ক্রমশঃ পূর্বরাগের এতদূর প্রাদুর্ভাব হয় যে, জীব উন্মত্তপ্রায় হইয়া উঠে। ১৫।

The misfortune of worldly persons lies in their ego's assumption of masculinity, which consists of the desire to enjoy and to be served by Maya. When the soul on the Lord abandons its shelter, it assumes the posture of an imposter imagining oneself as an enjoyer with mastery over Maya. When this masculine mood is removed, those who are attracted to the amourous rasa again attain the mental condition of knowing they are dependants who depend on a greater Power. Then the Power with a supramundane feminine nature of the soul appears, in which the soul finds shelter, becoming an object of enjoyment for Bhagavan. Slowly, purva-raga, the longing that precedes union, manifests so strongly that the soul becomes almost mad with desire to meet with Krishna. (15)

Verse 16

শ্রুত্বা কৃষ্ণগুণং তত্র দর্শকাদ্ধি পুনঃ পুনঃ ।
চিত্রিতং রূপমন্বীক্ষ্য বর্ধতে লালসা ভৃশং ॥ ১৬ ॥

shrutva krishna-gunam tatra darshakad dhi punah punah
citritam rupam anviksya vardhate lalasa bhrisham

Hearing again and again of Krishna's qualities from those who have seen Him, and beholding His painted form, His Deity, a longing for Him greatly increases.

যাহারা কৃষ্ণরূপ দর্শন করিয়াছেন, তাহাদের নিকট সেই রূপবর্ণন পুনঃ পুনঃ শ্রবণ করিয়া এবং চিত্রপট দর্শনপূর্বক তাহার কৃষ্ণপ্রাপ্তিলালসা অত্যন্ত বৃদ্ধি হয়। ১৬।

By repeatedly hearing descriptions of Krishna's form from those who have seen Him, and by beholding His form in a painting, the soul's longing to attain Krishna becomes greatly increased. (16)

Verse 17

প্রথমং সহজং জ্ঞানং দ্বিতীয়ং শাস্ত্রবর্ণনং ।
তৃতীয়ং কৌশলং বিশ্বে কৃষ্ণস্য চেশরূপিণঃ ॥ ১৭ ॥

prathamam sahajam jnanam dvitiyam shastra-varnanam
tritiyam kaushalam vishve krishnasya cesha-rupinah

First comes natural knowledge; second, the descriptions of scripture; and third, the perception of Krishna's marvellous arrangement by which He can be seen within the natural world.

জীবের সহজ জ্ঞানে ভগবদাকর্ষণের উপলব্ধির নাম কৃষ্ণগীত শ্রবণ। কৃষ্ণরূপদর্শকেরা শাস্ত্রে যাহা যাহা বর্ণন করিয়াছেন, তাহা পাঠ করিয়া কৃষ্ণোপলব্ধির নাম কৃষ্ণগুণ শ্রবণ। শ্রীকৃষ্ণের বিশ্বকৌশল দর্শনের নাম চিত্রপট দর্শন। মায়িক বিশ্বটি চিদ্বিশ্বের প্রতিভাত ছবি, ইহা যাহার বোধগম্য হইল, তিনি চিত্রপট দর্শন করিয়াছেন বলা যায়।

অথবা সহজ জ্ঞানে ভগবদ্দর্শন, শাস্ত্রালোচনা দ্বারা ভগবদুপলব্ধি এবং বিশ্বকৌশলে ভগবদ্ভাব দর্শন–এইপ্রকার ত্রিবিধ উপায়ে প্রথমে বৈষ্ণবতা সংগৃহীত হয়, ইহা বলিলেও হইতে পারে। ১৭।

When a soul, through natural knowledge, perceives the attractiveness of Bhagavan, that is called hearing Krishna's song. When one reads the scripture's descriptions presented by those divine beings who have seen Krishna's form, and when one thereby is able to realize Krishna, that is called hearing Krishna's qualities. To perceive the marvellous arrangement of the universe as Krishna's work is called seeing His painted likeness. The material universe is a reflected picture of the spiritual world. One who understands this may be said to have seen Krishna's painted image. Or it may be said in another way: Vaishnava life first arises through three means—a vision of Bhagavan by natural knowledge, a realization of Bhagavan through scriptural discussions, and a perception of Bhagavan's presence in an astonishing universe full of wonders. (17)

Verse 18

ব্রজভাবাশ্রয়ে কৃষ্ণে শ্রদ্ধা তু রাগরূপকা।
তস্মাৎ সঙ্গো□থ সাধুনাং বর্ততে ব্রজবাসিনাম্ ॥ ১৮ ॥

braja-bhava-ashraye krishne shraddha tu raga-rupaka
tasmat sango 'tha sadhunam vartate braja-vasinam

Pure faith in Krishna, the shelter of Braja-bhava, is the first form of raga. From that arises association with saints who dwell in Braja.

ব্রজভাবের আশ্রয়রূপ শ্রীকৃষ্ণে বিমল শ্রদ্ধাই পূর্ব্বরাগ অর্থাৎ রাগের প্রাগ্ভাব। সেই শ্রদ্ধার উদয় হইলে ব্রজবাসী সাধুদিগের সঙ্গ হয়। সাধুসঙ্গই কৃষ্ণলাভের হেতু। ১৮।

Pure faith in Sri Krishna, who is the shelter of Braja-bhava, is purva-raga, the first dawning of raga. When faith arises, one obtains the association of the saints who dwell in Braja; their saintly association is the cause of attaining Krishna. (18)

Verse 19

কদাচিদভিসারঃ স্যাদ্ যমুনাতটসন্নিধৌ।
ঘটতে মিলনং তত্র কান্তেন সহিতং শুভম্ ॥ ১৯ ॥

kadacid abhisarah syad yamuna-tata-sannidhau
ghatate milanam tatra kantena sahitam shubham

At some time there is an approach to Krishna, and near the bank of the Yamuna a blessed meeting with the Beloved occurs.

এইরূপ ভাগ্যবান পুরুষদিগের ক্রমশঃ কৃষ্ণাভিমুখ অভিসার হইতে হইতে চিদ্দ্রবতারূপ যমুনার তটে পরম কান্তের সহিত শুভ মিলন হয়। ১৯।

Like this, fortunate souls proceed towards Krishna. As the fruit of their devotion begins to ripen, they arrive at the bank of the Yamuna, whose waters are spiritual and conscious. There, there is an auspicious meeting with the supreme Beloved. (19)

Verse 20

কৃষ্ণসঙ্গাৎ পরানন্দঃ স্বভাবেন প্রবর্ততে।
পূর্ব্বাশ্রিতং সুখং গ্রাহ্যং তৎক্ষণাৎ গোষ্পদায়তে ॥ ২০ ॥

krishna-sangat paranandah svabhavena pravartate
purvashritam sukham grahyam tat-kshanat goshpadayate

From Krishna's association, supreme bliss naturally arises. At once the former happiness one had relied upon becomes as insignificant as the water in a calf's hoofprint.

তখন কৃষ্ণসঙ্গক্রমে ব্রহ্মানন্দ তুচ্ছকারী পরানন্দ স্বভাবতঃ প্রবৃত্ত হয়। সুতরাং পূর্বাশ্রিত মায়িক গার্হস্থ্যসুখ তৎক্ষণাৎ প্রেমসমুদ্রের নিকট গোষ্পদের তুল্য হইয়া পড়ে। ২০।

Then, through the association of Krishna, supreme bliss arises naturally, making even brahmananda appear insignificant. Thus, the worldly domestic happiness one formerly depended upon immediately becomes, before the ocean of prema, no greater than a small puddle of water contained in a calf's hoofprint. (20)

Verse 21

বর্ধতে পরমানন্দো হৃদয়ে চ দিনে দিনে।
আত্মনামাত্মনি প্রেষ্ঠে নিত্যনূতনবিগ্রহে ॥ ২১ ॥

vardhate paramanando hridaye ca dine dine
atmanam atmani preshthe nitya-nutana-vigrahe

Day by day, supreme bliss increases within the heart, in the ever-new form of the Beloved, the Soul of all souls.

তাহার পর, প্রতিদিন সমস্ত আত্মার আত্মাস্বরূপ নিত্য নূতন বিগ্রহে পরমানন্দ অসীম হইয়া বৃদ্ধি পাইতে থাকে। ভগবদ্বিগ্রহ সর্বক্ষণ রসান্তরের আশ্রয় হইয়া অপূর্ব নূতনতা অবলম্বন করে। অর্থাৎ আশ্রিতজনের রসপিপাসা বৃদ্ধি হয়, কখনও তৃপ্ত হয় না। চিজ্জগতে শান্তাদি পাঁচটি সাক্ষাৎ রস ও বীর, করুণাদি সাতটা গৌণরস সমাধিগত পুরুষেরা দর্শন করিয়াছেন। যখন বৈকুণ্ঠতত্ত্বের প্রতিচ্ছায়ারূপ মায়িক জগৎ পরিলক্ষিত হইয়াছে, তখন মানসিক জগতস্থ সকল রসেরই আদর্শ বৈকুণ্ঠে বিশুদ্ধভাবে আছে, ইহাতে সন্দেহ কি? ২১।

Thereafter, day by day, supreme bliss increases without limit in the ever-new form of Bhagavan, the Soul of all souls. The divine form of the Lord, being the shelter of ever-fresh varieties of rasa, assumes an astonishing newness at every moment. Thus the thirst for rasa in those who take shelter of Him continually increases and is never fully satisfied.

Those who have attained samadhi perceive in the spiritual world that there are five direct rasas beginning with shanta, and seven secondary rasas such as vira and karuna. Since the material world is perceived as a reflection of Vaikuntha-tattva, there can be no doubt that all the rasas found in the mental world exist in their pure archetypal form in Vaikuntha. (21)

Verse 22

চিদানন্দস্য জীবস্য সচ্চিদানন্দবিগ্রহে ।
যানুরক্তিঃ স্বতঃসিদ্ধা সা রতিঃ প্রীতিবীজকং ॥ ২২ ॥

chidanandasya jivasya sac-cid-ananda-vigrahe
yanuraktih svatah-siddha sa ratih priti-bijakam

The natural attachment of the conscious and blissful jiva for the form of that divine Being that is eternal existence, consciousness and bliss is called rati, the seed of divine love.

পূর্ববিচারিত রতির মূলতত্ত্ব গাঢ়রূপে পুনরায় বিচারিত হইতেছে। সান্দ্রানন্দরূপ প্রীতির বীজস্বরূপ রতিই ভজনক্রিয়ার মূল তত্ত্ব। চিদানন্দ জীবের সচ্চিদানন্দ ভগবন্তত্ত্বের প্রতি যে স্বতঃসিদ্ধ অনুরক্তি, তাহাই রতি। চিদ্বস্তুর পরস্পর আকর্ষণ ও অনুরাগরূপ স্বভাবসিদ্ধ প্রবৃত্তি জীব ও কৃষ্ণের মধ্যে অত্যন্ত প্রবল। তাহাই পারমহংস্য অলঙ্কারশাস্ত্রের উদ্দেশ্য স্থায়ীভাব। ২২।

The fundamental nature of rati is now examined more deeply. Rati, the seed of the condensed bliss known as priti, is the foundational principle of all devotion inclinations. The innate attachment of the conscious and blissful jiva to Bhagavan, who is of the nature of eternal being, consciousness, and bliss, is called rati. The natural tendency of conscious entities to feel attraction and affection exists most powerfully between the jiva and Krishna. This rati is the sthayi-bhava spoken of in the spiritual science of rasa. (22)

Verse 23

সা রতির্ রসমাশ্রিত্য বর্ধতে রসরূপধৃক্ ।
রসঃ পঞ্চবিধো মুখ্যঃ গৌণঃ সপ্তবিধস্তথা ॥ ২৩ ॥

sa ratir rasam ashritya vardhate rasa-rupa-dhrik
rasah pancavidho mukhyah gaunah saptavidhah tatha

Rati develops by taking shelter of rasa until it assumes the form of rasa. Rasa is of twelve kinds: five primary and seven secondary.

সেই রতি, রসতত্ত্বের অতি সূক্ষ্ম মূল। সংখ্যাগণনায় এক যেরূপ মূলস্বরূপ হইয়া তদূর্দ্ধ সমস্ত সংখ্যায় ব্যাপ্ত আছে, প্রীতির পুষ্টি অবস্থায় প্রেম, স্নেহ, মান, রাগ প্রভৃতি দশাতেও রতি তদ্রূপ মূলরূপে লক্ষিত হয়। প্রীতির সমস্ত ক্রিয়াতে রতিকে মূলরূপে লক্ষ্য করা যায়, এবং ভাব ও সামগ্রী সকলকে স্কন্ধশাখা বলিয়া নির্দেশ করা যাইতে পারে। অতএব রতি, রসকে আশ্রয় করত রসরূপী হইয়া বর্ধমানা হয়। রস, মুখ্য ও গৌণভেদে দ্বাদশ প্রকার। ২৩।

Rati is the subtle root of the entire tree of knowledge of rasa. Just as the numeral one is present as the basis of all larger numbers, rati remains present as the underlying principle in all the progressive stages of love, such as prema, sneha, mana, and raga. In every manifestation of divine love, rati is the root, while the varieties of emotions and ingredients may be regarded as branches and subdivisions. Therefore, taking shelter of rasa, rati itself expands into rasa. Rasa is of twelve kinds, in primary and secondary categories. (23)

Verse 24

শান্তদাস্যাদয়ো মুখ্যাঃ সম্বন্ধভাবরূপকাঃ ।
রসা বীরাদয়ো গৌণাঃ সম্বন্ধোত্থাঃ স্বভাবতঃ ॥ ২৪ ॥

shanta-dasyadayo mukhyah sambandha-bhava-rupakah
rasa viradayo gaunah sambandhotthah svabhavatah

Shanta, dasya and the others are the primary rasas, consisting of enduring relationships. Vira and the other secondary rasas arise naturally from those relationships.

শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য ও মধুর এই পঞ্চবিধ মুখ্যরস সম্বন্ধভাবরূপী। বীর, করুণ, রৌদ্র, হাস্য, ভয়ানক, বীভৎস ও অদ্ভুত এই সাতটি গৌণরস। ইহারা সম্বন্ধ হইতে উদ্ভূত হয়। আদৌ রতির বেদনাসত্তা থাকিলেও যে পর্যন্ত সম্বন্ধভাবের আশ্রয় না পায় সে পর্যন্ত উহার কৈবল্যাবস্থায় ব্যক্তির সম্ভাবনা নাই। সম্বন্ধাশ্রয়ে রতির ব্যক্তি হয়। সেই ব্যক্তিগত বৈশিষ্ট্যভাব সকলই গৌণরস। ২৪।

The five primary rasas are shanta, dasya, sakhya, vatsalya, and madhura. The seven secondary rasas are vira, karuna, raudra, hasya, bhayanaka, bibhatsa, and adbhuta. These arise from the primary relationships. Although rati exists in seed form, it cannot become fully manifest until it takes shelter of a particular relationship. Through relationship, rati becomes individualized, and the distinctive emotional conditions arising from that manifestation are known as the secondary rasas. (24)

Verse 25

রসরূপমবাপ্যৈয়ং রতির্ভাতি স্বরূপতঃ ।
বিভাবৈরনুভাবৈশ্চ সাত্ত্বিকৈর্ব্যভিচারিভিঃ ॥ ২৫ ॥

rasa-rupam avapya iyam ratir bhati svarupatah
vibhavair anubhavaish ca sattvikair vyabhicaribhih

Having attained the state of rasa, rati shines in its true nature through vibhavas, anubhavas, sattvika emotions, and vyabhicari-bhavas.

রসরূপ স্বীকার করত এ রতি আর চারিটা সামগ্রী সহযোগে সম্যক দীপ্তিপ্রাপ্ত হয়। রসাশ্রয়ে ব্যক্তি সিদ্ধ হইলেও সামগ্রী ব্যতীত রতি প্রকাশ পায় না। সামগ্রী চারি প্রকার অর্থাৎ বিভাব, অনুভাব, সাত্ত্বিক ও ব্যভিচারী। বিভাব দুইপ্রকার, আলম্বন ও উদ্দীপন। আলম্বন দুইপ্রকার, কৃষ্ণ ও কৃষ্ণভক্ত। তাহাদের গুণ ও স্বভাব প্রভৃতি রতির উদ্দীপনরূপ বিভাব। অনুভাব তিন প্রকার—অলঙ্কার, উদ্ভাস্বর ও বাচিক। ভাব, হাব প্রভৃতি বিংশতি প্রকার অলঙ্কার অঙ্গজ, অযত্নজ ও স্বভাবজ এই তিন ভাগে বিভক্ত। নৃত্য, লুঠন প্রভৃতি শারীরিক ক্রিয়াগুলিকে উদ্ভাস্বর বলে। আলাপ, বিলাপ প্রভৃতি দ্বাদশটি বাচিক অনুভাব। স্তম্ভ, স্বেদ প্রভৃতি আট প্রকার সাত্ত্বিক বিকার। নির্বেদ প্রভৃতি তেত্রিশটি ব্যভিচারীভাব আছে। রতির মহাভাব পর্যন্ত পুষ্টিকার্যে রস ও সামগ্রী সকলের নিত্য প্রয়োজন আছে। ২৫।

When rati develops into rasa, it becomes fully illuminating through four categories of ingredients: vibhava, anubhava, sattvika-bhava, and vyabhicari-bhava. Although rasa may be established first, it

cannot become properly manifest without these ingredients. Vibhava is of two kinds: alambana and uddipana. The alambana consists of Krishna and His devotees, while their qualities and characteristics serve as uddipanas, or stimulants of love. Anubhava is of three kinds: ornaments, expressive bodily actions, and vocal expressions. Bodily gestures and emotional postures form one category, physical activities such as dancing and rolling on the ground form another, and types of speech such as conversation and lamentation form the third. The sattvika transformations include eight symptoms such as stupefaction and perspiration. The vyabhicari-bhavas number thirty-three, beginning with nirveda. For the nourishment of rati through all its stages up to mahabhava, both rasa and its supporting ingredients are always necessary. (25)

Verse 26

এষা কৃষ্ণরতিঃ স্থায়ীভাবো ভক্তিরসো ভবেত্ ।
বদ্ধে ভক্তিত্বরূপা সা মুক্তে সা প্রীতিরূপিণী ॥ ২৬ ॥

esha krishna-ratih sthayi-bhavo bhakti-raso bhavet
baddhe bhaktitva-rupa sa mukte sa priti-rupini

Krishna-rati is the permanent emotion; it becomes bhakti-rasa. In the conditioned state it appears in the form of engagement in devotional service, and in liberation it appears as pure love.

এই কৃষ্ণরতি স্থায়ীভাব। ভক্তিরস। বদ্ধজীবে প্রপঞ্চসম্বন্ধবশতঃ ভক্তিস্বরূপে ইহার প্রভৃতি। মুক্তজীবে প্রীতিতত্ত্বরূপে বৈকুণ্ঠাবস্থায় নিত্য বর্তমান। ২৬।

Krishna-rati is the permanent foundation, the basis of the emotion of bhakti-rasa. In the conditioned state, because of the jiva's connection with the material world, it appears as devotional practice. In the liberated state, in Vaikuntha, it exists eternally as pure priti, divine love. (26)

Verse 27

মুক্তে সা বর্ততে নিত্যা বদ্ধে সা সাধিতা ভবেত্ ।
নিত্যসিদ্ধস্য ভাবস্য প্রাকট্যং হৃদি সাধ্যতা ॥ ২৭ ॥

mukte sa vartate nitya baddhe sa sadhita bhavet
nitya-siddhasya bhavasya prakatyam hridi sadhyata

In the liberated state it exists eternally; in the conditioned state it is attained through practice. The goal of practice is the awakenment within the heart of that eternally perfected bhava.

রতির মহাভাব পর্যন্তক্রম, তাহার মুখ্য ও গৌণ রসাশ্রয় এবং সামগ্রীসাহায্যে বিচিত্র পুষ্টিপ্রাপ্তিরূপ রসসমুদ্রের অনন্ত মাধুর্য মুক্তজীবগণের নিত্যধন। বদ্ধজীবদিগের তাহাই সাধ্য। যদি বল, আত্মার চিন্ময় আনন্দরস নিত্য হইলে সাধনের প্রয়োজন কি? তবে বলি, জীবের রতি জড়গতা হইয়া বিকৃত হইয়াছে। হৃদয়ে শুদ্ধরতির প্রাকট্য করাই ইহার সাধন। ২৭।

The progression of rati up to mahabhava, together with its expansion through the primary and secondary rasas and all their ingredi-

ents, forms an ocean of infinite sweetness — the eternal treasure of the liberated souls. That same treasure is the goal of life for conditioned souls engaged in devotional practices.

If it is asked why spiritual practice is necessary when the blissful nature of the soul is eternal, the answer is that the jiva's rati has become distorted through contact with matter. Spiritual practice is therefore the manifestation of latent pure rati within the heart. (27)

Verse 28

আদর্শাচ্চিন্ময়াদিশ্বাৎ সংপ্রাপ্তং সুসমাধিনা।
মহাজনৈর্মহীভাগৈর্ব্যাসাদিভিরিদং মতম্ ॥ ২৮ ॥

adarshac cinmayad ishvat sampraptam su-samadhina
mahajanair mahi-bhagair vyasadibhir idam matam

This conclusion has been attained through samadhi by the great souls, headed by Vyasa, who have perceived the supreme reality and its many kinds of reflections.

সহজ সমাধিযোগে ব্যাস প্রভৃতি বিদ্বজ্জনগণ দেখিয়াছেন এবং আমরাও দেখিতেছি যে, জীবের সিদ্ধসত্তায় রতিতত্ত্বই সর্বোপাদেয়। আদর্শের ধর্ম কিয়ৎ পরিমাণে বিশ্বপ্রতিভাসত্তায় প্রতিভাত হইয়া থাকে। এতন্নিবন্ধন প্রাকৃত রতিসত্তাও সমস্ত প্রাকৃতসত্তা অপেক্ষা রমণীয় হইয়াছে। কিন্তু প্রাকৃত স্ত্রীপুরুষগত রতি, অপ্রাকৃত রতির নিকট অতিশয় তুচ্ছ ও জুগুপ্সিত। যথা রাসপঞ্চাধ্যায়ে ২৮।

Through natural samadhi, Vyasa and other great sages perceived—and we also perceive—that rati is the most valuable principle in the perfected state of the soul. Because reflections retain some qualities of their original archetypes, even material affection appears attractive compared with other material experiences. Yet the affection found between material men and women is insignificant, and may even be called contemptible, when that affection is compared with transcendental rati. For this reason the Bhagavatam declares that one who faithfully hears or describes the divine sports of Vishnu with the maidens of Vraja quickly attains supreme devotion and casts away the disease of lust from the heart. (28)

Verse 29

মহাভাবাবধির্ভাবো মহারাসাবধি ক্রিয়া।
নিত্যসিদ্ধস্য জীবস্য নিত্যসিদ্ধে পরাত্মনি ॥ ২৯ ॥

mahabhavavadhir bhavo maha-rasavadhih kriya
nitya-siddhasya jivasya nitya-siddhe paratmani

The emotional development extends up to mahabhava, and activity extends up to the maha-rasa, in the relationship between the eternally perfected soul and the eternally perfect Supreme Self.

নিত্যসিদ্ধ কৃষ্ণের সহিত নিত্যসিদ্ধ জীবগণের মহাভাবাবধি ভাব ও মহারাসাবধি ক্রিয়া বর্ণিত হইল। ২৯।

Thus have been described the emotions of the eternally perfected souls up to the stage of mahabhava, and their activities up to the culmination of the maha-rasa in relation to the eternally perfected Sri Krishna. (29)

Verse 30

এতাবজ্জড়জন্যানাং বাক্যানাং চরমা গতিঃ।
যং বর্ততে ততো□সমৌ সমাধৌ পরিদৃশ্যতাম্ ॥ ৩০ ॥

etavaj jada-janyanam vakyanam carama gatih
yam vartate tato 'smau samadhau paridrishyatam

This is the furthest reach of words born of the material world. Whatever lies beyond this should be perceived in samadhi.

আমাদের জড়জন্য বাক্যের এই পর্যন্ত শেষ গতি। ইহার অতিরিক্ত যাহা আছে, তাহা সমাধিদ্বারা লক্ষিত হউক। ৩০।

Here the capacity of material language reaches its limit. Whatever lies beyond this point cannot be adequately expressed in words and must be directly perceived through samadhi. (30)

ইতি শ্রীকৃষ্ণসংহিতায়াং কৃষ্ণপ্রাপ্তিবর্ধনং নাম নবমোধ্যায়ঃ।

Thus ends the Ninth Chapter of Sri Krishna-samhita, entitled "The Development of Attainment of Krishna."

শ্রীকৃষ্ণ-সংহিতা
দশম অধ্যায় — কৃষ্ণাপ্তজনচরিত্রবর্ণনং
Chapter Ten
Krishna-prapti-vardhanam

A description of the character
of those who have attained Krishna

Verse 1

যেষাং রাঁগোদিতঃ কৃষ্ণে শ্রদ্ধা বা বিমলোদিতা।
তেষামাচরণং শুদ্ধং সর্বত্র পরিদৃশ্যতে ॥ ১॥

yesam ragoditah krsne sraddha va vimalodita
tesam acaranam suddham sarvatra paridrsyate

Those in whom attachment to Krishna has arisen, or in whom pure faith has awakened, in every one of those it is seen everywhere that they possess pure conduct.

ব্রজভাবগত কৃষ্ণভক্তদিগের আচরণ ব্যাখ্যা করিতেছেন। শ্রীকৃষ্ণে যাহাদের রাগ উদিত হইয়াছে, অথবা পূর্ব্বরাগরূপ শ্রদ্ধার উদয় হইয়াছে, তাহাদের আচরণ সর্বত্র বিশুদ্ধরূপে লক্ষিত হয়। অর্থাৎ তাহাদের আচরণ নির্দোষ। এস্থলে রাগতত্ত্বের স্বরূপ বিচার করা প্রয়োজন। চিত্ত ও বিষয়ের বন্ধনসূত্রের নাম প্রীতি। সেই বন্ধনসূত্রে বিষয়ের যে অংশ অবলম্বন করিয়া থাকে তাহার নাম রঞ্জকতা-ধর্ম। চিত্তের যে অংশ অবলম্বন করিয়া থাকে তাহার নাম রাগ। চিত্ত ও বিষয়ের বিচারটা বিশুদ্ধ আত্মগত রাগ ও অশুদ্ধ মনোগত রাগ উভয়েরই সাধারণ লক্ষণ। রাগ যখন প্রথমে কিয়ৎ পরিমাণে আত্মপরিচয় দেয়, তখন তাহার নাম শ্রদ্ধা। শ্রদ্ধাবান ও অনুরক্ত উভয়বিধ পুরুষের চরিত্র সর্বত্র নির্মল। ১।

The conduct of Krishna devotees situated in Braja-bhava is now being explained. Those in whom attachment to Sri Krishna has arisen, or in whom faith—the preliminary manifestation of attachment—has awakened, are seen everywhere to possess pure conduct. In other words, their behaviour is faultless. Now, it is necessary to consider the nature of raga. The bond between consciousness and its object is called priti. The aspect of that bond which rests in the object is called its attractive quality, while the aspect which rests in consciousness is called raga. This analysis of consciousness and object applies equally to pure attachment arising from the self and impure attachment arising from the mind. When raga first reveals a slight awareness of the self, it is called sraddha. Therefore both the faithful person and the deeply attached person possess purity of character in every respect. (1)

Verse 2

অশুদ্ধাচরণে তেষামশ্রদ্ধা বর্ততে স্বতঃ।
প্রপঞ্চবিষয়াদ্রাগো বৈকুণ্ঠাভিমুখো যতঃ ॥ ২॥

asuddhacarane tesam asraddha vartate svatah
prapancha-visayad rago vaikunthabhimukho yatah

They naturally have no faith in impure conduct, because their attachment has turned away from worldly objects and become directed toward Vaikuntha.

যদি বলেন, ইহার কারণ কি? তবে শ্রবণ করুন। জীবের রাগতত্ত্ব এক। বিষয়রাগ ও ব্রহ্মরাগে ইহার ভিন্নতা নাই, কেবল বিষয়ের ভিন্নতা মাত্র। এ রাগ যখন বৈকুণ্ঠাভিমুখ হয়, তখন প্রপঞ্চবিষয়ে রাগ থাকে না, কেবল আবশ্যকমত প্রপঞ্চ স্বীকার ঘটিয়া থাকে। স্বীকৃত বিষয় সকলও তখন বৈকুণ্ঠভাবাপন্ন হয়, অতএব সমস্ত রাগই অপ্রাকৃত হইয়া পড়ে। রাগাভাব হইলে আসক্তি অবশ্যই খর্ব হয় এবং অশুদ্ধরূপে বিষয় স্বীকারে একপ্রকার অশ্রদ্ধা স্বভাবতঃ লক্ষিত হয়...

If one asks why this is so, the answer is as follows. The principle of attachment within the jiva is one. There is no essential difference between attachment directed toward worldly objects and attachment directed toward Brahman; only the object differs. When that attachment becomes directed toward Vaikuntha, attachment to worldly objects disappears, and the things in the world are accepted only as required. Even those objects that are accepted become imbued with a Vaikuntha-oriented character. Consequently all attachment becomes spiritualised... (2)

Verse 3

অধিকারবিচারেণ গুণদোষৌ বিবিচ্যতে।
ত্যজন্তি সততং বাদান্ শুষ্কতর্কণনাত্মকান্ ॥ ৩ ॥

adhikara-vicarena guna-dosau vivicyate
tyajanti satatam vadan suska-tarkananatmakan

By consideration of eligibility, virtues and faults are distinguished. Therefore the wise always abandon disputes founded upon dry argumentats and sophistry.

পশুস্বভাব হইতে নরস্বভাব এবং সামান্য বৈধ স্বভাব হইতে স্বাধীন রাগাত্মক স্বভাব পর্য্যন্ত অনেক অধিকার লক্ষিত হয়। যাহার অধিকারে যাহা কর্তব্য তাহাই তাহার পক্ষে গুণ এবং যাহার অধিকারে যাহা অকর্তব্য, তাহাই তাহার পক্ষে দোষ। এই বিধি অনুসারে সমস্ত কার্য বিচারিত হইলে স্বতন্ত্ররূপে গুণদোষের সংখ্যা করিবার প্রয়োজন কি? অধিকারবিচারে যাহা এক ব্যক্তির পুণ্য তাহা অন্য ব্যক্তির পাপ। শৃগাল কুক্কুরের পক্ষে চৌর্য্য এবং ছাগের পক্ষে অবৈধ মৈথুন কি পাপ হইতে পারে? মানবের পক্ষে অবশ্য তাহা পাপ বলিয়া গণ্য হয়। বিষয়রাগাক্রান্ত পুরুষের পক্ষে বিবাহিত স্ত্রীসঙ্গ কর্তব্য ও পুণ্যজনক। কিন্তু যাহার সংসাররাগ পূর্ণরূপে পরমেশ্বরে অর্পিত হইয়াছে, তাহার পক্ষে এক পত্নীপ্রেমও নিষিদ্ধাচার; কেননা বহুভাগ্যোদয়ে যে পরম প্রীতির উদয় হইয়াছে, তাহাকে বিষয়প্রীতিরূপে পর্য্যবসান করা অবনতির কার্য বলিতে হইবে। পক্ষান্তরে, অত্যন্ত পশুভাবাপন্ন পুরুষের

পক্ষে এক বিবাহ দূরে থাকুক, বিবাহবিধিদ্বারা স্ত্রীসংসর্গ স্বীকার করাই পুণ্য। অপিচ উপাসনাপথে প্রথম ঈশ্বরসান্মুখ্য হইতে আরম্ভ হইয়া ব্রজভাবের উদয় পর্য্যন্ত, তমোগুণ হইতে সত্ত্বগুণাবধি সগুণ এবং তদনন্তর নির্গুণ– এইরূপ সাধকের স্বভাব, জ্ঞানোন্নতি ও বৈকুণ্ঠপ্রবৃত্তির ক্রম অনুসারে অসংখ্য অধিকার লক্ষিত হয়। এই সকল ভিন্ন ভিন্ন অধিকারে কর্ম ও জ্ঞানের ভিন্ন ভিন্ন রূপ দেখা যায়। এই সমস্ত বিষয়ের উদাহরণপ্রয়োগ দ্বারা গ্রন্থ বৃদ্ধি করার আবশ্যক নাই, যেহেতু বিচারক স্বয়ং এ সকল স্থির করিয়া লইতে পারেন।

পাপ-পুণ্য, ধর্ম-অধর্ম, নিবৃত্তি-প্রবৃত্তি, স্বর্গ-নরক, বিদ্যা ও অজ্ঞান–ইত্যাদি যত প্রকার দ্বন্দ্বভাব আছে, এ সমুদায়ই বিকৃতরাগ পুরুষদিগের বাদমাত্র; বাস্তবিক স্বরূপতঃ ইহারা কেহ দোষ গুণ নয়। সাম্বন্ধিকভাবে ইহাদিগকে গুণদোষ বলিয়া আমরা ব্যাখ্যা করি। স্বতন্ত্রভাবে বিচার করিলে আত্মরাগের বিকারই দোষ এবং আত্মরাগের স্বরূপাবস্থিতিই গুণ। যে কার্য যখন গুণের পোষক হয়, তখন তাহাই গুণ; এবং যে কার্য যখন দোষের পোষক হয়, তখন তাহাই দোষ বলিয়া সারগ্রাহীগণ স্থির করেন। তাহারা অনর্থক শুষ্ক তর্কে এবং পক্ষাশ্রিত বাদে সম্মত হন না। ৩।

From the condition of animal nature up to human nature, and from ordinary rule-governed conduct up to spontaneous attachment-filled devotion to Sri Hari, many different levels of eligibility are observed. Whatever is proper for a person's natural eligibility is a virtue for him, and whatever is improper for that eligibility is a fault. If all actions are judged according to this principle, what need is there for an independent catalogue of virtues and faults? According to eligibility, what is pious for one person may be sinful for another. Can theft be considered a sin for a jackal or dog? Can illicit intercourse be considered sinful for a goat? Yet for a human being such acts are likely to be regarded as sinful. For a person overwhelmed by worldly attachment, intimate association with a lawful wife is a duty and a source of merit. But for someone whose worldly attachment has been wholly offered to the Supreme Lord, even attachment to a wife becomes improper conduct, for to reduce the supreme divine love that has arisen through great fortune into worldly affection must be regarded as a decline.

Conversely, for a person whose consciousness remains almost animal-like, even accepting the restrictions of monogomy through the institution of marriage constitutes a pious step of advancement on the path to Krishna. Furthermore, on the path of worship, beginning with the first turning toward God and extending up to the awakening of Braja-bhava, there are innumerable levels of qualification corresponding to the aspirant's nature, spiritual development, and inclination toward Vaikuntha. These range from tamas to sattva, and thereafter to the transcendental state beyond the gunas. Accordingly, different forms of action and knowledge are appropriate at different stages. There is no need to lengthen the discussion by multiplying examples, for thoughtful people already understand these matters.

Sin and piety, religion and irreligion, renunciation and engagement in activities, heaven and hell, knowledge and ignorance — and all similar dualities — are merely categories employed by those who are forever concerned about troubles caused by attachments. In themselves attachments are not inherently good or bad, we describe them as good and bad only in relation to the results they cause. Considered independently, the distortion of the soul's innate attachment to the Lord is the true fault, the main problem of suffered by every jiva soul. And the soul's establishment in its proper attachment to the Lord is the truly virtuous path one should follow.

Whatever nourishes virtue at a given stage is called virtue, and whatever increases faultiness is called fault. This is the conclusion reached by those who grasp the essence. Therefore they do not engage in pointless arguments or controversies with others. (3)

Verse 4

সম্প্রদায়বিবাদেষু বাহলিঙ্গাদিষু কচিৎ ।
ন দ্বিষন্তি ন সজ্জন্তে প্রয়োজনপরায়ণাঃ ॥ ৪ ॥

sampradaya-vivadesu baha-lingadisu kacit
na dvisanti na sajjante prayojana-parayanah

Those who are devoted to the true goal do not become entangled in sectarian disputes concerning external symbols, customs, or outward appearances.

প্রীতির পুষ্টিই জীবনের একমাত্র উদ্দেশ্য–ইহা জ্ঞাত হইয়া কৃষ্ণভক্তগণ সম্প্রদায়বিবাদে ও বাহ্যলিঙ্গ সকলের প্রতি আসক্ত হন না, অথবা বিদ্বেষও করেন না। যেহেতু তাহারা সামান্য পক্ষপাতকার্যে নিতান্ত উদাসীন। ৪।

Knowing that the nourishment of divine love is life's sole objective, the devotees of Krishna neither become attached to sectarian quarrels nor feel hatred toward external religious marks and distinctions. They remain indifferent to partisan concerns, for their attention is fixed on the ultimate goal. (4)

Verse 5

তৎকর্ম হরিতোষং যৎ সা বিদ্যা তন্মতির্যয়া ।
স্বত্বৈতন্নিয়তং কার্য্যং সাধয়ন্তি মনীষিণঃ ॥ ৫ ॥

tat karma hari-tosam yat sa vidya tan-matir yaya
svatvaitan-niyatam karyam sadhayanti manisinah

That action that satisfies Hari, knowing what that is, that is true knowledge through which the mind becomes fixed upon Him. The wise strive to accomplish this and make it their only duty.

হরিভক্ত পণ্ডিতগণ অবগত আছেন যে, তাহাকেই কর্ম বলা যায় যদ্দ্বারা ভগবান শ্রীকৃষ্ণচন্দ্র তুষ্ট হন এবং তাহাকেই বিদ্যা বলা যায় যাহাদ্বারা কৃষ্ণে মতি হয়। এইটি স্মরণ করিয়া তাহারা সমস্ত প্রয়োজনসাধক কর্ম করেন এবং সমস্ত পরমার্থপোষিকা বিদ্যার অর্জন করেন। তদিতর সমস্ত কর্ম ও জ্ঞানকেই তাহারা বৃথা বলিয়া জানেন। ৫।

Only that activity which gives satisfaction to Sri Krishna deserves to be called proper action, and only the knowledge that leads one toward Him deserves to be called knowledge. Proper knowledge, indeed, is knowledge that seeks attachment to Him. Keeping this principle constantly in mind, the wise engage in every action that serves the true goal and cultivate every form of knowledge that nourishes spiritual life. All other forms of action and knowledge are ultimately regarded as futile. (5)

Verse 6

জীবনে মরণে বাপি বুদ্ধিস্তেষাং ন মুহ্যতি ।
ধীরা নত্রস্বভাবাশ্চ সর্বভূতহিতে রতাঃ ॥ ৬ ॥

jivane marane vapi buddhis tesam na muhyati
dhira natra-svabhavas ca sarva-bhuta-hite ratah

Whether in life or in death, their intelligence is never bewildered. They are steady, noble, and devoted to the welfare of others.

তাহারা স্বভাবতঃ স্থিতপ্রজ্ঞ, নত্রস্বভাব ও সর্বভূতের হিতসাধনে তৎপর। তাহাদের বুদ্ধি এত স্থির যে, জীবনকালে বা জীবনাত্যয়ে নানাবিধ প্রপঞ্চযন্ত্রণা ঘটিলেও পরমার্থতত্ত্ব হইতে বিচলিত হয় না। ৬।

By nature they are steady in wisdom, noble in disposition, and constantly engaged in promoting the welfare of all living beings. Their intelligence is so firmly established that, whether during life or at the time of death, and regardless of whatever worldly sufferings or disturbances may arise, they do not deviate from the truth of the highest spiritual goal. (6)

Verse 7

আত্মা শুদ্ধঃ কেবলস্ত মনোজাড্যোদ্ভবং ধ্রুবং ।
দেহং প্রাপঞ্চিকং শশ্বদেততেষাং নিরূপিতং ॥ ৭ ॥

atma suddhah kevalas tu mano-jadyodbhavam dhruvam
deham prapancikam sasvad etat tesam nirupitam

The soul is pure and independent, whereas the mind certainly arises from material dullness, and the body is always a product of the material world. This is their conclusion.

রাগের প্রাচুর্ভাবে মন ও দেহের স্বরূপ হইতে ভিন্নতাপ্রাপ্তি বশতই হউক অথবা রাগতত্ত্বকে উপলব্ধি করিবার জন্য স্বরূপজ্ঞানালোচনা দ্বারাই হউক, ব্রজভাবগত কৃষ্ণভক্তদিগের একটী সিদ্ধান্ত স্বাভাবিক হইয়া উঠে। সিদ্ধান্ত এই যে, জীবাত্মা স্বভাবতঃ শুদ্ধ ও কেবল, অর্থাৎ মায়িকগুণের কোন অপেক্ষা করেন না। আপাততঃ যাহাকে আমরা মন বলি, তাহার নিজ সত্তা নাই; আত্মার জ্ঞানবৃত্তির প্রপঞ্চসম্বন্ধবিকারমাত্র। আত্মার সিদ্ধবৃত্তি সকল সাম্বন্ধিক অবস্থায় মনোবৃত্তিস্বরূপ লক্ষিত হয়। বৈকুণ্ঠগত আত্মার স্ববৃত্তিদ্বারাই কার্য হয়, তথায় এই মন থাকে না। আত্মার প্রপঞ্চসম্বন্ধে শুদ্ধজ্ঞান সুপ্তপ্রায় হইলে বিকৃত জ্ঞানকেই জ্ঞান বলিয়া স্বীকার করে। এই জ্ঞান মনের কার্য এবং জড়জনিত। ইহাকেই বিষয়জ্ঞান বলা যায়। আমাদের বর্তমান দেহ প্রাপঞ্চিক; ইহার সহিত আত্মার বদ্ধকালাবধি সম্বন্ধ মাত্র।

এই স্থূল ও লিঙ্গদেহের সহিত বিশুদ্ধ আত্মার সংযোগপ্রণালী কেবল পরমেশ্বরই জানেন; মানবগণের জানিবার অধিকার নাই। ৭।

Whether through the intensification of spiritual attachment, by which one experiences oneself as distinct from mind and body, or through philosophical reflection upon the nature of spiritual attachment itself, the devotees situated in Braja-bhava naturally arrive at a definite conclusion. That conclusion is that the jiva-soul is by nature pure and independent, requiring no support from the material qualities.

What we ordinarily call the mind possesses no independent existence. It is merely a transformation of the soul's cognitive faculty arising through its relation with the material world. The perfected functions of the soul, when conditioned by material relations, appear as mental activities. In the liberated state of Vaikuntha, the soul acts through its innate conscious faculties, and there is no separate mind as we presently experience it — no animal urges, no feelings of thirst or hunger, and so forth. When the soul's pure knowledge of transcendence lies dormant, distorted knowledge is accepted as genuine knowledge. This distorted cognition is the activity of the mind and arises from matter. It is this that is called worldly or object-centred knowledge. Similarly, the present body is material, and the soul's relation with it lasts only for the duration of its material bondage. The manner in which the pure soul becomes is with its gross and subtle bodies is understood fully by the Supreme Lord, that knowledge and is beyond the scope of ordinary human understanding. (7)

Verse 8

জীবশ্চিন্ময়ভগবদ্দাসঃ প্রীতিধর্ম্মাত্মকঃ সদা।
প্রাকৃতে বর্তমানোঽয়ং ভক্তিযোগসমন্বিতঃ ॥ ৮ ॥

jivas cinmaya-bhagavad-dasah priti-dharmatmakah sada
prakrte vartamano 'yam bhakti-yoga-samanvitah

The jiva is an eternal, conscious servant of Bhagavan, whose essential nature is love. While dwelling within the material world, the soul can be connected with the Lord through bhakti-yoga.

যে পর্য্যন্ত শ্রীকৃষ্ণের পবিত্র ইচ্ছা বর্তমান থাকে, সে পর্য্যন্ত ভক্তিযোগে ভক্তদিগের শরীরযাত্রা অবশ্য স্বীকার করিতে হইবে। জীব স্বয়ং চিৎ, স্বভাবতঃ ভগবদ্দাস, এবং প্রীতিই তাহার একমাত্র ধর্ম। আদৌ হৃদয়নিষ্ঠানুসারে জীবের পতনকালে কৃষ্ণেচ্ছাক্রমে এই অনির্দেশ্য বন্ধনব্যাপার সিদ্ধ হওয়ায় মঙ্গলাকাঙ্ক্ষী জীবের পক্ষে ভক্তিযোগই একমাত্র শ্রেয়ঃ। ভক্তিযোগ দ্বারা ভগবৎকৃপাৰ উদয় হইলে, অনায়াসে চিজ্জড়ের সংযোগ দূর হইবে। নিজচেষ্টায় অর্থাৎ দেহপাত বা কর্মত্যাগরূপ নিশ্চেষ্টতা অথবা ভগবদ্বিদ্রোহতাসহকারে ইহা কখনই সিদ্ধ হইবে না। সমাধি দ্বারা এই পরমসত্য প্রাপ্ত হওয়া গিয়াছে। কর্মজ্ঞানাত্মক মানবজীবন যখন ভক্তির অনুগত হয়, তখনই ভক্তিযোগের উদয় হয়। ৮।

So long as Sri Krishna's divine will continues, devotees must necessarily maintain their bodily existence through the practice of bhakti-yoga. The jiva is inherently conscious, naturally a servant of Bhagavan, and love is its sole essential function. At some beginningless stage of conditioned existence, by the will of Krishna and according to the soul's orientation, this inconceivable condition of bondage came about. Yet for the soul that seeks its highest welfare bhakti-yoga alone is the proper path to take. When the grace of Bhagavan manifests through providing for souls to engage in bhakti-yoga, the connection between spirit and matter is effortlessly dissolved. This liberation can never be achieved through an independent effort, whether by destroying the body, abandoning action, cultivating inactivity, or opposing the Lord. True conclusions about the Lord are known through samadhi. Human life, composed of action and knowledge, becomes true bhakti-yoga only when action and knowledge are subordinated to devotion. (8)

Verse 9

জ্ঞাত্বৈতৎ ব্রজভাবাঢ্যাঃ বৈকুণ্ঠস্থাঃ সদাত্মনি ।
ভজন্তি সর্ব্বদা কৃষ্ণং সচ্চিদানন্দবিগ্রহং ॥ ৯ ॥

jnatvaitat braja-bhavadhyah vaikuntha-sthah sadatmani
bhajanti sarvada krsnam sac-cid-ananda-vigraham

Knowing these truths, those endowed with Braja-bhava, situated in Vaikuntha within the self, constantly worship Krishna, whose form is eternal being, consciousness, and bliss.

ইহা অবগত হইয়া, ব্রজভাবাঢ্য পুরুষগণ বৈকুণ্ঠস্থ হইয়া সমাধিযোগে সচ্চিদানন্দবিগ্রহ শ্রীকৃষ্ণের উপাসনা করেন। ৯।

Having understood these truths, those enriched with Braja-bhava become established in Vaikuntha-consciousness and, through samadhi, worship Sri Krishna, the embodiment of eternal existence, consciousness, and bliss. (9)

Verse 10

চিৎসত্ত্বে প্রেমবাহুল্যাল্লিঙ্গদেহে মনোময়ে ।
মিশ্রভাবগতা সা তু প্রীতিরুৎপ্লাবিতা সতী ॥ ১০ ॥

cit-sattve prema-bahulyal linga-dehe mano-maye
misra-bhava-gata sa tu pritir utplavita sati

When love becomes abundant within the conscious self, that love overflows into the mental subtle body and assumes a mixed state.

আত্মার চিৎসত্তায় যখন প্রেমের বাহুল্য হইয়া উঠে, তখন মনোময় লিঙ্গদেহে পবিত্র প্রীতি উচ্ছলিতা হইয়া মিশ্রভাবগত হয়। এ অবস্থায় মনন, স্মরণ, ধ্যান, ধারণা ও ভূতশুদ্ধির চিন্তা ইত্যাদি মানসপূজার নানাবিধ ভাবের উদয় হয়। মানসপূজাকার্যে মিশ্রভাব আছে বলিয়া তাহা পরিত্যাজ্য নয়; যেহেতু লিঙ্গভঙ্গ পর্যন্ত উহা নিসর্গসিদ্ধ থাকে। জড় হইতে আদৌ যে সকল মানসক্রিয়া সংগৃহীত হইয়া থাকে, এ সকলই প্রপঞ্চজনিত পৌত্তলিকভাব;

কিন্তু সমাধিগত আত্মচেষ্টা হইতে যে সকল ভাব উচ্ছলিত হইয়া মানসযন্ত্রে ও ক্রমশঃ দেহে ব্যাপ্ত হয়, সে সকল চিৎপ্রতিফলনস্বরূপ সত্যগর্ভ। ১০।

When love becomes abundant within the conscious awareness of the soul, that love overflows into the subtle mental body and appears in a mixed condition. At that stage various forms of mental worship of God occur, including contemplation, remembrance, meditation, concentration, and reflections associated with inner purification.

Because these practices contain a mix of mental activity, they are not to be rejected. So long as the subtle body remains, they arise naturally. The mental functions that originate from material impressions are products of worldly conditioning and may be described as symbolic or representational forms of worship. However, the emotions and devotional movements that arise from the soul's experience in samadhi and then flow into the mind and body are reflections of a deeper spiritual reality and therefore contain genuine transcendental substance. (10)

Verse 11

প্রীতিকার্য্যমতোবদ্ধে মনোময়মিতীক্ষিতং ।
পুনস্তদ্ব্যাপিতং দেহে প্রত্যগ্ভাবসমন্বিতং ॥ ১১ ॥

priti-karyam ato baddhe mano-mayam itiksitam
punas tad vyapitam dehe pratyag-bhava-samanvitam

Therefore, in the conditioned state, the activities of love are observed as mental functions. Later they spread into the body, fully endowed with inward-directed spiritual consciousness.

অতএব বদ্ধজীবে প্রীতির কার্য সকল মানসিক কার্য বলিয়া লক্ষিত হয়; এ সকল মানসগত চিৎপ্রতিফলন পুনরায় অধিকতর উচ্ছলিত হইয়া দেহগত হয়। জিহ্বাগ্রে আসিয়া চিৎপ্রতিফলিত ভগবন্নামগুণাদি কীর্তন করে। কর্ণসন্নিকটস্থ হইয়া ভগবন্নামগুণাদি শ্রবণস্বরূপ প্রাপ্ত হয়। চক্ষুগত হইয়া জড়জগতে প্রেমময় সচ্চিদানন্দ প্রতিফলিত ভগবন্মূর্তি দর্শন করে। আত্মগত শুদ্ধসাত্ত্বিক ভাব সকল দেহে উচ্ছলিত হইয়া পুলক, অশ্রু, স্বেদ, কম্প, নৃত্য, দণ্ডবৎ-নতি, লুঠন, প্রেমালিঙ্গন, ভগবত্তীর্থপর্যটন প্রভৃতি কার্য সকল উদ্দিত করে। আত্মগত ভাব সকল আত্মাতেই সক্রিয়রূপে অবস্থান করিতে পারিত, কিন্তু আত্মার স্বরূপাবস্থান সম্বন্ধে ভগবৎকৃপাই প্রাকৃত জগতে চিদ্ভাবের উচ্ছলনকার্যে প্রধান উদ্যোগী। বিষয়রাগকে ভগবদ্রাগরূপে উন্নত করিবার আশয়ে প্রবৃত্তির পরাগ্গতি পরিত্যাগ ও প্রত্যগ্গতি সাধনের জন্য ভগবদ্ভাব সকল বিষয়ে বিমিশ্রিত হইয়াছে।

মনোযন্ত্রের দ্বারা ইন্দ্রিয়দ্বার অতিক্রম করিয়া আত্মা যে বিষয়াভিমুখে ধাবমান হন তাহার নাম আত্মার পরাগ্গতি। এই প্রবৃত্তির পুনরায় স্বধামে ফিরিয়া যাইবার নাম প্রত্যগ্গতি। সুখাদিলালসার প্রত্যগ্গমন সাধনার্থে মহাপ্রসাদসেবন ব্যবস্থাপিত হইয়াছে। শ্রীমূর্তি ও তীর্থাদি দর্শন দ্বারা দর্শনবৃত্তির প্রত্যগ্গমন সাধিত হয়। হরিলীলা ও ভক্তিসূচক গীতাদি শ্রবণ দ্বারা শ্রবণপ্রবৃত্তির প্রত্যগ্গতি সম্ভব। ভগবদর্পিত তুলসী, চন্দনাদি সুগন্ধ গ্রহণ দ্বারা গন্ধপ্রবৃত্তির বৈকুণ্ঠগতি সনকাদির চরিত্রে সিদ্ধ হইয়াছে। বৈষ্ণব-

সংসার-সমৃদ্ধিমূলক বিবাহিত ভগবৎপর পত্নী-পতি-সঙ্গম দ্বারা স্ত্রী বা পক্ষান্তরে পুরুষসংযোগপ্রবৃত্তির প্রত্যগ্গতি মনু, জনক, জয়দেব, পিপাজি প্রভৃতি বৈষ্ণবচরিত্রে লক্ষিত হয়। উৎসবপ্রবৃত্তির প্রত্যগ্গতি সাধনের জন্য হরিলীলোৎসবাদির অনুষ্ঠান দৃষ্ট হয়। এই সকল প্রত্যগ্ভাবান্বিত নরচরিত্র সর্বত্র সারগ্রাহীদিগের পবিত্র জীবনে লক্ষিত হয়। ১১।

Therefore, in conditioned souls, the operations of divine love are first perceived as activities of the mind. These reflections of spiritual consciousness within the mind later overflow more fully and manifest through the body. Reaching the tongue, they express themselves as the chanting of the Lord's names and qualities. Reaching the ears, they become the hearing of those names and qualities. Reaching the eyes, they behold within this world the form of the Lord, in whom eternal existence, consciousness, and bliss are reflected through divine love.

The pure sattvika emotions residing within the soul overflow into the body and produce ecstatic symptoms such as horripilation, tears, perspiration, trembling, dancing, prostration, rolling upon the ground, loving embraces, and pilgrimage to the holy places of the Lord.

These spiritual emotions could remain active solely within the soul, yet the grace of Bhagavan is the principal cause by which they overflow into the material sphere. In order to elevate worldly attachment into attachment for Bhagavan, and to redirect the soul from outward movement toward inward return, divine sentiments have been connected with all aspects of life. When the soul, through the instrument of the mind and senses, rushes outward toward objects, this is called outward movement (parag-gati). When that tendency is turned back toward its own spiritual abode, it is called inward movement (pratyag-gati). The honoring of maha-prasada is intended to redirect the tendency toward sensual enjoyment. The sight of the Deity and holy places redirects the faculty of vision. Hearing the Lord's pastimes and devotional songs redirects the faculty of hearing. The acceptance of tulasi, sandalwood, and other substances offered to Bhagavan redirects the faculty of smell toward Vaikuntha. The redirection of attraction between men and women through God-centred married life is seen in the examples of Manu, Janaka, Jayadeva, Pipaji, and other Vaishnavas. Likewise, devotional festivals such as celebrations of Hari's pastimes redirect the human impulse for festivity toward spiritual ends. Such lives, characterized by this inward redirection of all faculties, are seen among the spiritually discerning devotees. (11)

Verse 12

সারগ্রাহী ভজন্ কৃষ্ণং যোষিদ্ভাবাশ্রিতেঽস্মিনি।
বীরবৎ কুরুতে বাহ্যে শারীরং কর্ম নিত্যশঃ ॥ ১২ ॥

saragrahi bhajan krsnam yoshid-bhavashrite 'smini
viravat kurute bahye sariram karma nityasah

The spiritually discerning devotee worships Krishna while internally situated in the mood of a woman, yet externally performs bodily duties with the strength and firmness of a hero.

তবে কি সারগ্রাহী মহোদয়গণ কেবল চিৎপর হইয়া জড়কার্য সকলকে অশ্রদ্ধা করেন? তাহা নয়। আত্মায় যোষিদ্ভাব প্রাপ্ত হইয়া সারগ্রাহী মহোদয়গণ কৃষ্ণভজন করেন, তথাপি সর্বদাই বাহ্যদেহে শারীর কর্ম সকল বীরভাবে নির্বাহ করিয়া থাকেন। আহার, বিহার, ব্যায়াম, শিল্পকার্য, বায়ুসেবন, নিদ্রা, যানারোহণ, শরীররক্ষা, সমাজরক্ষা, দেশভ্রমণ প্রভৃতি সমস্ত কার্যই তাহাদের চরিত্রে যথাযোগ্য সময়ে লক্ষিত হয়। ১২।

Does this mean spiritually mature devotees, being absorbed in transcendence, neglect all worldly duties? Certainly not. Although they worship Krishna internally in the mood of a devoted heroine, externally they engage in their responsibilities with courage and determination. Eating, recreation, exercise, practicing a craft, enjoying fresh air, sleeping, travelling, protecting the body, preserving society, and journeying through different lands are all properly observed in their lives whenever such actions are appropriate. (12)

Verse 13

পুরুষেষু মহাবীরঃ যোষিত্সু পুরুষস্তথা।
সমাজেষু মহাভিজ্ঞো বালকেষু সুশিক্ষকঃ ॥ ১৩ ॥

purusesu maha-virah yoshitsu purusas tatha
samajesu maha-vijno balakesu su-siksakah

Amongst men the Vaishnava is a great hero; among women, an exemplary person; within society, highly knowledgeable; and among children, an excellent teacher.

সারগ্রাহী বৈষ্ণব পুরুষদিগের মধ্যে বীরভাবে অবস্থান ও কার্য করেন। স্ত্রীজাতির আশ্রয়পুরুষ হইয়া যোষিদ্বর্গের নিকট পূজনীয় হন। সমাজসকলের মধ্যে অবস্থান করিয়া সামাজিক কার্যসমুদায়ে বিশেষ অভিজ্ঞতা লাভ করেন। বালক-বালিকাগণকে অর্থবিদ্যা শিক্ষা দিয়া প্রধান শিক্ষকমধ্যে পরিগণিত হন। ১৩।

The spiritually discerning Vaishnava conducts himself heroically among men. He becomes a worthy protector of women, and is therefore worthy of respect. Living within society, he becomes highly experienced in social affairs. By instructing boys and girls in practical and useful knowledge, he comes to be regarded as an outstanding teacher. (13)

Verse 14

অর্থশাস্ত্রবিদাং শ্রেষ্ঠঃ পরমার্থপ্রয়োজকঃ।
শান্তিসংস্থাপকো যুদ্ধে পাপিনাং চিত্তশোধকঃ ॥ ১৪ ॥

artha-sastra-vidam sresthah paramartha-prayojakah
santi-samsthapako yuddhe papinam citta-sodhakah

He is foremost among those who are learned in practical sciences, because he utilizes them for the supreme goal. Even in warfare he establishes peace, and he purifies the hearts of sinners.

শারীরিক ও মানসিক যত প্রকার বিজ্ঞানশাস্ত্র আছে এবং শিল্পশাস্ত্র, ভাষাবিজ্ঞান, ব্যাকরণ, অলঙ্কারাদি শাস্ত্র প্রভৃতি সকলই অর্থশাস্ত্র। এ সকল শাস্ত্রদ্বারা কোন না কোন শারীরিক, মানসিক, সাংসারিক বা সামাজিক উপকার উৎপন্ন হয়; এ উপকারের নাম অর্থ। ... সারগ্রাহী বৈষ্ণবগণ অর্থশাস্ত্রের যথোচিত আদর করত তাহার সম্যক আলোচনা করিতে কখনই বিরত হন না। এ সমস্ত অর্থশাস্ত্রের চরমগতিরূপ পরমার্থ অনুসন্ধান করত তিনি সকল অর্থবিৎ পণ্ডিতের মধ্যে বিশিষ্টরূপে পূজিত হন। পরমার্থনির্ণয়ে অর্থবিৎ পণ্ডিতগণ তাহার সহকারিত্বে পরিশ্রম করিতেছেন।

যুদ্ধক্ষেত্রে শান্তিসংস্থাপকরূপে সারগ্রাহী বৈষ্ণব বিরাজ করেন। নানাবিধ পাপীদিগকে ঘৃণা করিয়া তিনি পরিত্যাগ করেন না। কখন গোপনীয় উপদেশ, কখন প্রকাশ্য বক্তৃতা, কখন বন্ধুভাবে, কখন বিরোধভাবে, কখন স্বীয় চরিত্র দেখাইয়া, কখন বা পাপের দণ্ডবিধান করিয়া সারগ্রাহী বৈষ্ণবগণ পাপীদিগের চিত্তশোধনে বিশেষ তৎপর থাকেন। ১৪।

All sciences relating to physical life, mental development, arts, language, grammar, rhetoric, and similar subjects are classified as artha-sastra, for each produces some form of practical benefit. The spiritually discerning Vaishnava never neglects such fields of knowledge but studies and appreciates them properly.

Yet he seeks their ultimate fulfilment in paramartha, the supreme spiritual goal. Because he reveals the highest purpose underlying all practical knowledge, he is honoured even among learned scholars. Those devoted to worldly sciences often rely upon his assistance when seeking conclusive philosophical answers.

Even amidst conflict he works to establish peace. He does not despise sinners and cast them aside. Through private counsel, public teaching, friendship, opposition, personal example, or even corrective discipline when necessary, he labours for the purification of their hearts. (14)

Verse 15

বাহুল্যাৎ প্রেমসম্পত্তেঃ স কদাচিজ্জনপ্রিয়ঃ ।
অন্তরঙ্গং ভজত্যেব রহস্যং রহসি স্থিতঃ ॥ ১৫ ॥

bahulyat prema-sampatteh sa kadacid jana-priyah
antarangam bhajaty eva rahasyam rahasi sthitah

Because of the abundance of his treasure of love, he is dear to all people; yet at times he withdraws into solitude and engages in confidential inner worship.

সারগ্রাহী বৈষ্ণবদিগের চরিত্র সর্বদাই অদ্ভুত, কেননা পূর্বোক্ত প্রবৃত্তিকার্য যেমত তাহাদের আচরণে দৃষ্ট হয়, তদ্রূপ কখন প্রেমসম্পত্তির অতি বাহুল্যবশতঃ নিবৃত্তিলক্ষণও দেখা যায়। সর্বজনপ্রিয় সারগ্রাহী বৈষ্ণব নির্জনস্থ হইয়া কখন কখন অন্তরঙ্গ পরম রহস্য ভজন করেন। ১৫।

The character of the spiritually discerning Vaishnava is remarkable. Although the various active engagements previously described are clearly visible in his conduct, at times, because of an overwhelming abundance of divine love, signs of withdrawal from external activity also appear.

Beloved by all, he occasionally retires to solitude and there engages in intimate and deeply confidential worship of the Lord. (15)

Verse 16

কদাহং শ্রীব্রজারণ্যে যমুনাতটমাশ্রিতঃ ।
ভজামি সচ্চিদানন্দং সারগ্রাহিজনান্বিতঃ ॥ ১৬ ॥

kadaham sri-vrajaranye yamuna-tatam asritah
bhajami sac-cid-anandam sara-grahi-jananvitah

When shall I, residing in the forests of sacred Braja upon the banks of the Yamuna, together with spiritually discerning devotees, worship the Supreme Lord, who is eternal existence, consciousness, and bliss?

ব্রজমাহাত্ম্য বর্ণন করিতে অত্যন্ত বলবতী প্রেমলালসার উদয় হওয়ায় লেখক কহিতেছেন যে, আমার সে সৌভাগ্য কোন্ দিবস হইবে যখন যমুনাতটস্থ শ্রীবৃন্দাবনে সারগ্রাহী বৈষ্ণবজনের সঙ্গে সচ্চিদানন্দ পরমেশ্বরের ভজন করিব। ১৬।

While describing the glories of Braja, the author becomes overwhelmed with intense longing born of divine love and exclaims: "When shall that blessed day come when I shall reside in Sri Vrindavana upon the banks of the Yamuna and, in the association of spiritually discerning Vaishnavas, worship the Supreme Lord, whose form is eternal existence, consciousness, and bliss?" (16)

Verse 17

সারগ্রাহী বৈষ্ণবানাং পদাশ্রয়ঃ সদাস্তু মে ।
যৎকৃপালেশমাত্রেণ সারগ্রাহী ভবেন্নরঃ ॥ ১৭ ॥

sara-grahi vaisnavanam padasrayah sadastu me
yat-krpa-lesa-matrena sara-grahi bhaven narah

May I always remain sheltered at the feet of the spiritually discerning Vaishnavas, for by even a slight trace of their mercy a person becomes spiritually discerning.

যে সারগ্রাহী বৈষ্ণবের কৃপামাত্রে কর্মজড় ও জ্ঞানদগ্ধ পুরুষেরাও সারগ্রাহী বৈষ্ণবতা লাভ করেন, সেই ভবারণবের কর্ণধারস্বরূপ সারগ্রাহী বৈষ্ণবজনের পদাশ্রয় আমার নিত্যকর্ম হউক। ১৭।

By even the slightest mercy of such spiritually discerning Vaishnavas, persons bound by fruitive action or dried up by speculative knowledge attain true spiritual discernment. Therefore, may taking shelter of the feet of these Vaishnavas—who serve as expert helmsmen across the ocean of material existence—be my eternal occupation. (17)

Verse 18

বৈষ্ণবাঃ কোমলশ্রদ্ধা মধ্যমাশ্চোত্তমাস্তথা।
গ্রন্থমেতৎ সমাসাদ্য মোদন্তাং কৃষ্ণপ্রীতয়ে ॥ ১৮ ॥

vaisnavah komala-sraddha madhyamas cottamas tatha
grantham etat samasadya modantam krsna-pritaye

May the Vaishnavas—whether possessing tender faith, belonging to the intermediate stage, or established in the highest stage—study this book and rejoice for the sake of increasing their love for Krishna.

বৈষ্ণব ত্রিবিধ অর্থাৎ কোমলশ্রদ্ধ, মধ্যমাধিকারী ও উত্তমাধিকারী। কর্মকাণ্ড ও তদন্ত ফলকে নিত্যজ্ঞান করিয়া পরমার্থবিরত পুরুষেরা কর্মজড়। কেবল যুক্তিযোগে নির্বিশেষব্রহ্মনির্বাণসংস্থাপক পুরুষেরা নিত্যবিশেষজ্ঞানাভাবে জ্ঞানদগ্ধ অর্থাৎ নিতান্ত শুষ্ক ও নীরস। আত্মার চরমাবস্থায় নিত্যবিশেষগত বৈচিত্র্য স্বীকারপূর্বক যাহারা আত্মা হইতে নিত্যভিন্ন, সর্বানন্দধাম, পরম ও পরমমাধুর্যসম্পন্ন করুণাময় ভগবানের উপাসনাকে জীবের নিত্যধর্ম বলিয়া নিশ্চয় করিয়াছেন, তাহারা ভক্ত বা বৈষ্ণব। কর্মজড় ও জ্ঞানদগ্ধ পুরুষেরা সৌভাগ্যক্রমে ও সাধুসঙ্গপ্রভাবে বৈষ্ণবপদবী প্রাপ্ত হইয়া শুদ্ধ নরস্বভাবে অবস্থিতি করেন। কোমলশ্রদ্ধ ও মধ্যমাধিকারী বৈষ্ণবগণের যে মল লক্ষিত হয়, তাহা প্রবলরূপে কর্মজড় ও জ্ঞানদগ্ধ পুরুষে লক্ষিত হয়। বস্তুতঃ কর্মজড় ও জ্ঞানদগ্ধ পুরুষদিগের বৈষ্ণবপদবী প্রাপ্তি হইলেও পূর্বাবস্থা হইতে জড়তা ও কুতর্কের যে অবশিষ্টাংশ অভ্যাসক্রমে থাকে, তাহাই কোমলশ্রদ্ধ ও মধ্যমাধিকারী বৈষ্ণবদিগের হেয়াংশ। যাহা হউক, এ হেয়াংশ কেবল অজ্ঞান ও কুসংস্কারের ফল–ইহাতে সন্দেহ নাই। ত্রিবিধ বৈষ্ণবের মধ্যে উত্তমাধিকারী পুরুষের কুসংস্কার ও জড়তা থাকে না। অনেক বিষয় সম্বন্ধে জ্ঞানাভাব থাকিতে পারে, কিন্তু সারগ্রাহী প্রবৃত্তি প্রবলরূপে সমস্ত কুসংস্কারকে একেবারে দূর করে। মধ্যমাধিকারী বৈষ্ণব ভারবাহী হইতে ইচ্ছা করেন না, কিন্তু সারগ্রাহী প্রবৃত্তি সম্পূর্ণ বলবতী না হওয়ায় তাহাদের হৃদয়ে পূর্বকুসংস্কারজনিত কিছু কিছু সংশয় থাকে। ইহারা চিদগত বিশেষতত্ত্ব ও সহজ সমাধি স্বীকার করিয়াও যুক্তির মুখাপেক্ষায় বৈকুণ্ঠতত্ত্বকে সম্যকরূপে দর্শন করিতে পারেন না। কোমলশ্রদ্ধ পুরুষেরা বৈষ্ণবপদবী প্রাপ্ত হইয়াও কুসংস্কারের নিতান্ত বশবর্তী থাকেন। ইহারা কর্মসঙ্গী ও বৈধশাসনের অধীন। যদিও ইহাদের এই গ্রন্থে সাক্ষাৎ অধিকার নাই, তথাপি উত্তমাধিকারীর সাহায্যে ইহার আলোচনা করিয়া উত্তমাধিকার লাভ করিবেন। অতএব ত্রিবিধ বৈষ্ণবেরাই শ্রীকৃষ্ণপ্রীতি সংবর্ধনার্থ এই শাস্ত্রালোচনায় পরমানন্দ লাভ করুন। ১৮।

Vaishnavas are of three kinds: those possessing tender faith (komala-sraddha), those situated on the intermediate platform (madhyama-adhikari), and those established on the highest platform (uttama-adhikari).

Persons absorbed in ritualistic action and its rewards are called karma-jada, while those absorbed in impersonal speculation are called jnana-dagdha, their spiritual life having become dry through an absence of appreciation for eternal spiritual variety. Those who accept the eternal spiritual distinctions of the soul's perfected state and worship the supremely beautiful, compassionate Lord as the soul's eternal object of service are true devotees, or Vaishnavas.

By good fortune and saintly association, persons formerly bound by karma or by dried up speculative knowledge may attain the status of Vaishnavas. The impurities seen in devotees of tender faith or intermediate qualification are largely remnants of previous habits, material conditioning, and argumentative tendencies. Such defects arise from ignorance and inherited misconceptions.

The uttama-adhikari is free from conditioning. Although he may not possess detailed knowledge of every subject, his spiritually discerning nature destroys all prejudice and misconception. The madhyama-adhikari has overcome the burden-bearing mentality but still retains certain doubts arising from past conditioning. Even though he accepts spiritual individuality and the reality of direct spiritual perception, he cannot yet fully perceive Vaikuntha independently of logical support. Those of tender faith remain strongly influenced by previous conditioning and therefore remain dependent upon scriptural regulation. Although they are not the primary audience of this work, by studying it under the guidance of advanced devotees they may gradually attain higher qualification. Therefore, may all three classes of Vaishnavas derive great joy from studying this work for the purpose of increasing their love for Sri Krishna. (18)

Verse 19

পরমার্থবিচারেঽস্মিন্ বাহ্যদোষবিচারতঃ ।
ন কদাচিদ্ধতশ্রদ্ধঃ সারগ্রাহিজনো ভবেত্ ॥ ১৯ ॥

paramartha-vicare 'smin bahya-dosa-vicaratah
na kadacid hata-sraddhah sara-grahi-jano bhavet

When examining the truths of the highest spiritual reality presented herein, a spiritually discerning person should never lose faith by dwelling upon external faults.

এই গ্রন্থে পরমার্থ বিচার হইয়াছে; ইহার ব্যাকরণ, অলঙ্কারাদি সম্বন্ধে দোষসমুদায় গ্রাহ্য নয়। তাহা লইয়া সারগ্রাহীজনেরা বৃথালোচনা করেন না। এই গ্রন্থ আলোচনা সময়ে যাহারা এ বাহ্যদোষ সকলকে বিশেষরূপে সমালোচনা করিয়া পরমার্থসারসংগ্রহরূপ এই গ্রন্থের প্রধান উদ্দেশ্যের ব্যাঘাত করিবেন, তাহারা ইহার অধিকারী নহেন। বালবিদ্যাগত তর্কসমুদয় গম্ভীর বিষয়ে নিতান্ত হেয়। ১৯।

This work is concerned with the investigation of the highest spiritual truth. Therefore, any imperfections relating to grammar, rhetoric, literary ornamentation, or similar external matters should not become the focus of attention. Spiritually discerning readers do not waste their time in such criticism. Those who become preoccupied with external defects and thereby obstruct the principal purpose of the work—the extraction of its essential spiritual conclusions—demonstrate that they are not qualified to approach it properly. Pedantic arguments and scholastic quibbling are of little value when dealing with profound spiritual concerns. (19)

Verse 20

অষ্টাদশশতে শাকে ভদ্রকে দত্তবংশজঃ।
কেদারোরচয়চ্ছাস্ত্রমিদং সাধুজনপ্রিয়ং ॥ ২০ ॥

astadasa-sate sake bhadrake datta-vamsajah
kedaro racayac chastram idam sadhu-jana-priyam

In the eighteenth century of the Saka era, at Bhadraka, Kedar, a descendant of the Datta family, composed this scripture, which is dear to saintly persons.

অষ্টাদশ শত শকাব্দে উড়িষ্যাদেশমধ্যবর্তা ভদ্রকনগরে কার্যগতিকে অবস্থিতিকালে কলিকাতার হাটখোলাস্থ দত্তবংশীয় কেদারনাথ এই সাধুজনপ্রিয় শাস্ত্র রচনা করিলেন। ২০।

In the eighteenth century of the Saka era, while residing at Bhadraka in Orissa on official business, Kedarnath Datta of the Datta family of Hatkhola, Calcutta, composed this scripture, which is cherished by saintly persons. (20)

ইতি শ্রীকৃষ্ণসংহিতায়াং কৃষ্ণাপ্তজনচরিত্রবর্ণনং নাম
দশমোহধ্যায়ঃ ॥

iti sri-krsna-samhitayam krsnapta-jana-caritra-varnanam nama

dasamodhyayah

Thus ends the Tenth Chapter of Sri Krishna-samhita, entitled "A Description of the Character of Those Who Have Attained Krishna."

ইতি শ্রীকৃষ্ণসংহিতায় কৃষ্ণপ্রাপ্তজনচরিত্রবর্ণন নামক দশম অধ্যায় সমাপ্ত হইল।

Thus concludes the Tenth Chapter of Sri Krishna-samhita, entitled "The Description of the Character of Persons Who Have Attained Krishna."

উপসংহার

Conclusion

ওঁ হরিঃ। হরি হরিঃ। ওঁ।

Om. Harih. Harih. Harih. Om.

শ্রীকৃষ্ণসংহিতার মূল তাৎপর্য এবং এই গ্রন্থ-প্রণয়নের আবশ্যকতা উপক্রমণিকায় প্রদর্শিত হইয়াছে। সংহিতার মধ্যে স্থানে স্থানে শ্লোকানুক্রমে সকল তত্ত্বই বিচারিত হইয়াছে; কিন্তু আধুনিক পণ্ডিতগণ যে প্রণালীতে তত্ত্ববিচার করিয়া থাকেন, এই গ্রন্থে সে প্রণালী অবলম্বিত হয় নাই। অতএব অনেকেই শ্রীকৃষ্ণসংহিতাকে প্রাচীনপ্রিয় গ্রন্থ বলিয়া পরিত্যাগ করিবেন—এরূপ আশঙ্কা হয়।

The essential purpose of the Sri Krishna Samhita, together with the necessity for composing this work, has already been explained in the Introduction. Throughout the Samhita, every philosophical truth has been examined systematically, verse by verse. Nevertheless, the method adopted in this book does not follow the manner in which modern scholars ordinarily investigate philosophical subjects. For this reason, I fear that many readers may dismiss the Sri Krishna Samhita as a work written merely for those who delight in antiquity.

আমার পক্ষে উভয় সংকট। যদি আধুনিক পদ্ধতি অবলম্বন করিয়া শ্লোকগুলি রচনা করিতাম, তাহা হইলে পুরাতন পণ্ডিতেরা অনাদর করিতেন, সন্দেহ নাই। এজন্য মূল গ্রন্থখানি পুরাতন প্রণালীমতে রচনা করিয়া, উপক্রমণিকা ও উপসংহার আধুনিক পদ্ধতিমতে প্রণয়ন করতঃ উভয় শ্রেণীর লোকের সন্তোষ উৎপাদন করিতে কৃতসংকল্প হইয়াছি। এজন্য পৌনরুক্তিদোষ অনেক স্থলে স্বীকার করিতে বাধ্য হইলাম। এই উপসংহারে সংক্ষেপতঃ সমুদয় তত্ত্ব বিচার করিতেছি।

সারগ্রাহী বৈষ্ণবধর্মই আত্মার নিত্যধর্ম। কোন ব্যক্তি বা সম্প্রদায় কর্তৃক ইহা নির্মিত হয় নাই। কালক্রমে এই নিত্যধর্মের নির্মলতা অধিকতর বোধ হইতেছে—ইহাতে সন্দেহ কি? এ নির্মলতার উন্নতি বিষয়নিষ্ঠ নহে, কিন্তু বিচারনিষ্ঠ। সূর্য সর্বদা সমভাবাপন্ন; কিন্তু দর্শকদিগের অবস্থাক্রমে মধ্যাহ্নকালে সূর্যকে অধিক উত্তাপদায়ক বলিয়া বোধ হয়। তদ্রূপ নির্মল নিত্যধর্ম মানবগণের উন্নত অবস্থায় অধিকতর উন্নত বলিয়া বোধ হয়; বাস্তবিক নিত্যধর্ম সর্বকালে সমান অবস্থায় থাকে। সেই নির্মল নিত্যধর্মের তত্ত্ববিচার করিতে প্রবৃত্ত হইলাম।

সারগ্রাহী-চূড়ামণি শ্রীচৈতন্যপ্রভু কহিয়াছেন যে—"সম্প্রতি মানবৃন্দ বদ্ধভাবাপন্ন হওয়ায় নিত্যধর্মকে সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন—এই তিনটি ভিন্ন ভিন্ন বিষয়ক্রমে বিচার করিতে বাধ্য আছেন।" প্রভুর উপদেশক্রমে আমরা সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজন—এই তিনটি বিষয়ের পৃথক পৃথক আলোচনা করিব।

I find myself in a difficult position. Had I composed the verses according to the modern method, the scholars of the old school would undoubtedly have regarded the work with indifference. Therefore, I resolved to compose the main body of the book in the traditional manner, while preparing the Introduction and the Conclusion according to the modern method, in the hope of satisfying both classes of readers. For this reason I have been obliged, in many places,

to tolerate the fault of repetition. In this Conclusion, I shall present a concise review of the entire body of philosophical truth.

The comprehensive religion of the Vaishnavas alone is the soul's eternal religion. It has not been devised by any individual or sect. As time advances, the purity of this eternal religion becomes more clearly perceived—of this there can be no doubt. Yet this increasing clarity does not arise because the religion itself undergoes any objective improvement, but because our understanding of it becomes more refined. The sun remains ever the same, yet according to the observer's position it appears to impart greater heat at midday. In the same manner, the pure eternal religion appears more fully developed as humanity advances, although in reality that eternal religion remains unchanged in every age. It is the truths of this pure eternal religion that I shall now endeavour to examine.

Sri Chaitanya Prabhu, the crest jewel of all who seek the essential truth, has declared: "Because mankind is now situated in a conditioned state, it is necessary to examine the eternal religion under three distinct headings: sambandha, abhidheya, and prayojana." Following His instruction, we shall therefore consider these three subjects separately: sambandha, abhidheya, and prayojana.

প্রথমে সম্বন্ধবিচার।

বিচারক স্বীয় আত্মাকে আদৌ লক্ষ্য করিয়া দেখিবেন। স্বীয় আত্মার অস্তিত্ব হইতে বিষয় ও বস্তুতত্ত্বের অস্তিত্ব সিদ্ধ হয়। বিচারক বলিতে পারেন—"যদি আমি নাই, তবে আর কিছুই নাই"; যেহেতু আমার অভাবে অন্যের প্রতীতি কিরূপে সম্ভব হইত? আত্মপ্রত্যয়বৃত্তিদ্বারা বিচারক স্বীয় অস্তিত্ব সংস্থাপন করতঃ প্রথমেই স্বীয় আত্মার ক্ষুদ্রতা ও পরাধীনতা লক্ষ্য করেন। স্বীয় আত্মার প্রতি প্রথম দৃষ্টিপাতমাত্রই কোন বৃহদাত্মার সহিত সম্বন্ধ পরিলক্ষিত হয়। আত্মা ও পরমাত্মার অবস্থানবোধই আত্মপ্রত্যয়বৃত্তির প্রথম কার্য বলিয়া বুঝিতে হইবে।

অনতিবিলম্বেই জড়জগতের উপর দৃষ্টিপাত হইলে বিচারক অনায়াসে দেখিতে পান যে, বস্তু বাস্তবিক তিনটি—আত্মা, পরমাত্মা ও জড়জগত। যে সকল ব্যক্তিগণ আত্মার উপলব্ধি করিতে পারেন না, তাহারা আপনাকে জড়াত্মক বলিয়া সন্দেহ করেন। তাহাদের বিবেচনায় জড়ই নিত্য; জড়গত ধর্মসকল অনুলোম-বিলোমক্রমে চৈতন্যের উৎপত্তি করে, এবং তদবস্থা-ব্যতিক্রমযোগে উৎপন্ন চৈতন্যের অচৈতন্যতারূপ জড়ধর্মে পরিণাম হয়—এরূপ সিদ্ধান্ত তাহাদের মনে উদয় হয়।

Concerning Sambandha

The seeker should first direct his attention to his own self. From the existence of the self, the existence of both the knower and the objects of knowledge is established. One may reasonably say, "If I do not exist, then nothing else exists"; for in my absence, how could anything else be perceived? By the faculty of self-awareness, the seeker first establishes his own existence, and immediately perceives both his minuteness and his dependence. At the very first glance toward the self, its relationship with a greater Self becomes manifest. Thus it should be understood that the first function of self-consciousness is to awaken the perception of both the individual self and the Supreme Self.

Turning next to the material world, the seeker readily perceives that there are, in reality, only three fundamental truths: the self, the Supreme Self, and the material world. Those who are unable to perceive the existence of the self are inclined to suppose themselves to be nothing more than material beings. In their estimation, matter alone is eternal. They conclude that, through the various combinations and transformations of material properties, consciousness is produced; and that when those conditions are altered, consciousness again dissolves into unconscious matter. Such is the conclusion to which they naturally arrive.

ইহার কারণ এই যে, এ সকল বিচারকেরা চিত্তপ্রবৃত্তি অপেক্ষা জড়প্রবৃত্তির অধিকতর বশীভূত এবং জড়ের প্রতি তাহাদের যত আস্থা, জ্ঞানের প্রতি তত নয়। এতদ্বশতঃ তাহাদের আশা, ভরসা, উৎসাহ, বিচার ও প্রীতি সকলই জড়াশ্রিত। দুর্ভাগ্যের বিষয় এই যে, সমাধিস্থ পুরুষদিগের ব্যবহারসমুদায় তাহাদের বিচারে চিত্তবৃত্তির পীড়াস্বরূপ বলিয়া বোধ হয়। তাহাদের সহিত আমাদের বিচারের সম্ভাবনা নাই; যেহেতু তাহারা যে বৃত্তি অবলম্বনপূর্বক অপ্রাকৃত বিষয় বিচার করেন, আমরা সে বৃত্তি অবলম্বন করিতে স্বীকার নই।

তাহারা যুক্তিবৃত্তির অধীন। যুক্তি কখনই আত্মনিষ্ঠ বিচারে সমর্থ নয়। তদ্বিষয়ে নিযুক্ত হইলে কোনক্রমেই কার্য্যে সমর্থ হয় না। অণুবীক্ষণ-যন্ত্র কর্ণে লাগাইলে কি হইবে? মাইক্রোফোন-যন্ত্র দ্বারা কি ছবি দেখা যায়? অতএব যুক্তিযন্ত্র দ্বারা কিরূপে বৈকুণ্ঠ দর্শন হইবে?

The reason for this is that such thinkers are governed more by material inclination than by the inclination of consciousness. They place greater confidence in matter than in consciousness itself. Consequently, all their hopes, their confidence, their enthusiasm, their reasoning, and even their affections rest upon material foundations. It is most unfortunate that the conduct of those absorbed in samadhi appears to them as nothing more than a disturbance of the mind. Between them and ourselves there can therefore be no common ground for discussion; for the faculty by which they undertake to investigate transcendental subjects is not the faculty upon which we are prepared to rely.

They are governed by the faculty of reason. Reason alone can never attain the vision of the self. Whenever it is employed for that purpose, it proves altogether inadequate. What would be gained by placing a microscope to the ear? Can one behold a picture by means of a microphone? How, then, can Vaikuntha ever be perceived through the instrument of reason?

জড়জগতের বিষয়সকল যুক্তিবৃত্তির অধীন; কিন্তু আত্মা স্বীয় দর্শনবৃত্তি ব্যতীত কোন বৃত্তি দ্বারা লক্ষিত হন না। যুক্তি সৎপথ অবলম্বন করিলে আত্মবিষয়ে স্বীয় অক্ষমতা শীঘ্রই বুঝিতে পারে। আত্মা জ্ঞানস্বরূপ, অতএব স্বপ্রকাশ ও জড়ের প্রকাশক; কিন্তু জড়জাত যুক্তিবৃত্তি কখনই আত্মাকে প্রকাশ করিতে পারে না। অতএব আমরা যুক্তিবাদীদিগের জড়সিদ্ধান্তে বাধ্য না হইয়া আত্মদর্শনবৃত্তি দ্বারা আত্মা ও পরমাত্মার দর্শন ও বিচার করিব এবং আত্মা ও জড়ের মধ্যগত ক্ষণিক যুক্তিযন্ত্রযোগে জড়জগতের তত্ত্বসংখ্যা করিব।

আত্মা, পরমাত্মা ও জড়—এই তিনটা বিষয়ের ভিন্ন ভিন্ন বিচার করা আবশ্যক।

শ্রীমদ্ রামানুজাচার্য্য চিৎ, অচিৎ ও ঈশ্বর—এই তিন নামে উক্ত ত্রিতত্ত্বের বিশেষ বিচার করিয়াছেন। সম্বন্ধবিচারে ত্রিতত্ত্বের বিচার ও সম্বন্ধ নির্ণয় করাই প্রয়োজন। সাংখ্যলেখক কপিলাচার্য্য প্রকৃতির চতুর্বিংশতি তত্ত্বের সংখ্যা করিয়াছেন। জড় বা অচিৎতত্ত্বের বিচার করিতে হইলে কপিলের তত্ত্বসংখ্যা বিচার্য হইয়া উঠে। আধুনিক জড়তত্ত্ববিদ্ পণ্ডিতেরা অনেক যন্ত্রসহকারে নবাবিষ্কৃত যন্ত্রসকল দ্বারা মূলভূতসকলের নাম, ধর্ম ও রাসায়নিক প্রবৃত্তিসকল বিশেষরূপে আবিষ্কার করিয়া জনগণের প্রাকৃত জ্ঞান সম্বর্ধিত করিয়াছেন ও করিতেছেন। তাহাদের আবিষ্কৃত বিষয়সকল বিশেষ আদরণীয়; যেহেতু তাহারা অর্থরূপে আবিষ্কৃত হইয়া জীবের চরমগতিরূপ পরমার্থের উপকার করিতেছে। ফলতঃ সমুদয় আবিষ্কৃত বিষয়সকলের আদর করিয়াও সাংখ্যের তত্ত্বসংখ্যার অনাদর করিতে হয় না।

The objects of the material world are indeed subject to rational investigation; but the self cannot be perceived by any faculty other than the soul's own power of direct perception. When reason follows its proper course, it soon discovers its own inability to comprehend the self. The self is of the nature of pure consciousness. It is therefore self-luminous and the revealer of matter; yet reason, being itself derived from matter, can never reveal the self. We shall not, therefore, submit to the materialistic conclusions of the rationalists. Rather, by the soul's own faculty of spiritual perception we shall seek to realize and understand both the self and the Supreme Self; and, by employing reason only to examine the temporary connection between the self and matter, we shall determine the categories that constitute the material world.

The self, the Supreme Self, and matter—these three realities must each be examined independently. Srimad Ramanujacharya has discussed this threefold truth under the respective names of cit, acit, and Isvara. In the study of sambandha, it is necessary both to examine these three principles and to determine the relationships that exist among them.

Kapilacharya, the author of the Sankhya philosophy, enumerated the twenty-four principles of material nature. Therefore, whenever the nature of matter (acit-tattva) is to be examined, Kapila's analysis of these categories naturally becomes relevant. Modern students of material science, by means of many ingenious instruments and newly invented methods, have discovered in great detail the names, properties, and chemical activities of the fundamental elements, and have thereby greatly enriched mankind's knowledge of the material world. Their discoveries deserve sincere appreciation, for, although they pertain to worldly knowledge, they may nevertheless be employed in the service of the soul's highest welfare. Therefore, while giving due honour to every genuine scientific discovery, there is no reason whatever to neglect the systematic analysis of material principles presented by the Sankhya philosophy.

মূলভূত ৬০, ৬৫ বা ৭০ হউক, সাংখ্যনির্ণীত ক্ষিতি, জল, তেজ প্রভৃতি স্থূলভূতের সম্বন্ধে কোন ব্যাঘাত ঘটে না। অতএব সাংখ্যাচার্য যে ভূত, তন্মাত্র অর্থাৎ ভূতধর্ম,

ইন্দ্রিয়গণ, মন, বুদ্ধি ও অহঙ্কার—এরূপ প্রকৃতিজগতের আলোচনা করিয়াছেন, তাহা অকর্মণ্য নহে; বরং সাংখ্যের তত্ত্ববিভাগ বিশেষ বৈজ্ঞানিক বলিয়া স্থির করা যায়। বেদান্তসংগ্রহরূপ ভগবদ্গীতা গ্রন্থেও তদ্রূপ তত্ত্বসংখ্যা লক্ষিত হয়, যথা—
ভূমিরাপো□নলো বায়ুঃ খং মনো বুদ্ধিরেব চ।
অহঙ্কার ইতীয়ং মে ভিন্না প্রকৃতিরষ্টধা॥

Whether the fundamental material elements are reckoned as sixty, sixty-five, or seventy makes no difference to the gross elements—earth, water, fire, and the rest—as enumerated by the Sankhya philosophers. Therefore, Kapilacharya's analysis of the material world into the gross elements, the tanmatras or subtle qualities of those elements, the senses, the mind, the intelligence, and the false ego is by no means obsolete. On the contrary, the Sankhya classification of these categories may rightly be regarded as profoundly scientific. A similar enumeration of material principles is also found in the Bhagavad-gita, the compendium of Vedanta:

bhumir apo 'nalo vayuh kham mano buddhir eva ca

ahankara itiyam me bhinna prakritir astadha

"Earth, water, fire, air, ether, mind, intelligence, and false ego—these eight constitute My separated material energy." (Bhagavad-gita 7.4)

ভূমি, জল, অনল, বায়ু, আকাশ—এই পঞ্চস্থূলভূত এবং মন, বুদ্ধি ও অহঙ্কার—এই আট প্রকার ভিন্ন তত্ত্ব প্রকৃতিতে আছে। এই সংখ্যায় তন্মাত্রগুলিকে ভূতসাৎ করা হইয়াছে এবং ইন্দ্রিয়সকলকে মন, বুদ্ধি ও অহঙ্কাররূপ সূক্ষ্ম মায়িকতত্ত্বের সহিত মিলিত করা হইয়াছে। অতএব তত্ত্বসংখ্যা সম্বন্ধে সাংখ্য ও বেদান্ত প্রকৃতিবিচারে ঐক্য আছে বলিতে হইবে।
এস্থলে বিচার্য এই যে, মন, বুদ্ধি ও অহঙ্কার—ইহারা আত্মার স্বভাব, না প্রকৃতির তত্ত্ব? এই বিষয়ে ইউরোপদেশীয় অল্পসংখ্যক পণ্ডিত মন, বুদ্ধি ও অহঙ্কারকে প্রকৃতির ধর্ম বলিয়া আত্মাকে তদতীত বলিয়া সিদ্ধান্ত করিয়াছেন। কিন্তু আধুনিক পণ্ডিতেরা প্রায়ই মনকে আত্মার সহিত এক বলিয়া উক্তি করেন। ইংলণ্ডীয় বহু বিজ্ঞলোকের সহিত বিচার করিয়া দেখিয়াছি যে, তাহারা আত্মাকে মন হইতে ভিন্ন বলিয়া স্থির করেন; কিন্তু ভাষার দোষে অনেক স্থলে আত্মা-শব্দের পরিবর্তে "মন" শব্দের ব্যবহার করিয়া থাকেন।
ভগবদ্গীতায় পূর্বোক্ত শ্লোকের অব্যবহিত পরেই এই শ্লোক দৃষ্ট হয়—
অপরেয়মিতস্ত্বন্যাং প্রকৃতিং বিদ্ধি মে পরাম্।
জীবভূতাং মহাবাহো যয়েদং ধার্যতে জগৎ॥

The five gross material elements—earth, water, fire, air, and ether—together with mind, intelligence, and false ego, constitute the eight distinct categories of material nature. In this enumeration, the subtle sense objects (tanmatras) are included within the gross elements, while the senses themselves are comprehended within the subtle material principles of mind, intelligence, and false ego. Thus it should be understood that, in their analysis of material nature, Sankhya and Vedanta are essentially in agreement regarding the enumeration of the fundamental categories. At this point an important question arises: are mind, intelligence, and false

ego attributes of the soul, or are they constituents of material nature? A small number of European scholars have concluded that mind, intelligence, and false ego belong to material nature, and that the soul exists beyond them. Many modern writers, however, frequently speak of the mind as though it were identical with the soul. From discussions I have held with many learned Englishmen, I have found that they themselves regard the soul as distinct from the mind; nevertheless, through the imperfections of language, they often employ the word "mind" where the word "soul" would be more appropriate.

Immediately following the verse just cited, the Bhagavad-gita declares:

apareyam itas tv anyam prakritim viddhi me param
jiva-bhutam maha-baho yayedam dharyate jagat

"But besides this inferior energy, O mighty-armed Arjuna, know that I possess another, superior energy—the living beings, by whom this entire world is sustained." (Bhagavad-gita 7.5)

পূর্বোক্ত অষ্টধা প্রকৃতির অতিরিক্ত আর একটী পারমেশ্বরী প্রকৃতি বর্তমান আছে। সে প্রকৃতি জীবভূতা, যাহার দ্বারা এই জড়জগৎ ধারণ করা হইতেছে। এই শ্লোক পাঠে স্পষ্ট বোধ হয় যে, পূর্বোক্ত ভূত, মন, বুদ্ধি ও অহঙ্কারাত্মিকা প্রকৃতি হইতে জীবপ্রকৃতি স্বতন্ত্র। ইহাই সারগ্রাহী সিদ্ধান্ত বটে।

এই পরিদৃষ্টমান বিচিত্র জগতে দুইটি বস্তু লক্ষিত হয়, অর্থাৎ চিৎ ও অচিৎ, অথবা জীব ও জড়। ইহারা পরমেশ্বরের অচিন্ত্যশক্তির পরিণাম বলিয়া বৈষ্ণবজন কর্তৃক স্বীকৃত হইয়াছে। এখন জড়সত্তা ও জীবসত্তার মান নিরূপণ করা কর্তব্য। জীবসত্তা চৈতন্যময় ও স্বাধীন ক্রিয়াবিশিষ্ট; জড়সত্তা জড়ময় ও চৈতন্যাধীন। বর্তমান বদ্ধাবস্থায় নরসত্তার বিচার করিলে চৈতন্য ও জড়ের বিচার হইবে, সন্দেহ নাই; যেহেতু বদ্ধজীব ভগবদিচ্ছাক্রমে জড়ানুযন্ত্রিত হইয়া লক্ষিত হইতেছেন।

সপ্তধাতুনির্মিত শরীর, ইন্দ্রিয়গণ, বিষয়জ্ঞানাধিষ্ঠানরূপ মন, বুদ্ধি, অহঙ্কার, অবস্থানভাবাত্মক দেশ ও কালতত্ত্ব, এবং চৈতন্য—এই কয়েকটি ভিন্ন ভিন্ন রূপে নরসত্তায় লক্ষিত হয়।

ভূত ও ভূতধর্ম, অর্থাৎ তন্মাত্র-নির্মিত শরীরটা সম্পূর্ণ ভৌতিক। জড়ভূত জড়ান্তরের অনুভব করিতে সমর্থ নহে; কিন্তু নরসত্তায় শরীরগত স্নায়বীয় প্রণালী ও দেহস্থিত চক্ষু, কর্ণাদি যন্ত্রে একপ্রকার চিদধিষ্ঠান লক্ষিত হয়—ইহার নাম ইন্দ্রিয়।

যদ্দ্বারা ভৌতিক বিষয়জ্ঞান ভৌতিক শরীরে প্রবিষ্ট হইয়া অন্তরস্থিত এক যন্ত্রের সহিত যুক্ত হয়, সে যন্ত্রকে আমরা মন বলি। এ মনের চিত্তবৃত্তিক্রমে বিষয়জ্ঞান অনুভূত হইয়া স্মৃতিরূপে সংরক্ষিত হয়। কল্পনাবৃত্তিদ্বারা বিষয়জ্ঞানের আকার পরিবর্তিত হয়। বুদ্ধিবৃত্তিক্রমে লাঘব ও গৌরববোধ দ্বারা বিষয় বিচার হইয়া থাকে। এতদ্ব্যতীত নরসত্তায় বুদ্ধি ও মন হইতে শরীর পর্যন্ত এক অহংভাবাত্মক চিদাভাস লক্ষিত হয়—ইহার নাম অহঙ্কার। ইহা হইতে "আমি" ও "আমার"—এই গভীর ধারণা উৎপন্ন হয়।

Beyond the eightfold material energy previously described, there exists another, superior energy belonging to the Supreme Lord. This higher energy is the living being, by whom the material universe is sustained. From this verse it is evident that the nature of the living being is entirely distinct from that material energy composed of the gross elements, the mind, the intelligence, and the false ego. This indeed is the conclusion accepted by those who seek the essential truth.

Within this variegated universe, two fundamental realities are perceived: consciousness and matter, or, in other words, the living being and inert substance. The Vaishnavas acknowledge both as manifestations of the Lord's inconceivable potency. It therefore becomes necessary to determine the respective nature of matter and of the living being. The living being is conscious and endowed with independent activity, whereas matter is inert and operates only under the direction of consciousness. If we examine the present condition of embodied humanity, we shall clearly perceive both consciousness and matter; for the conditioned soul is observed to function through material nature according to the will of the Supreme Lord.

In the human being we observe several distinct principles: the body, composed of the seven bodily elements; the senses; the mind, which serves as the seat of sense perception; the intelligence; the false ego; the principles of space and time, by which embodied existence is conditioned; and consciousness itself.

The physical body, together with the material elements and their subtle qualities, is entirely material. One material object is incapable of perceiving another. Yet within the human organism, through the nervous system and the bodily instruments such as the eyes and ears, there is manifest a particular reflection of consciousness. These are called the senses.

That faculty by which knowledge received through the senses enters the material body and is connected with an inner instrument is called the mind. Through the various functions of the mind, sensory impressions are experienced and preserved as memory. By the power of imagination, those impressions assume new forms, and through the activity of the intelligence they are weighed, compared, and judged according to their relative importance. Besides these, there is observed within the human being a reflected consciousness extending from the intelligence and the mind throughout the body, characterised by the sense of personal identity. This is called false ego. From it arise the deep-rooted notions of "I" and "mine."

এস্থলে দ্রষ্টব্য এই যে, অহঙ্কার, বুদ্ধি, মন ও ইন্দ্রিয়শক্তি সম্পূর্ণ জড় নহে; কিন্তু তাহাদের অস্তিত্ব ভূতসাপেক্ষ। ইহারা কিয়ৎপরিমাণে চৈতন্যাশ্রিত; কারণ প্রকাশক্ষমতাই তাহাদের কার্য, এবং বিষয়জ্ঞানই তাহাদের পরিচয়।

এই চৈতন্য কোথা হইতে আসে? আত্মা শুদ্ধ চৈতন্যসত্তা। আত্মার জড়ানুগত্য স্বাভাবিক নহে; কোন এক কারণবশতঃ ঈশ্বরের ইচ্ছায় এই সংযোগ ঘটিয়াছে। এই কারণ অনুসন্ধান করা কঠিন; কিন্তু এই অবস্থা চৈতন্যের পক্ষে একপ্রকার দণ্ডস্বরূপ বলিয়া অনুভূত হয়।

অতএব নরসত্তায় তিনটি তত্ত্ব লক্ষিত হয়—আত্মা, চিদাভাসরূপ সংযোগযন্ত্র (লিঙ্গশরীর), এবং স্থূল শরীর। বেদান্তে এই তিনকে জীব, লিঙ্গশরীর ও স্থূলশরীর বলা হয়।

মৃত্যুর পর স্থূল শরীর নষ্ট হয়, কিন্তু মুক্তি না হওয়া পর্যন্ত লিঙ্গশরীর কর্ম ও কর্মফলের আশ্রয়ে থাকে। চিদাভাস বদ্ধাবস্থার সহিত যুক্ত; কিন্তু শুদ্ধ আত্মা

চিদানন্দস্বরূপ এবং তাহা হইতে পৃথক।
শুদ্ধ জীবাত্মার দ্বাদশটি লক্ষণ ভাগবতের সপ্তম স্কন্ধে প্রহ্লাদ-উক্তিতে কথিত হইয়াছে—
আত্মা নিত্যো□ব্যয়ঃ শুদ্ধ একঃ ক্ষেত্রজ্ঞ আশ্রয়ঃ।
অবিক্রিয়ঃ স্বদৃগ্ হেতুর্ব্যাপকো□সঙ্গ্যনাবৃতঃ॥
এতৈর্দ্বাদশভির্বিদ্বান্ আত্মনো লক্ষণৈঃ পৃথক্।
অহং মমেত্যসদ্ভাবং দেহাদৌ মোহজং ত্যজেত্॥

It should be observed here that false ego, intelligence, mind, and the powers of the senses are not wholly material; yet their existence depends upon material elements. They are, to a certain degree, sustained by consciousness, for their function is to reveal objects, and their distinguishing characteristic is the cognition of those objects.

Whence does this consciousness arise? The soul is pure conscious existence. Its subjection to matter is not its natural condition. For some cause, by the will of the Supreme Lord, this connection has come into being. That cause is difficult to discover; yet this condition is experienced as a kind of punishment imposed upon consciousness.

Accordingly, three distinct principles are perceived within the human being: the soul, the connecting instrument constituted of reflected consciousness (the subtle body), and the gross physical body. In Vedanta these are known respectively as the jiva, the subtle body (linga-sarira), and the gross body (sthula-sarira).

At death the gross body perishes, but until liberation is attained the subtle body continues to exist, carrying with it karma and the results of karma. Reflected consciousness belongs only to the conditioned state; the pure self, however, is of the nature of eternal consciousness and bliss, and is altogether distinct from it.

The twelve characteristics of the pure living being are described by Prahlada Maharaja in the Seventh Canto of the Srimad Bhagavatam:

atma nityo 'vyayah suddha ekah ksetra-jna asrayah
avikriyah sva-drg hetur vyapako 'sangy anavrtah
etair dvadasabhir vidvan atmano laksanaih prthak
aham mamety asad-bhavam dehadau moha-jam tyajet

"The soul is eternal, imperishable, pure, one, the knower of the field, the foundation, unchanging, self-revealing, the cause, all-pervading, unattached, and uncovered. One who understands the soul through these twelve characteristics abandons the delusion of 'I' and 'mine' arising from identification with the body and related objects." (Srimad Bhagavatam 7.7.19–20)

আত্মা নিত্য, অর্থাৎ স্থূল ও লিঙ্গশরীরের ন্যায় ক্ষণভঙ্গুর নহে; অব্যয়, অর্থাৎ স্থূল ও লিঙ্গশরীর নষ্ট হইলেও তাহার নাশ হয় না; শুদ্ধ, অর্থাৎ প্রাকৃতভাবরহিত; এক, অর্থাৎ গুণ-গুণী, ধর্ম-ধর্মী, অঙ্গ-অঙ্গী প্রভৃতি দ্বৈতভাবহীন। ক্ষেত্রজ্ঞ, অর্থাৎ দ্রষ্টা; আশ্রয়, অর্থাৎ স্থূল ও লিঙ্গশরীর আত্মার আশ্রয়ে সত্তা ধারণ করে, আত্মা তাহাদের

আশ্রিত নহে। অবিক্রিয়, অর্থাৎ জন্ম, অস্তিত্ব, বৃদ্ধি, পরিণাম, ক্ষয় ও নাশ—এই ছয় প্রকার বিকার তাহাতে নাই।
স্বদৃক্, অর্থাৎ আত্মা আপনাকে আপনি প্রত্যক্ষ করে; প্রাকৃত ইন্দ্রিয়দ্বারা তাহা গ্রাহ্য নহে। হেতু, অর্থাৎ শরীরের ভৌতিক কার্য্যের কারণ, কিন্তু নিজে ভৌতিক নহে। ব্যাপক, অর্থাৎ কোন নির্দিষ্ট স্থানে সীমাবদ্ধ নহে; অসঙ্গী, অর্থাৎ প্রকৃতির মধ্যে অবস্থান করিলেও তাহার গুণে সংযুক্ত নহে; অনাবৃত, অর্থাৎ ভৌতিক আবরণে আবদ্ধ হয় না। এই দ্বাদশ অপ্রাকৃত লক্ষণ দ্বারা আত্মাকে পৃথক করিয়া বিদ্বান ব্যক্তি দেহাদিতে উদ্ভূত মোহজাত "আমি" ও "আমার" ভাব ত্যাগ করেন।
শুদ্ধ জীবের স্থানীয় ও কালিক সত্তা আছে কি না, এই বিষয়ে বহু তর্ক ঘটে; কিন্তু পরমার্থবিচারে তর্কের প্রতিষ্ঠা নাই। তর্ক সর্বদা চিদাভাসনিষ্ঠ, চিত্তনিষ্ঠ নহে। আত্মা অপ্রাকৃত—প্রকৃতির সমস্ত তত্ত্বের অতীত। এখানে প্রকৃতি শব্দে কেবল ভূত নয়; বরং ইন্দ্রিয়, মন, বুদ্ধি ও অহঙ্কারও অন্তর্ভুক্ত। চিদাভাস প্রকৃতির অন্তর্গত হওয়ায়, অনেক সময় প্রকৃতিস্থ অবস্থাকে চৈতন্যকার্য বলিয়া ভ্রম হয়।
দেশ ও কাল প্রকৃতিতে লক্ষিত হইলেও তাহাদের শুদ্ধরূপ চিত্তত্বে বর্তমান। জড়জগতে তাহারা বিকৃতরূপে প্রতীয়মান হয়, কিন্তু চিত্তত্বে তাহারা নির্মল। অতএব শুদ্ধ দেশ ও কাল শুদ্ধ আত্মায় উপলব্ধ হয়, আর কুণ্ঠিত দেশ-কাল মায়াবদ্ধ জগতে পরিচিত হয়। শুদ্ধাবস্থায় জীবের কেবল শুদ্ধ আত্মিক অস্তিত্ব থাকে; কিন্তু বদ্ধাবস্থায় তিনপ্রকার অস্তিত্ব দেখা যায়—শুদ্ধ আত্মিক, চিদাভাসিক (লিঙ্গশরীর), এবং স্থূল ভৌতিক।

The soul is eternal; that is, unlike the gross and subtle bodies, it is not subject to destruction. It is imperishable; even when the gross and subtle bodies perish, the soul itself does not perish. It is pure, entirely free from material qualities. It is one, free from all duality such as possessor and possessed, attribute and substance, or whole and part. It is the knower of the field, the conscious witness of the body and its experiences. It is the support, for both the gross and subtle bodies derive their existence from the soul, whereas the soul is not dependent upon either of them. It is unchanging, untouched by the six transformations of material existence—birth, existence, growth, transformation, decline, and destruction.

The soul is self-revealing, for it perceives itself directly and is not an object of the material senses. It is the cause, inasmuch as it is the source of the body's material activities, though it is itself never material. It is all-pervading within its own sphere of existence, not confined as material objects are by spatial limitation. It is unattached; although present within material nature, it is never intrinsically bound by her qualities. It is uncovered, never truly enveloped by any material covering. By distinguishing the soul through these twelve transcendental characteristics, the wise abandon the delusive notions of "I" and "mine" that arise from identification with the body and its appendages.

Much controversy has arisen over whether the pure living being possesses spatial and temporal existence. Yet argument has no secure standing in the realm of transcendental truth. Logic always proceeds upon the plane of reflected consciousness, not upon the plane of pure spiritual consciousness. The soul is transcendental,

existing beyond every category of material nature. Here the word prakriti includes not only the gross elements, but also the senses, the mind, the intelligence, and the false ego. Because reflected consciousness belongs to material nature, the condition of embodied existence is often mistakenly supposed to be an activity of consciousness itself.

Although space and time are perceived within material nature, their pure forms exist upon the spiritual plane. Within the material world they appear in a distorted condition, whereas in pure consciousness they remain undefiled. Thus pure space and pure time are experienced by the pure soul, while constrained space and time belong only to the world bound by maya. In its liberated condition, the living being possesses only pure spiritual existence; but in conditioned life three distinct forms of existence are perceived: the pure spiritual self, the reflected consciousness constituting the subtle body, and the gross material body.

স্থূল বস্তু সূক্ষ্মকে আচ্ছাদন করে—এটাই প্রকৃতির বিধান। অতএব লিঙ্গশরীর শুদ্ধ আত্মিক অস্তিত্বকে আচ্ছাদন করিয়া রাখিয়াছে, এবং এই আচ্ছাদনের কারণেই জীব স্বরূপ বিস্মৃত হইয়া প্রপঞ্চের মধ্যে আবদ্ধ হইয়া থাকে।

পুনশ্চ, ভৌতিক অস্তিত্ব সর্বাপেক্ষা স্থূল হওয়ায় শুদ্ধাত্মিক অস্তিত্ব ও লৈঙ্গিক অস্তিত্ব উভয়কেই আচ্ছাদন করিতেছে। তথাপি ত্রিবিধ অস্তিত্বেরই প্রকাশ আছে; কেননা আচ্ছাদিত হইলেও বস্তু লোপ হয় না। শুদ্ধাত্মিক অস্তিত্ব শুদ্ধ দেশকালনিষ্ঠ। অতএব আত্মার স্থানীয় অস্তিত্ব ও কালিক সত্তা আছে—এরূপ বুঝিতে হইবে।

স্থানীয় অস্তিত্ব স্বীকার করিলে আত্মার কোন নিশ্চিত অবস্থান স্বীকার করা যায়। নিশ্চিত অবস্থান স্বীকারে এক শুদ্ধাত্মিক কলেবর ও স্বরূপ স্বীকার করা যায়। সেই স্বরূপের সৌন্দর্য, ইচ্ছাশক্তি, বোধশক্তি ও ক্রিয়াশক্তি প্রভৃতি শুদ্ধাত্মিক গুণগণও স্বীকৃত হইয়াছে। এ স্বরূপ চিদাভাস দ্বারা লক্ষিত হইতে পারে না; কেননা উহা প্রকৃতির অতিরিক্ত তত্ত্ব।

যেমন স্থূল দেহে করণসমূহ নিজ নিজ স্থানে অবস্থিত থাকিয়া কার্য সম্পন্ন করে ও সৌন্দর্য প্রকাশ করে, তদ্রূপ এই স্থূল দেহের আদর্শরূপ শুদ্ধদেহেও প্রয়োজনীয় করণসমূহ ন্যস্ত আছে। স্থূল ও শুদ্ধ দেহের প্রভেদ এই যে—স্থূল দেহে দেহী ও দেহ ভিন্ন; কিন্তু শুদ্ধ দেহে দেহীই দেহ, উভয়ের মধ্যে পৃথকতা নাই।

প্রত্যেক বস্তুর দুই প্রকার পরিচয় আছে—স্বরূপ-পরিচয় ও ক্রিয়া-পরিচয়। মুক্ত জীবের স্বরূপ-পরিচয় চৈতন্য, এবং ক্রিয়া-পরিচয় আনন্দ। অতএব মুক্ত জীবের সত্তা কেবল চিদানন্দ। শুদ্ধ অহঙ্কার, শুদ্ধ চিত্ত, শুদ্ধ মন ও শুদ্ধ ইন্দ্রিয় সকল সেই চৈতন্য হইতে অভিন্নরূপে শুদ্ধ অবস্থায় বিরাজ করে।

বদ্ধাবস্থায় জীব চিদাভাসরূপে প্রতীয়মান হয়, এবং মায়িক সুখ-দুঃখরূপ বিকারই তাহার ক্রিয়া-পরিচয় হইয়া দাঁড়ায়।

পরমাত্মা সচ্চিদানন্দস্বরূপ ও সর্বশক্তিসম্পন্ন। সর্বশক্তিমান পরমাত্মার নাম ভগবান। মায়াপ্রকৃতি ও জীবপ্রকৃতি তাঁহার পরাশক্তির প্রকাশ। যেমন জীবের ক্ষেত্রে চৈতন্যের এক ক্ষুদ্র রূপ দেখা যায়, তদ্রূপ ভগবানের ক্ষেত্রে এক অসীম চৈতন্যরূপ অনুভূত হয়।

It is the law of material nature that the gross covers the subtle. Thus the subtle body veils the pure spiritual existence of the soul, and by that covering the living being forgets his true identity and remains bound within the world of material experience. Furthermore, be-

cause the gross material body is the densest of all coverings, it obscures both the pure spiritual existence of the soul and the subtle existence of the linga-sarira. Nevertheless, all three forms of existence remain present; for a thing does not cease to exist merely because it is concealed. Pure spiritual existence subsists within pure space and pure time. We must therefore conclude that the soul possesses both spatial and temporal existence.

If the soul possesses a definite spiritual existence, it must also possess a definite spiritual abode. And where there is a definite abode, there must likewise be a definite spiritual form. That form is endowed with purely spiritual qualities such as beauty, will, knowledge, and activity. Such a form cannot be perceived through reflected consciousness, for it belongs to a plane that transcends material nature altogether. Just as the gross body contains its various organs, each situated in its proper place to perform its appointed function and contribute to the body's beauty, so also the pure spiritual body—the original archetype of the gross body—is furnished with all the faculties necessary for spiritual activity. The difference between the two is this: in the gross body, the embodied self and the body are distinct; whereas in the pure spiritual body, the self itself is the body. There is no separation between the possessor of the body and the body itself.

Every entity may be understood in two ways: according to its essential nature and according to its activity. The essential nature of the liberated soul is pure consciousness, and its activity is bliss. Thus the liberated living being is nothing but eternal consciousness and bliss. Pure ego, pure consciousness, pure mind, and pure senses all exist in their undefiled condition, inseparable from that spiritual consciousness.

In the conditioned state, however, the living being appears only through reflected consciousness, and the changing experiences of material happiness and distress become the distinguishing features of his activity.

The Supreme Self is of the nature of eternity, consciousness, and bliss, and is possessed of all potencies. The all-powerful Supreme Self is known as Bhagavan. Both material nature and the living beings are manifestations of His superior energies. Just as in the individual soul consciousness is perceived in a minute degree, so in Bhagavan consciousness is experienced in its infinite fullness.

এই স্বরূপ শুদ্ধ আত্মার দ্বারা উপলব্ধ, সর্বগুণসম্পন্ন, অতিশয় সুন্দর এবং সর্বচিত্ত-আকর্ষণকারী। সেই সৌন্দর্যের মাধুর্যরূপ প্রকাশ শ্রীকৃষ্ণচন্দ্রের নিত্যলীলায় বৈকুণ্ঠের পরম শোভা বিস্তার করে। শুদ্ধ চিজ্জীবগণ তাতে নিত্য মুগ্ধ, এবং বদ্ধ জীব ব্রজলীলার মাধ্যমে তাহাকেই অন্বেষণ ও লাভ করে।

শ্রীরূপ গোস্বামী প্রণীত ভক্তিরসামৃতসিন্ধু-তে বলা হইয়াছে—পঞ্চাশটি গুণ জীবের মধ্যে আংশিকভাবে থাকে; নারায়ণে তাহা পূর্ণরূপে থাকে, এবং আরও দশটি

অতিরিক্ত গুণ থাকে; আর শ্রীকৃষ্ণে চতুঃষষ্টি গুণ প্রকাশিত; অতএব ভগবচ্ছক্তির পরম প্রকাশ শ্রীকৃষ্ণ।
এই ত্রিতত্ত্বের পরস্পর সম্বন্ধ নির্ণয় করাই সম্বন্ধবিচার।
ভূমিরাপো□নলো বায়ুঃ খং মনো বুদ্ধিরেব চ।
অহঙ্কার ইতীয়ং মে ভিন্না প্রকৃতিরষ্টধা॥
অপরেয়মিতস্ত্বন্যাং প্রকৃতিং বিদ্ধি মে পরাম্।
জীবভূতাং মহাবাহো যয়েদং ধার্যতে জগৎ॥
এতদ্যোনীনি ভূতানি সর্বাণীত্যুপধারয়।
অহং কৃত্স্নস্য জগতঃ প্রভবঃ প্রলয়স্তথা॥
মত্তঃ পরতরং নান্যৎ কিঞ্চিদস্তি ধনঞ্জয়।
ময়ি সর্বমিদং প্রোতং সূত্রে মণিগণা ইব॥

That transcendental form is perceived by the pure soul. It is endowed with every divine quality, supremely beautiful, and irresistibly attractive to every heart. The sweetness of that incomparable beauty shines forth in the eternal pastimes of Sri Krishna Chandra, filling Vaikuntha with its supreme splendour. The eternally liberated conscious beings are forever captivated by that beauty, while the conditioned soul seeks and ultimately attains that same reality through the pastimes of Vraja.

In the Bhakti-rasamrita-sindhu, Srila Rupa Goswami explains that fifty transcendental qualities are present in the living being in a limited degree; in Narayana those same qualities are found in their complete perfection, together with ten additional qualities; and in Sri Krishna all sixty-four transcendental qualities are fully manifest. Therefore, Sri Krishna is the supreme revelation of the Lord's divine potency.

To determine the mutual relationship of these three truths is the subject of sambandha.

bhumir apo 'nalo vayuh kham mano buddhir eva ca
ahankara itiyam me bhinna prakritir astadha
apareyam itas tv anyam prakritim viddhi me param
jiva-bhutam maha-baho yayedam dharyate jagat
etad-yonini bhutani sarvanity upadharaya
aham krtsnasya jagatah prabhavah pralayas tatha
mattah parataram nanyatkincid asti dhananjaya
mayi sarvam idam protam sutre mani-gana iva

"Earth, water, fire, air, ether, mind, intelligence, and false ego—these eight constitute My separated material energy.

But besides this inferior energy, O mighty-armed Arjuna, know that I possess another, superior energy—the living beings, by whom this entire world is sustained.

Know that all beings arise from these two energies. I am the origin of the entire universe, and I am likewise its dissolution.

O Dhananjaya, there is no truth superior to Me. Everything rests upon Me, just as pearls are strung upon a thread." (Bhagavad-gita 7.4–7)

প্রথম দুই শ্লোকের অর্থ পূর্বে লিখিত হইয়াছে। শেষ দুই শ্লোকের অর্থ এই যে—পূর্বোক্ত উভয় প্রকৃতি হইতে সমস্ত চেতন ও অচেতন বস্তুর উৎপত্তি হইয়াছে; কিন্তু ভগবান উভয় জগতের উৎপত্তি ও প্রলয়ের হেতু। ভগবান হইতে স্বতন্ত্র বা উচ্চতর কিছুই নাই। ভগবানে সমস্তই প্রোতভাবে অবস্থিত, যেমন সূত্রে মণিগণ গ্রথিত থাকে।

মূল তত্ত্ব এক—অর্থাৎ ভগবান। ভগবানের পরাশক্তির ভাব ও প্রভাবক্রমে জীব ও জড়ের উদয় হইয়াছে; অতএব সমগ্র জগৎ তাঁহার শক্তিপরিণাম। এই সিদ্ধান্ত দ্বারা বিবর্তবাদ ও ব্রহ্মপরিণামবাদ খণ্ডিত হয়। পরব্রহ্ম নিজে পরিবর্তিত হন না; কিন্তু তাঁহার শক্তির কার্যরূপ পরিণামে সমস্ত প্রকাশ পায়।

জীব ও জড় পরাশক্তি হইতে উৎপন্ন হইলেও তাহারা স্বতন্ত্র শক্তিসম্পন্ন নহে। ভগবানের অনুগ্রহ ব্যতীত তাহারা কিছুই করিতে পারে না। ভগবানই একমাত্র আশ্রয়, আর জীব ও জড় সম্পূর্ণরূপে আশ্রিত। ভগবান সর্বদা ইহাদের মধ্যে বর্তমান থাকেন, এবং ইহারা তাঁহার উপর সম্পূর্ণ নির্ভরশীল।

জীব স্বরূপতঃ চৈতন্যবিশেষ; অতএব পরমচৈতন্য পরমেশ্বরই তাহার একমাত্র আশ্রয়। জড় জীবের আশ্রয় নহে। বর্তমানে জীবের স্বধর্ম বিকৃত হইয়া বিষয়রাগরূপে প্রকাশিত হইয়াছে; কিন্তু এই বিকৃত রাগকে শুদ্ধ রাগে উন্নীত করাই কর্তব্য।

জড়ের সহিত জীবের নিত্যসম্বন্ধ নাই; যে সম্বন্ধ আছে, তাহা অপগতিমাত্র। যতদিন ভগবৎকৃপায় মুক্তি না হয়, ততদিন জড়সংশ্লিষ্ট জীবনযাত্রা অনিবার্য। মুক্তি কেবল চেষ্টায় লাভ হয় না; ভগবদাশ্রয় গ্রহণ করিলে তাহা সহজে লাভ হয়।

The meaning of the first two verses has already been explained. The latter two teach that all conscious and unconscious beings arise from these two energies previously described; yet Bhagavan is the source from whom both originate and into whom both are ultimately withdrawn. There exists nothing independent of Him, nor anything superior to Him. Everything rests in Him, just as pearls are strung upon a thread.

The original Reality is one alone—Bhagavan. By the manifestation and operation of His superior potency, both the living beings and the material world have come into existence. Thus the entire universe is a transformation of His energies. This conclusion refutes both the doctrine of illusory transformation (vivarta-vada) and the doctrine that Brahman Himself undergoes transformation (Brahma-parinama-vada). The Supreme Brahman never changes. Rather, all manifestation arises through the transformations of His energies, while He Himself remains eternally unchanged.

Although the living beings and material nature proceed from the Lord's superior potency, they possess no independent power of their own. Apart from the grace of Bhagavan, they are incapable of accomplishing anything whatsoever. Bhagavan alone is the supreme shelter, while both the living beings and matter are entirely dependent upon Him. He is eternally present within them, and they subsist wholly by His support.

By constitution, the living being is a particle of consciousness. Therefore the Supreme Conscious Being, the Supreme Lord, is his one and only shelter. Matter can never be the shelter of the soul. At present, however, the soul's intrinsic disposition has become distorted, appearing as attachment to the objects of the senses. It is therefore our duty to elevate this perverted attachment into pure spiritual attachment.

The soul has no eternal relationship with matter. Whatever connection now exists is merely a condition of deviation from its true nature. Until, by the grace of Bhagavan, liberation is attained, embodied life within material association is unavoidable. Liberation is not achieved by mere personal endeavour. It is attained naturally and with ease when one accepts the shelter of Bhagavan.

ভুক্তি ও মুক্তির আকাঙ্ক্ষা ত্যাগ করিয়া যুক্তবৈরাগ্য গ্রহণ করিয়া স্বধর্ম পালন করাই কর্তব্য। জড়জগৎ ভগবানের মায়াশক্তির কার্য। এই মায়াশক্তি ভগবানের ইচ্ছা পূরণে সদা নিয়োজিত। ভগবদ্বিমুখ জীবের ভোগক্ষেত্ররূপে এই জগৎ প্রতিষ্ঠিত। এই মায়া হইতে মুক্তির একমাত্র উপায় ভগবৎসেবা—

দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া।
মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে॥

Having abandoned the desires for both worldly enjoyment and liberation, one should accept yukta-vairagya—appropriate renunciation—and faithfully perform one's eternal duty. This material world is the product of the Lord's illusory potency (maya-sakti). That divine potency is ever engaged in fulfilling the will of Bhagavan. It is this world that has been established as the field of enjoyment for those souls who have turned away from Him.

The only means of becoming free from this maya is service to Bhagavan. As the Bhagavad-gita declares:

daivi hy esa guna-mayimama maya duratyaya
mam eva ye prapadyante mayam etam taranti te

"This divine energy of Mine, composed of the three modes of material nature, is exceedingly difficult to overcome. But those who surrender unto Me alone cross beyond this maya." (Bhagavad-gita 7.14)

সত্ত্ব, রজঃ ও তমঃ—এই ত্রিগুণময়ী মায়া পারমেশ্বরী শক্তিবিশেষ। ইহা হইতে উদ্ধার হওয়া অত্যন্ত কঠিন। যে সকল ব্যক্তি ভগবানের শরণাপন্ন, অর্থাৎ প্রপন্ন হন, তাহারাই এই মায়া অতিক্রম করিতে পারেন।

ত্রিতত্ত্বের পরস্পর-সম্বন্ধ বিচার করিয়া এক্ষণে অভিধেয় ও প্রয়োজন সম্বন্ধে সংক্ষেপে কিছু বলা যাইতেছে। যাহা দ্বারা প্রয়োজন সিদ্ধ হয়, তাহাই অভিধেয়। অতএব প্রয়োজন সম্বন্ধেই প্রথমে বিচার করা যাইতেছে।

বদ্ধজীবের অবস্থা অত্যন্ত শোচনীয়। জীব নিজে শুদ্ধ চৈতন্য হয়েও জড়ের দাসত্বে পতিত হইয়াছে। আপনাকে জড়বৎ মনে করিয়া জড়ের অভাব দ্বারা পীড়িত হয়। কখন আহারের অভাবে কাঁদে; কখন রোগে ক্লিষ্ট হইয়া হাহাকার করে; কখন কামিনীর দৃষ্টিলাভের আশায় নীচ কার্যে প্রবৃত্ত হয়; কখন বলে, "আমি মরিলাম"; কখন বলে, "ঔষধে বাঁচিলাম"; কখন সন্তানের বিনাশে দুঃখসাগরে নিমজ্জিত

হয়; কখন প্রাসাদ নির্মাণ করিয়া নিজেকে রাজা ভাবে; কখন হিংসা করিয়া বীরত্ব অনুভব করে; কখন যন্ত্রবিদ্যায় আশ্চর্য বোধ করে; কখন শাস্ত্র লিখিয়া নিজের উপাধি বৃদ্ধি করে।

দ্বেষ, হিংসা, কাম, ক্রোধ প্রভৃতি দ্বারা চিত্তকে কলুষিত করে। কখন অন্নদান বা চিকিৎসা করিয়া পুণ্য অর্জনের বিশ্বাস করে। কিন্তু এই সকল কার্য কি শুদ্ধ চৈতন্যের উপযুক্ত? যিনি বৈকুণ্ঠে অবস্থান করিয়া প্রেমানন্দ আস্বাদন করিবেন, তাহার পক্ষে এই সকল কার্য অতি তুচ্ছ। কোথায় হরিপ্রেমামৃত, আর কোথায় কামিনীসম্ভোগের তুচ্ছ সুখ! কোথায় সাধুসঙ্গের চিত্তপ্রসাদক প্রভাব, আর কোথায় রণসজ্জার চিত্তবিকার! এই তুলনা করিলেই জীবের পতন সুস্পষ্ট হয়।

The three modes of material nature—goodness, passion, and ignorance—constitute this divine potency of the Supreme Lord known as maya. To escape from her influence is exceedingly difficult. Only those who take shelter of Bhagavan, who surrender themselves unto Him, are able to cross beyond this illusion.

Having thus examined the mutual relationship of the three fundamental truths, we shall now briefly consider abhidheya and prayojana. That by which the ultimate goal is attained is called abhidheya. It is therefore proper to consider the goal itself before describing the means by which it is achieved.

The condition of the conditioned soul is indeed most pitiable. Although the soul is by nature pure consciousness, it has fallen into servitude under matter. Mistaking itself for a material being, it suffers from every material want. At one time it weeps for lack of food; at another it cries out in agony under the affliction of disease. Sometimes it stoops to ignoble conduct in the hope of gaining the favour of a woman. It laments, "I am dying," and then exclaims, "The medicine has saved me." It sinks into an ocean of grief at the loss of a child. It builds magnificent palaces and imagines itself a king. It delights in violence and mistakes cruelty for heroism. It marvels at mechanical inventions. It writes books and takes pride in the increase of its own reputation.

By envy, hatred, lust, anger, and similar passions it defiles the heart. At times it imagines that by distributing food or providing medical care it has acquired great religious merit. But are such occupations truly worthy of pure consciousness? For one whose destiny is to dwell in Vaikuntha and taste the bliss of divine love, all such pursuits are exceedingly insignificant. What comparison can there be between the nectar of love for Hari and the fleeting pleasure of sensual enjoyment? What resemblance is there between the heart-purifying influence of saintly association and the agitations produced by the preparations for battle? By making such comparisons, the fallen condition of the living being becomes unmistakably clear.

আমরা প্রকৃতপক্ষে কি, এবং এখন কি হইয়াছি—এই বিচার করিলে দেখা যায় যে, আমরা আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক—এই তিন প্রকার ক্লেশে পতিত। এই দুরবস্থার কারণ এই যে, আমরা পরমেশ্বরের প্রতি অপরাধী হইয়াছি। আত্মার

স্বধর্ম বিস্মৃত হওয়াই এই পতনের মূল।
জীব চিদানন্দময়। চিত্ তাহার গঠন, আনন্দ তাহার ধর্ম। পরমেশ্বরের সহিত জীবের নিত্যসম্বন্ধের নাম প্রীতি। এই প্রীতি চিদ্বস্তুর পারস্পরিক আকর্ষণাত্মক, পবিত্র ও সূক্ষ্ম সম্বন্ধ।
যখন জীব এই সম্বন্ধ বিস্মৃত হইয়া ভোগের দিকে ধাবিত হয়, তখন মায়া তাহাকে বন্ধন করে। সেই অপরাধের ফলেই জড়জগতে দুঃখভোগ চলিতেছে। ভগবৎপ্রীতি বিকৃত হইয়া বিষয়রাগে পরিণত হইয়াছে, যাহা জীবের অমঙ্গল সাধন করে।
অতএব স্বধর্মের অনুশীলনই একমাত্র প্রয়োজন। এই ধর্ম লুপ্ত হয় নাই, কেবল সুপ্ত। অনুশীলনে পুনরায় জাগ্রত হইবে; তখন মুক্তি স্বতঃসিদ্ধ হইবে। মুক্তি সাধ্য নহে; প্রীতি সাধ্য। অতএব প্রীতিই একমাত্র প্রয়োজন।
মৎকৃত দত্ত-কৌস্তুভ গ্রন্থে প্রীতির লক্ষণ এইরূপ লিখিত হইয়াছে—
আকর্ষসন্নিধৌ লৌহঃ প্রবৃত্তো দৃশ্যতে যথা।
অণোর্মহতি চৈতন্যে প্রবৃত্তিঃ প্রীতিলক্ষণম্॥

If we carefully consider what we truly are and what we have now become, we shall perceive that we have fallen into the threefold miseries: those arising from our own body and mind, those inflicted by other living beings, and those arising from higher providential forces. The cause of this unhappy condition is that we have become offenders against the Supreme Lord. The root of our downfall lies in having forgotten the soul's eternal function.

The living being is constituted of consciousness and bliss. Consciousness is its essential nature, and bliss is its inherent function. The eternal relationship between the living being and the Supreme Lord is called priti, divine loving affection. This priti is the pure and subtle bond of mutual attraction between conscious beings.

When the living being forgets this eternal relationship and turns toward selfish enjoyment, maya binds him. It is as the consequence of this offence that he suffers within the material world. Love for Bhagavan becomes distorted into attachment for the objects of the senses, and that perverted attachment is the cause of the soul's misfortune.

Therefore, the cultivation of the soul's eternal function is the one true necessity. That eternal function has not been destroyed; it merely lies dormant. Through proper cultivation it awakens once more, and when it does, liberation follows of its own accord. Liberation is not itself the ultimate goal; priti is the goal. Therefore priti alone is the true object of attainment.

In my Datta-kaustubha I have defined priti in the following words:
akarsa-sannidhau lauhah pravrtto drsyate yatha
anor mahati caitanye pravrttih priti-laksanam

"Just as iron is naturally drawn toward the presence of a magnet, so the spontaneous attraction of the infinitesimal conscious being toward the Infinite Conscious Being is the characteristic of priti."

যেমন লৌহ স্বভাবতই অয়স্কান্ত প্রস্তরের প্রতি আকৃষ্ট হয়, তদ্রূপ অণুচৈতন্য জীবের বৃহচ্চৈতন্য পরমেশ্বরের প্রতি এক স্বাভাবিক প্রবৃত্তি আছে। তাহারই নাম প্রীতি।

আত্মা ও পরমাত্মা যেরূপ মায়িক উপাধিশূন্য, তদ্রূপ তন্মধ্যবর্তিনী প্রীতিও অতি নির্মল ও নির্মায়িক। সেই বিশুদ্ধ প্রীতির প্রাপ্তিই আমাদের একমাত্র প্রয়োজন। কোন প্রয়োজনসিদ্ধি উদ্দেশ্য করিলে, তাহার উপায় অবলম্বন করা কর্তব্য। পূর্ববর্তী মহাত্মাগণ পরম প্রীতিরূপ প্রয়োজনসিদ্ধি করিবার জন্য নিজ নিজ অধিকার অনুসারে অনেক উপায় উদ্ভাবন করিয়াছেন। সম্প্রতি প্রয়োজনসিদ্ধির উপায়গুলি অভিধেয়-বিচারে আলোচিত হইবে।

পরমার্থসিদ্ধির যত প্রকার উপায় উদ্ভাবিত হইয়াছে, সে সমুদায় তিন শ্রেণীতে বিভক্ত হইতে পারে। সেই তিন শ্রেণীর নাম—কর্ম, জ্ঞান ও ভক্তি।

কর্তব্যানুষ্ঠানস্বরূপ সংসারযাত্রা নির্বাহ করার নাম কর্ম। বিধি ও নিষেধ—কর্মের দুই বিভাগ। অকর্ম ও বিকর্ম নিষিদ্ধ; কর্মই বিধেয়।

কর্ম তিন প্রকার—নিত্য, নৈমিত্তিক ও কাম্য।

যাহা সর্বদা কর্তব্য, তাহা নিত্য। শরীরযাত্রা, সংসারযাত্রা, পরহিতানুষ্ঠান, কৃতজ্ঞতা-পালন এবং ঈশ্বরপূজা—এই সকল নিত্যকর্ম।

কোন ঘটনাবিশেষে যাহা কর্তব্য হইয়া উঠে, তাহা নৈমিত্তিক। পিতৃবিয়োগ হইলে তৎপরবর্তী কর্তব্যাদি প্রভৃতি নৈমিত্তিক কর্ম।

লাভাকাঙ্ক্ষায় যে সকল অনুষ্ঠান করা যায়, সে সমুদায় কাম্য; যথা, সন্তানকামনায় যজ্ঞাদি কর্ম।

Just as iron is naturally attracted to a magnet, so the infinitesimal conscious living being possesses an innate tendency to be drawn toward the Infinite Conscious Being, the Supreme Lord. This natural attraction is called priti. Just as the soul and the Supreme Soul are both free from material designations, so also the priti that unites them is utterly pure and wholly transcendental. The attainment of that pure priti is the one true goal of our existence.

Whenever a goal is sought, the means for attaining it must likewise be embraced. The great souls of former ages, according to their respective qualifications, have prescribed many methods by which the supreme goal of divine love may be attained. We shall now consider those methods under the heading of abhidheya, the means to perfection.

All the various methods that have been taught for the attainment of the highest spiritual end may be classified under three headings: karma, jnana, and bhakti.

The proper discharge of one's worldly responsibilities as acts of duty is called karma. Karma is of two kinds: that which is enjoined and that which is forbidden. Akarma (neglect of duty) and vikarma (sinful action) are to be rejected; prescribed action alone is to be accepted.

Karma is further divided into three classes: nitya, naimittika, and kamya.

Those duties which are to be performed constantly are called nitya-karma. They include the maintenance of the body, the proper conduct of household life, acts performed for the welfare of others, the cultivation of gratitude, and the worship of the Supreme Lord.

Those duties which arise upon particular occasions are called naimittika-karma. The observances that follow the death of one's father are an example of such occasional duties.

Those acts which are performed with the expectation of obtaining some desired result are known as kamya-karma; sacrifices performed for the sake of obtaining offspring are one example.

বিভাগবিধি, বিগ্রহবিধি, সন্ধিবিধি, বিবাহবিধি, কালবিধি ও প্রায়শ্চিত্তবিধি প্রভৃতি নানাপ্রকার বিধিসকলকে ঈশভক্তির সহিত সংযোজিত করিয়া একটি সংসারবিধিরূপ ব্যবস্থা করার প্রয়োজন হয়। সর্বজাতির মধ্যেই এরূপ অনুষ্ঠান কোন না কোনরূপে কৃত হইয়াছে। ভারতভূমি সর্ববাদ্যযুক্ত, অতএব সর্বজাতির আদর্শস্থল হইয়াছে; যেহেতু এ সমস্ত বিধি অতি সুন্দররূপে সংযোজিত হইয়া বর্ণাশ্রমরূপ একটি চমৎকার ব্যবস্থারূপে এই ভূমিতে বর্তমান আছে। অন্য কোন জাতি এরূপ সুন্দর ব্যবস্থা করিতে পারেন নাই। অন্যান্য জাতির মধ্যে স্বভাবানুযায়ী কার্য হয় এবং পূর্বোক্ত বিধিসকল অসংলগ্নরূপে ব্যবস্থাপিত আছে; কিন্তু ভারতীয় আর্যসন্তানগণের মধ্যে সমস্ত বিধিবিধান পরস্পর সংযোজিত হইয়া ঈশভক্তির সাহায্য করিতেছে।

ভারতনিবাসী ঋষিগণের কি অপূর্ব ধীশক্তি! তাঁহারা অন্যান্য অনেক জাতির অত্যন্ত অসভ্যকালে, অর্থাৎ অত্যন্ত প্রাচীনকালে, অপরাপর জাতির বিচারশক্তির সাহায্য না লইয়াও কেমন আশ্চর্য ও সমঞ্জস ব্যবস্থা বিধান করিয়াছিলেন। ভারতভূমিকে কর্মভূমি বলিয়া অন্যান্য দেশের আদর্শ বলিলে অত্যুক্তি হয় না।

ঋষিগণ দেখিলেন যে, স্বভাব হইতে মনুষ্যের ধর্মাধিকার উদয় হয়। অধিকার বিচার করিয়া কর্মের ব্যবস্থা না করিলে কর্ম কখনই উত্তমরূপে অনুষ্ঠিত হয় না। অতএব স্বভাব বিচার করিয়া কর্মাধিকার স্থির করিলেন। স্বভাব চারি প্রকার, অর্থাৎ ব্রাহ্মণস্বভাব, ক্ষত্রিয়স্বভাব, বৈশ্যস্বভাব ও শূদ্রস্বভাব। তত্তৎ স্বভাবানুসারে মানবগণের তত্তদ্বর্ণ নিরূপণ করিলেন। ভগবদ্গীতার শেষে এইরূপ বর্ণিত হইয়াছে—

ব্রাহ্মণক্ষত্রিয়বিশাং শূদ্রাণাঞ্চ পরন্তপ।
কর্মাণি প্রবিভক্তানি স্বভাবপ্রভবৈর্গুণৈঃ॥

আর্যদিগকে স্বভাব হইতে উৎপন্ন গুণক্রমে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র—এই চারিভাগে বিভক্ত করিয়া তাহাদের কর্ম বিভাগ করা হইয়াছে।

শমো দমস্তপঃ শৌচং ক্ষান্তিরার্জবমেব চ।
জ্ঞানং বিজ্ঞানমাস্তিক্যং ব্রাহ্মকর্ম স্বভাবজম্॥

The various injunctions governing social order, deity worship, treaties and agreements, marriage, the proper observance of time, atonement, and many other duties should be harmoniously united with devotion to the Supreme Lord, thereby forming a complete system for the conduct of human life. Every nation has established such regulations in one form or another. Yet the land of Bharata has become the model for all nations, for within this land these various ordinances have been most beautifully harmonized in the institution of varnashrama. No other nation has established so excellent an arrangement. Among other peoples, conduct generally follows natural inclination, and the various regulations remain unconnected with one another; but among the Aryas of India, all these ordinances are interwoven in such a manner that they assist the cultivation of devotion to the Supreme Lord.

How extraordinary was the wisdom of the sages of Bharata! In an age when many other nations still remained uncivilized—in the remotest antiquity—they established, without borrowing from the reasoning of other peoples, a social order so harmonious and so wonderfully complete. It is no exaggeration to describe the land of Bharata as the karma-bhumi, the land of righteous action, and as the ideal for all other countries.

The sages perceived that a person's eligibility for religious duty arises from his innate nature. Unless duties are assigned according to qualification, they can never be properly performed. They therefore determined one's sphere of action according to one's natural disposition. Human nature they recognised as being of four principal kinds: the nature of a brahmana, a kshatriya, a vaisya, and a sudra. According to these respective dispositions, they classified mankind into the corresponding social orders. Thus the Bhagavad-gita declares:

brahmana-kshatriya-visamsudranam ca parantapa
karmani pravibhaktani svabhava-prabhavair gunaih

"O subduer of the foe, the duties of the brahmanas, kshatriyas, vaisyas, and sudras have been divided according to the qualities arising from their respective natures." (Bhagavad-gita 18.41)

Thus the Aryas were divided into the four orders of brahmana, kshatriya, vaisya, and sudra according to the qualities arising from their innate disposition, and their respective duties were assigned accordingly.

The Bhagavad-gita further describes the natural qualities of a brahmana:

samo damas tapah saucamksantir arjavam eva ca
jnanam vijnanam astikyam brahma-karma svabhava-jam

"Peacefulness, self-control, austerity, purity, forbearance, simplicity, knowledge, realized wisdom, and faith in divine truth—these are the natural duties of the brahmana." (Bhagavad-gita 18.42)

শম (মনোবৃত্তির নিগ্রহ), দম (ইন্দ্রিয়নিগ্রহ), তপ (অভ্যাস), শৌচ (পরিষ্কারতা), ক্ষান্তি (ক্ষমা), আর্জব (সরলতা), জ্ঞান, বিজ্ঞান ও আস্তিক্য—এই নয়টি স্বভাবজাত কর্ম হইতে ব্রাহ্মণ নির্দিষ্ট হইয়াছেন। শৌর্যং তেজো ধৃতির্দাক্ষ্যং যুদ্ধে চাপ্যপলায়নম্। দানমীশ্বরভাবশ্চ ক্ষাত্রং কর্ম স্বভাবজম্॥ শৌর্য, তেজ, ধৃতি, দাক্ষ্য, যুদ্ধে অপলায়ন, দান এবং ঈশ্বরভাব—এই সাতটি ক্ষত্রিয়স্বভাবজাত কর্ম। কৃষিগোরক্ষ্যবাণিজ্যং বৈশ্যকর্ম স্বভাবজম্। পরিচর্যাত্মকং কর্ম শূদ্রস্যাপি স্বভাবজম্॥ কৃষিকার্য, গোরক্ষা ও বাণিজ্য—এই তিনটি বৈশ্যস্বভাবজাত কর্ম। পরিচর্যাত্মক কর্ম শূদ্রস্বভাবজাত। স্বে স্বে কর্মণ্যভিরতঃ সংসিদ্ধিং লভতে নরঃ॥ স্বীয় স্বীয় কর্মে অভিনিবিষ্ট থাকিয়া মানবগণ সিদ্ধিলাভ করেন। এই প্রকার স্বভাবজ গুণ ও কর্ম দ্বারা বর্ণবিভাগ করিয়াও ঋষিগণ দেখিলেন যে, সংসারস্থ ব্যক্তির অবস্থাক্রমে আশ্রম নিরূপণ করা আবশ্যক। তখন বিবাহিত ব্যক্তিগণকে

গৃহস্থ, ভ্রমণকারী বিদ্যার্থী পুরুষদিগকে ব্রহ্মচারী, অধিক বয়সে কর্ম হইতে বিশ্রামগ্রহণকারী পুরুষদিগকে বানপ্রস্থ, ও সর্বত্যাগীদিগকে সন্ন্যাসী বলিয়া চারিটি আশ্রমের নির্ণয় করিলেন।

Sama, or tranquillity, consists in the restraint of the mind; dama, in the control of the senses; tapas, in disciplined practice; sauca, in purity; ksanti, in forbearance; arjava, in simplicity; together with jnana, vijnana, and astikya, these nine natural qualities and duties distinguish the brahmana.

sauryam tejo dhrtir daksyam yuddhe capy apalayanam

danam isvara-bhavas ca ksatram karma svabhava-jam

"Heroism, strength, determination, skill, refusal to flee from battle, generosity, and the disposition to govern—these are the natural duties of the kshatriya." (Bhagavad-gita 18.43)

Heroism, vigour, firmness, competence, steadfastness in battle, charity, and the disposition to rule—these seven arise naturally from the kshatriya temperament.

krsi-go-raksya-vanijyam vaisya-karma svabhava-jam

paricaryatmakam karma sudrasyapi svabhava-jam

"Agriculture, protection of cows, and trade are the natural duties of the vaisya; service is the natural duty of the sudra." (Bhagavad-gita 18.44)

Agriculture, cow protection, and commerce are the three principal duties arising from the vaisya nature, while service is the natural occupation of the sudra.

sve sve karmany abhiratah samsiddhim labhate narah

"By remaining devoted to one's own proper work, a person attains perfection." (Bhagavad-gita 18.45)

Thus, by remaining steadily engaged in the duties appropriate to one's own nature, human beings attain perfection.

Having classified society according to the natural qualities and duties of the four varnas, the sages further perceived that it was necessary to distinguish the stages of life through which a person passes while living in society. They therefore established four ashramas: the married householder was called a grihastha; the travelling student, a brahmacari; one who in advanced age withdrew from active worldly duties, a vanaprastha; and one who renounced everything, a sannyasi.

বর্ণব্যবস্থা ও আশ্রমসকলের স্বাভাবিক সম্বন্ধ নিরূপণ করিয়া স্ত্রী ও শূদ্রগণের সম্বন্ধে একমাত্র গৃহস্থাশ্রম নির্দিষ্ট করিলেন এবং ব্রহ্মস্বভাবসম্পন্ন পুরুষগণ ব্যতীত অন্য কেহ সন্ন্যাসাশ্রম গ্রহণ করিতে পারিবেন না—এরূপ ব্যবস্থা করিয়া তাঁহাদের অসামান্য ধীশক্তির পরিচয় দিয়াছেন। সমস্ত শাস্ত্রগত ও যুক্তিগত বিধিনিষেধ এই বর্ণাশ্রমধর্মের অন্তর্গত। এই ক্ষুদ্র উপসংহারে সমস্ত বিধির আলোচনা করা দুঃসাধ্য।

অতএব আমি এই কথা বলিয়া নিরস্ত হইতেছি যে, বর্ণাশ্রমধর্মটি সংসারযাত্রা-বিষয়ক একটি চমৎকার বিধি। আর্যবুদ্ধি হইতে যতপ্রকার ব্যবস্থা নিঃসৃত হইয়াছে, সর্বাপেক্ষা এই বিধি আদরণীয়—ইহাতে কিছুমাত্র সন্দেহ নাই। ভিন্নদেশীয় লোকেরা কিয়ৎপরিমাণে অবিবেচনাপূর্বক ও কিয়ৎপরিমাণে ঈর্ষাপূর্বক এই ব্যবস্থার নিন্দা করিয়া থাকেন। আমাদের দেশের অনভিজ্ঞ যুবকবৃন্দও এই ব্যবস্থার অনেক নিন্দা করেন। স্বদেশবিদ্বেষই তাহার প্রধান কারণ। তাৎপর্যানুসন্ধানের অভাব ও বিদেশীয় ব্যবহারের অনুকরণপ্রিয়তাও প্রধান কারণের মধ্যে গণ্য হইয়াছে। পূর্বোক্ত ব্যবস্থা বর্তমানে দূষিত হইয়াছে—ইহাতে সন্দেহ কি? তাৎপর্যবিত্ পণ্ডিতের অভাব হওয়ায় ইহা ভিন্নরূপে পরিচালিত হইয়া আসিতেছে; সেইজন্যই বর্তমানে বর্ণাশ্রমধর্ম লোকের নিকট নিন্দিত হইয়াছে। বর্ণাশ্রমব্যবস্থা দোষশূন্য; কিন্তু তাহা অযথাক্রমে পরিচালিত হইলে কিরূপে নির্দোষ থাকিতে পারে? আদিতে স্বভাবজ ধর্মকে বংশগত ধর্মে পরিণত করায় ব্যবস্থার বিপরীত কার্য হইয়াছে। ব্রাহ্মণের অশান্ত সন্তান ব্রাহ্মণ হইবে, এবং শূদ্রের সন্তান পণ্ডিত ও শান্তস্বভাব হইলেও শূদ্রই থাকিবে—এরূপ ব্যবস্থা মূল বর্ণাশ্রমধর্মের নিতান্ত বিরুদ্ধ। প্রাচীন রীতি এই ছিল যে, সন্তান উপযুক্ত বয়ঃপ্রাপ্ত হইলে কুলবৃদ্ধগণ, কুলগুরু, কুলাচার্য্য, ভূমিস্বামী ও গ্রামস্থ পণ্ডিতবর্গ তাহার স্বভাব বিচার করিয়া তাহার বর্ণ নিরূপণ করিতেন। বর্ণনিরূপণের কালে বিচার্য এই ছিল যে, পুত্র পিতৃবর্ণ লাভ করিবার যোগ্য হইয়াছে কি না। নিসর্গবশতঃ এবং উচ্চাভিলাষজনিত পরিশ্রমের ফলে উচ্চবংশীয় সন্তানগণ প্রায়ই পিতৃবর্ণ লাভ করিতেন। কেহ কদাচিৎ অক্ষমতাবশতঃ নিম্নবর্ণ প্রাপ্ত হইতেন। পক্ষান্তরে নিম্নবর্ণ পুরুষদের সন্তানগণও উল্লিখিত সংস্কারের সময় বহু ক্ষেত্রে উচ্চবর্ণ লাভ করিতেন। পৌরাণিক ইতিহাস পর্যবেক্ষণ করিলে ইহার ভূরি ভূরি প্রমাণ পাওয়া যায়।

Having established the natural relationship between the varnas and the ashramas, the sages assigned the grihastha-ashrama as the appropriate station for women and for sudras, and ordained that none but men endowed with the disposition of a brahmana should enter the sannyasa-ashrama. In establishing such regulations they gave striking evidence of their extraordinary wisdom.

All the scriptural injunctions and rational ordinances pertaining to human conduct are comprehended within the system of varnashrama-dharma. To discuss every one of these regulations within the limits of this brief Conclusion would be impossible. I shall therefore content myself with observing that varnashrama-dharma is a most excellent system for the proper conduct of worldly life. Among all the institutions that have proceeded from the wisdom of the Aryas, none is more worthy of honour than this. Of that there can be no doubt.

People of foreign lands have often condemned this institution, partly through misunderstanding and partly through prejudice. Likewise, many inexperienced young men of our own country speak against it. The principal cause of such criticism is an aversion to their own national heritage. A failure to grasp its true purpose, together with an excessive eagerness to imitate foreign customs, must also be counted among the chief causes.

Who can deny that this system has become corrupted in the present age? Through the scarcity of scholars who understand its true significance, it has long been administered in a distorted form. For

this reason varnashrama-dharma has now become an object of reproach. Yet the institution itself is free from fault. If it is administered improperly, how can it be expected to remain free from abuse?

The first great deviation arose when natural qualification was replaced by hereditary privilege. To maintain that the unworthy son of a brahmana must himself be a brahmana, while the learned and peaceful son of a sudra must nevertheless remain a sudra, is entirely opposed to the original principles of varnashrama-dharma.

The ancient custom was altogether different. When a child had attained suitable maturity, the respected elders of the family, the family preceptor, the hereditary teacher, the local ruler, and the learned scholars of the village would examine that child's natural disposition and determine his varna accordingly. The essential question was whether the son had truly developed the qualifications required to inherit his father's varna. By force of nature, aided by careful cultivation and noble aspiration, the sons of elevated families ordinarily inherited the status of their fathers. Occasionally, however, through lack of qualification, one would enter a lower varna. Conversely, the sons of men belonging to lower varnas would, in many instances, be elevated to a higher varna when they displayed the requisite qualities at the time of this examination. The Puranic histories furnish abundant evidence of this practice.

যে সময় হইতে অন্ধপরম্পরায় নামমাত্র সংস্কার আরম্ভ হইয়াছে, সেই সময় হইতে উপযুক্ত ব্যক্তি উপযুক্ত কার্য না পাওয়ায় আর্যযশঃসূর্য অস্তপ্রায় হইয়াছে। শ্রীমদ্ভাগবতে সপ্তম স্কন্ধে ধর্মশাস্ত্র ব্যাখ্যায় নারদ বলিয়াছেন— যস্য যল্লক্ষণং প্রোক্তং পুংসো বর্ণাভিব্যঞ্জকম্। যদন্যত্রাপি দৃশ্যেত তত্তেনৈব বিনির্দিশেত্॥ পুরুষের বর্ণাভিব্যঞ্জক যে লক্ষণ কথিত হইয়াছে, সে লক্ষণ অন্যবর্ণজাত সন্তানে দৃষ্ট হইলে তাহাকে সেই লক্ষণানুসারে তদ্বর্ণে নির্দেশ করিবেন; অর্থাৎ কেবল জন্ম দ্বারা বর্ণ নিরূপিত হইবে না। প্রাচীন ঋষিগণ স্বপ্নেও জানিতেন না যে, স্বভাবজ ধর্ম ক্রমশঃ বংশজ হইয়া উঠিবে। মহান্ লোকের সন্তান মহৎ হয়—ইহা কিছু পরিমাণে স্বাভাবিক বটে, কিন্তু ইহা কখনও ব্যবস্থা হইতে পারে না। সংসারকে এই অন্ধপরম্পরার পথ হইতে উদ্ধারের জন্য স্বভাবজ বর্ণাশ্রমধর্ম প্রতিষ্ঠিত হইয়াছিল; কিন্তু দুর্ভাগ্যক্রমে স্বার্থপর ও অতত্ত্বজ্ঞ স্মার্তদের হস্তে ধর্মশাস্ত্র ন্যস্ত হওয়ায় যে বিপদের আশঙ্কা ছিল, সেই বিপদই এই ব্যবস্থাকে আক্রমণ করিয়াছে। ইহা অত্যন্ত দুঃখের বিষয়। এই শুভবিধানের মধ্যে যে মল প্রবেশ করিয়াছে, সেই মল দূর করাই স্বদেশহিতৈষিতার লক্ষণ। কিয়দংশে মল প্রবেশ করিয়াছে বলিয়া মূল ব্যবস্থাকে দূর করা বুদ্ধিমানের কাজ নয়। অতএব হে স্বদেশহিতৈষী মহাত্মাগণ! আপনারা সমবেত হইয়া আপনাদের পূর্বপুরুষদিগের নির্দোষ ব্যবস্থাসকলকে নির্মল করিয়া পুনরায় প্রচলিত করুন। আর বিদেশীয় লোকের অন্যায় পরামর্শক্রমে স্বদেশের সদ্বিধি লোপ করিতে চেষ্টা করিবেন না। যাহারা ব্রহ্মা, মনু, দক্ষ, মরীচি, পরাশর, ব্যাস, জনক, ভীষ্ম, ভরদ্বাজ প্রভৃতি মহানুভবগণের কীর্তিসন্ততিস্বরূপ এই ভারতভূমিতে বর্তমান আছেন, তাহারা কি নবীন জাতির নিকট সাংসারিক ব্যবস্থা শিক্ষা করিবেন? আহা! লজ্জা রাখিবার স্থান দেখি না! বর্ণাশ্রমব্যবস্থা নির্দোষরূপে পুনঃপ্রচলিত হইলে ভারতের সকল প্রকার উন্নতি হইতে পারে—ইহা বলা বাহুল্য। ঈশ্বরভাবমিশ্রিত কর্মানুষ্ঠানের দ্বারা সকলেই আত্মার ক্রমোন্নতি সাধন করিবেন—ইহাই বর্ণাশ্রমধর্মের একমাত্র উদ্দেশ্য।

From the time that this system declined into a mere hereditary formality, worthy men were no longer entrusted with the duties for which they were fitted, and from that day the sun of Aryan glory began to set. In the Seventh Canto of the Srimad Bhagavatam, while explaining the principles of dharma, Narada declares:

yasya yal laksanam proktam pumso varnabhivyanjakam
yad anyatrapi drsyeta tat tenaiva vinirdiset

"Whatever characteristics have been described as indicating a particular varna, if those same characteristics are observed in one born in another varna, he should be designated according to those characteristics."

In other words, the marks that distinguish a person's varna are to be regarded as decisive. If those qualifications appear in one born elsewhere, he should be recognised according to them. Varna is therefore not to be determined by birth alone.

The ancient rsis never imagined, even in a dream, that natural qualification would gradually be replaced by hereditary privilege. It is true that the son of a noble man will often inherit his father's virtues, but such a tendency can never be elevated into an inflexible rule. The institution of varnashrama-dharma, founded upon natural qualification, was established to rescue society from the blindness of hereditary convention. Yet, by an unhappy turn of events, the scriptures fell into the hands of selfish and superficial smartas, unacquainted with their true import, and the very danger that might have been feared overtook this sacred institution. Such a condition is deeply lamentable. The true mark of one who seeks the welfare of his country is not to reject this noble arrangement, but to remove the impurities that have gathered within it. Because some corruption has entered, it is not the part of wisdom to abolish the original institution itself.

Therefore, O noble souls who sincerely desire the welfare of your country! Assemble together, purify the faultless institutions bequeathed by your forefathers, and restore them to their proper place in society. Do not, under the influence of misguided foreign counsel, labour to abolish wholesome the institutions of your own land. Shall the descendants of the land sanctified by Brahma, Manu, Daksa, Marici, Parasara, Vyasa, Janaka, Bhisma, Bharadvaja, and so many other exalted sages, now go to newly arisen nations to learn the principles by which society should be governed? Alas! Where shall modesty find a resting place?

It scarcely requires to be said that, if the system of varnashrama were restored in its pure and faultless form, every kind of true advancement would again become possible in India. The sole purpose of varnashrama-dharma is that every individual, by faithfully per-

forming duties imbued with consciousness of the Supreme Lord, may gradually advance in the spiritual progress of the soul.

এবম্বিধ বর্ণাশ্রম-নির্দিষ্ট কর্মানুষ্ঠান করিয়া মানববৃন্দ ক্রমশঃ পরমার্থ লাভ করিতে পারেন। এজন্য কর্মবাদী পণ্ডিতেরা অভিধেয়বিচারে কর্মকেই প্রয়োজনসিদ্ধির একমাত্র উপায় বলিয়া নির্দেশ করিয়াছেন। কর্ম ব্যতীত বদ্ধজীব ক্ষণকালও থাকিতে পারে না; নিতান্তপক্ষে শরীরনির্বাহরূপ কর্ম না করিলে জীবন থাকে না। জীবন না থাকিলে কোনক্রমেই প্রয়োজনসিদ্ধির উপায় অবলম্বিত হয় না। অতএব কর্ম অপরিত্যাজ্য। যখন কর্ম ব্যতীত থাকা যায় না, তখন স্বীকৃত কর্মসকল পারমেশ্বরী ভাবে অর্পণ করা উচিত; নতুবা এই কর্ম পাষণ্ডকর্ম হইয়া উঠিবে। যথা ভাগবতে—

এতৎ সংসূচিতং ব্রহ্মংস্তাপত্রয়চিকিৎসিতম্।
যদীশ্বরে ভগবতি কর্ম ব্রহ্মণি ভাবিতম্॥

কর্ম অকাম হইলেও উপদ্রববিশেষ; অতএব উহা অধিকারভেদে ব্রহ্মজ্ঞানযোগ দ্বারা, ঈশ্বরে ফলার্পণ-ব্যবস্থাক্রমে এবং ভগবানে রাগমার্গে অর্পিত না হইলে শুদ্ধ হয় না। যথাস্থলে রাগমার্গের বিবৃতি হইবে। অতএব কর্মের অভিধেয়ত্ব এই যে—সমস্ত কর্মে যজ্ঞেশ্বর পরমাত্মার পূজা করা প্রয়োজন। নিত্য ও নৈমিত্তিক কর্মে ঈশ্বরপূজা অপরিহার্য; যেহেতু পরমেশ্বরের প্রতি কৃতজ্ঞতাসহকারে কর্তব্যানুষ্ঠান করাই ঈশ্বরপূজা। কাম্যকর্মগুলি নিম্নাধিকারীর কর্তব্য; তথাপি তাহাতেও ঈশ্বরভাব মিশ্রিত করিবার ব্যবস্থা আছে। যথা ভাগবতে—

অকামঃ সর্বকামো বা মোক্ষকাম উদারধীঃ।
তীব্রেণ ভক্তিযোগেন যজেত পুরুষং পরম্॥

যে কর্মই করুক—মোক্ষকামী, অকামী বা সর্বকামী—যে অনুষ্ঠানই করুক, তাহাতে পরমপুরুষ পরমেশ্বরের ভজন তীব্র ভক্তিযোগ দ্বারা করিবে।

জ্ঞানও পরমার্থসিদ্ধির উপায়স্বরূপ লক্ষিত হইয়াছে। পরব্রহ্ম জড়াতীত, জীবাত্মাও জড়াতীত। পরব্রহ্মপ্রাপ্তির বিষয়ে কোন জড়জাত ক্রিয়া পরমার্থসিদ্ধির একমাত্র উপায় হইতে পারে না—এইরূপ জ্ঞানবাদীদিগের সিদ্ধান্ত। কর্ম যদিও সংসার ও শরীরযাত্রার নির্বাহক, তথাপি জড়জাত হইবার কারণে তাহার দ্বারা অজড়স্বরূপ লাভের প্রত্যক্ষ ক্ষমতা নাই। কর্মের দ্বারা পরমেশ্বরে চিত্তনিবেশের অভ্যাস হইতে পারে; কিন্তু জড়াশ্রিত কর্ম পরিত্যাগ না করিলে নিত্যফল প্রাপ্ত হয় না। আধ্যাত্মিক ফল কেবল আধ্যাত্মিক প্রচেষ্টার দ্বারাই লাভ করা যায়। অতএব প্রথমে প্রকৃতির বিশ্লেষণ করিয়া, প্রকৃতির সমস্ত অবস্থা ও গুণ স্থগিত করিয়া, ব্রহ্মসমাধির মাধ্যমে জীবের ব্রহ্মসম্পত্তি অর্জন করিতে হয়। যতদিন জীব জড়দেহে অবস্থান করে, ততদিন কেবল শারীরিক কর্ম স্বীকারযোগ্য।

By faithfully performing the duties prescribed within the system of varnashrama, human beings may gradually attain the supreme goal of life. For this reason, those learned scholars who uphold the path of karma have declared, in their discussion of the abhidheya, that action is the sole means by which life's true purpose is achieved. The conditioned soul cannot remain without action even for a moment. At the very least, one must labour to maintain the body, for without life itself no means of attaining the supreme end can be pursued. Therefore action cannot be abandoned. Since action is unavoidable, every authorised act should be dedicated to the Supreme Lord. Otherwise, one's activities inevitably degenerate into godless and fruitless labour. Thus the Bhagavatam declares:

etat samsucitam brahmams tapa-traya-cikitsitam
yad isvare bhagavati karma brahmani bhavitam

"O brahmana, herein has been indicated the true remedy for the threefold miseries of material existence: all actions should be performed in conscious dedication to the Supreme Lord, Bhagavan."

Even when performed without selfish desire, action remains a source of disturbance. Therefore it does not become truly pure unless, according to one's qualification, it is united with knowledge of Brahman, offered to the Lord through the renunciation of its fruits, and ultimately dedicated to Bhagavan in the path of loving attachment (raga-marga). The nature of raga-marga will be explained in its proper place. The true function of action, therefore, is this: every work should become an act of worship offered unto the Supreme Lord, the Master of all sacrifice.

In the case of obligatory and occasional duties (nitya and naimittika karma), worship of the Lord is indispensable, for to perform one's prescribed obligations with gratitude toward the Supreme is itself an act of divine worship. Duties undertaken for the fulfilment of material desires belong to those of lower qualification; yet even these are to be permeated with consciousness of God. Therefore the Bhagavatam teaches:

akamah sarva-kamo va moksa-kama udara-dhih

tivrena bhakti-yogena yajeta purusam param

"Whether one is free from material desires, filled with every desire, or seeking liberation, if he possesses broad intelligence he should worship the Supreme Person with intense devotion."

Whatever one's motive may be—whether one seeks liberation, desires nothing, or longs for every worldly attainment—whatever undertaking one pursues, one should worship the Supreme Person through intense bhakti-yoga.

Knowledge (jnana) has likewise been recognised as a means to the attainment of the supreme end. The Supreme Brahman is beyond matter, and the individual soul is likewise transcendental to matter. Thus the followers of the path of knowledge conclude that no material activity can, by itself, serve as the direct means of attaining the Supreme Brahman. Although action sustains both the world and the body, it belongs to the realm of matter and therefore possesses no inherent power to bestow the transcendental state. At most, action may cultivate the habit of fixing the mind upon the Supreme Lord; yet unless one rises beyond dependence upon material action, the eternal fruit can never be attained. Spiritual attainment is achieved only through spiritual endeavour.

Therefore, they teach that one must first analyse material nature, withdraw from all its conditions and qualities, and, through absorption in Brahman, realise one's identity with the ultimate spiritual

reality. So long as the soul remains embodied within the material frame, however, only bodily activities are admitted as necessary.

এইরূপ জ্ঞানবাদ আবার দুই প্রকার—ব্রহ্মজ্ঞান ও ভগবৎজ্ঞান। ব্রহ্মজ্ঞান দ্বারা আত্মার ব্রহ্মনির্বাণ লাভই উদ্দেশ্য; এবং সেই নির্বাণাবস্থায় আত্মার স্বতন্ত্র সত্তা ব্রহ্মজ্ঞানীরা স্বীকার করেন না। ব্রহ্ম নির্গুণ ও নির্বিশেষ, এবং আত্মা তাহার সহিত মিলিত হইলে নির্বিশেষরূপে একীভূত হয়—এই তাহাদের মত। কিন্তু শাস্ত্রে এই সাধনাকে ভগবৎজ্ঞানের প্রবর্তক বা প্রস্তুতিপর্ব বলিয়া নির্দেশ করা হইয়াছে। ভগবদ্গীতায় ভগবান এইরূপ কহিয়াছেন—

যে ত্বক্ষরমনির্দেশ্যমব্যক্তং পর্যুপাসতে।
সর্বত্রগমচিন্ত্যঞ্চ কূটস্থমচলং ধ্রুবম্॥
সন্নিয়ম্যেন্দ্রিয়গ্রামং সর্বত্র সমবুদ্ধয়ঃ।
তে প্রাপ্নুবন্তি মামেব সর্বভূতহিতে রতাঃ॥
ক্লেশো□ধিকতরস্তেষামব্যক্তাসক্তচেতসাম্।
অব্যক্তা হি গতির্দুঃখং দেহবদ্ভিরবাপ্যতে॥

Knowledge (jnana) is of two kinds: knowledge of Brahman and knowledge of Bhagavan. The object of Brahma-jnana is the attainment of brahma-nirvana, wherein the soul is thought to merge into Brahman. In that condition, the followers of this doctrine do not acknowledge the soul's separate existence. According to them, Brahman is without qualities and without distinction, and when the individual soul attains Brahman it likewise becomes devoid of all distinction. Such is their conclusion.

The scriptures, however, describe this discipline as only the preliminary stage leading to the higher attainment of knowledge of Bhagavan. Thus the Supreme Lord declares in the Bhagavad-gita:

ye tv aksaram anirdesyam avyaktam paryupasate
sarvatra-gam acintyam ca kuta-stham acalam dhruvam
sanniyamyendriya-gramam sarvatra sama-buddhayah
te prapnuvanti mam eva sarva-bhuta-hite ratah
kleso 'dhikataras tesam avyaktasakta-cetasam
avyakta hi gatir duhkham dehavadbhir avapyate

"Those who worship the Imperishable, the Indefinable, the Unmanifest, the All-pervading, the Inconceivable, the Unchanging, the Immutable, and the Eternal; who have subdued all the senses, who remain equal-minded toward all beings, and who delight in the welfare of all—they also attain Me. Yet for those whose minds are attached to the Unmanifest, the path is attended with greater difficulty; for embodied souls find the attainment of the Unmanifest exceedingly arduous." (Bhagavad-gita 12.3–5)

এই শ্লোকগুলির মর্ম এই যে, ব্রহ্মজ্ঞানচর্চার দ্বারা জীবের জড়বুদ্ধি দূর হইলে, পরে সাধুসঙ্গ ও ভগবৎকৃপায় চৈতন্যগত বিশেষরূপ ভগবত্তত্ত্ব উপলব্ধি হয়। জড়জগতের প্রভাব নরসমাধিকে এতই আচ্ছন্ন করে যে, সমাধির প্রারম্ভে অহঙ্কার হইতে পঞ্চভূত পর্য্যন্ত প্রকৃতিকে অতিক্রম করিয়া নির্বিশেষ ব্রহ্মকেই লক্ষ্য করিতে হয়। কিন্তু যখন আত্মা জড়সংযোগ হইতে ব্রহ্মনির্বাণ প্রাপ্ত হয়, তখন কিয়ৎকাল পর স্থিরবুদ্ধি হইয়া সমাধিচক্ষে বৈকুণ্ঠস্থিত বিশেষরূপ দর্শন করে। তখন অনির্দেশ্য

ব্রহ্ম আর দর্শনকে আচ্ছাদিত করে না; বরং ক্রমে বৈকুণ্ঠের সৌন্দর্য প্রকাশিত হইয়া আত্মাকে তৃপ্ত করে। এই অবস্থায় ব্রহ্মজ্ঞান ভগবৎজ্ঞানরূপে পরিণত হয়। ভগবৎজ্ঞানের উদয়ে পরমপ্রাপ্তি সম্পূর্ণ হয়। অতএব জ্ঞানও পরমার্থলাভের এক সাধনরূপে অভিধেয়তত্ত্বের অন্তর্গত। বিশেষতঃ ভগবৎজ্ঞানচর্চা দ্বারা প্রয়োজনরূপ বিশুদ্ধ প্রীতির জাগরণ ঘটিবার সম্ভাবনা বিশেষরূপে থাকে।

জ্ঞান সম্বন্ধে আর একটী কথা বলা আবশ্যক। জ্ঞানের স্বাভাবিক অবস্থাই ভগবৎজ্ঞান, এবং অস্বাভাবিক অবস্থাই অজ্ঞান ও অতিজ্ঞান। অজ্ঞান হইতে প্রাকৃতপূজা উদ্ভব হয়, এবং অতিজ্ঞান হইতে নাস্তিকতা ও অদ্বৈতবাদের উৎপত্তি। প্রাকৃতপূজা দুই প্রকার—অন্বয়রূপে প্রাকৃত ধর্মকে ভগবৎজ্ঞান করা, এবং ব্যতিরেকভাবে প্রাকৃত ধর্ম হইতে পৃথক কোন ভাবকে ব্রহ্ম বলিয়া মানা। অন্বয়সাধকেরা ভৌতিক মূর্তিকেই ভগবান বলিয়া পূজা করেন; ব্যতিরেকসাধকেরা প্রকৃতির ধর্ম হইতে পৃথক ভাবকে ব্রহ্মরূপে কল্পনা করেন। এই ব্যতিরেকবাদীরাই নিরাকার, নির্বিকার, নিরবয়ব তত্ত্ব স্থাপন করেন। এই দুই শ্রেণী সম্বন্ধে ভাগবতে দ্বিতীয় স্কন্ধে বলা হইয়াছে—

এতৎ ভগবতো রূপং স্থূলং তে ব্যাহৃতং ময়া।
মহাদিভিশ্চাবরণৈরষ্টভির্ বহিরাবৃতম্॥
অতঃ পরং সূক্ষ্মতমমব্যক্তং নির্বিশেষণম্।
অনাদিমধ্যনিধনং নিত্যং বাক্‌মনসোঃ পরম্॥
অমুনী ভগবদ্রূপে ময়া তে হ্যানুবর্ণিতে।
উভে অপি ন গৃহ্নন্তি মায়াসৃষ্টে বিপশ্চিতঃ॥

The import of these verses is as follows. By cultivating knowledge of Brahman, the soul first becomes freed from material consciousness. Thereafter, through the association of saintly devotees and by the mercy of the Supreme Lord, the soul awakens to the realization of Bhagavan, the Supreme Reality in His personal and transcendental fullness.

The influence of the material world so deeply obscures the contemplative vision of embodied beings that, in the initial stages of meditation, one must first rise beyond false ego and the five gross elements, transcending the entire realm of material nature, and fix one's attention upon the undifferentiated Brahman. Yet when the soul has attained brahma-nirvana and become released from material entanglement, the intelligence gradually becomes steady, and the eye of spiritual contemplation beholds the transcendental form eternally manifest in Vaikuntha. Then the indefinable Brahman no longer veils the vision. Rather, the incomparable beauty of Vaikuntha progressively reveals itself and fully satisfies the soul. At that stage, knowledge of Brahman naturally matures into knowledge of Bhagavan. With the awakening of Bhagavan-realization, the soul's supreme attainment is brought to completion.

For this reason, knowledge also has its proper place within the abhidheya, as one of the means leading toward the supreme goal. Above all, the cultivation of knowledge of Bhagavan possesses a unique power to awaken that pure love (priti) which is itself life's ultimate necessity.

One further point concerning knowledge deserves careful consideration. The natural condition of knowledge is knowledge of Bhaga-

van. Its unnatural conditions are ignorance on the one hand and excessive speculation on the other. From ignorance arises materialistic worship, while from excessive speculation spring atheism and the doctrine of absolute non-dualism.

Materialistic worship is of two kinds. One class, by the method of direct identification (anvaya), mistakes material objects and material qualities for God Himself. Such persons worship physical forms as though they were the Supreme Lord. The other class, by the method of negation (vyatireka), imagines Brahman to be merely an abstract principle divorced from all the qualities of material nature. It is this latter school that establishes a conception of the Absolute as formless, changeless, and without limbs or attributes.

Concerning these two classes, the Srimad Bhagavatam (2.10) declares:

etat bhagavato rupam sthulam te vyahrtam maya
mahadibhis cabharanair astabhir bahir avrtam
atah param suksmatamam avyaktam nirviseshanam
anadi-madhya-nidhanam nityam vak-manasoh param
amuni bhagavad-rupe maya te hy anuvarnite
ubhe api na grhnanti maya-srste vipascitah

"The universal form of the Lord, enveloped externally by the eight coverings beginning with mahat-tattva, has now been described to you. Beyond this, another conception is imagined—the subtlest, unmanifest, undifferentiated reality, without beginning, middle, or end, eternal, and beyond the reach of speech and mind. I have described both of these conceptions as forms attributed to the Supreme Lord; yet the truly discerning do not accept either of them, for both belong to the realm fashioned by Maya."

The conclusion is that both the gross universal form and the impersonal conception arise in relation to material nature. The wise, whose vision is fixed upon the essential truth, do not rest in either of these conceptions, but behold the Lord's eternal, transcendental form, which lies beyond the jurisdiction of material nature.

অর্থাৎ—ভূমি প্রভৃতি অষ্টাবরণে আচ্ছাদিত ভগবানের স্থূলরূপ আমি বর্ণনা করিলাম। ইহা ব্যতীত এক সূক্ষ্মরূপও কল্পিত হয়—যাহা অব্যক্ত, নির্বিশেষ, আদি-মধ্য-অন্তরহিত, নিত্য, এবং বাক্য ও মনের অগোচর। এই দুই রূপই প্রকৃতিগত। কিন্তু সারগ্রাহী পণ্ডিতগণ এই স্থূল ও সূক্ষ্ম উভয় রূপ পরিত্যাগ করিয়া অপ্রাকৃত ভগবৎস্বরূপের দর্শন করেন।

অতএব সাকার ও নিরাকারবাদ উভয়ই অজ্ঞানজনিত এবং পরস্পর বিরোধী। যুক্তি যখন জ্ঞানকে অতিক্রম করিয়া কেবল তর্কনিষ্ঠ হয়, তখন আত্মাকে নিত্য বলিতেও অস্বীকার করে—এই অবস্থায় নাস্তিকতার উদয় হয়। আবার যখন জ্ঞান যুক্তির অনুগত হইয়া স্বাভাবিক অবস্থা পরিত্যাগ করে, তখন আত্মার নির্বাণ অনুসন্ধান করে—ইহাই অতিজ্ঞান। এই অতিজ্ঞান দ্বারা জীবের মঙ্গল হয় না। যেমন ভাগবতের

দশম স্কন্ধে বলা হইয়াছে—
যে ’ন্যে ’রবিন্দাক্ষ বিমুক্তমানিনঃ
স্ত্বয্যস্তভাবাদবিশুদ্ধবুদ্ধয়ঃ।
আরুহ্য কৃচ্ছ্রেণ পরং পদং ততো
পতন্ত্যধো ’নাদৃতযুষ্মদঙ্ঘ্রয়ঃ॥
হে অরবিন্দাক্ষ! জ্ঞানজনিত যুক্তিকে যাহারা চরম ফল বলিয়া জ্ঞানিয়া ভক্তির অনাদর করেন, সেই জ্ঞানমুক্তিভিমানী ব্যক্তিগণ বহু কষ্টে পরমপদ প্রাপ্ত হইয়াও অতিজ্ঞানবশতঃ তাহা হইতে পুনরায় পতিত হন।

In other words, “I have described the Lord’s gross form, enveloped by the eight coverings beginning with earth. Apart from this, another, subtler conception is also imagined—unmanifest, undifferentiated, without beginning, middle, or end, eternal, and beyond the reach of speech and mind. Both of these conceptions belong to the realm of material nature. The truly discerning, however, set aside both the gross and the subtle conceptions and behold the Lord’s transcendental form, which is wholly beyond matter.”

From this it follows that both gross-formism and formlessism, as commonly conceived, arise from imperfect understanding, each standing in opposition to the other. When reason oversteps the proper bounds of knowledge and becomes absorbed merely in dialectical speculation, it ultimately refuses even to acknowledge the soul as eternal. From such excess of reasoning atheism is born. Conversely, when knowledge becomes subordinate to speculative reason and thereby abandons its own natural function, it seeks the extinction of the individual self in impersonal liberation. This is excessive knowledge (ati-jnana), and it does not lead to the soul’s true welfare. As the Srimad Bhagavatam declares:

ye ‘nye ‘ravindaksa vimukta-maninas

tvayy asta-bhavad avisuddha-buddhayah

aruhya krcchrena param padam tatah

patanty adho ‘nadrta-yusmad-anghrayah

“O Lotus-eyed Lord! Those who imagine themselves liberated, yet who have no devotion unto You, possess intelligence that is still impure. Although, through severe endeavour, they ascend to the supreme state, they again fall down because they have neglected Your lotus feet.”

Thus, those who regard liberation attained through speculative knowledge as the highest perfection, while neglecting devotion to the Supreme Lord, may indeed attain the param padam after great austerity. Yet, because they remain captivated by excessive speculation and fail to take shelter of the Lord’s lotus feet, they do not attain the soul’s final welfare, and from that elevated condition they again descend.

কেবল যুক্তির দ্বারা এই অতিজ্ঞান প্রতিষ্ঠিত হইতে পারে না। এই বিষয়ে নিম্নলিখিত চারিটি বিচার প্রদত্ত হইল।

১। যদি ব্রহ্মনির্বাণই আত্মার চরম লক্ষ্য হয়, তবে ঈশ্বরকে নিষ্ঠুর বলিয়া স্বীকার করিতে হয়; কারণ তিনিই আত্মার সৃষ্টি করিয়া তাহাকে দুঃখে নিক্ষেপ করিয়াছেন। আবার যদি বলা হয় মায়া সৃষ্টি করিয়াছে, তবে ব্রহ্ম ব্যতীত আর এক স্বাধীন তত্ত্ব স্বীকার করিতে হয়, যাহা অগ্রহণযোগ্য।
২। আত্মার ব্রহ্মনির্বাণে না ব্রহ্মের কোন লাভ আছে, না জীবের; কারণ সেখানে সম্পর্ক ও কার্যকারণ উভয়ই বিলুপ্ত হয়।
৩। পরমেশ্বরের নিত্যলীলার অস্তিত্ব স্বীকার করিলে আত্মার ব্রহ্মনির্বাণের কোন প্রয়োজন থাকে না; কারণ নিত্যচেতনস্বরূপে জীবের উদ্দেশ্য সেই লীলায় অংশগ্রহণ।
৪। ভগবচ্ছক্তির উদ্বোধনরূপ 'বিশেষ' ধর্মকে যদি সর্বাবস্থায় নিত্য না মানা হয়, তবে সত্তা, জ্ঞান ও আনন্দ—এই ত্রয়ীর কোনটিই প্রতিষ্ঠিত হয় না। ফলে ব্রহ্মের স্বরূপ ও অস্তিত্ব সম্বন্ধেও সন্দেহ উপস্থিত হয়। 'বিশেষ' নিত্য হইলে আত্মার ব্রহ্মনির্বাণ ঘটিতে পারে না।
এই বিষয়গুলির বিস্তারিত আলোচনা মায়াবাদ-শতদূষণী প্রভৃতি গ্রন্থে আছে।

Excessive speculation (ati-jnana) cannot be established by reason alone. Four considerations may be offered in refutation of this doctrine.

First, if absorption into Brahman were indeed the soul's highest destiny, then one would be compelled to accuse God of cruelty, for He would have created the soul only to cast it into suffering before ultimately dissolving its individuality. If, on the other hand, it is maintained that Maya, rather than God, is responsible for the soul's condition, then one is forced to admit the existence of an independent principle besides Brahman—an admission that is altogether untenable.

Second, in the soul's supposed absorption into Brahman, neither Brahman nor the individual soul gains anything. In that state all relationship ceases, and with the disappearance of relationship, all purpose and all meaningful activity likewise disappear.

Third, if one accepts the eternal pastimes of the Supreme Lord, there remains no necessity for the soul's absorption into Brahman. The soul is eternally conscious by nature, and its true perfection lies in participating in those eternal divine pastimes.

Fourth, if the principle of visesha—the eternal distinguishing characteristic through which the Lord's potencies are revealed—is not accepted as eternally existing in every condition, then existence, knowledge, and bliss can no longer be established. Indeed, doubt must then arise regarding the very nature and existence of Brahman itself. But if visesha is acknowledged to be eternal, then the soul's complete absorption into an undifferentiated Brahman becomes impossible.

A more detailed examination of these subjects may be found in such works as the Mayavada-sata-dusani and other treatises devoted to the refutation of Mayavada.

জ্ঞান ও প্রীতির পারস্পরিক সম্পর্ক উপলব্ধি করিতে পারিলে তত্ত্বসমূহের মধ্যে মতভেদ থাকে না। আত্মার স্বরূপগত ধর্ম 'বেদন' বা চেতনা। এই বেদনধর্মের দুই প্রকার বিকাশ আছে—প্রথমত, বস্তু ও তাহার ধর্ম সম্বন্ধে জ্ঞানলাভ; দ্বিতীয়ত, সেই বস্তুর রসাস্বাদন। প্রথম বিকাশের নাম জ্ঞান—ইহা স্বভাবতঃ শুষ্ক ও চিন্তামূলক। দ্বিতীয় বিকাশের নাম প্রীতি। যখন বস্তু ও তাহার ধর্ম অনুভব করা যায়, তখন আস্বাদক ও আস্বাদ্যের মধ্যে যে অপূর্ব রসানুভূতি উদয় হয়, তাহাই প্রীতি। এই দুই বিকাশের মধ্যে এক বিপরীতক্রমিক সম্পর্ক লক্ষ্য করা যায়—অর্থাৎ জ্ঞান যত বৃদ্ধি পায়, প্রীতি তত হ্রাস পায়; আবার প্রীতি যত বৃদ্ধি পায়, জ্ঞান তত অন্তর্লীন হইয়া যায়। প্রীতিরূপ ব্যাপ্তি যে পরিমাণে বৃদ্ধি হয়, জ্ঞানরূপ ব্যাপ্তি সেই পরিমাণে খর্ব হয়। জ্ঞানব্যাপ্তি অত্যন্ততা লাভ করিলে মূল বেদনধর্ম একপ্রকার অখণ্ড তত্ত্বরূপে অবস্থান করে; কিন্তু সেই অবস্থায় নীরসতার পরাকাষ্ঠা উপস্থিত হয় এবং আনন্দের সম্পূর্ণ অভাব ঘটে। পক্ষান্তরে, প্রীতিরূপ ব্যাপ্তি যখন চরম অবস্থায় পৌঁছে, তখন জ্ঞানরূপ বেদনধর্ম সম্পূর্ণ বিলুপ্ত হয় না; বরং সম্পর্ক, অভিধেয় ও প্রয়োজনের অভিজ্ঞতারূপে চৈতন্য লাভ করিয়া প্রীতিময় রসাস্বাদনকে বিস্তৃত করে। অতএব, এই প্রীতিরূপ ব্যাপ্তিই জীবের একমাত্র প্রয়োজন বলিয়া নির্ধারিত হয়।
অভিধেয়তত্ত্বের বিচারে ভক্তিকেই প্রধান সাধন বলিয়া স্থির করা হইয়াছে। মহর্ষি শাণ্ডিল্যকৃত ভক্তিমীমাংসা গ্রন্থে বলা হইয়াছে—"ভক্তিঃ পরানুরক্তিরীশ্বরে"—অর্থাৎ ঈশ্বরের প্রতি উৎকৃষ্ট অনুরাগই ভক্তি। বদ্ধজীবাত্মার পরমাত্মার প্রতি অনুরাগময় যে সাধনা, তাহাই ভক্তির প্রকৃত স্বরূপ। এই সাধনা আংশিকভাবে কর্মরূপ এবং আংশিকভাবে জ্ঞানরূপ—ভৌতিক শরীরগত কার্য কর্মরূপ, আর সূক্ষ্ম বা লিঙ্গশরীরগত চেতনা জ্ঞানরূপ। ভক্তি আত্মগত প্রীতিধর্মকে উদ্ঘাটন করে, কিন্তু নিজে প্রীতি নহে; যখন প্রীতি প্রকাশ পায়, তখন ভক্তির পরিপক্বতা সম্পন্ন হইল বলিয়া বুঝিতে হয়। এই উপসংহারে সমস্ত বিশেষ অবস্থার বিশদ আলোচনা সম্ভব নয়; অতএব মূলতত্ত্ব অবগত হইয়া শাণ্ডিল্যসূত্র, ভক্তিরসামৃতসিন্ধু প্রভৃতি ভক্তিশাস্ত্র অধ্যয়ন করিলে ভক্তিতত্ত্ব সম্পূর্ণরূপে বোধগম্য হইবে।

If one properly understands the relationship between knowledge (jnana) and love (priti), all apparent contradictions among the various philosophical conclusions disappear. The intrinsic nature of the soul is consciousness (vedana). This conscious faculty unfolds in two distinct ways. First, it perceives an object and understands its nature. Second, it relishes that object. The first development is called knowledge. By its very nature it is contemplative and comparatively dry. The second development is called priti. When both the object and its qualities are truly realized, there arises between the experiencer and the object experienced a wonderful exchange of spiritual relish. That living experience is called priti.

These two developments exhibit an inverse relationship. As knowledge expands, priti recedes; and as priti deepens, knowledge gradually withdraws into the background.

In proportion as priti expands, knowledge contracts. When knowledge reaches its furthest limit, the soul's conscious nature remains as an undivided awareness of reality; yet in that condition all relish disappears, and bliss finds no opportunity for expression. On the other hand, when priti attains its highest perfection, knowledge is not abolished. Rather, it assumes its proper function by illuminating the soul's understanding of sambandha, abhidheya, and prayo-

jana, thereby enriching the ever-expanding experience of divine love. Therefore this fullest development of priti alone is established as the soul's supreme necessity.

From the standpoint of abhidheya-tattva, therefore, bhakti is accepted as the principal means of spiritual attainment. The sage Sandilya declares in his Bhakti-mimamsa:

bhaktih paranuraktir isvare

"Bhakti is supreme loving attachment to the Supreme Lord."

The loving cultivation by which the conditioned soul turns toward the Supreme Soul is the true nature of bhakti. This cultivation is expressed partly through action and partly through knowledge. Those activities performed through the material body belong to the sphere of action, while the conscious functions of the subtle body belong to the sphere of knowledge. Bhakti, however, is distinct from both. Its office is to uncover the soul's inherent capacity for priti; it is not itself priti. When pure love finally manifests within the heart, one may know that bhakti has reached its full maturity.

Within the limits of this brief conclusion it is impossible to discuss every particular aspect of this subject. Therefore, after first grasping these fundamental principles, the thoughtful reader should study such authoritative devotional works as the Sandilya-sutra and the Bhakti-rasamrta-sindhu. Through them the science of bhakti may be understood in its complete and perfect form.

প্রীতির ন্যায় ভক্তিও দুই প্রকার—ঐশ্বর্য্যপরা ও মাধুর্য্যপরা। ভগবানের মাহাত্ম্য ও ঐশ্বর্য্যের দ্বারা আকৃষ্ট হইয়া ভক্তি যখন উদিত হয়, তখন তাহা ঐশ্বর্য্যময় ভক্তি নামে পরিচিত হয়। এই অবস্থায় সাধকের অন্তরে স্বীয় ক্ষুদ্রতার অনুভূতি হইতে দাস্যরসের উদয় ঘটে। ভগবানের অসীম মহিমা ও প্রভুত্ব উপলব্ধি করিয়া তাঁহাকে সর্বশক্তিমান, সর্বেশ্বর, রাজাধিরাজ নারায়ণরূপে অভিজ্ঞাত করা হয়। এই ভাব ক্ষণস্থায়ী নহে—ইহা নিত্য ও সনাতন। কিন্তু ভগবানে এর অতিরিক্ত এক বিশেষ ভাব আছে, যাহা মাধুর্য্যরূপে প্রকাশিত। যখন ভক্তির মাধুর্য্যপক্ষ প্রবল হয়, তখন ভগবৎস্বরূপে সেই মাধুর্য্য প্রকাশিত হয় এবং ঐশ্বর্য্যভাব সূর্যোদয়ের সময় চন্দ্রালোকের ন্যায় আচ্ছন্নপ্রায় হইয়া যায়। ঐশ্বর্য্যভাব আচ্ছন্ন হইলে ভগবান উচ্চতর রসরূপে অভিজ্ঞাত হন, এবং তখন সাধকের চিত্ত সখ্য, বাৎসল্য ও মধুর রসের আশ্রয় গ্রহণ করে। সেই সময় ভগবান ভক্তানুগ্রহবিগ্রহ, পরমানন্দধাম, সর্বচিত্তাকর্ষক শ্রীকৃষ্ণরূপে প্রকাশিত হন। ইহা নহে যে নারায়ণ হইতে শ্রীকৃষ্ণের উদ্ভব; উভয় রূপই নিত্য ও সনাতন, কেবল ভক্তের অধিকার ও প্রবৃত্তিভেদে তাহাদের প্রকাশভেদ ঘটে। আত্মগত পঞ্চবিধ রসের মধ্যে শ্রেষ্ঠতম রসগুলির আশ্রয়রূপে শ্রীকৃষ্ণস্বরূপ সর্বোৎকৃষ্ট বলিয়া স্বীকৃত। সংহিতায় এই বিষয় বিশেষভাবে আলোচিত হইয়াছে। গাঠনিকভাবে বিচার করিলে স্থির হয় যে, ভগবানই একমাত্র আলোচ্য তত্ত্ব। তত্ত্বনিরূপণের ক্ষেত্রে পরমার্থ তিন প্রকারে অভিজ্ঞাত হয়, যাহা ভাগবতে উক্ত— "বদন্তি তত্তত্ত্ববিদস্তত্ত্বং যজ্‌জ্ঞানমদ্বয়ং ব্রহ্মেতি পরমাত্মেতি ভগবানিতি শব্দ্যতে॥"

Like priti, bhakti is also of two kinds: aisvarya-para and madhurya-para. When devotion awakens through attraction to the

Lord's majesty and sovereign greatness, it is known as aisvarya-mayi bhakti. In this condition, the devotee, deeply conscious of his own insignificance before the infinite glory of the Lord, naturally develops the sentiment of servitude (dasya-rasa). Realizing the Lord as the all-powerful Supreme Controller, the Lord of all lords, and Narayana, the Sovereign King of all existence, the heart is filled with reverential devotion. This mood is neither temporary nor imaginary; it is eternal and everlasting.

Yet beyond this, the Supreme Lord possesses another eternal aspect, revealed as madhurya, divine sweetness. When the sweetness of devotion becomes predominant, that sweetness shines forth in the Lord's own manifestation, while the consciousness of His majesty becomes gently veiled, just as the light of the moon fades before the rising sun. When awareness of His majesty thus recedes, the Lord is experienced in higher and more intimate relationships, and the devotee's heart enters the realms of friendship (sakhya), parental affection (vatsalya), and conjugal love (madhura-rasa). At that time the Lord reveals Himself as Sri Krishna—the embodiment of divine grace toward His devotees, the eternal abode of supreme bliss, and the all-attractive Lord who irresistibly captivates every heart.

It should never be supposed that Sri Krishna arises from Narayana. Both forms are eternal and without beginning. They differ only in the manner in which they are revealed, according to the qualification and spiritual disposition of the devotee. Among the five principal rasas inherent within the soul, Sri Krishna is acknowledged as the supreme object of those highest and most intimate relationships. This subject has been discussed at length throughout the Samhita.

From the structural arrangement of all these truths, it becomes evident that Bhagavan alone is the ultimate subject of theological inquiry. The Supreme Reality is perceived in three distinct aspects, as declared in the Srimad Bhagavatam:

vadanti tat tattva-vidastattvam yaj jnanam advayam

brahmeti paramatmeti bhagavan iti sabdyate

"Those who know the Truth declare that the one non-dual Absolute Reality is realized in three aspects—as Brahman, Paramatma, and Bhagavan." (Srimad Bhagavatam 1.2.11)

প্রথমে ব্যতিরেকবোধের দ্বারা মায়াতীত ব্রহ্ম উপলব্ধ হয়। এই অবস্থায় ব্রহ্ম কেবল নৈর্বিশেষ চৈতন্যরূপে ধরা দেয়; তাহার মধ্যে গুণ, ক্রিয়া, সম্পর্ক—কোন বিশেষত্ব প্রতীয়মান হয় না। অতএব ব্রহ্মজ্ঞান কেবল জ্ঞানলাভেই সীমাবদ্ধ থাকে; সেখানে আস্বাদক ও আস্বাদ্যের ভেদ না থাকায় রসানুভবের অবকাশ থাকে না। দ্বিতীয় পর্যায়ে, আত্মাকে অবলম্বন করিয়া অন্বয় ও ব্যতিরেক—এই দুই ভাবের সংমিশ্রণে পরমাত্মা উপলব্ধ হন। এখানে যদিও কিছু পার্থক্যবোধ থাকে, তথাপি সম্পূর্ণ সম্পর্ক-সচেতন রসরূপ উপলব্ধি হয় না; এই উপলব্ধি অধিকাংশে যোগসমাধির বিষয়।

অতএব চূড়ান্তভাবে ভগবানই অনুশীলনের একমাত্র বিষয় বলিয়া নির্ধারিত হয়। আস্বাদ্যতত্ত্বের বিভিন্ন গুণ পৃথকভাবে অবলম্বন করিয়া ব্রহ্ম, পরমাত্মা প্রভৃতি বিভিন্ন অভিধা কল্পিত হইয়াছে; কিন্তু সকল গুণের সমগ্র সংহত অবস্থায় যে পূর্ণতত্ত্ব প্রকাশিত হয়, তাহাই ভগবৎস্বরূপ। ভাগবতের "যথা মহান্তি ভূতানি□" প্রভৃতি শ্লোক দ্বারা এই সমন্বিত ভগবত্তত্ত্ব সমাধিতে প্রকাশ পায়। জগতে প্রচলিত যত প্রকার ঈশ্বরনাম ও রূপ আছে, তাহার মধ্যে ভগবৎস্বরূপই সর্বাধিক নির্মল ও পরিপূর্ণ; এই কারণে ভাগবতধর্ম পারমহংস্যধর্ম নামে পরিচিত।
বাস্তবিক ভগবানই সমস্ত গুণের আশ্রয়। মূলত ছয় প্রকার ঐশ্বর্য বা গুণের পূর্ণ সংহত অবস্থাই 'ভগ' শব্দের অর্থ— "ঐশ্বর্যস্য সমগ্রস্য বীর্যস্য যশসঃ শ্রিয়ঃ। জ্ঞানবৈরাগ্যয়োশ্চৈব ষণ্ণাং ভগ ইতি স্মৃতঃ॥"

By the method of negation (vyatireka), one first realizes Brahman, which is beyond Maya. In that stage, Brahman is perceived only as undifferentiated consciousness. No distinct qualities, activities, or relationships are manifest therein. Consequently, realization of Brahman is confined to knowledge alone. Since there exists no distinction between the experiencer and the object experienced, there is no opportunity for the tasting of transcendental rasa.

In the second stage, taking the individual self as the point of reference, the Supreme is realized as Paramatma through a synthesis of affirmation (anvaya) and negation (vyatireka). Although a measure of distinction is perceived in this realization, the soul has not yet entered into the full consciousness of loving relationship wherein transcendental rasa is experienced. Such realization belongs chiefly to the sphere of yogic meditation.

Thus, in the final analysis, Bhagavan alone is established as the sole object of spiritual cultivation. Brahman, Paramatma, and the various other designations of the Absolute arise from considering individual aspects of the object of realization. Bhagavan, however, is the complete manifestation in whom every divine attribute exists in perfect harmony and fullness. This integrated realization of the Supreme is revealed in the Srimad Bhagavatam through such verses as "yatha mahanti bhutani..." and is attained in the perfection of spiritual contemplation. Of all the divine names and manifestations known throughout the world, the manifestation of Bhagavan is the most complete, the most pure, and the most perfect. For this reason the religion of the Bhagavatam is known as the paramahamsa-dharma, the religion of those who have attained the highest spiritual discrimination. In truth, Bhagavan alone is the eternal abode of all divine qualities. The word bhaga fundamentally signifies the perfect and complete possession of six opulences:

aisvaryasya samagrasyaviryasya yasasah sriyah
jnana-vairagyayos caiva sannam bhaga iti smrtah

"Total sovereignty, unlimited strength, unfading fame, perfect beauty and prosperity, absolute knowledge, and complete detachment— these six are known collectively as bhaga." (Vishnu Purana 6.5.47)

He in whom these six opulences eternally abide in their unlimited and perfect fullness is known as Bhagavan.

সমগ্র ঐশ্বর্য, বীর্য, যশ, শ্রী, জ্ঞান এবং বৈরাগ্য—এই ছয়টির সম্মিলিত নাম 'ভগ'। যাঁহার মধ্যে এই সকল গুণ পূর্ণরূপে প্রতিষ্ঠিত, তিনিই ভগবান। এখানে বিশেষভাবে লক্ষ্যণীয় যে, ভগবান কেবল গুণসমষ্টি নন; তিনি এক স্বতন্ত্র সত্তা, যাঁহার মধ্যে এই সকল গুণ স্বভাবতই অবস্থিত। উক্ত ছয়টি গুণের মধ্যে ঐশ্বর্য ও শ্রী ভগবৎস্বরূপের সহিত একাত্মভাবে প্রতীয়মান হয়, আর অবশিষ্ট চারিটি গুণ পৃথকভাবে দীপ্তিমান রূপে প্রকাশ পায়। ঐশ্বর্যময় ভাবের মধ্যে আস্বাদনের পরিমাণ অপেক্ষাকৃত সীমিত থাকায়, তাহার তুলনায় সৌন্দর্যময় বা শ্রীময় স্বরূপ অধিকতর আস্বাদকপ্রিয়। এই শ্রীময় স্বরূপেই মাধুর্যের বিশেষ প্রাধান্য লক্ষিত হয়। ঐশ্বর্য ও মাধুর্যের মধ্যে স্বভাবত এক বিপরীতক্রমিক সম্পর্ক বিদ্যমান। যেখানে মাধুর্যের বৃদ্ধি ঘটে, সেখানে ঐশ্বর্যের আভাস ম্লান হয়; আবার যেখানে ঐশ্বর্য প্রবল, সেখানে মাধুর্য আচ্ছন্নপ্রায় হয়। একটির বৃদ্ধি অন্যটির হ্রাসের সহিত সম্পর্কযুক্ত। কিন্তু মাধুর্যের বিশেষত্ব এই যে, ইহাতে আস্বাদক ও আস্বাদ্যের মধ্যে একদিকে ভেদ, অন্যদিকে ঐক্য—উভয়ই একসঙ্গে স্বীকৃত হয়। এই অবস্থায় ভগবানের ঈশ্বরত্ব, ব্রহ্মত্ব বা পরমাত্মত্ব কোনোভাবেই নষ্ট হয় না; কারণ পরমতত্ত্ব নিজে স্বরূপত এক হলেও ভক্তের অধিকার ও উপলব্ধিভেদে বিভিন্ন রূপে প্রতীয়মান হন। অতএব মাধুর্যরসের অধিষ্ঠান শ্রীকৃষ্ণস্বরূপই ভগবদনুশীলনের সর্বোচ্চ ও স্বাধীন বিষয় বলিয়া প্রতিপন্ন হয়।

ঐশ্বর্যবোধ ব্যতীত ভগবদনুশীলন সম্ভব কি না—এই সন্দেহ প্রকাশ করিয়া রাজা পরীক্ষিত রাসলীলার প্রসঙ্গে শ্রীশুকদেবকে জিজ্ঞাসা করিয়াছিলেন—

"কৃষ্ণং বিদুঃ পরং কান্তং ন তু ব্রহ্মতয়া মুনে।
গুণপ্রবাহোপরমস্তাসাং গুণধিয়াং কথং॥"

The six opulences of complete sovereignty, irresistible power, unfading fame, unsurpassed beauty, perfect knowledge, and absolute detachment, taken together, constitute what the scriptures call bhaga. He in whom these six qualities eternally abide in their unlimited perfection is known as Bhagavan. It should be carefully understood that Bhagavan is not merely the aggregate of these qualities. He is the Supreme Personal Reality, within whom all these excellences naturally and eternally reside.

Among these six divine attributes, majesty (aisvarya) and beauty (sri) are perceived as being most intimately united with the very being of Bhagavan, while the remaining four shine forth as their natural and inseparable excellences. Since the experience of divine majesty is accompanied by a certain measure of reverence, its capacity to awaken intimate spiritual relish is comparatively limited. The beautiful aspect of the Lord, however, is more readily relished by the heart. It is within this all-beautiful manifestation that divine sweetness (madhurya) finds its fullest expression.

Majesty and sweetness naturally stand in an inverse relationship. As sweetness increases, the awareness of majesty gradually recedes; and where majesty predominates, sweetness becomes correspondingly veiled. The increase of one is attended by the apparent diminution of the other. Yet the unique glory of madhurya lies in

this: it harmoniously preserves both distinction and intimacy between the lover and the Beloved. In that condition, the Lord does not cease to be the Supreme Controller, nor does He cease to be Brahman or Paramatma. The Absolute Truth remains one and the same, but according to the qualification and realization of the devotee He reveals Himself in different ways. Therefore Sri Krishna, who is the eternal abode of madhurya-rasa, is established as the highest and independent object of devotional cultivation.

A doubt may here arise: Is devotion to Bhagavan possible without an explicit awareness of His supreme majesty? It was to resolve this very question that Maharaja Pariksit, while hearing the narration of the Rasa-lila, inquired from Sri Sukadev:

krishnam viduh param kantamna tu brahmataya mune

guna-pravahoparamas tasam guna-dhiyam katham

"O sage, the gopis knew Sri Krishna only as their supremely beloved. They did not know Him as the Supreme Brahman. How then did those whose minds had previously been influenced by the material modes become completely freed from the flow of those qualities?"

অর্থাৎ—হে মুনি! গোপীগণ শ্রীকৃষ্ণকে পরম প্রিয়তম বলিয়া জানিতেন, কিন্তু তাঁহাকে ব্রহ্মরূপে জানিতেন না; তথাপি তাঁহাদের গুণময় চেতনার নিবৃত্তি কিরূপে সম্ভব হইল?

উত্তমাধিকারপ্রাপ্ত রাগাত্মিকা নিত্যসিদ্ধ ভক্তগণের শ্রীকৃষ্ণরস-প্রাপ্তি স্বতঃসিদ্ধ; কিন্তু কোমলশ্রদ্ধ রাগানুগ ভক্তগণ এখনও নির্গুণ অবস্থায় প্রতিষ্ঠিত হন নাই। তাঁহাদের ধ্যানাদি চেষ্টাসমূহ এখনও গুণবিকারময়। মায়িক গুণসমূহের নিবৃত্তির জন্য ব্রহ্মজ্ঞান প্রয়োজন; কিন্তু গোপীগণ শ্রীকৃষ্ণকে ব্রহ্ম বলিয়া জানিতেন না—তাঁহারা তাঁহাকে সর্ববাকর্ষক কান্তরূপেই অনুভব করিতেন। তাহা হইলে এইরূপ প্রবৃত্তি দ্বারা তাঁহাদের গুণপ্রবাহ কিরূপে নিবৃত্ত হইল?

এই প্রশ্নের উত্তরে শ্রীশুকদেব কহেন—

"উক্তং পুরস্তাদেতত্তে চৈদ্যঃ সিদ্ধিং যথাগতঃ।
দ্বিষন্নপি হৃষীকেশং কিমুতাধোক্ষজপ্রিয়াঃ॥
নৃণাং নিঃশ্রেয়সার্থায় ব্যক্তির্ভগবতো নৃপ।
অব্যয়স্যাপ্রমেয়স্য নির্গুণস্য গুণাত্মনঃ॥"

In other words, Maharaja Pariksit asked, "O great sage! The gopis knew Sri Krishna only as their supremely beloved. They did not know Him as the impersonal Brahman. How then were they able to become completely freed from the influence of the material modes?"

The attainment of Sri Krishna's divine sweetness by the eternally perfect ragatmika devotees, who possess the highest qualification, is self-evident. But those devotees who follow in their footsteps (raganuga-bhaktas), whose faith is still tender, have not yet become firmly established upon the transcendental platform beyond the modes of material nature. Their meditation and other devotional

practices are still performed through a consciousness affected by the transformations of the material qualities. Ordinarily, it is said that realization of Brahman is required before the influence of those material qualities can be entirely overcome. Yet the gopis did not know Sri Krishna as Brahman. They knew Him only as the all-attractive Beloved. How then could such loving absorption alone have completely arrested the flow of the material modes?

To answer this question, Sri Sukadev replied:

uktam purastad etat te caidyah siddhim yatha gatah
dvisann api hrsikesam kim uta adhoksaja-priyah
nrnam nihsreyasarthaya vyaktir bhagavato nrpa
avyayasyaprameyasya nirgunasya gunatmanah

"I have already explained to you how Sisupala, the King of Chedi, attained perfection, even though he bore enmity toward Hrishikesa. What then need be said of those who loved Adhoksaja? O King, the Supreme Lord, though imperishable, immeasurable, beyond the material qualities, and the very source of all transcendental qualities, manifests Himself for the highest welfare of all living beings." (Srimad Bhagavatam 10.29.13–14)

অর্থাৎ—শিশুপাল শ্রীকৃষ্ণের প্রতি দ্বেষ করিয়াও সিদ্ধি লাভ করিয়াছিল; অতএব যাঁহারা প্রেমসহকারে তাঁহার অনুশীলন করেন, তাঁহাদের সিদ্ধিলাভে আর সন্দেহ কি? যদি বলা হয় যে ভগবানের অব্যয়তা, অপ্রমেয়তা, নির্গুণতা ও অপ্রাকৃত গুণময়তারূপ ঐশ্বর্যভাব অবলম্বন না করিলে কিরূপে চিরমঙ্গল লাভ সম্ভব, তবে উত্তর এই—ভগবানের মাধুর্যময় স্বরূপ-প্রকাশই সর্বজীবের পরম কল্যাণকর। ঐশ্বর্যাদি ছয় গুণের মধ্যে 'শ্রী' বা সৌন্দর্যই সর্বোচ্চ আশ্রয়; এই সিদ্ধান্ত শ্রীশুকদেব কর্তৃক প্রতিষ্ঠিত। অতএব এই মাধুর্য-আশ্রয়ে উত্তমাধিকারী ও কোমলশ্রদ্ধ—উভয়ই নিঃশ্রেয়স প্রাপ্ত হন। কোমলশ্রদ্ধ ভক্তগণ সাধনক্রমে গুণময় সত্তা ত্যাগ করিয়া উত্তমাধিকারী হইয়া শ্রীকৃষ্ণপ্রাপ্ত হন; আর উত্তমাধিকারীগণ উদ্দীপনমাত্রেই শ্রীকৃষ্ণরসমণ্ডলে প্রবেশ করেন।

এই কারণেই ভক্তির সাধারণ লক্ষণ ভক্তিরসামৃতসিন্ধু-তে নির্দিষ্ট হইয়াছে—

"অন্যাভিলাষিতাশূন্যং জ্ঞানকর্মাদ্যানাবৃতম্।
আনুকূল্যেন কৃষ্ণানুশীলনং ভক্তিরুত্তমা॥"

অর্থাৎ—যে অনুশীলনে অন্য কোন কামনা নাই, জ্ঞান বা কর্ম দ্বারা আচ্ছন্ন নয়, এবং যাহা কৃষ্ণের অনুকূলে সম্পন্ন হয়—তাহাই উত্তমা ভক্তি।

এখানে প্রশ্ন উঠে—কাহার অনুশীলন? ব্রহ্মের, পরমাত্মার, না নারায়ণের? না—ব্রহ্মের নয়; কারণ ব্রহ্ম নির্বিশেষ এবং ভক্তির আশ্রয় নহে। পরমাত্মারও নয়; কারণ তাহা যোগমার্গের বিষয়। নারায়ণের ক্ষেত্রেও ভক্তির পূর্ণ বিকাশ ঘটে না; কারণ সখ্য, বাৎসল্য, মধুর প্রভৃতি উচ্চ রস তাহাতে সম্পূর্ণভাবে বিকশিত হয় না। ব্রহ্মজ্ঞান লাভের পর প্রথমে শান্তরস উদয় হয়, যাহা নারায়ণপর। পরে মমতার উদয় হইলে দাস্যরস প্রকাশ পায়। কিন্তু নারায়ণতত্ত্বে সখ্য, বাৎসল্য ও মধুর—এই উচ্চতর রসসমূহের সম্পূর্ণ বিকাশ সম্ভব নয়।

ভগবান যখন ভক্তের অন্তরে এই উচ্চ রসের উদয় দর্শন করেন, তখন তিনি কৃপাবশত সেই সকল রসের বিষয়ীভূত হইয়া অপ্রাকৃত লীলায় প্রবৃত্ত হন। এই পরিপূর্ণ লীলাময় স্বরূপই শ্রীকৃষ্ণ। অতএব কৃষ্ণানুশীলনই ভক্তির পূর্ণ লক্ষণ। এই অনুশীলনে মুক্তি বা ভোগের আকাঙ্ক্ষা থাকিলে রসোন্নতি হয় না। অনুশীলন

স্বভাবতঃ কর্ম বা জ্ঞানময় হইতে পারে; কিন্তু তাহা দ্বারা ভক্তির সূক্ষ্ম প্রবৃত্তি আচ্ছন্ন হইয়া গেলে ভক্তি বিকৃত হয়। জ্ঞান দ্বারা আচ্ছন্ন হইলে ভক্তি ব্রহ্মনিষ্ঠ হইয়া স্বরূপ হারায়; কর্ম দ্বারা আচ্ছন্ন হইলে ভক্তি জড়বদ্ধ আচরণে পরিণত হয়। এমনকি ক্রোধাদি চেষ্টাও অনুশীলন; কিন্তু তাহা যদি কৃষ্ণের প্রতি প্রতিকূল হয়, তবে কংসের ন্যায় বৈরস্য উৎপন্ন হয়। অতএব কৃষ্ণানুশীলন সর্বদা অনুকূলভাবেই সম্পন্ন হওয়া উচিত।

In other words, if Sisupala attained perfection even through enmity toward Sri Krishna, then what doubt can there be regarding the perfection of those who lovingly cultivate devotion unto Him?

If one should ask, "How can the soul attain its highest welfare without first meditating upon the Lord's majesty—His imperishability, immeasurability, transcendence beyond the material modes, and His possession of unlimited divine qualities?" the reply is this: the Lord's revelation in His all-attractive sweetness is itself the supreme benediction for every living being. Among the six divine opulences, sri—His incomparable beauty—is the highest object of spiritual relish. This conclusion is established by Sri Sukadev himself. Therefore, by taking shelter of the Lord's sweetness, both the highest devotees and those whose faith is still tender attain the supreme good. The devotee of tender faith gradually transcends the influence of the material qualities through the practice of devotion and ultimately attains Sri Krishna. Those of the highest qualification, however, enter the circle of Sri Krishna's divine pastimes by the mere awakening of spiritual inspiration.

For this reason, the general definition of bhakti is given in the Bhakti-rasamrta-sindhu:

anyabhilasita-sunyam jnana-karmady-anavrtam
anukulyena krishnanusilanam bhaktir uttama

"The highest devotion is the cultivation of service to Sri Krishna performed favourably, free from all other desires, and unobscured by pursuits of fruitive action or speculative knowledge."

Here a question naturally arises: the cultivation of whom? Of Brahman, Paramatma, or Narayana?

It is not the cultivation of Brahman, for Brahman is without distinction and cannot serve as the object of loving devotion. Nor is it the cultivation of Paramatma, for Paramatma is the proper object of the path of yoga. Neither is the definition fully satisfied by Narayana, because within the realization of Narayana the higher rasas—friendship, parental affection, and conjugal love—do not unfold in their complete perfection. After realization of Brahman, the first relationship to awaken is santa-rasa, directed toward Narayana. As loving possessiveness (mamata) deepens, dasya-rasa arises. Yet within the revelation of Narayana, the fullest development of sakhya, vatsalya, and madhura-rasa does not manifest.

When the Supreme Lord beholds these higher sentiments awakening within the heart of His devotee, He mercifully becomes the very object of those intimate relationships and reveals His transcendental pastimes accordingly. That complete and all-perfect manifestation is Sri Krishna. Therefore, the cultivation of Sri Krishna alone constitutes the complete definition of bhakti.

So long as the desire for liberation or material enjoyment remains within that cultivation, the higher development of rasa cannot arise. Spiritual cultivation may externally appear in the form of action or knowledge; yet whenever these obscure the subtle current of devotion, bhakti becomes distorted. When covered by speculative knowledge, devotion loses its own identity and becomes absorbed in the pursuit of impersonal Brahman. When covered by fruitive action, it degenerates into material religious observance. Even anger, fear, and similar emotions constitute forms of absorption; but if they are directed unfavourably toward Sri Krishna, they produce hostility, as in the case of Kamsa. Therefore the cultivation of Sri Krishna must always be performed in a spirit wholly favourable to Him.

এস্থলে কেহ প্রশ্ন করিতে পারেন—যদি ভক্তি কর্ম ও জ্ঞানরূপেই প্রকাশিত হয়, তবে পৃথকভাবে 'ভক্তি' নামক এক পরিচয়ের প্রয়োজন কি? কর্ম বা জ্ঞান নামেই তাহাকে অভিহিত করিলেই তো যথেষ্ট হয়। এই আপাত-বিতর্কের সমাধান এই যে, কর্ম ও জ্ঞান নাম দ্বারা ভক্তিতত্ত্বের প্রকৃত তাৎপর্য সম্পূর্ণরূপে প্রকাশিত হয় না। নিত্য, নৈমিত্তিক ও কাম্য—এই প্রকার কর্মসমূহ প্রত্যেকেই স্বীয় স্বীয় ফল প্রদান করে। জীবের স্বধর্মলাভই সকল কর্মের প্রধান উদ্দেশ্য, ইহাতে সন্দেহ নাই; তথাপি প্রত্যেক কর্মের একটি নিকটবর্তী বা অবান্তর ফলও থাকে। যেমন—শারীরিক কার্য শরীরের পুষ্টি ও ইন্দ্রিয়সুখ প্রদান করে; মানসিক কার্য চিত্তসুখ ও বুদ্ধির বিকাশ ঘটায়। কিন্তু এই সমস্ত অবান্তর ফল অতিক্রম করিয়া যিনি মুখ্য বা পরম ফলের অনুসন্ধান করেন, তাঁহার চেষ্টাই ভক্তির স্বরূপ ধারণ করে।

এই কারণে অবান্তর ফলযুক্ত কর্মসমূহকে কর্মকাণ্ড নামে অভিহিত করা হয়, এবং যে কর্ম মুখ্য ফল, অর্থাৎ পরমার্থলাভ, উদ্দেশ্য করিয়া সম্পন্ন হয়, তাহাকে ভক্তিযোগের অন্তর্গত ধরা হয়। একইভাবে, যে জ্ঞান মুক্তিলাভকেই একমাত্র লক্ষ্য করে, তাহা জ্ঞানকাণ্ড নামে পরিচিত; কিন্তু যে জ্ঞান ভগবদ্ভক্তির বিকাশ ঘটায়, তাহা ভক্তিযোগের অন্তর্গত বলিয়া বিবেচিত হয়। অতএব কর্ম, জ্ঞান ও ভক্তির এই বিভাগ স্বীকার না করিলে তত্ত্বের যথার্থ বিচার সম্ভব হয় না।

আরও একটী সূক্ষ্ম বিষয় লক্ষণীয়। সকল কর্মই যদি মুখ্য ফলসাধক হয়, তবে তাহা ভক্তিযোগের অন্তর্গত হইতে পারে—ইহা সত্য; কিন্তু কিছু কিছু কর্ম আছে, যাহা সাক্ষাৎ ভক্তির প্রধান রূপ বলিয়া গণ্য। এইগুলি মুখ্যভক্তি নামে পরিচিত—যেমন পূজা, জপ, ভগবদ্‌ব্রত, তীর্থযাত্রা, ভক্তিশাস্ত্র অধ্যয়ন, সাধুসেবা প্রভৃতি। অন্যান্য কর্মসমূহ, যাহাদের অবান্তর ফল থাকিলেও যদি পরমার্থলাভে সহায়ক হয়, তবে তাহারা গৌণভক্তি বলিয়া গণ্য হইতে পারে। তদ্রূপ, ভগবৎজ্ঞান ও ভক্তিভাব অন্যান্য জ্ঞান, যেমন ব্রহ্মজ্ঞান বা বৈরাগ্যবোধ, অপেক্ষা অধিকতর ভক্তিমুখী। ব্রহ্মজ্ঞান ও বৈরাগ্য যদি মায়ামুক্তি প্রদান করিয়া ভগবদ্রতিকে উদ্দীপিত করে, তবে তাহারাও ভক্তিযোগের অন্তর্গত বলিয়া বিবেচিত হয়। এইরূপে ভক্তি সমস্ত সাধনার চরম উদ্দেশ্য ও পরিপূর্ণতা বলিয়া প্রতিষ্ঠিত হয়।

A question may here be raised: if bhakti manifests through the activities of action (karma) and knowledge (jnana), why is there any

need for a separate designation called bhakti? Would it not be sufficient to describe it simply as action or knowledge?

The answer is that neither the term karma nor jnana fully conveys the true significance of bhakti-tattva. Works are of three kinds—eternal duties (nitya), occasional duties (naimittika), and duties performed for the attainment of particular desires (kamya). Each of these yields its own corresponding result. There is no doubt that the ultimate purpose of all prescribed action is to restore the soul to its own eternal function; yet every action also produces some immediate or secondary result. Bodily activities nourish the body and provide satisfaction to the senses, while mental activities bring pleasure to the mind and sharpen the intellect. But when one rises above all such secondary fruits and seeks the supreme and ultimate attainment alone, that endeavour assumes the character of bhakti.

For this reason, those actions which are pursued for their secondary fruits are known as karma-kanda. But actions performed with the supreme goal—attainment of the highest spiritual good—as their sole object belong to bhakti-yoga. In the same way, knowledge that seeks liberation alone is known as jnana-kanda; whereas knowledge that awakens and nourishes devotion to the Supreme Lord is to be regarded as part of bhakti-yoga. Therefore, unless this distinction between karma, jnana, and bhakti is recognised, a proper understanding of spiritual truth cannot be attained.

A further subtle point deserves consideration. It is true that any action directed solely toward the supreme goal may be included within bhakti-yoga. Nevertheless, certain practices are acknowledged as the direct and principal expressions of devotion itself. These are known as mukhya-bhakti, or primary devotion. They include worship of the Lord, chanting His holy names, observance of vows dedicated to Him, pilgrimage to His holy places, study of the devotional scriptures, and service to the saints. Other forms of action, though they may yield secondary results, may rightly be called gauna-bhakti, or secondary devotion, if they assist one in attaining the supreme end.

Similarly, knowledge of the Supreme Lord and the cultivation of devotional sentiment are more directly oriented toward bhakti than other forms of knowledge, such as impersonal realization of Brahman or the cultivation of renunciation. If knowledge of Brahman and detachment from worldly objects free one from the bondage of illusion and awaken attraction for the Lord, then they too may properly be regarded as limbs of bhakti-yoga. Thus it is established that bhakti is both the highest purpose and the complete fulfilment of every genuine spiritual discipline.

কর্মকাণ্ডের নাম কর্মযোগ, জ্ঞানকাণ্ডের নাম জ্ঞানযোগ বা সাংখ্যযোগ, এবং জীবনের মুখ্য ফল যে রতি, তাহার উদ্দেশ্যে কর্ম ও জ্ঞানের সহিত ভক্তির

যে সুন্দর সমন্বয়, তাহার নাম ভক্তিযোগ। যাঁহারা এই সমন্বয় উপলব্ধি করিতে পারেন না, তাঁহারাই কেহ কেবল কর্মে, কেহ কেবল জ্ঞানে, আবার কেহ দেবতাপূজায় আসক্ত হইয়া অসম্পূর্ণ সাধনায় প্রবৃত্ত হন। ভগবদ্গীতায় এই বিষয় স্পষ্টরূপে প্রকাশিত হইয়াছে— সাংখ্যযোগৌ পৃথগ্ বালাঃ প্রবদন্তি ন পণ্ডিতাঃ। একমপ্যাস্থিতঃ সম্যগুভয়োর্বিন্দতে ফলম্॥ যৎ সাংখ্যৈঃ প্রাপ্যতে স্থানং তদ্যোগৈরপি গম্যতে। একং সাংখ্যঞ্চ যোগঞ্চ যঃ পশ্যতি স পশ্যতি॥ যোগযুক্তো বিশুদ্ধাত্মা বিজিতাত্মা জিতেন্দ্রিয়ঃ। সর্বভূতাত্মভূতাত্মা কুর্বন্নপি ন লিপ্যতে॥

The domain of prescribed action is known as karma-yoga. The domain of philosophical knowledge is known as jnana-yoga, or Sankhya-yoga. But when action and knowledge are harmoniously united with bhakti for the sake of attaining rati, the soul's highest attainment, that path is called bhakti-yoga.

Those who fail to perceive this harmony become divided in their pursuits. Some attach themselves exclusively to action, others exclusively to speculative knowledge, while still others become absorbed in the worship of various deities. In every such case, their practice remains incomplete. This truth is clearly declared in the Bhagavad-gita:

sankhya-yogau prthag balah pravadanti na panditah
ekam apy asthitah samyag ubhayor vindate phalam
yat sankhyaih prapyate sthanam tad yogair api gamyate
ekam sankhyam ca yogam ca yah pasyati sa pasyati
yoga-yukto visuddhatma vijitatma jitendriyah
sarva-bhutatma-bhutatma kurvann api na lipyate

The meaning is this: only the immature speak of Sankhya and Yoga as though they were separate paths; the wise do not. One who is properly established in either, in its true sense, attains the fruit of both. The state reached through Sankhya is attained also through Yoga. He alone truly sees who perceives the essential unity of these two. One who is united with Yoga becomes purified in heart, self-controlled, master of the senses, and beholds the same spiritual reality within all beings. Although engaged in action, he remains untouched by its bondage.

Thus the practitioner of this harmonized bhakti-yoga attains purity of heart. The false identification of the self with the material body is overcome, the senses come under proper control, and the vision of spiritual unity arises naturally. Though such a devotee performs every necessary duty, he remains unattached to its fruits, for all actions and all their results have been lovingly dedicated to the nourishment of devotion unto the Supreme Lord. Therefore, such a devotee stands above both the karma-yogi who seeks perfection through works and the jnana-yogi whose aspiration is merely liberation.

অর্থাৎ, অজ্ঞ লোকেরা জ্ঞানযোগ ও কর্মযোগকে পৃথক ভাবে; কিন্তু প্রকৃত পণ্ডিতেরা জানেন যে উভয়ের লক্ষ্য এক। যে ব্যক্তি একটির মধ্যে সম্যকরূপে প্রতিষ্ঠিত হন, তিনি উভয়েরই ফল লাভ করেন। সাংখ্যদ্বারা যে স্থান প্রাপ্ত হয়, যোগদ্বারাও সেই স্থান প্রাপ্ত হয়; যিনি সাংখ্য ও যোগকে এক বলিয়া দর্শন করেন, তিনিই যথার্থ দর্শন করেন। যোগযুক্ত ব্যক্তি বিশুদ্ধাত্মা, বিজিতাত্মা ও জিতেন্দ্রিয় হন; সর্বভূতে আত্মভাব দর্শন করিয়া তিনি কর্ম করিয়াও তাহাতে লিপ্ত হন না। এই সমন্বিত ভক্তিযোগ অবলম্বনকারী ব্যক্তি শুদ্ধ আত্মস্বরূপ লাভ করেন; দেহাত্মবোধ পরাজিত হয়, ইন্দ্রিয় সংযত হয়, এবং তিনি সর্বভূতে আত্মভাব দর্শন করেন। তিনি সকল কর্ম সম্পাদন করিয়াও তাহার ফলের প্রতি আসক্ত হন না; কারণ সমস্ত কর্ম ও তাহার ফল ভগবদ্ভক্তির পুষ্টির জন্য নিবেদিত থাকে। এই অবস্থায় তিনি সিদ্ধিলোভী কর্মযোগী বা নির্বাণাসক্ত জ্ঞানযোগীর অপেক্ষা শ্রেষ্ঠ বলিয়া গণ্য হন। এই ভক্তিযোগের তিনটি প্রধান অবস্থা আছে—সাধন, ভাব ও প্রেম। বদ্ধজীব স্বরূপভ্রমবশতঃ দেহকেই আত্মা বলিয়া গ্রহণ করে এবং তাহার স্বধর্মরূপ প্রীতি বিকৃত হইয়া বিষয়রাগে পরিণত হয়। এই অবস্থায় অন্তর্মুখ হইবার জন্য প্রত্যাবর্তন আবশ্যক। জীবের চিত্তবৃত্তি ইন্দ্রিয়সমূহের মাধ্যমে বহির্বিষয়ে প্রবাহিত হইয়া রূপ, রস, গন্ধ, শব্দ ও স্পর্শে আসক্ত হয়—ইহাই বহির্মুখ প্রবাহ বা পরাগতি। এই বহির্মুখ প্রবাহ হইতে পুনরায় অন্তর্মুখ হইবার প্রচেষ্টাই প্রত্যাগতি বা প্রত্যাগমন। যে উপায়ে এই প্রত্যাগতি সাধিত হয়, তাহাকেই সাধনভক্তি বলা হয়। ইন্দ্রিয়বৃত্তির এই প্রবল বহির্মুখতা রোধ করা সহজ নহে; ইহা মনোবল দ্বারা সম্পূর্ণ নিবৃত্ত হয় না। এই অবস্থার প্রতিকার ভগবদ্গীতায় নির্দেশিত—
বিষয়া বিনিবর্তন্তে নিরাহারস্য দেহিনঃ। রসবর্জং রসো□প্যস্য পরং দৃষ্ট্বা নিবর্ততে॥ অর্থাৎ বিষয় হইতে বিরত থাকিলেও বিষয়ের আসক্তি সম্পূর্ণ দূর হয় না; কিন্তু পরম রসের আস্বাদন হইলে নিম্নতর রসের আকর্ষণ স্বয়ং নিবৃত্ত হয়। বিষয়গত আত্মধর্মের পরাগতি নিবৃত্তির দুই উপায়। বিষয় না পাইলে উহা ক্রমে ক্রমে নিবৃত্ত হয়; কিন্তু দেহবান, অর্থাৎ মায়িক দেহযুক্ত পুরুষের পক্ষে বিষয়বিচ্ছেদ সম্ভব নয়। তজ্জন্য অন্য কোন উপায় থাকিলে তাহাই অবলম্বন করা কর্তব্য। রাগতত্ত্বকে বিষয় হইতে উদ্ধার করিবার আর একটি শ্রেষ্ঠ উপায় আছে। রাগ রস পাইলেই মুগ্ধ হয়। বিষয়রস অপেক্ষা কোন উৎকৃষ্ট রস তাহাকে দেখাইলে সে স্বভাবতঃ তাহাই অবলম্বন করিবে। যথা ভাগবতে—
এবং নৃণাং ক্রিয়াযোগাঃ সর্বে সংসৃতিহেতবঃ।
ত এবাত্মবিনাশায় কল্পন্তে কল্পিতাঃ পরে॥

In other words, the ignorant regard the paths of knowledge (jnana-yoga) and action (karma-yoga) as separate, whereas the truly wise understand that they ultimately converge upon the same goal. One who is properly established in either attains the fruit of both. The destination reached through Sankhya is likewise attained through Yoga, and he alone sees correctly who perceives their essential unity. One established in Yoga becomes pure in heart, master of himself, and conqueror of the senses. Seeing the same spiritual principle present within all beings, he performs every duty without becoming bound by action.

One who embraces this harmonious path of bhakti-yoga gradually realizes his own pure spiritual nature. The false conception that the body is the self is overcome, the senses are brought under proper control, and he comes to perceive the presence of the soul within all living beings. Although he continues to perform every necessary

duty, he remains unattached to its results, for both his actions and their fruits are offered solely for the nourishment of devotion to the Supreme Lord. In this condition he is rightly regarded as superior to the karma-yogi who seeks perfection through pious works, and to the jnana-yogi whose aspiration is merely liberation.

Bhakti-yoga unfolds through three principal stages: sadhana, bhava, and prema. Because the conditioned soul has forgotten his true identity, he mistakes the material body for the self, and the soul's inherent priti becomes distorted into attachment for the objects of the senses. To recover his true nature, he must turn inward once more. The tendencies of the mind continually flow outward through the senses, pursuing form, taste, fragrance, sound, and touch. This outward current is called paragati, the soul's external movement. The endeavour to reverse that current and direct it once again toward the inner spiritual reality is known as pratyagati, the soul's return. The process by which this inward turning is accomplished is called sadhana-bhakti.

This powerful outward tendency of the senses cannot easily be checked. Mere strength of will is insufficient to bring it completely under control. Therefore the Bhagavad-gita prescribes the true remedy:

visaya vinivartante niraharasya dehinah

rasa-varjam raso 'py asya param drstva nivartate

"The objects of the senses may indeed be renounced, yet the taste for them remains. Only upon beholding a higher taste does even that subtle attraction disappear."

There are two means by which the soul's outward attraction toward material objects may be overcome. One is deprivation: when the objects of enjoyment are no longer available, attachment gradually diminishes. Yet for one who still dwells within a material body, complete separation from sense objects is impossible. Therefore another method must be sought.

There is indeed a higher and more excellent means of rescuing the soul's loving propensity from its bondage to matter. Attachment is captivated by taste. If it is shown a flavour superior to the pleasures of the senses, it will naturally abandon the lower and embrace the higher. Thus the Srimad Bhagavatam declares:

evam nrnam kriya-yogah sarve samsrti-hetavah

ta eva atma-vinasaya kalpante kalpitah pare

"All the activities of embodied souls ordinarily become causes of material bondage. Yet those very same activities, when offered unto the Supreme Reality, cease to be material and instead become the means of the soul's deliverance."

Herein lies the fundamental principle of the path of raga. The very activities that bind the conditioned soul, when redirected toward the Supreme Lord, are transformed into instruments of liberation and become nourishment for pure devotion.

জড়প্রকৃতিজাত কর্মসকল জীবের বন্ধনের হেতু। কিন্তু পরতত্ত্বে তাহারা কল্পিত হইলে তাহাদের জড়স্বভাবের নাশ হয়। এইটা রাগমার্গ-সাধনের মূলতত্ত্ব।
রাগমার্গ-সাধকদিগের সমস্ত জীবনই ভগবদনুশীলন। এ অনুশীলন সপ্তপ্রকার, যথা নিম্নে অঙ্কিত হইল—প্রথমত, চিত্তগত অনুশীলন: প্রীতি এবং সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজনানুভূতি। দ্বিতীয়ত, মনোগত অনুশীলন: ধ্যান, ধারণা, নিদিধ্যাসন, মন্ত্র, যম, ভূতশুদ্ধি, অনুতাপ, প্রত্যাহার ও ন্যায়। তৃতীয়ত, দেহগত অনুশীলন: নিয়ম, আসন, মুদ্রা, প্রাণায়াম, ব্রত, হৃষীকার্পণ এবং সাত্ত্বিক বিকার, নৃত্য, লুঠনাদি। চতুর্থত, বাগ্গত অনুশীলন: স্তুতি, বন্দনা, কীর্তন, অধ্যয়ন, প্রার্থনা ও প্রচার। পঞ্চমত, সম্বন্ধগত অনুশীলন: শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য ও কান্ত।

Activities arising from material nature are the cause of the soul's bondage. But when those very same activities are dedicated to the Supreme Reality, they are divested of their material character. This is the fundamental principle of practice upon the path of raga.

For the practitioner of raga-marga, the whole of life becomes an unbroken cultivation of devotion unto Bhagavan. This cultivation is sevenfold. First is the cultivation of the heart (citta), consisting of priti together with realization of sambandha, abhidheya, and prayojana. Second is the cultivation of the mind, embracing meditation (dhyana), concentration (dharana), profound contemplation (nididhyasana), mantra, yama, bhuta-suddhi, repentance, withdrawal of the senses (pratyahara), and philosophical discrimination (nyaya). Third is the cultivation of the body, consisting of niyama, asana, mudra, pranayama, religious vows, the dedication of all the senses to the Lord's service (hrisikarpana), and the spontaneous bodily transformations of spiritual emotion, such as dancing and rolling upon the ground.

Fourth is the cultivation of speech, comprising hymns of praise, prayers of glorification, kirtana, study of the revealed scriptures, prayer, and the propagation of divine truth. Fifth is the cultivation of relationship, wherein the devotee approaches the Lord through one of the five eternal rasas—santa (peaceful reverence), dasya (loving service), sakhya (friendship), vatsalya (parental affection), or kanta (amorous love).

শেষ চারিটি সম্বন্ধের দুই প্রকার প্রবৃত্তি, অর্থাৎ ভগবদ্গত প্রবৃত্তি এবং ভগবজ্জনগত প্রবৃত্তি। ষষ্ঠত, সমাজগত অনুশীলন: বর্ণ—মানবগণের স্বভাব অনুসারে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র এবং উহাদের ধর্ম, পদ ও বার্তা-বিভাগ; আশ্রম—মানবগণের প্রবৃত্তি অনুসারে সাংসারিক অবস্থাবিভাগ, যথা গৃহস্থ, ব্রহ্মচার্য্য, বানপ্রস্থ ও সন্ন্যাস; সভা; সাধারণ উৎসবসমূহ; এবং যজ্ঞাদি কর্ম।
উক্ত সপ্তপ্রকার অনুশীলন স্বভাবতঃ পরস্পর সাধক। যদি কেহ উহাদের সামঞ্জস্য করিতে স্বয়ং অক্ষম হন, তবে উপযুক্ত আচার্য্যের আশ্রয় গ্রহণ করিবেন। যাহার চরিত্রে পূর্বোক্ত অনুশীলনসমূহ সামঞ্জস্য প্রাপ্ত হয়, তাহার জীবন বৈষ্ণবজীবন,

তাহার সংসার বৈষ্ণবসংসার এবং তাহার অস্তিত্ব ভগবন্ময়। জড় হইতে মুক্তি লাভ করিলে প্রথম প্রকার অনুশীলন কৈবল্যাবস্থায় লক্ষিত হইবে। মুক্তি না হওয়া পর্যন্ত পূর্বোক্ত সপ্তপ্রকার অনুশীলনেরই আবশ্যকতা থাকে।
যম দ্বাদশ প্রকার—অহিংসা, সত্য, অস্তেয়, অসঙ্গ, হ্রী, অসঞ্চয়, আস্তিক্য, ব্রহ্মচর্য্য, মৌন, স্থৈর্য্য, ক্ষমা ও অভয়। নিয়মও দ্বাদশ প্রকার—শৌচ, জপ, তপ, হোম, শ্রদ্ধা, আতিথ্য, অর্চন, তীর্থাটন, পরোপকারচেষ্টা, তুষ্টি, আচার ও আচার্য্যসেবা।
সপ্তমত, বিষয়গত অঙ্গ—চক্ষুরাদি ইন্দ্রিয়বিষয়ীভূত ভগবদ্ভাব বিস্তার করণ। এক নিদর্শন—অদৃষ্ট কালবিজ্ঞাপক ঘটিকাযন্ত্রবৎ—যথা: চক্ষুর বিষয়—শ্রীমূর্তি, মন্দির, গ্রন্থ, তীর্থ, যাত্রা, মহোৎসব ইত্যাদি; কর্ণের বিষয়—গ্রন্থ, গীত, কথা, বক্তৃতা ইত্যাদি; নাসিকার বিষয়—ভগবন্নিবেদিত তুলসী, পুষ্প, চন্দন ও অন্যান্য সৌগন্ধদ্রব্য; রসনার বিষয়—ভগবন্নিবেদিত সুখাদ্য ও সুপেয়; স্পর্শের বিষয়—তীর্থবায়ু, পবিত্র জল, বৈষ্ণবশরীর, কৃষ্ণার্পিত কোমল শয্যা, ভগবৎসম্বন্ধী সংসার-সমৃদ্ধিমূলক নারীসঙ্গাদি; কাল—হরিবাসর, পর্বদিন ইত্যাদি; এবং দেশ—বৃন্দাবন, নবদ্বীপ, পুরুষোত্তম, নৈমিষারণ্য প্রভৃতি।

The latter four relationships each have two modes of expression: one directed toward Bhagavan Himself, and the other directed toward His devotees.

The sixth form of cultivation is social. It embraces the system of varna, wherein humanity is divided according to natural disposition into brahmana, kshatriya, vaisya, and sudra, together with the respective duties, positions, and occupations belonging to each. It also includes the system of ashrama, which arranges the stages of human life according to one's disposition and condition—grihastha, brahmacarya, vanaprastha, and sannyasa—as well as religious assemblies, public festivals, and the performance of sacrifices and other sacred observances.

These seven forms of cultivation naturally support and strengthen one another. If anyone is unable to harmonize them properly, he should take shelter of a qualified acarya. He in whose character these various practices have become harmoniously united lives the life of a Vaishnava; his household becomes a Vaishnava household, and his very existence is pervaded by Bhagavan. Upon attaining liberation from material bondage, the first of these seven forms of cultivation alone remains manifest in its perfect state. Until liberation is attained, however, all seven are necessary.

The discipline of yama consists of twelve principles: nonviolence, truthfulness, non-stealing, detachment, modesty, freedom from acquisitiveness, faith in revealed truth, celibacy, measured speech, steadiness, forgiveness, and fearlessness. The discipline of niyama likewise comprises twelve observances: purity, repetition of mantra (japa), austerity, sacrificial offerings (homa), faith, hospitality, worship (arcana), pilgrimage, endeavour for the welfare of others, contentment, proper conduct, and service to the spiritual master.

The seventh form of cultivation concerns the sanctification of the objects perceived by the senses, so that each becomes a medium

for awakening consciousness of Bhagavan. Thus the eyes should behold the Sri Murti, temples, sacred books, holy places, festivals, and processions. The ears should delight in scripture, devotional song, Hari-katha, and spiritual discourse. The nose should receive the fragrance of Tulasi, flowers, sandalwood, and other scents first offered to the Lord. The tongue should honour food and drink offered to Bhagavan as prasada. The sense of touch should be engaged with the breeze of holy places, sanctified water, the bodies of Vaishnavas, beds dedicated to Krishna's service, and those household relationships that are favourable to His service. Time itself is sanctified by observances such as Harivasara and sacred festival days, while place is sanctified by residence in or remembrance of Vrndavana, Navadvipa, Purusottama, Naimisaranya, and the Lord's other holy abodes.

ভগবদ্ভাবরূপ পরমরস দেখিলে রাগ বিষয়কে পরিত্যাগপূর্বক তাহাতে স্বভাবতঃ নিবিষ্ট হইবে। রাগের চক্ষু যখন বিষয়ে সংযুক্ত আছে, তখন কিরূপে সেই পরমরসের প্রতি দৃষ্টিপাত হয়? সর্বভূতহিতসাধক বৈষ্ণবগণ এতন্নিবন্ধন ভগবদ্ভাবকে বিষয়ে সংমিশ্র করিবার পদ্ধতি করিয়াছেন। মায়িক বিষয় যদিও শুদ্ধ ভগবত্তত্ত্ব হইতে আদর্শানুকৃতিরূপে ভিন্ন, তথাপি মায়ার ভগবদ্দাসীত্ববশতঃ তিনি ভগবৎসেবাপরা। যদি কেহ তাহাতে ভগবদ্ভাবের অর্পণ করিতে ইচ্ছা করেন, তিনি সাদরে তাহা গ্রহণ করতঃ ভগবদ্বিরুদ্ধভাব পরিত্যাগপূর্বক ভগবৎসাধক ভাব গ্রহণ করেন। ইহাই বৈষ্ণবধর্মের পরম রহস্য।

জীবনিকয়ের শ্রেয়ঃসাধনের অত্যন্ত সহজ উপায়রূপ বৈষ্ণবসংসার ব্যবস্থা করণাভিপ্রায়ে শ্রীমদ্ভাগবতে নারদ গোস্বামী ব্যাসদেবকে এইরূপ সঙ্কেত প্রদান করিয়াছেন—

ইদং হি বিশ্বং ভগবানিবেতরো
যতো জগত্স্থাননিরোধসম্ভবাঃ॥
তদ্ধি স্বয়ং বেদ ভবাংস্তথাপি তে
প্রদেশমাত্রং ভবতঃ প্রদর্শিতম্॥

When the soul beholds the supreme nectar of consciousness of Bhagavan, its attachment naturally abandons material objects and becomes absorbed in that higher reality. But while the eye of attachment remains fixed upon worldly objects, how shall it behold that supreme nectar? It was to solve this very difficulty that the compassionate Vaishnavas, ever intent upon the welfare of all beings, established the practice of associating consciousness of Bhagavan with the objects of the senses. Although material objects are but reflections and therefore distinct from the pure reality of Bhagavan, Maya herself is the Lord's servant, ever engaged in His service. Thus, whenever one desires to dedicate worldly objects to Bhagavan, Maya readily accepts that offering, casting aside whatever is opposed to the Lord and transforming those very objects into aids for His service. Herein lies one of the profound mysteries of the Vaishnava religion.

With the intention of establishing the Vaishnava household as the simplest and most practical means for securing the highest welfare

of all living beings, Narada Prabhu gave the following instruction to Srila Vyasadeva in the Srimad Bhagavatam:

idam hi visvam bhagavan ivetaro
yato jagat-sthana-nirodha-sambhavah
tad dhi svayam veda bhavams tathapi te
pradesa-matram bhavatah pradarsitam

"This entire universe should be understood as another manifestation of Bhagavan, for from Him alone arise its creation, maintenance, and dissolution. The whole of Vaikuntha, pervaded by pure spiritual consciousness, constitutes the Lord's eternal reality. The present material universe is but the reflected image of that eternal realm. Its existence, its conditions, and all its activities are imitations of those of Vaikuntha. Its only defect is that the living beings who experience it have turned away from Bhagavan. Therefore, O Vyasadeva, do not hesitate to describe the pastimes of Bhagavan by drawing upon the correspondences found within this world. In truth, the descriptions of Vaikuntha and of the universe are founded upon the same underlying principles, differing only in that one is spiritual and the other material, according to the consciousness with which they are viewed. Whenever the world is described with the intention of awakening consciousness of Bhagavan, the nature of attachment to Vaikuntha becomes manifest. You already understand this through your own direct spiritual realization. Since you have inquired of me, I have indicated this truth only briefly. Now enter the natural state of divine contemplation and describe the transcendental pastimes of Bhagavan, so that the multitude of living beings may attain the path to Vaikuntha. The religious systems and indirect methods of contemplation you have previously taught are beneficial in certain circumstances, but they are not suitable for all."

এই বিশ্বটি ভগবানের অন্যতর অবস্থান বলিয়া জান; কেননা তাঁহা হইতেই ইহার প্রকাশ, স্থিতি ও নিরোধ সিদ্ধ হয়। সমস্ত চিদন্বয়াপন্ন বৈকুণ্ঠতত্ত্বই ভগবানের নিত্যতত্ত্ব। উপস্থিত মায়িক বিশ্ব সেই বৈকুণ্ঠের প্রতিবিম্ব, অর্থাৎ প্রতিফলন। ইহার সমস্ত সত্তা, ভাব ও প্রবৃত্তি বৈকুণ্ঠের সত্তা, ভাব ও প্রবৃত্তির অনুকৃতি। ইহার ভোক্তা জীবের ভগবদ্বৈমুখ্যনিষ্ঠাই ইহার হেয়ত্ব।

হে বেদব্যাস! তুমি বিশ্বস্থিত অন্বয়ভাব বর্ণন দ্বারা ভগবল্লীলা বর্ণন করিতে আশঙ্কা করিও না; যেহেতু বৈকুণ্ঠ ও বিশ্ববর্ণন তত্ত্বতঃ একই প্রকার, কেবল নিষ্ঠাভেদে প্রাকৃত ও অপ্রাকৃত হইয়া উঠে। বিশ্ববর্ণনে ভগবদ্ভাবের উদ্দেশ থাকিলেই বৈকুণ্ঠরতির প্রকৃতি প্রকাশ হয়। তুমি তাহা স্বয়ং আত্মপ্রত্যয়বৃত্তি দ্বারা অবগত আছ। আমাকে জিজ্ঞাসা করায় আমি তোমাকে প্রদেশমাত্র কহিলাম। তুমি সহজসমাধি অবলম্বনপূর্বক ভগবল্লীলা বর্ণন দ্বারা জীবনিকয়ের বৈকুণ্ঠগতি সাধিত কর। ইতিপূর্বে ধর্ম ও কূটসমাধির ব্যবস্থা করিয়াছিলে, তাহা সর্বত্র উপকারী নয়।

অতএব প্রত্যক্‌শ্রোতসাধক মহাশয়েরা ভগবদ্ভাবকে বিষয়ে বিমিশ্রিত করিয়া সমস্ত সংসারকে বৈষ্ণবসংসার করিয়া স্থাপন করেন। যথা, রসপ্রিয় পুরুষেরা ভগবদর্পিত মহাপ্রসাদ দ্বারা রসনার প্রত্যগ্গতি সাধন করেন এবং শব্দপ্রিয় ব্যক্তিগণ ভগবন্নামলীলাদি শ্রবণ দ্বারা শ্রুতির প্রত্যগ্গতি সাধন করেন। এইরূপ সর্বেন্দ্রিয়বৃত্তি

ও বিষয়কে ভগবৎসম্বন্ধক করিয়া ক্রমশঃ পরমরস দেখাইয়া রাগের অন্তঃশ্রোত বৃদ্ধি করিতে থাকেন। ইহার নাম সাধনভক্তি।
"অহং ভোক্তা"—এই পাষণ্ডভাব হইতে জীবগণকে ক্রমশঃ উদ্ধার করিবার অভিপ্রায়ে সর্ববৈষ্ণবপূজনীয় শ্রীমহাদেব তন্ত্রশাস্ত্রে লতাসাধন প্রভৃতি বামাচার, বীরাচার ও পশ্বাচারের ক্রমব্যবস্থা করিয়া অবশেষে জীবের ভোগ্যতা ও পরমাত্মার ভোক্তৃত্ব স্থাপন করিয়া বিষয়রস হইতে পরমরস প্রাপ্তির সোপান নির্মাণ করিয়াছেন। তন্ত্রশাস্ত্র ও বৈষ্ণবশাস্ত্রের কিছুমাত্র বিরোধ নাই। উহারা রাগমার্গের অধিকারভেদে ভিন্ন ভিন্ন ব্যবস্থা।
সাধনভক্তি নবধা, যথা ভাগবতে—
শ্রবণং কীর্তনং বিষ্ণোঃ স্মরণং পাদসেবনম্।
অর্চনং বন্দনং দাস্যং সখ্যমাত্মনিবেদনম্॥

This entire universe should be understood as another manifestation of Bhagavan, for from Him alone proceed its creation, maintenance, and dissolution. The whole of Vaikuntha, pervaded throughout by pure spiritual consciousness, constitutes the Lord's eternal reality. The present material universe is but the reflection of that eternal Vaikuntha. Its existence, its conditions, and all its activities are imitations of the existence, conditions, and activities of that spiritual realm. Its sole defect lies in the fact that the souls who experience it have turned away from Bhagavan.

Therefore, O Vyasadeva, do not hesitate to describe the pastimes of Bhagavan by employing the correspondences found within this universe. In principle, the descriptions of Vaikuntha and of the material world are of the same order; they differ only according to one's orientation, whereby they are perceived as either material or transcendental. Whenever the world is described with the intention of awakening consciousness of Bhagavan, the nature of loving attachment to Vaikuntha is revealed. You already know this through your own direct spiritual realization. Since you have inquired of me, I have indicated only a small portion of the truth. Now, entering the natural state of spiritual contemplation, describe the divine pastimes of Bhagavan, so that the multitude of living beings may attain the path leading to Vaikuntha. The religious systems and indirect forms of meditation that you have previously established are beneficial in certain circumstances, but they are not universally applicable.

